A leader needs to have certain qualities. A good leader may possess the following three types of quality: Passion for work

A leader loves his organization and his organizational works and moves forward with a sense of responsibility to achieve the objectives and goals of the organization. A leader with a logical ideology and controlled passion is an asset for his organization.

A sense of responsibility

An irresponsible person can attain neither success in social activities not even in his personal activities. A leader of a local government takes his responsibility for ensuring public welfare. An

¹ Stogdill, R. M. (1950). "Leadership, membership and organization". Psychological bulletin. 47, pp 1-14

administrative leader at an institutional level shoulders the responsibility of materializing the goals and objectives of the institution. Ability to make good judgments

A leader has to make various important decisions considering socio-economic, political and environmental issues. If he does not possess the ability to properly consider and analyze those issues, his decisions will be improper and his leadership will not be enduring .

Specifically, a good Mayor, a good Councilor and a good female Councilor (for reserved seats) are expected to exhibit the following qualities/skills:

Expected qualities and skills of Mayor, Councilor and Female Councilor for reserved seats

Areas of characteristics	Characteristics of Mayor	Characteristics of Councilors of the general seats	Characteristics of Councilors of the reserved seats
General	<ul style="list-style-type: none"> • Fair and just. • Responsible and Reliable • Determined • Subjective or fact oriented. • Having creativity. • Believing in logic • Harmonious • Tolerant • Having a cooperative mentality 		
Characteristics as the manager of Paurashava administration	<ul style="list-style-type: none"> • Ability to take logical decision at the right moment. • High planning ability. • Able to create environment for good work. • Capable of making good working team. • Believing in motivating officers and workers. • Willing to listen to the opinions of the councilors, officers and workers. • Interested and able to make co-ordination between conscious workers and the work of the organisation. 		
Characteristics as a representative of people	<ul style="list-style-type: none"> • Knowing the duties of Paurashava and considering these as his own responsibility. • Well aware about the laws, rules and regulations of the Paurashava. • Taking care of the people, especially of those who live below the poverty line and are under threat or risk. • Aware about the problems 	<ul style="list-style-type: none"> • Aware about the plans and activities of the Paurashava and have ability and courage to find out and show irregularities or faults in the works. • Well informed about Paurashava duties and considers those as his own responsibility. • Aware of laws, rules and 	<ul style="list-style-type: none"> • Aware about the plans and activities of the Paurashava and have ability and courage to find out and show any kind of irregularities or faults in the works. • Well informed about Paurashava duties and considers those as his own responsibility. • Aware of the laws, rules

	<p>of the residents of Paurashava.</p>	<p>regulations related to the Paurashava.</p> <ul style="list-style-type: none"> • Hear voices of Paurashava residents, specially those of his own ward. He also takes proper care of the people living under the poverty line and the stake holders. 	<p>and regulations of the Paurashava.</p> <ul style="list-style-type: none"> • Paurashava residents, especially women and children of his own ward and stake holders and people living below poverty line get his proper attention. • Aware of the problems of the residents of Paurashava. • Aware about the problems of the whole citizens of his/her ward as well as Paurashava including women and children.
--	--	--	---

4.2. Gender mainstreaming in Paurashava's activities

4.2.1. Concept of gender

Women often become the victims of cultural and psychological discrimination because of the social settings. Norms of the society define distinction between men and women and that is the subject of gender discussion. Though the term 'gender' and 'sex' seemed to carry the same meaning, from a sociological point of view, the former is connected to the social relationship between men and women. -The term 'gender' is used to explain differences in role of male and female in performing social duties, relations between them regarding social position, situation and opportunities, all of which are defined by the society and affected by the culture of the society and by social changes. On the other hand, the term 'sex' has something to do with the natural or physical aspects of human being and these are defined by nature and cannot be changed.

There is no commonly-accepted word in Bengali for the English word gender. Logical ideas of men and women are used to explain it. Gender is related to comparative role, position, responsibility, opportunity, enjoyed and performed by men and women. In other word gender is defined as social sexual organ, which is a concept created by the society. Society teaches men and women to perform different roles. Thus difference comes into the mind of men and women, which are defined in the society by these social and psychological elements. In defining the roles of men and women, cultural tradition and historical cause and effect should be taken into consideration. That is why the roles of men and women are not the same in all societies.

Difference between gender and sex

Sl. No	Gender	Sex
1.	Differences defined by the society	Natural and physical differences
2.	Changeable	Unchangeable
3.	Different by society	Same in all societies

The main causes of gender discrimination are traditional or cultural values, prevailing ideologies and social mis-concepts. Some rules, and customs formed in a social and cultural context create differences between men and women regarding role in labor, behavior, duties and responsibilities, and positions in the society. Progressive culture, high or developed economic system, friendly political atmosphere, social security and favorable environment can have positive impact on gender-relationship.

4.2.2. Condition and status of women in Bangladesh

Condition and status of male and female in the society are not the same. The term 'condition' refers to the circumstances of a person in the society. It is related to living standard, in other words, food, clothing, shelter, access to water and sanitation facilities, access to healthcare and education, etc. On the other hand, status is related to opportunities and or power to make decisions and control resources. Though the present government has taken measures to improve women's condition and status, they still lag behind men in some fields.

General condition and status of women in Bangladesh can be summarized as below:

Condition and status of women in Bangladesh

Condition (Women)	Area	Status (Women)
Women get less facilities regarding food, Cloth, Healthcare, etc.	FAMILY	Their likings decisions and wishes do not get much importance
They perform the household chores		They don't have much accessibility and control over family wealth
Less participation in politics	STATE	Limited role in law making
In many cases they can cast their votes according their choice		They are sometimes the victim of discrimination
Less opportunity to participate in social festivals.	SOCIETY	They do not participate in judgment or low enforcement activities,
Their access is limited in social welfare activities.		There is no participation of women in running religious institutions.

Women's status in the political and administrative spheres is also low as can be seen in the tables below.

Female representaton in the Parliament

sl. no	parliament/ year	Female MP	Male MP	Total	Reserved female seat
1.	10 th / 2010	20	280	300	50
2.	9 th / 2008	20	280	300	45
3.	8 th / 2001	06	294	300	45
4.	7 th / 1996	11	289	300	30

Source: National parliament website)

Female representation in the civil service


Sl. no	Post/ position	Female	Male	Total	Year of information
1.	Secretary	04	66	70	2014
2.	Deputy commissioner	01	63	64	2014
3.	UNO	67	368	435	2014

Source: PSC computer center, Ministry of Public Administration

Political representation of women is even lower in Paurashavas. There is only one female Mayor out of Mayors of 11 City Corporations and also only one female Mayor out of 324 Paurashava mayors.

But we can see a different scenario in the primary education, where the females are equal to the males in number.

Feature of the status of women in primary education



Source: Directorate of Primary Education, 2013

4.2.3. Gender issues in the Paurashava context

In India, women gained voting rights in 1935. In East Pakistan, which is Bangladesh now, women did not gain the right to vote in local government elections before 1956. Before 1977, direct voting could not be executed for the reserved women's constituencies. For Paurashavas, the reserved seat system was introduced in 1998 by the amendment of Paurashava Ordinance 1977 and three seats were reserved for the women. The election of women in direct voting were organized. Now women can run for general seat besides reserved seats in all local government elections.

Today one of the most important commitments of the government is overall development through equal participation of both men and women and decentralization of the governance system. In this context, mainstreaming gender issues has come to much attention in the activities of local governments.

Gender issues in the activities of Paurashava

For the realization of gender equality and enhancement of gender sensitivity, Paurashava can initiate various activities. Examples of such initiatives are given in the table below considering Paurashava's responsibilities specified in Section 50 of the Local Government (Paurashava) Act 2009.

Activities/initiatives Paurashava can implement for gender mainstreaming

Serial	Main Responsibilities of Paurashava	Probable Activities/ Initiatives
1	Water supply for residential, industrial and commercial use	<ul style="list-style-type: none"> Generally, women are involved in collection and use of water for domestic purposes. So, in safe water supply, prevention of wastage, and healthful use of water, women should be involved and prioritized.
2	Water and sewage system	<ul style="list-style-type: none"> Paurashava should manage sewage system in right time. Employing women in construction and removal works related to sewage system
3	Waste management	<ul style="list-style-type: none"> Involving women in waste management plan.
4	Devising plan for establishing economic and social justice	<ul style="list-style-type: none"> Devising plans sensitive to women, and taking programs to reduce gender discrimination

		<ul style="list-style-type: none"> Developing public awareness and providing legal aid to stop violence on women
5	For the development of communication system, roads, footpaths, public mobility, construction of terminals to facilitate commuter and loading and unloading of goods	<ul style="list-style-type: none"> In construction and repair committee, involving women councilors and officers Employing female labors in road, footpath and other construction works Building separate toilets for women in bus terminals and ensuring security
6	Programs conferred in birth and death registration law	<ul style="list-style-type: none"> Ensuring birth registration children and registering marriage following birth registration of bride and bridegroom. Thus child marriage will reduce, and women's legal foundation will be strengthened.
7	Traffic management, road lights, commuter shade, parking place and bus stand construction	<ul style="list-style-type: none"> Keeping reserved seats for women in bus stands and commuter shades Ensuring women's safety specially in mobility by developing traffic system and installing sufficient load lights
8	Citizen health, environment and tree plantation management	<ul style="list-style-type: none"> Creating women friendly atmosphere in health centers, and giving special care to women's and adolescents' reproduction health Ensuring seats for women, separate toilets, separate lines, medicine supply, providing service in neat and clean atmosphere in health centers (hospitals and clinics)
9	Building markets and slaughtering houses and their management	<ul style="list-style-type: none"> Allotment of Paurashava shops to women interested in small and medium enterprises, and providing interest free loan
10	Education, sports, entertainment, cultural opportunities and beautification of Paurashava areas	<ul style="list-style-type: none"> Establishing female leaderships in primary and other schools, helping to prevent girls' drop out as per government steps Viewing all students equally in co curricular activities, creating gender friendly environment, and ensuring participation of everyone in sports Establishing female leadership in sports organizations, child academy, and in other cultural forums, and ensuring women's right of entry and security
11	With government permission, playing role in primary education, health, fire safety, transportation and poverty eradication.	<ul style="list-style-type: none"> Uprooting gender discrimination in above mentioned infrastructure development work Sanctioning sufficient budget for training women on increasing their income Taking programs to prevent negative attitude to women and female children, establishing industries for women's economic empowerment, and ensuring equal wages

4.2.4. National and international commitments to reduce gender discriminations

Equal human rights for women to those for men have been demanded for a long period of time. In the Constitution of People's Republic of Bangladesh, the supreme law of the country, equal rights for men and women are guaranteed. Various rules and documents have been developed at the national as well as international level in this regard. The government has signed important international documents such as the Universal Declaration of Human Rights, proclaimed in the Uniter Nations' general assembly in 1948, and the Convention on the Elimination of All Forms of Discrimination against Women (CEDAW) of 1979. Besides the constitution, a very important document of the

Government of Bangladesh to eradicate male-female discrimination is the National Women Development Policy.


National and International commitments on gender equality

Related documents	Major commitments related to gender issues
Constitution of The People's Republic of Bangladesh	<p>Article – 27: All citizens are equal in the eyes of law, and they deserve equal right of shelter under law.</p> <p>Article – 28 (1): The state will not discriminate with anyone because of his religion, race, color, community, gender or place of birth.</p> <p>Article – 28 (2): In every stage of state and public life, women will enjoy equal right as men do.</p> <p>Article – 28 (3): Only because of religion, race, color or man – woman difference, no one should be subjected to any condition, inability or obligation to enter any place of recreation, or admission to educational institutes.</p> <p>Article – 28 (4): In favor of women or children, or any subaltern section of people, special laws may be enacted.</p> <p>Article – 10: Women's participation should be ensured in every stage of life.</p> <p>Article – 15: Ensuring social security and right to avail of government help for widows and the distressed</p>
National Women Development Policy 2011 (Phase 2, 16 – 29, 16 principles)	<p>Policy – 16.3: To ensure women's economic, political, social, administrative and legal empowerment</p> <p>Policy – 16.8: Mitigating existing man-woman discrimination</p> <p>Policy – 17.3: Amendment of existing laws and enacting new laws to ensure human rights of women</p> <p>Policy – 19.1: To stop violence like rape, sexual harassment, dowry, physical and mental torture on women in the family, society and at workplace</p> <p>Policy – 21.1: To increase female education and eradicate man-woman discrimination in education and opportunity</p> <p>Policy – 24.3: To include poor women to productive activities and economic mainstream</p>

4.2.5. Strategy to mainstream gender in the activities of Paurashavas

Women's participation in the mainstream activities of Paurashava generally means ensuring representation of women in equal proportion to men in decision-making of the Paurashava and involving them in implementation activities. The main strategies to incorporate gender in the mainstream activities of the Paurashava are shown in the chart below.

Strategies of gender mainstreaming in Paurashava context



4.2.6. Role of Mayor, Councilors and Female Councilors for reserved seats in gender-mainstreaming

For gender mainstreaming, leaders’ commitment is necessary. In the case of Paurashavas, elected representatives carry the responsibility for it. The role that Mayor, Councilors and Female Councilors for reserved seats are expected to play in incorporating gender issues in Paurashava’s activities are summarized in the tables below.

Role of Mayor in gender mainstreaming in Paurashav's activities

No.	Main areas	Details
1.	Preparation of the gender friendly planning	<ul style="list-style-type: none"> • Incorporate the women in preparation of the development plan, and to provide direct guideline for preparing gender sensitive plan.
2.	Annual budget preparation	<ul style="list-style-type: none"> • Initiate budget allotment to activities/sectors for women's empowerment such as income generating activities for women, welfare for women and water supply.
3.	Establishment of relevant standing committees	<ul style="list-style-type: none"> • Initiate establishment of standing committee on women and children. • Initiate additional standing committees on gender-related issues such as standing committee on women's development if necessary.
4.	Involvement of the women in decision making	<ul style="list-style-type: none"> • Ensure freedom of the women to express opinions and participate in decision-making in the meetings, make the women involved in different committees and make the female Councilors chairperson in suitable cases.
5.	Women's access to and control over resources	<ul style="list-style-type: none"> • Promote equal wage to male and female • Cooperate with the women to control their assets.
6.	In operation of the social judgements	<ul style="list-style-type: none"> • Create friendly environment for the women to participate in the social judgements; • Eliminate the mentality that only man will operates the social judgements.
7.	Resisting violence against women	<ul style="list-style-type: none"> • Initiate the establishment of the Paurashava police make them active in resisting domestic violence, sexual harassment, dowry, child marriage, trafficking, etc. • Cooperate with Thana police in resisting the above issues. • Initiate campaign to resist violence against women
8.	Appointment of employees of Paurashava	<ul style="list-style-type: none"> • Maintain gender equality in appointment through eliminating nepotism, corruption and inequality.
9.	Women's leadership	<ul style="list-style-type: none"> • Ensure freedom and security for women mobility; • Make the women chair of meetings and chief guest where appropriate and assist them in playing the role; • Provide necessary leadership training for female Councilors and female officers.
10.	Education and health of women	<ul style="list-style-type: none"> • Carry out campaign for resisting the dropout of the girls and encouraging for higher education; • Facilitate incorporation of female in the school managing committees • Facilitate all women's access to health facilities and propose activities for that purpose to the Council if appropriate.

Role of Councilors and Female Councilors for reserved seats in gender mainstreaming in Paurashava's activities

No.	Main sectors of the role	Councilors	Female Councilors for reserved seats
1.	Gender friendly planning	<ul style="list-style-type: none"> Involve women in the preparation of the development plan and other plans 	<ul style="list-style-type: none"> Actively participate in planning processes and provide inputs for women's empowerment and considering gender-sensitiveness in the preparation of development plan and other plans
2.	Annual budget preparation	<ul style="list-style-type: none"> Facilitate budget allotment to activities/ sectors for women's empowerment such as income generating activities for women, welfare for women and water supply. 	<ul style="list-style-type: none"> Initiate identification of activities/ sectors for women's empowerment and ensure financial allocation for those activities/sectors.
3.	Establishment of relevant standing committees	<ul style="list-style-type: none"> Facilitate establishment of standing committee on women and children. Facilitate additional standing committees on gender-related issues if necessary. 	<ul style="list-style-type: none"> Lobby for establishment of standing committee on women and children Lobby for establishment of additional standing committees on gender-related issues if necessary.
4.	Involvement of women in decision-making	<ul style="list-style-type: none"> Facilitate female councilors and other women, if any, to express opinions and actively participate in decision-making in the meetings of the Council and various committees; Involve the women in different committees. 	<ul style="list-style-type: none"> Actively participate and provide inputs for women's empowerment and considering gender-sensitiveness in the meetings of the Council and various committees; Encourage other women's participation in meetings of Paurashava where appropriate.
5.	Women's access to and control over resources	<ul style="list-style-type: none"> Cooperate with the women to control their assets. Promote equal wages between men and women 	
6.	In operation of the social judgements	<ul style="list-style-type: none"> Facilitate friendly environment for the women to participate in the social judgements; Eliminate the mentality that only man will operates the social judgements. 	
7.	Resisting violence against women	<ul style="list-style-type: none"> Make sure the Paurashava Police, if any, and Thana Police in active in stopping violence against women Promote the people's resistance to violence against women 	
8.	Women's leadership	<ul style="list-style-type: none"> Make the women chair of meetings and chief guest and assist them in playing the role 	<ul style="list-style-type: none"> Take the role of chairperson or chief guest where appropriate;
9.	Appointment of	<ul style="list-style-type: none"> Make sure that Paurashava employees are recruited on the basis of 	

different employees in Paurashava	gender-equality	
10. Education and health of the women-	<ul style="list-style-type: none"> • Carry out campaign in own ward for resisting the dropout of the girls and encouraging for higher education; • Facilitate incorporation of female in the school managing committees • Facilitate all women's access to health facilities and propose activities for that purpose to the Council if appropriate. 	
11. In project identification and preparation of project proposal	<ul style="list-style-type: none"> • Facilitate identification of projects for women's empowerment or on burning issues for women 	<ul style="list-style-type: none"> • Initiate identification and preparation of projects for women's empowerment or on burning issues for women.

পৌরসভা পরিচালন সম্পর্কিত
মৌলিক বিষয়ের উপর অবহিতকরণ সহায়িকা

ট্রেনিং হ্যান্ড বুক

এসপিজিপি (২য় সংস্করণ)
স্থানীয় সরকার বিভাগ /জাইকা
মার্চ ২০১৬

সূচিপত্র

প্রথম অধ্যায়ঃ ভূমিকা.....	১
১.১ পটভূমি.....	১
১.২ হ্যান্ডবুকের উদ্দেশ্যঃ.....	১
দ্বিতীয় অধ্যায়ঃ বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থা এবং পৌরসভার ভূমিকা.....	৩
২.১ বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থায় পৌরসভা.....	৩
২.১.১ স্থানীয় সরকার ব্যবস্থা ও বাংলাদেশের সংবিধান অনুযায়ী স্থানীয় সরকার প্রতিষ্ঠানের ভূমিকা.....	৩
২.১.২ পৌরসভার ঐতিহাসিক বিবর্তন.....	৪
২.১.৩ পৌরসভার উপর জাতীয় সরকারের দায়িত্ব ও ক্ষমতা.....	৬
২.১.৪ পরিষেবা দানকারী সরকারি প্রতিষ্ঠানসমূহের সাথে পৌরসভার সম্পর্ক.....	৭
২.১.৫ অন্যান্য স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সঙ্গে পৌরসভার সম্পর্ক.....	৮
২.১.৬ বেসরকারি সংস্থা ও ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের সাথে পৌরসভার সম্পর্কঃ.....	৮
২.২ স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর গুরুত্বপূর্ণ কার্যাবলী.....	৯
২.২.১ স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর বিষয়বস্তু.....	৯
২.২.২ স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর গুরুত্বপূর্ণ ধারাসমূহ.....	১১
২.২.৩ পৌরসভার কার্যাবলী.....	১৪
তৃতীয় অধ্যায়ঃ পৌরসভা প্রশাসনের কার্যপদ্ধতি.....	১৭
৩.১ পৌরসভার প্রশাসনিক কাঠামো এবং নির্বাচিত প্রতিনিধি, কর্মকর্তা ও কর্মচারীগণের দায়-দায়িত্ব.....	১৭
৩.১.১ প্রশাসনিক ইউনিট হিসেবে পৌরসভা.....	১৭
৩.১.২ পৌরসভার প্রশাসনিক কাঠামো.....	১৭
৩.১.৩ পৌরসভার সাংগঠনিক কাঠামো.....	১৭
৩.১.৪ পৌরসভার মেয়র ও কাউন্সিলরগণের অধিকার, দায়বদ্ধতা ও সুযোগ-সুবিধা.....	১৮
৩.১.৫ মেয়র ও কাউন্সিলরগণের দায়িত্ব ও কর্তব্য.....	২১
৩.১.৬ পৌরসভা কর্মকর্তা ও কর্মচারীর নিয়োগ, বদলি ও অপসারণ.....	২২
৩.১.৭ পৌরসভার ৩টি বিভাগের সকল কার্যাবলী.....	২৪
৩.১.৮ পৌরসভার নির্বাচিত প্রতিনিধি ও কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যকার সম্পর্ক.....	২৬
৩.২ পৌরসভার সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় পৌর পরিষদের ভূমিকা.....	২৭
৩.২.১ সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া.....	২৭
৩.২.২ পরিষদের দায়িত্ব, কর্তব্য ও কার্যাবলী.....	২৮
৩.২.৩ পরিষদের সভা পরিচালনা পদ্ধতি, সিদ্ধান্ত গ্রহণ ও কার্যবিবরণী পদ্ধতি.....	২৯
৩.৩ স্থায়ী কমিটির ভূমিকা.....	৩৫
৩.৩.১ ভূমিকা.....	৩৫
৩.৩.২ স্থায়ী কমিটি গঠন প্রক্রিয়া.....	৩৫
৩.৩.৩ স্থায়ী ও অতিরিক্ত স্থায়ী কমিটিসমূহের কার্যাবলী.....	৩৬
৩.৩.৪ স্থায়ী কমিটির দায়িত্ব ও কার্যাবলী সম্পাদন প্রক্রিয়া.....	৩৭
৩.৪ পৌরসভার কর্মকাণ্ডে নাগরিক অংশগ্রহণ.....	৩৮
৩.৪.১ নাগরিক অংশগ্রহণের উদ্দেশ্য ও এর উপকারিতা.....	৩৮
৩.৪.২ পৌরসভার আইন প্রণয়নের পটভূমি ও নাগরিকদের অংশগ্রহণ.....	৩৮
৩.৪.৩ ওয়ার্ড কমিটির মাধ্যমে নাগরিক অংশগ্রহণ.....	৩৮

৩.৪.৪	শহর সমন্বয় কমিটির মাধ্যমে নাগরিক অংশগ্রহণ	৪০
৩.৫	আর্থিক ব্যবস্থাপনা এবং কর আরোপন	৪৩
৩.৫.১	আর্থিক ব্যবস্থাপনার উদ্দেশ্য	৪৩
৩.৫.২	পৌরসভার আর্থিক কাঠামো	৪৩
৩.৫.৩	পৌরসভার অর্থের উৎস	৪৩
৩.৫.৪	কর নির্ধারণ ও আদায়	৪৪
৩.৫.৫	মেয়র, কাউন্সিলর এবং স্থায়ী কমিটির ভূমিকা	৪৬
৩.৫.৬	স্থায়ী কমিটির ভূমিকা	৪৬
৩.৫.৭	অন্যান্য উৎস খাতে কর/রেট/ফিস/টোল নির্ধারণে বিধি ও পদ্ধতি	৪৮
৩.৬	হিসাবরক্ষণ ও নিরীক্ষা	৫০
৩.৬.১	হিসাবরক্ষণ ও নিরীক্ষার উদ্দেশ্য	৫০
৩.৬.২	হিসাবরক্ষণ ও আর্থিক প্রতিবেদন	৫০
৩.৬.৩	হিসাবরক্ষণ ও আর্থিক প্রতিবেদন প্রণয়ন সংক্রান্ত বিধি পদ্ধতি ও পৌরসভার দায়িত্ব	৫১
৩.৬.৪	নিরীক্ষা প্রক্রিয়া ও পৌরসভার দায়িত্ব	৫২
৩.৬.৫	নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি	৫৪
৩.৭	বাজেট প্রণয়ন	৫৫
৩.৭.১	বাজেট প্রণয়নের উদ্দেশ্য	৫৫
৩.৭.২	বার্ষিক বাজেট প্রণয়ন প্রক্রিয়া ও সংশ্লিষ্ট মহল/অংশীজনদের (স্টেকহোল্ডারস) ভূমিকা	৫৫
৩.৭.৩	বার্ষিক বাজেট এর সন্নিবেশন/সমন্বয়	৫৭
৩.৮	ক্রয় (Procurement)	৬২
৩.৮.১	ক্রয়ের (প্রকিউরমেন্ট) ধারণা ও ধরন	৬২
৩.৮.২	গণক্রয় আইন, ২০০৬ ও গণক্রয় বিধিমালা, ২০০৮	৬৪
৩.৮.৩	গণক্রয় বিধিমালা, ২০০৮ অনুসারে পৌরসভার ক্রয় প্রক্রিয়া	৬৫
৩.৮.৪	টেন্ডার বা দরপত্র আহ্বান প্রক্রিয়ার ধাপসমূহ	৬৭
৩.৮.৫	সীমিত দরপত্র পদ্ধতি	৭২
৩.৮.৬	বিবিধ: কিছু গুরুত্বপূর্ণ তথ্য	৭৩
৩.৮.৭	ক্রয় আইন ও বিধিমালা সংশ্লিষ্ট বিভিন্ন সংজ্ঞা	৭৫
৩.৯	সম্পত্তি নিবন্ধন ও ব্যবস্থাপনা	৭৮
৩.৯.১	পৌরসভার সম্পত্তি	৭৮
৩.৯.২	পৌরমার্কেট, বাস টার্মিনাল, যানবাহন, যন্ত্রপাতি এবং অন্যান্য সম্পত্তি ব্যবস্থাপনা	৭৯
৩.৯.৩	পৌরসম্পত্তির ইজারা প্রদান	৮১
৩.১০	দপ্তর ও তথ্য ব্যবস্থাপনা	৮২
৩.১০.১	পৌরসভার যৌক্তিক জনবল কাঠামো	৮২
৩.১০.২	পৌরসভার দপ্তর ব্যবস্থাপনা ও দাপ্তরিক পরিবেশ	৮২
৩.১০.৩	পৌরসভার সভা ও সভার কার্যবিবরণী তৈরি	৮৩
৩.১০.৪	নথি ব্যবস্থাপনা ও দলিলপত্র সংরক্ষণ	৮৫
৩.১০.৫	পৌরসভা পরিদর্শনে সরকারের ক্ষমতা	৮৫
৩.১০.৬	পৌর নাগরিকদের তথ্যের অধিকার	৮৬
৩.১০.৭	নাগরিক সনদ (সিটিজেন চার্টার)	৮৭
৩.১০.৮	পৌরসভা তথ্য ও সেবা কেন্দ্র/পৌর ডিজিটাল সেন্টার	৮৮
চতুর্থ অধ্যায়: সুশাসন		৮৯

8.1	সুশাসন ও নেতৃত্ব সম্পর্কে ধারণা.....	৮৯
8.1.1	সুশাসনের ধারণা	৮৯
8.1.2	পৌরসভার পরিপ্রেক্ষিতে সুশাসনের বৈশিষ্ট্য	৯০
8.1.3	নেতৃত্বের ধারণা ও কাজ	৯১
8.1.4	মেয়র, সাধারণ আসনের কাউন্সিলর ও সংরক্ষিত আসনের কাউন্সিলরের প্রত্যাশিত গুণাবলী.....	৯২
8.2	পৌরসভার কার্যক্রমের মূলধারায় নারী-পুরুষের সমঅধিকার/সমতা নিশ্চিতকরণ (জেডার সম্পৃক্তকরণ).....	৯৫
8.2.1	জেডার সম্পর্কিত ধারণা.....	৯৫
8.2.2	বাংলাদেশে নারীর অবস্থা (Condition) ও অবস্থান (Status/Position).....	৯৬
8.2.3	পৌরসভা ও জেডার ইস্যু (নারী-পুরুষের সমতা)	৯৭
8.2.4	নারী-পুরুষের বৈষম্য হ্রাসে জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গীকারসমূহ.....	৯৮
8.2.5	পৌর-কর্মকাণ্ডের মূলধারায় (Mainstream) জেডার ইস্যু সম্পৃক্তকরণ কৌশল	৯৯
8.2.6	মূলধারায় জেডার ইস্যু সম্পৃক্তকরণে মেয়র, নারী কাউন্সিলর ও অন্যান্য কাউন্সিলরদের ভূমিকা.....	১০০

প্রথম অধ্যায়ঃ ভূমিকা

১.১ পটভূমি

বাংলা অঞ্চলে নগরকেন্দ্রিক স্থানীয় সরকার ব্যবস্থার প্রবর্তন ঘটে ১৭৯৩ সালে যখন ব্রিটিশ সরকার কোলকাতা, মাদ্রাজ ও বোম্বে শহরে পৌর প্রশাসন নিয়োগের একটি আদেশ জারীর মাধ্যমে এইসব শহর প্রশাসনকে হোল্ডিং কর আরোপ ও আদায়, শান্তি-শৃঙ্খলা রক্ষায় বিচারক নিয়োগ, পরিচ্ছন্ন ও নিরাপত্তাকর্মী নিয়োগের ক্ষমতা দেয়। বর্তমান বাংলাদেশে প্রথম পৌরসভা গঠিত হয় বেঙ্গল জেলা পৌরসভা আইন, ১৮৬৪ এর অধীনে। এই আইনের অধীনে গঠিত পৌরসভাসমূহের উপর হোল্ডিং কর আরোপ ও আদায়ের ক্ষমতা এবং কিছু পরিষেবা প্রদানের দায়িত্ব ন্যস্ত ছিল। শহরকেন্দ্রিক স্থানীয় সরকার ব্যবস্থা প্রতিষ্ঠালগ্ন থেকে নানা রকম বাধাবিঘ্ন অতিক্রম করে অগ্রসর ও বিকশিত হয়েছে। পাশাপাশি, ক্রমে পৌরসভাসমূহের উপর বর্ধিত দায়িত্ব অর্পিত হয়েছে এবং এইসব দায়িত্ব পালনের জন্য পৌরসভার নিজস্ব আয়ের উৎস নির্ধারিত হয়েছে।

নির্বাচিত জনপ্রতিনিধিদের মাধ্যমে সম্পূর্ণ গণতান্ত্রিক উপায়ে পরিচালিত পৌরসভার বর্তমান ধারার প্রবর্তন ঘটে বাংলাদেশের স্বাধীনতা অর্জনের পর এবং পৌরসভার প্রথম নির্বাচন অনুষ্ঠিত হয় ১৯৭৩ সালে। পৌরসভা অধ্যাদেশ-১৯৭৭ প্রবর্তনের মাধ্যমে শহরকেন্দ্রিক স্থানীয় সরকার ব্যবস্থা সুসংগঠিত রূপ লাভ করে এবং পরবর্তীতে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর অধীনে আরও বিকশিত হয়।

বর্তমানে পৌরসভাসমূহ অত্যন্ত গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে। কেন্দ্রীয় সরকার কর্তৃক পৌর এলাকায় সীমিত পরিষেবাদানসহ নগর পরিকল্পনা প্রণয়ন, স্থানীয় অবকাঠামো উন্নয়ন এবং জনসেবার প্রধান প্রধান পরিষেবা প্রদান করে যার মধ্যে সড়ক উন্নয়ন থেকে শুরু করে সংক্রামক ব্যাধি প্রতিরোধ পর্যন্ত অন্তর্ভুক্ত রয়েছে। আশা করা হয় যে, স্থানীয় শিল্প, কলকারখানার বিকাশের এবং পণ্য পরিবহন ও পরিষেবা প্রদানের মাধ্যমে পৌরসভা স্থানীয় অর্থনীতির কেন্দ্রবিন্দুতে পরিণত হবে।

এ সকল ব্যাপক-বিস্তৃত দায়িত্ব অর্পিত হওয়া সত্ত্বেও পৌরসভা এবং নিজ নিজ দায়িত্ব সম্পর্কে জানার প্রয়োজনীয় মৌলিক তথ্য সংবলিত কোন নথি বা দলিলের সংকলন জনপ্রতিনিধিদের কাছে নেই। এই পটভূমিতে পৌরসভায় নির্বাচিত জনপ্রতিনিধিগণ যাতে পৌরসভার কাজ ও নিজেদের দায়িত্ব-কর্তব্য সম্পর্কে অবহিত হতে পারেন এবং যথাযথভাবে দায়িত্ব পালনের মাধ্যমে নাগরিকদের কাছে নিজেদের জবাবদিহিতা নিশ্চিত করতে পারেন সেই উদ্দেশ্যে এই হ্যান্ডবুকটি প্রণয়ন করা হয়েছে।

পৌরসভার সঙ্গে সংশ্লিষ্ট আইন-কানুন, বিধি-বিধান এবং নিজেদের দায়িত্ব-কর্তব্য সম্পর্কে জানতে আগ্রহী-এমন অসংখ্য জনপ্রতিনিধির দাবীর প্রতিফলন হিসেবেও এই হ্যান্ডবুকটি প্রণয়ন করা হয়েছে।

সংশ্লিষ্ট আইন, বিধি-বিধান পরিবর্তনের পরিপ্রেক্ষিতে বা অন্য কোন গুরুত্বপূর্ণ কারণে স্থানীয় সরকার বিভাগের কাছে প্রয়োজনীয় মনে হলে এই হ্যান্ডবুকটি হালনাগাদ করা হবে।

১.২ হ্যান্ডবুকের উদ্দেশ্য:

এই হ্যান্ডবুক প্রণয়নের সুনির্দিষ্ট উদ্দেশ্য হচ্ছে, নির্বাচিত জনপ্রতিনিধিগণকে পৌরসভা পরিচালনার সাথে সংশ্লিষ্ট বিভিন্ন মৌলিক বিষয়ে অবহিত করা। এই হ্যান্ডবুকের মাধ্যমে জনপ্রতিনিধিরা জানতে পারবেন: ১) পৌরসভার আইনগত ভিত্তি সম্পর্কে এবং কিভাবে পৌরসভাসমূহ বর্তমানরূপে ও ধরনে ক্রমবিকাশিত হয়েছে; ২) পৌরসভা প্রশাসন কিভাবে কার্যক্রম পরিচালনা করে; এবং ৩) পৌরসভার প্রশাসনিক ব্যবস্থাকে কিভাবে আরও বিকশিত ও সমৃদ্ধ করা যায়।

এই হ্যান্ডবুকে নিচের সারণিতে প্রদর্শিত বিস্তৃত পরিসরের বিষয়বস্তু সন্নিবেশিত করা হয়েছে

হ্যান্ডবুকে অন্তর্ভুক্ত বিষয়সমূহ

ক্ষেত্র	অন্তর্ভুক্ত বিষয়সমূহ
বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থা ও পৌরসভার ভূমিকা	১) বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থায় পৌরসভা ২) স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এবং পৌরসভার কার্যাবলী

ক্ষেত্র	অর্ন্তভুক্ত বিষয়সমূহ
পৌরসভা প্রশাসনের কার্যাবলী	৩) পৌরসভার প্রশাসনিক কাঠামো ৪) পৌরসভার সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় কাউন্সিলরদের ভূমিকা ৫) পৌরসভার সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া-স্থায়ী কমিটি গঠন ও কার্যপরিধি ৬) নাগরিক অংশগ্রহণ ৭) আর্থিক ব্যবস্থাপনা ও করারোপ ৮) হিসাবরক্ষণ ও নিরীক্ষা ৯) বাজেট প্রণয়ন ১০) ক্রয় ১১) সম্পদ নিবন্ধন ও ব্যবস্থাপনা ১২) দপ্তর ও তথ্য ব্যবস্থাপনা
সু-শাসন	১৩) সু-শাসনের ধারণা ও নেতৃত্ব ১৪) পৌরসভার কার্যক্রমে জেডার সম্পৃক্তকরণ

দ্বিতীয় অধ্যায়: বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থা এবং পৌরসভার ভূমিকা

২.১ বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থায় পৌরসভা

২.১.১ স্থানীয় সরকার ব্যবস্থা ও বাংলাদেশের সংবিধান অনুযায়ী স্থানীয় সরকার প্রতিষ্ঠানের ভূমিকা

বাংলাদেশ একটি গণতান্ত্রিক রাষ্ট্র, যেখানে সাংবিধানিকভাবে নির্বাচিত জনপ্রতিনিধিদের মাধ্যমে প্রশাসনিক ব্যবস্থায় জনগণের অংশগ্রহণের অধিকার এবং নাগরিক অধিকার নিশ্চিত করা হয়েছে। গণতন্ত্রের মৌলিক নীতির উপর ভিত্তি করে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে নির্বাচিত জনপ্রতিনিধিবৃন্দের সমন্বয়ে স্থানীয় সরকার গঠন করার কথা বলা হয়েছে। (অনুচ্ছেদ: ৫৯ ও ৬০)

সংবিধানে স্থানীয় সরকার ব্যবস্থা

অনুচ্ছেদ: ৫৯ স্থানীয় শাসন
(১) আইনানুযায়ী নির্বাচিত ব্যক্তিদের সমন্বয়ে গঠিত প্রতিষ্ঠানসমূহের উপর প্রজাতন্ত্রের প্রত্যেক প্রশাসনিক এককায়ের স্থানীয় শাসনের ভার প্রদান করা হইবে।
(২) এই সংবিধান ও অন্য কোন আইন-সাপেক্ষে সংসদ আইনের দ্বারা যেরূপ নির্দিষ্ট করিবেন, এই অনুচ্ছেদের (১) দফায় উলি-খিত অনুরূপ প্রত্যেক প্রতিষ্ঠান যথোপযুক্ত প্রশাসনিক এককায়ের মধ্যে সেইরূপ দায়িত্ব পালন করিবেন এবং অনুরূপ আইনে নিম্নলিখিত বিষয়-সংক্রান্ত দায়িত্ব অর্ন্তর্ভুক্ত হইতে পারিবে:
(ক) প্রশাসন ও সরকারী কর্মচারীদের কার্য;
(খ) জনশৃঙ্খলা রক্ষা;
(গ) জনসাধারণের কার্য ও অর্থনৈতিক উন্নয়ন-সম্পর্কিত পরিকল্পনা-প্রণয়ন ও বাবায়ন।
অনুচ্ছেদ: ৬০ স্থানীয় শাসন-সংক্রান্ত প্রতিষ্ঠানের ক্ষমতা।
এই সংবিধানের ৫৯ অনুচ্ছেদের বিধানাবলীকে পূর্ণ কার্যকরতাদানের উদ্দেশ্যে সংসদ আইনের দ্বারা উক্ত অনুচ্ছেদে উলিখিত স্থানীয় শাসন-সংক্রান্ত প্রতিষ্ঠানসমূহকে স্থানীয় প্রয়োজনে কর আরোপ করিবার ক্ষমতাসহ বাজেট প্রস্তুতকরণ ও নিজস্ব তহবিল রক্ষণাবেক্ষণের ক্ষমতা প্রদান করিবেন।

সংবিধানের আলোকে, সংশ্লিষ্ট আইনের দ্বারা নির্ধারিত কর, ফি, রেইট, এবং টোল আদায়ের ক্ষমতা অর্পণ করে দেশে কয়েক ধরনের স্থানীয় সরকার প্রতিষ্ঠান গড়ে তোলার জন্য ভিন্ন ভিন্ন আইন প্রণয়ন করা হয়েছে। বর্তমানে দেশে পাঁচ প্রকারের স্থানীয় সরকার বিদ্যমান রয়েছে, যথা: জেলা পরিষদ, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ, সিটি কর্পোরেশন ও পৌরসভা। অদ্যাবধি জেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হয়নি এবং নির্বাচিত জনপ্রতিনিধির স্থলে কেন্দ্রীয় সরকারের কর্মকর্তাদের দ্বারা জেলা পরিষদ পরিচালিত হয়েছে। বছর কয়েক আগে সরকার মনোনয়নের মাধ্যমে জেলা পরিষদে প্রশাসক নিয়োগ করেছেন। অন্যান্য স্থানীয় সরকারসমূহ নির্বাচিত জনপ্রতিনিধিদের মাধ্যমেই পরিচালিত হচ্ছে।

বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থা

ভৌগোলিক এলাকা	স্থানীয় সরকার	
	গ্রামীণ এলাকা	শহর এলাকা
বিভাগ		সিটি কর্পোরেশন
জেলা	জেলা পরিষদ	সিটি কর্পোরেশন/পৌরসভা
উপজেলা	উপজেলা পরিষদ	পৌরসভা
ইউনিয়ন	ইউনিয়ন পরিষদ	

বাংলাদেশে শহর ও নগরকেন্দ্রিক স্থানীয় সরকার প্রতিষ্ঠান হ'ল সিটি কর্পোরেশন এবং পৌরসভা। আর পল্লী অঞ্চলের স্থানীয় সরকার প্রতিষ্ঠান হ'ল: জেলা পরিষদ, উপজেলা পরিষদ এবং ইউনিয়ন পরিষদ।

২০১৫ সনের ডিসেম্বর মাসে প্রাপ্ত তথ্য অনুযায়ী দেশে ১১টি সিটি কর্পোরেশন, ৩২৪টি পৌরসভা, ৬১টি জেলা পরিষদ, ০৩টি পার্বত্য জেলা পরিষদ, ৪৮৯টি উপজেলা পরিষদ এবং ৪৫৭৯টি ইউনিয়ন পরিষদ রয়েছে।

পৌরসভার কার্যক্ষেত্র হচ্ছে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত পদ্ধতিতে শহর এলাকা। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ অনুসারে কোন এলাকাকে শহর হিসেবে ঘোষণা করার জন্য এলাকাটির নিম্নোক্ত বৈশিষ্ট্যসমূহ থাকতে হবে (ধারা: ৩)

- (ক) তিন-চতুর্থাংশ ব্যক্তি অকৃষি পেশায় নিয়োজিত;
- (খ) শতকরা ৩৩ ভাগ ভূমি অকৃষি প্রকৃতির;
- (গ) জনসংখ্যার ঘনত্ব প্রতি বর্গ কিলোমিটারে গড়ে এক হাজার পাঁচশ' এর কম নয়;
- (ঘ) জনসংখ্যা পঞ্চাশ হাজারের কম হবে না।

২.১.২ পৌরসভার ঐতিহাসিক বিবর্তন

বাংলাদেশের শহরাঞ্চলে স্থানীয় সরকার ব্যবস্থা ভিন্ন ভিন্ন আমলে বিভিন্ন ধরনের সংস্কারের মাধ্যমে বর্তমানে পৌরসভা নামের স্থানীয় সরকার কাঠামোতে উপনীত হয়েছে। দীর্ঘ ঐতিহাসিক বিবর্তনে এই শহরকেন্দ্রিক স্থানীয় সরকার ব্যবস্থাকে ৩টি আমলের প্রেক্ষাপটে পর্যালোচনা করা যায়, যেমন: ব্রিটিশ আমল, পাকিস্তান আমল এবং বাংলাদেশ আমল। নিচে ব্রিটিশ শাসন আমল থেকে ধারাবাহিকভাবে পৌরসভার বিবর্তনের বর্ণনা করা হয়েছে।

ব্রিটিশ আমল

পৌর প্রশাসন বিষয়ক প্রথম আইন, ১৭৯৩: ব্রিটিশ শাসন আমলে ১৭৯৩ সালে ব্রিটিশ পার্লামেন্টের এক সিদ্ধান্ত অনুসারে উপমহাদেশের কলিকাতা, মাদ্রাজ ও মুম্বাই শহরে পৌর প্রশাসনের সূচনা করা হয়। এই আইনে পৌর অঞ্চলসমূহে জাস্টিস অফ পিস নিয়োগের ব্যবস্থা করা হয় এবং পৌর প্রশাসনসমূহকে বাড়ি-ঘরের উপর কর আরোপ এবং চৌকিদার ও ঝাড়ুদার নিয়োগের ক্ষমতা দেয়া হয়।

বেঙ্গল এ্যাক্ট, ১৮৪২: এই এ্যাক্টের মাধ্যমে প্রথমবারের মত পৌর প্রতিষ্ঠান গঠনের উদ্যোগ নেয়া হয়। আইনানুযায়ী একটি শহরের বাড়ির প্রধানদের দুই-তৃতীয়াংশের আবেদনের পরিপ্রেক্ষিতে শহর কমিটি গঠনের বিধান করা হয়।

টাউন পুলিশ এ্যাক্ট, ১৮৫৬: এই আইনে জেলা ম্যাজিস্ট্রেটকে শহরে পঞ্চায়েত গঠন ও বাড়ি-ঘরের উপর সর্বোচ্চ ৫% হারে কর আরোপের ক্ষমতা দেয়া হয়।

বেঙ্গল কাউন্সিল ডিস্ট্রিক্ট মিউনিসিপ্যাল ইমপ্রুভমেন্ট এ্যাক্ট, ১৮৬৪: এই আইনটি অপেক্ষাকৃত বড় শহরের জন্য প্রযোজ্য ছিল। এই আইনের অধীনে কমপক্ষে সাতজন মনোনীত শহরবাসীকে নিয়ে একটি শহর কমিটি গঠনের বিধান করা হয়।

ডিস্ট্রিক্ট টাউন এ্যাক্ট, ১৮৬৮: এই আইনের অধীনে আরও অধিক সংখ্যক শহরকে পৌর প্রতিষ্ঠানের আওতায় আনা সম্ভব হয়। এই আইনে কমপক্ষে পাঁচজনকে নিয়ে একটি শহর কমিটি গঠনের ব্যবস্থা ছিল-যার এক-তৃতীয়াংশ সরকারি কর্মকর্তা হওয়া আবশ্যিক ছিল। কমিটি প্রতি বছর একজন চেয়ারম্যান ও একজন ভাইস-চেয়ারম্যান নিয়োগ করতো।

স্থানীয় সরকার আইন, ১৮৭৩: এই আইনের মাধ্যমে ১৮৬৪ সালের আইনের আওতাভুক্ত শহরগুলোতে সর্বপ্রথম মোট সদস্য সংখ্যার দুই-তৃতীয়াংশ কমিশনারের নির্বাচন ও বেতনভোগী একজন ভাইস-চেয়ারম্যান নির্বাচনের ব্যবস্থা করা হয়।

এ্যাক্ট ৪, ১৮৭৬: এই আইনের মাধ্যমে পৌর প্রতিষ্ঠানগুলোকে পুনর্গঠিত করে চারটি প্রকারে বিভক্ত করা হয়। প্রকারসমূহ হ'ল: প্রথম শ্রেণি, দ্বিতীয় শ্রেণি, ইউনিয়ন এবং স্টেশন। কমিশনারগণ তখন সরকার কর্তৃক মনোনীত

হতেন এবং জেলা ম্যাজিস্ট্রেট, মহকুমা প্রশাসক ও মেডিকেল অফিসারগণ পদাধিকারবলে কমিশনার হতেন। চেয়ারম্যান সরকার কর্তৃক নিযুক্ত হতেন। ন্যূনপক্ষে এক-তৃতীয়াংশ করদাতা লিখিতভাবে আবেদন করলে কমিশনারদের নির্বাচিত করা যেত।

বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট, ১৮৮৪: লর্ড রিপনের আমলে পূর্বের সকল আইনকে একত্রিত করে এই আইন অনুমোদন করা হয়। প্রথম ও দ্বিতীয় শ্রেণির পৌরসভার মর্যাদা বাদ দেয়া হয় এবং চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান ও পৌরসভার মোট সদস্য সংখ্যার দুই-তৃতীয়াংশ কমিশনার নির্বাচনের ব্যবস্থা করা হয়।

বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট, ১৯৩২: ১৮৮৪ সালের আইন ও পরবর্তী সংশোধনীসমূহকে একত্র করে এই আইন অনুমোদিত হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধ, দাঙ্গা, ভারত বিভাগ ইত্যাদির কারণে পৌরসভা প্রশাসন ও এর আর্থিক ব্যবস্থাপনার অবনতি ঘটে।

পাকিস্তান আমল

১৯৪৭ সালে অবিভক্ত বাংলায় ১১৮টি মিউনিসিপ্যাল বোর্ড ছিল। এর মধ্যে পূর্ব বাংলায় ৫২টি ও সিলেট জেলায় চারটি অবস্থিত ছিল। এই সকল বোর্ডে মোট সদস্য সংখ্যার ৪ ভাগের ৩ ভাগ নির্বাচিত ও ১ ভাগ মনোনীত কমিশনার হতেন।

বেসিক ডেমোক্রেসিস অর্ডার, ১৯৫৯: মৌলিক গণতন্ত্র আদেশ (বেসিক ডেমোক্রেসিস অর্ডার), ১৯৫৯ এর অধীনে গ্রামীণ স্থানীয় সংস্থা ছাড়াও ইউনিয়ন ও টাউন কমিটি গঠন করা হয়। ৫৬টি মিউনিসিপ্যাল বোর্ডের মধ্যে ২৮টি মিউনিসিপ্যাল বোর্ডে (যে সব বোর্ডের জনসংখ্যা ১৯৫১ সালের আদমশুমারী অনুযায়ী ১৫ হাজার অথবা তার নিচে ছিল) টাউন কমিটি গঠন করা হয়।

মিউনিসিপ্যাল এ্যডমিনিস্ট্রেশন অর্ডিন্যান্স, ১৯৬০: অবশিষ্ট ২৮টি মিউনিসিপ্যাল বোর্ডে মিউনিসিপ্যাল এডমিনিস্ট্রেশন অর্ডিন্যান্স, ১৯৬০ এর অধীনে মিউনিসিপ্যাল কমিটি গঠন করা হয়।

বাংলাদেশ আমল

প্রেসিডেন্ট অর্ডার নং ৭, ১৯৭২: এই আদেশ বলে সকল স্থানীয় পরিষদ বাতিল করে তার পরিবর্তে প্রশাসক নিয়োগ করা হয় এবং স্থানীয় সংস্থাসমূহের নাম নিম্নরূপভাবে পরিবর্তন করা হয়:

- | | |
|----------------------|-----------------------|
| ○ ইউনিয়ন কাউন্সিল | => ইউনিয়ন পঞ্চায়েত |
| ○ থানা কাউন্সিল | => থানা উন্নয়ন কমিটি |
| ○ জেলা কাউন্সিল | => জেলা বোর্ড |
| ○ টাউন কমিটি | => শহর কমিটি |
| ○ মিউনিসিপ্যাল কমিটি | => পৌরসভা |

প্রেসিডেন্ট অর্ডার নং ২২, ১৯৭৩: এ আদেশ বলে শহর কমিটিসমূহকে পৌরসভা হিসেবে আখ্যায়িত করা এবং পৌরসভাসমূহে নাগরিকদের সরাসরি ভোটে চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান নির্বাচনের বিধান করা হয়।

পৌরসভা অধ্যাদেশ ১৯৭৭: এই অধ্যাদেশে ভাইস-চেয়ারম্যানের পদটি লুপ্ত করা হয়। কমিশনারের সংখ্যা নির্বাচনী এলাকার উপর নির্ভর করে নির্ধারণ করা এবং ন্যূনপক্ষে নয়জন কমিশনার সমন্বয়ে একটি পৌরসভা গঠনের বিধান করা হয়। আইনানুযায়ী মনোনীত মহিলা কমিশনারের সংখ্যা নির্বাচিত কমিশনারদের এক-দশমাংশের বেশী হতে পারতো না। পরবর্তীতে এই আইনের এক সংশোধনীর মাধ্যমে প্রতিটি পৌরসভায় তিনজন মহিলা কমিশনার নিয়োগের বিধান করা হয়। ১৯৯৭ সালে অপর এক সংশোধনীর মাধ্যমে পৌরসভা নির্বাচন প্রক্রিয়ায় মহিলা কমিশনারদের জন্য আসন সংরক্ষণ করা এবং প্রতি ৩টি ওয়ার্ডে মহিলাদের জন্য ১টি সংরক্ষিত আসন সৃষ্টি করে সংরক্ষিত আসনে সরাসরি মহিলা কমিশনার নির্বাচনের ব্যবস্থা প্রবর্তন করা হয়।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯: এই আইনটি বাংলাদেশে শহরভিত্তিক স্থানীয় সরকারের ক্রম বিবর্তনের সর্বশেষ সুসংগঠিত আইন। বর্তমানে ৩২৪টি পৌরসভা এই আইনের মাধ্যমে পরিচালিত হচ্ছে।

২.১.৩ পৌরসভার উপর জাতীয় সরকারের দায়িত্ব ও ক্ষমতা

পৌরসভা হচ্ছে শহরকেন্দ্রিক একটি স্থানীয় সরকার প্রতিষ্ঠান-যা আইনানুযায়ী স্থানীয় অধিবাসীদের সরাসরি ভোটে নির্বাচিত জনপ্রতিনিধিদের দ্বারা পরিচালিত হয়। তথাপি, পৌরসভার কার্যক্রমের উপর কেন্দ্রীয় সরকারের ব্যাপক নিয়ন্ত্রণ রয়েছে। কেন্দ্রীয় সরকার পৌরসভার নির্বাচন ও পরিচালনা বিষয়ক আইন ও বিধি প্রণয়ন করে (স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা: ১২০ ও ১২১)। কেন্দ্রীয় সরকার পৌরসভার পরিচালনা সম্পর্কে নির্দেশনা ও পরামর্শও প্রদান করে থাকে। পৌরসভা বিষয়ে কেন্দ্রীয় সরকারের দায়িত্ব ও ক্ষমতাসমূহকে নিম্নলিখিত ক্ষেত্র অনুসারে বিভক্ত করা যেতে পারে।

• প্রাতিষ্ঠানিক ক্ষেত্র

কেন্দ্রীয় সরকার পৌরসভার এলাকা বিস্তৃত বা পুনর্বিদ্যমান করতে পারে (স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা: ৪(২))। যদি কোন পৌরসভা উক্ত আইনে বর্ণিত শর্তাবলী পূরণ করতে ব্যর্থ হয়, তা হলে সরকার, সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা, এই পৌরসভা বিলুপ্তি ঘোষণা করতে পারবে (স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা: ১১(১)) অথবা সরকার গেজেট প্রজ্ঞাপন দ্বারা কোন পরিষদ বাতিল ঘোষণা করতে পারে (প্রাণ্ডুক্ত আইন, ধারা: ৪৯)। পৌরসভার নিজস্ব বিষয়েও সরকারের নিয়ন্ত্রণ রয়েছে। উদাহরণস্বরূপ: সরকার কোন শহর অঞ্চলকে পৌর এলাকা হিসেবে ঘোষণার পর পৌরসভার কার্যাবলী সম্পাদনের জন্য একজন উপযুক্ত কর্মকর্তাকে প্রশাসক হিসেবে নিয়োগ দান করবে এবং আইনানুযায়ী নির্বাচিত পৌরসভা গঠন না হওয়া পর্যন্ত প্রশাসক তার প্রশাসনিক দায়িত্ব পালন করবেন (প্রাণ্ডুক্ত আইন, ধারা: ৪২)। এছাড়াও সরকার পৌরসভায় প্রথম ও দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা নিয়োগ, বদলি, অব্যাহতি, অপসারণ ও চাকুরিচ্যুত করতে পারে। সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা মেয়র বা কাউন্সিলরকেও অপসারণ করতে পারে (প্রাণ্ডুক্ত আইন, ধারা: ৩১)।

• অর্থনৈতিক ক্ষেত্র

পৌরসভাসমূহের অর্থনৈতিক কর্মকাণ্ডের উপরও কেন্দ্রীয় সরকারের ব্যাপক নিয়ন্ত্রণ রয়েছে। পৌরসভাসমূহকে আয়ের উৎস অন্বেষণ, কর নির্ধারণ এবং নিজস্ব তহবিল ব্যবহার সংক্রান্ত বিষয়ে কেন্দ্রীয় সরকারের নির্দেশনা অনুসরণ করতে হয়। (প্রাণ্ডুক্ত আইন, ধারা: ৮৯ ও ৯০)। পৌরসভাসমূহ বিধিমালায় বর্ণিত ও নির্ধারিত পদ্ধতিতে পৌরসভার বার্ষিক বাজেট প্রণয়ন ও অনুমোদন করে। পৌরসভাসমূহ অনুমোদিত বাজেটের একটি অনুলিপি বিভাগীয় কমিশনার অথবা সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করে। (প্রাণ্ডুক্ত, ধারা: ৯২ (১))। উদ্ধৃত বিশেষ পরিস্থিতিতে কোন পৌরসভা এর বাজেট অনুমোদন করতে না পারলে সরকার উক্ত বছরের জন্য আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করে তা প্রত্যয়ন করবে-যা সেই পৌরসভার বাজেট বলে গণ্য হবে। (প্রাণ্ডুক্ত, ধারা: ৯২ (৩))। এছাড়া আইনের ৯২ (১) ধারার অধীনে প্রণীত বাজেটের অনুলিপি প্রাপ্তির ৩০ কার্যদিবসের মধ্যে সরকার তার আদেশ দ্বারা বাজেটটি সংশোধন করতে পারবে এবং উক্ত সংশোধিত বাজেট পৌরসভার অনুমোদিত বাজেট বলে গণ্য হবে। পৌরসভা তহবিলের জমাকৃত অর্থ সরকারি ট্রেজারির কার্যপরিচালনাকারী কোন ব্যাংকে অথবা সরকার কর্তৃক সময়ে সময়ে নির্দেশিত অন্য কোন পদ্ধতিতে জমা রাখার বিধান রয়েছে (প্রাণ্ডুক্ত, ধারা: ৯৪)। পাশাপাশি, সরকার প্রতিটি পৌরসভার জন্য বরাদ্দকৃত মঞ্জুরীর (অর্থের) পরিমাণ নির্ধারণ করে। এছাড়াও সরকার পৌরসভাসমূহের আর্থিক হিসাব সংরক্ষণের জন্য বিভিন্ন প্রকার পদ্ধতি নির্ধারণ/নির্দেশিকা প্রদান করে, যেমন: হিসাব রক্ষণ, তহবিল ব্যবহার, ব্যয় নিরূপণ ইত্যাদি।

• পৌরসভার দায়িত্ব ও কার্যাবলী

পৌরসভার কার্যাবলীর উপর কেন্দ্রীয় সরকারের বিভিন্ন উপায়ে নিয়ন্ত্রণ আরোপের ক্ষমতা রয়েছে।

প্রথমত, সরকার যে কোন সময় পৌর কর্তৃপক্ষের নিকট হতে কোন দলিল বা অন্য কোন নথিপত্র তলব ও পরিদর্শন করতে পারে এবং একইসাথে সরকার, পৌরসভার কোনো বিভাগ, সেবামূলক ও উন্নয়ন কার্যক্রম, নির্মাণ কাজ অথবা

সম্পত্তি কোন সরকারি কর্মকর্তার দ্বারা পরিদর্শনের মাধ্যমে প্রতিবেদন গ্রহণ করতে পারবে (প্রাণ্ডু, ধারা: ৮৩ ও ৮৪)। যদি সরকার মনে করে যে, পৌরসভা কর্তৃক গৃহীত কোন কার্যক্রম অবৈধ বা অনিয়মে দুষ্ট অথবা এই আইনের অধীনে কোন কার্যক্রম অযৌক্তিকভাবে করা হয়েছে অথবা আদৌ আইনানুগভাবে করা হয় নাই, অথবা, এই আইনে প্রদত্ত দায়িত্ব পালনের জন্য প্রয়োজনীয় অর্থ সংস্থান করা হয় নাই—তা হলে সরকার অথবা সরকার কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষ পৌরসভাকে অবৈধ অথবা অনিয়মতান্ত্রিক ব্যবস্থা হতে বিরত থাকার জন্য নির্দেশ দিতে পারবে এবং একটি নির্দিষ্ট সময়ের মধ্যে আইনসম্মত ব্যবস্থা গ্রহণ বা আর্থিক সংস্থানের জন্য সরকার পৌরসভাকে নির্দেশ দিতে পারবে (প্রাণ্ডু, ধারা: ৮৮)।

দ্বিতীয়ত, সরকার যদি মনে করে, কোন পৌরসভা বা এর পক্ষ হতে সম্পাদিত কোন কার্য অথবা সম্পাদনের জন্য নির্দিষ্ট কোন কার্য স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর সাথে সঙ্গতিপূর্ণ নয় অথবা সেই কার্য জনস্বার্থের পরিপন্থী (প্রাণ্ডু, ধারা: ৮৬), তা হলে নির্ধারিত কর্তৃপক্ষ আদেশ দ্বারা—

- (ক) কার্য বাতিল করতে পারবে;
- (খ) পৌরসভা কর্তৃক গৃহীত কোন প্রস্তাব বাস্তবায়ন বা প্রদত্ত আদেশ মূলতবি রাখতে পারবে;
- (গ) প্রস্তাবিত কোন কার্যের বাস্তবায়ন নিষিদ্ধ করতে পারবে;
- (ঘ) পৌরসভাকে এই সকল ক্ষেত্রে নির্দিষ্ট পদক্ষেপ গ্রহণের নির্দেশ দিতে পারবে।

তৃতীয়ত, সরকার পৌরসভাসমূহের জন্য বিভিন্ন নির্দেশ জারি করতে পারবে (প্রাণ্ডু, ধারা: ৮৪ ও ৮৭)।

● অন্যান্য ক্ষেত্র

পৌর অঞ্চলসমূহে পৌরসভা অর্থাৎ স্থানীয় সরকার ও স্থানীয় কর্তৃপক্ষের মধ্যে সম্পর্ক নির্ধারণ ও নিয়ন্ত্রণ; পৌরসভা ও সরকারি দপ্তরসমূহের কার্যাবলীর সমন্বয় সাধন; পৌরসভাকে আর্থিক সহায়তা প্রদানসহ, বিশেষ শর্তে, বিশেষ বিশেষ ক্ষেত্রে, মঞ্জুরি প্রদান; এক পৌরসভা কর্তৃক অন্য পৌরসভাকে অথবা স্থানীয় অন্য কোন কর্তৃপক্ষকে চাঁদা প্রদানের ব্যবস্থা করা; স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর উদ্দেশ্য পূরণকল্পে পৌরসভাকে সাধারণ নির্দেশনা প্রদান করা ইত্যাদি বিষয়ে সরকার পৌরসভাসমূহের জন্য স্থায়ী আদেশ জারি করতে পারবে (প্রাণ্ডু, ধারা: ১১৯)।

২.১.৪ পরিষেবা দানকারী সরকারি প্রতিষ্ঠানসমূহের সাথে পৌরসভার সম্পর্ক

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৯৫ ধারার বিধান মতে পরিবেশ, উন্নয়ন পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং ব্যবস্থাপনা সংক্রান্ত অন্যান্য আইনের বিধান সাপেক্ষে এবং সার্বিকভাবে এ আইনের দ্বারা অর্পিত দায়িত্ব পালনকল্পে পৌরসভা কোন সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানের সাথে অংশীদারিত্ব চুক্তির মাধ্যমে কোন প্রকল্পের অর্থায়ন, বাস্তবায়ন, রক্ষণাবেক্ষণ ও পরিচালন বিষয়ে সেবামূলক কার্যাবলী সম্পাদন করতে পারবে। তাছাড়া পৌরসভার সেবামূলক কর্মকাণ্ডের কার্যকর পরিচালন ও বাস্তবায়নে সংশ্লিষ্ট সরকারি সংস্থার সাথে সমন্বয়ের মাধ্যমে দায়িত্ব পালন করতে পারবে।

পরিষেবা প্রদানের ক্ষেত্রে সরকারি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের সাথে পৌরসভাসমূহের সম্পর্কের উল্লেখযোগ্য কতিপয় বিষয় নিম্নোক্ত ছকে প্রদত্ত হ'ল:

সরকারি প্রতিষ্ঠান/সংস্থা	পরিষেবার বিবরণ/সম্পর্কের ক্ষেত্র
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)	পৌরসভার পরিচালন ব্যবস্থা ও পৌর এলাকার অবকাঠামো উন্নয়নে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) উন্নয়ন প্রকল্পের মাধ্যমে অর্থায়ন, পরিকল্পনা গ্রহণ, পৌরসভার সাথে যৌথভাবে বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন কর্মকাণ্ডে অংশগ্রহণ করে। এলজিইডি পৌরসভার দক্ষতাবৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান এবং পৌরসভার নিজস্ব প্রকল্প বাস্তবায়নে দরপত্র (টেন্ডার) মূল্যায়নসহ সকল প্রকার কারিগরি সহায়তা প্রদান করে।
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই)	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই), শহর এলাকায় পানি সরবারহ ও পয়ঃনিষ্কাশন প্রকল্পের জন্য অর্থায়ন, পরিকল্পনা গ্রহণ এবং পৌরসভার সাথে সমন্বিতভাবে বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন কর্মকাণ্ডে অংশগ্রহণ করে। ডিপিএইচই পৌর এলাকায় পানি সরবারহ বিষয়ে পৌরসভাকে কারিগরি সহায়তা প্রদান এবং সংশ্লিষ্ট বিষয়ে পৌরসভার দক্ষতা বৃদ্ধিতে সহায়তা করে।

সরকারি প্রতিষ্ঠান/সংস্থা	পরিষেবার বিবরণ/সম্পর্কের ক্ষেত্র
স্বাস্থ্য অধিদপ্তর	'ইপিআই' কর্মসূচিসহ পৌরসভা পরিচালিত স্বাস্থ্যসেবা সংক্রান্ত কিছু কাজ পৌরসভাসমূহ স্বাস্থ্য অধিদপ্তরের স্থানীয় প্রশাসনের সাথে সমন্বিতভাবে করে থাকে।
স্থানীয় পুলিশ প্রশাসন	নাগরিক নিরাপত্তা ও জনশৃঙ্খলা রক্ষার {স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯, ধারা: ৫০, উপ-ধারা: ১(ঘ)} কাজে পৌরসভার সঙ্গে স্থানীয় পুলিশ প্রশাসনের সম্পর্ক অত্যন্ত গুরুত্বপূর্ণ। পৌরসভাকে সহায়তা প্রদান করা সংশ্লিষ্ট পুলিশ প্রশাসনের ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং তাঁর অধস্তনদের দায়িত্ব। এ বিষয়ে উক্ত আইনের ১১৩ এবং ১১৪ নং ধারায় বিস্তারিত বর্ণনা করা হয়েছে। এছাড়া আইনের ধারা: ৫০, উপ-ধারা ২ (ছ)-তে পৌরসভাসমূহকে পরিবহন ও যানবাহন চলাচল ব্যবস্থাপনার সুবিধার্থে পুলিশ প্রশাসনের সাথে একত্রে কাজ করার বিধান রাখা হয়েছে। পৌরসভার অনাদায়ী কর আদায়ে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হওয়ার আশঙ্কা দেখা দিলে পৌরসভাসমূহ পুলিশের সহায়তা গ্রহণ করতে পারে {কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা-২০১৩, বিধি (১০), উপবিধি-৫}।
স্থানীয় জেলা প্রশাসন	জেলা প্রশাসকের নেতৃত্বে গঠিত জেলা আইন-শৃঙ্খলা কমিটি এবং জেলা উন্নয়ন সমন্বয় কমিটিতে সদস্য হিসেবে পৌরসভার মেয়রগণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বিশেষ করে, জেলা উন্নয়ন সমন্বয় কমিটির মাধ্যমে পৌরসভার অনুরূপ পরিষেবা প্রদানকারী সরকারি প্রতিষ্ঠান, যেমন- সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (আরটিএইচডি), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), গণপূর্ত অধিদপ্তর (পিডব্লিউডি) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই), পানি উন্নয়ন বোর্ড (ডব্লিউডিবি), পরিবেশ অধিদপ্তর (ডিওই), শিক্ষা অধিদপ্তর (এডুকেশন ডিপার্টমেন্ট) এবং স্বাস্থ্য অধিদপ্তর (হেলথ ডিপার্টমেন্ট) ইত্যাদি দপ্তরের সেবামূলক কর্মকাণ্ডের সাথে পৌরসভার কাজের দ্বৈততা (রিপিটিশন) পরিহারসহ সমন্বিত উন্নয়ন কার্যক্রম গ্রহণে সহায়ক হয়ে থাকে। এছাড়া পরিষেবা সংক্রান্ত বিষয়ে পৌরসভা ও সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠানের মধ্যে কোন বিরোধ বা সমস্যা দেখা দিলে জেলা উন্নয়ন সমন্বয় কমিটিতে আলোচনার মাধ্যমে এর সমাধান করা সম্ভব হয়।

২.১.৫ অন্যান্য স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সঙ্গে পৌরসভার সম্পর্ক

কোন পৌরসভা অভিন্ন উদ্দেশ্য সাধনের জন্য অন্য যে কোন পৌরসভা অথবা পৌরসভাসমূহের সাথে, কোন স্থানীয় প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠানসমূহের সাথে, কোন স্থানীয় কর্তৃপক্ষ অথবা কর্তৃপক্ষসমূহের সাথে অভিন্ন স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে যৌথ কমিটি গঠন করতে পারবে {স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯, ধারা: ১০৬}।

উন্নয়ন সহযোগী সংস্থাসমূহের অর্থায়নে পরিচালিত বিভিন্ন শহর উন্নয়ন প্রকল্পের আওতায় পৌরসভাসমূহের মধ্যে অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে দক্ষতা উন্নয়নের জন্য শিক্ষামূলক কর্মসূচি (Horizontal Learning Programme) চালু হয়েছে। আবার ইউনিয়ন পরিষদ ও পৌরসভার মধ্যে চলাচলকারী অযান্ত্রিক যানবাহনের লাইসেন্স প্রদানসহ অনুরূপ অন্যান্য সাধারণ (Common) বিষয়ে ইউনিয়ন পরিষদ ও পৌরসভার ঐকমত্যের ভিত্তিতে কাজ করতে পারে। কিছু কিছু পৌরসভা, প্রযোজ্য ক্ষেত্রে, স্থানীয় কর্তৃপক্ষ যথা-রাজউক, ওয়াসা ও বিভাগীয় উন্নয়ন কর্তৃপক্ষের সাথে (মহাপরিকল্পনা প্রণয়ন/বাস্তবায়ন, ইমারত নির্মাণ নিয়ন্ত্রণ, পানি সরবরাহ ইত্যাদি) পৌরসভার স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে যৌথ কমিটি গঠনের মাধ্যমে উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করতে পারে।

২.১.৬ বেসরকারি সংস্থা ও ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের সাথে পৌরসভার সম্পর্ক:

অনেক ক্ষেত্রে রয়েছে যেখানে পৌরসভাসমূহ বেসরকারি সংস্থা (এনজিও) ও ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান (Private Sector)-এর সাথে যৌথভাবে কাজ করতে পারে। সাধারণত পৌরসভা নিজস্ব অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে বা রক্ষণাবেক্ষণের জন্য এ সকল প্রতিষ্ঠানকে ঠিকাদার হিসেবে নিয়োগ প্রদান করে থাকে; বা পৌরসভার কোন সম্পদ যেমন: বাজার, গণ-শৌচাগার, বাস টার্মিনাল ইত্যাদি পরিচালনার জন্য ইজারাদানের মাধ্যমে এনজিও এবং ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানকে নিযুক্ত করে। এছাড়াও এসকল প্রতিষ্ঠানের সঙ্গে যৌথ উদ্যোগে কাজ করার আরও অনেক সুযোগ রয়েছে-যা পৌরসভা ও ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান উভয়ের জন্যই লাভজনক হতে পারে। উদাহরণস্বরূপ: কোন পৌরসভা পানি সরবরাহ ব্যবস্থার মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং বিল আদায় কোন এনজিও বা ব্যক্তি মালিকানা সংস্থা (আউট সোর্সিং) এর মাধ্যমে সম্পাদন করতে পারে। কোন বিশেষ ও নির্দিষ্ট পরিষেবা/কার্যাবলী যেমন: কঠিন বর্জ্য সংগ্রহ, নলকূপ ও পানির পাম্প রক্ষণাবেক্ষণ এবং জনসচেতনতা ও সংবেদনশীলতা সৃষ্টিমূলক কার্যক্রম এনজিওদের সাথে যৌথ উদ্যোগে সম্পাদিত হতে পারে।

২.২ স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর গুরুত্বপূর্ণ কার্যাবলী

২.২.১ স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর বিষয়বস্তু

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ প্রণয়নের ফলে পৌরসভার কার্যসম্পাদন অনেক বেশি স্বচ্ছ, সুস্পষ্ট ও সুনির্দিষ্ট হয়েছে। এই আইনে শহর অঞ্চলে বসবাসরত জনগণকে বিবিধ সেবাদানের উদ্দেশ্যে পৌরসভাসমূহের গঠন ও পরিচালনা সম্পর্কে বিধান ও নিয়মাবলী সন্নিবেশিত করা হয়েছে।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ পাঁচটি ভাগে বিভক্ত। প্রতিটি ভাগ কতিপয় অধ্যায়ের সমন্বয়ে গঠিত। নিচের সারণিতে প্রতিটি অধ্যায়ের মূল বিষয়বস্তু উপস্থাপন করা হলো।

অধ্যায়	মূল বিষয়বস্তুর বিবরণ
প্রথম ভাগ (ধারা: ১-২)	
ভূমিকা	আইনে ব্যবহৃত বিভিন্ন পরিভাষার ব্যাখ্যা ও সংজ্ঞা
দ্বিতীয় ভাগ (ধারা: ৩-৪৮)	
প্রথম অধ্যায় পৌরসভা প্রতিষ্ঠা, পৌরসভা গঠন ইত্যাদি।	<ul style="list-style-type: none"> পৌরসভা প্রতিষ্ঠা পৌরসভা গঠন, পৌরসভার মেয়াদ, পৌরসভার নামাকরণ, পৌরসভার শ্রেণিবিন্যাস, পৌরসভার বিলুপ্তি, মেয়র ও কাউন্সিলরগণের সম্মানী ও অন্যান্য সুবিধা ইত্যাদি।
দ্বিতীয় অধ্যায় ওয়ার্ডের সীমানা নির্ধারণ, ভোটার তালিকা ইত্যাদি।	<ul style="list-style-type: none"> পৌর এলাকাকে ওয়ার্ডে বিভাজিকরণ ওয়ার্ডের সীমানা নির্ধারণ ভোটার তালিকা প্রণয়ন
তৃতীয় অধ্যায় মেয়র ও কাউন্সিলরগণের যোগ্যতা-অযোগ্যতা ইত্যাদি।	মেয়র ও কাউন্সিলরগণের যোগ্যতা-অযোগ্যতা
চতুর্থ অধ্যায় নির্বাচন, নির্বাচনী বিরোধ নিষ্পত্তি ইত্যাদি।	নির্বাচন সংক্রান্ত বিধানসমূহ, যেমন: নির্বাচনের সময়, নির্বাচন পরিচালনা, নির্বাচনের ফল প্রকাশ, নির্বাচনী দরখাস্ত দাখিল, নির্বাচন সংক্রান্ত ট্রাইব্যুনাল ও আপিল ট্রাইব্যুনাল গঠন, আপিল নিষ্পত্তি, নির্বাচনী দরখাস্ত স্থানান্তর ইত্যাদি।
পঞ্চম অধ্যায় নির্বাচিত জনপ্রতিনিধিদের শপথ গ্রহণ, সম্পত্তির ঘোষণা, অপসারণ ইত্যাদি।	নির্বাচিত জনপ্রতিনিধিদের সংশ্লিষ্ট বিষয়, যেমন: শপথ বা ঘোষণা, সম্পত্তি সম্পর্কিত ঘোষণা, একাধিক পদে প্রার্থিতায় বাধা, মেয়র ও কাউন্সিলরের পদত্যাগ, মেয়র ও কাউন্সিলরের সাময়িক বরখাস্ত, মেয়র ও কাউন্সিলর অপসারণ, মেয়র এবং কাউন্সিলরের পদ শূন্য হওয়া এবং পুনর্নির্বাচন, মেয়রের দায়িত্ব ও দলিল দস্তাবেজ হস্তান্তর, মেয়র ও কাউন্সিলরের সদস্যপদ পুনর্বহাল, ব্যত্যয়ের দন্ড, মেয়র ও কাউন্সিলরের অধিকার ও দায়বদ্ধতা, অনাস্থা প্রস্তাব, মেয়র ও কাউন্সিলরের অনুপস্থিতির ছুটি, মেয়রের প্যানেল, পদত্যাগ, অপসারণ ইত্যাদি গেজেটে প্রকাশ, অবস্থা বিশেষে প্রশাসক নিয়োগ ইত্যাদি।
ষষ্ঠ অধ্যায় পৌরসভার সম্পত্তি, চুক্তি ইত্যাদি।	<ul style="list-style-type: none"> পৌরসভার সম্পত্তি এবং এর ব্যবস্থাপনা পৌরসভার পক্ষে উক্ত সম্পত্তির ব্যবস্থাপনা ও সম্পত্তি বিষয়ক চুক্তি সম্পাদনের দায়-দায়িত্ব
৩য় ভাগ (ধারা: ৪৯-৮২)	
প্রথম অধ্যায় নির্বাচিত পরিষদ বাতিল ও পুনর্নির্বাচন।	গেজেট প্রজ্ঞাপন দ্বারা সরকারের কোন পরিষদ বাতিল ঘোষণার অধিকার
দ্বিতীয় অধ্যায় পৌরসভার দায়িত্ব ও কার্যাবলী, কমিটি ইত্যাদি।	পরিষেবা সরবরাহসহ পৌরসভার দায়িত্ব ও কার্যাবলী, প্রশাসনিক দায়িত্বাবলী, যেমন: বার্ষিক প্রতিবেদন ও নাগরিক সনদ প্রকাশ করা, উন্নততর তথ্য প্রযুক্তির ব্যবহার ও সুশাসন, পৌরসভা কর্তৃক স্থায়ী কমিটি গঠন, নথিপত্র, প্রতিবেদন, ইত্যাদি সংরক্ষণ।
তৃতীয় অধ্যায় নির্বাহী ক্ষমতা এবং কার্য পরিচালনা।	<ul style="list-style-type: none"> নির্বাহী ক্ষমতা ও কার্য পরিচালনা পরিষদের সভা ও কার্যসম্পাদন এবং সভার কার্যবিবরণী লিপিবদ্ধকরণ, সংরক্ষণ ইত্যাদি জনগুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা কাউন্সিলরদের তথ্য জানার অধিকার।
চতুর্থ অধ্যায় পৌরসভার কর্মকর্তা ও কর্মচারী, ভবিষ্য তহবিল ইত্যাদি।	<ul style="list-style-type: none"> পৌরসভার কর্মকর্তা ও কর্মচারী, পৌরসভার চাকুরী/নিয়োগ, সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের পৌরসভায় ন্যস্তকরণে সরকারের ক্ষমতা, ভবিষ্য তহবিল ইত্যাদি। চাকুরী সংক্রান্ত বিষয়াদি নির্ধারণ, পৌরসভার নির্বাচিত প্রতিনিধি ও কর্মকর্তা-

অধ্যায়	মূল বিষয়বস্তুর বিবরণ
	কর্মচারীদের সম্পর্কিত বিষয়াদি।
পঞ্চম অধ্যায় টিউটোরিয়াল স্কুল, কোচিং সেন্টার, বেসরকারি হাসপাতাল ইত্যাদির নিবন্ধন।	টিউটোরিয়াল স্কুল, কোচিং সেন্টার, বেসরকারি হাসপাতাল, প্যারামেডিক্যাল ইন্সটিটিউট ইত্যাদি নিবন্ধিকরণ, নিবন্ধিকরণে ব্যর্থতার দণ্ড, পৌরসভা কর্তৃক ফিস আদায়, পুনর্নিবন্ধিকরণ ইত্যাদি।
৪র্থ ভাগ (ধারা: ৮৩-১১২)	
প্রথম অধ্যায় নথিপত্র তলব, পরিদর্শন ইত্যাদি।	নথিপত্র তলব, নির্ধারিত কর্মকর্তার পরিদর্শন, পৌরসভাকে নির্দেশ প্রদানে সরকারের ক্ষমতা; পৌরসভার কর্মকান্ড সম্পর্কিত ক্ষমতা প্রয়োগ, সরকারের দিক নির্দেশনা প্রদান এবং তদন্ত করার ক্ষমতা, পৌরসভাকে কোন বিষয়ে ব্যবস্থা গ্রহণের নির্দেশ ইত্যাদি।
দ্বিতীয় অধ্যায় আর্থিক ব্যবস্থাপনা, বাজেট ও হিসাব।	পৌরসভার আর্থিক কার্যক্রম সম্পর্কিত বিষয়সমূহ যেমন: তহবিলের উৎস, আরোপিত ব্যয়, সংরক্ষণ, বিনিয়োগ এবং বিশেষ তহবিল গঠন, বাজেট প্রণয়ন, হিসাব রক্ষণ, নিরীক্ষা ইত্যাদি।
তৃতীয় অধ্যায় অবকাঠামোগত সেবা	অবকাঠামোগত সেবামূলক প্রকল্প বাস্তবায়ন, বেসরকারি খাতের অংশগ্রহণ সংক্রান্ত চুক্তির ধরণ বা প্রকার, পৌরসভা বা অন্যান্য প্রতিষ্ঠানের কার্যাবলী ইত্যাদি
চতুর্থ অধ্যায় পৌর কর আরোপ	প্রজ্ঞাপন ও কর প্রবর্তন, আদর্শ কর তফসিল, কর আরোপের ক্ষেত্রে নির্দেশাবলী, কর সংক্রান্ত দায়, কর সংগ্রহ ও আদায়, মূল্যায়ন, কর নির্ধারণ ইত্যাদির বিরুদ্ধে দরখাস্ত, বেতনাদি হতে কর কর্তন ইত্যাদিসহ পৌর করারোপ সংক্রান্ত বিষয়।
পঞ্চম অধ্যায় অন্যান্য স্থানীয় কর্তৃপক্ষ, অপরাধ ও শাস্তি	<ul style="list-style-type: none"> অন্যান্য স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে যৌথ কমিটি পৌরসভা ও স্থানীয় পরিষদের মধ্যে অন্য কোন সরকারি সংস্থার বিরোধ অপরাধ, শাস্তি, অপরাধের আপোষ রফা, অপরাধ বিচারার্থে গ্রহণ ইত্যাদি।
ষষ্ঠ অধ্যায় তথ্য প্রাপ্তির অধিকার	প্রচলিত আইনের বিধানাবলী সাপেক্ষে, বাংলাদেশের যে কোন নাগরিকের পৌরসভা সম্পর্কিত যে কোন তথ্য, নির্ধারিত পদ্ধতিতে, পাওয়ার অধিকার সংক্রান্ত
৫ম ভাগ (ধারা: ১১৩-১৩১)	
প্রথম অধ্যায় আইন-শৃঙ্খলা	<ul style="list-style-type: none"> পৌরসভাকে পুলিশের সহযোগিতা পৌর পুলিশ নিয়োগ
দ্বিতীয় অধ্যায় বিবিধ	নিম্নবর্ণিত বিষয়সমূহসহ পৌরসভার পরিচালনা ও কার্যাবলী-সম্পর্কিত বিবিধ বিষয়: <ul style="list-style-type: none"> পৌর এলাকার জনগণের সঙ্গে মতবিনিময় করার জন্য কমিটি গঠন প্রশিক্ষণ প্রতিষ্ঠান প্রতিষ্ঠা ও প্রশাসনিক ব্যবস্থা সীমানা লঙ্ঘন সংক্রান্ত বিধি আপিল আদেশ স্থায়ী আদেশ বিধি প্রণয়নের ক্ষমতা প্রবিধান প্রণয়নের ক্ষমতা উপ-আইন প্রণয়নের ক্ষমতা ক্ষমতা অর্পণ লাইসেন্স ও অনুমোদন
তৃতীয় অধ্যায় ক্রান্তিকালীন এবং অস্থায়ী বিধানাবলী	প্রথম নির্বাচনের জন্য পৌরসভা ও ওয়ার্ডসমূহ, নির্ধারিত কতিপয় বিষয়ে অসুবিধা দূরীকরণ, রহিতকরণ ও হেফাজত ইত্যাদি।

উপরে উল্লেখিত পাঁচটি ভাগ ছাড়াও স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এ আটটি তফসিল রয়েছে, যা আইনের সুনির্দিষ্ট ধারা ও উপ-ধারা সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদান করে।

আটটি তফসিল সম্পর্কে নিচে আলোচনা করা হ'ল:

● **প্রথম তফসিল: শপথ বা ঘোষণা**

এই তফসিলে পৌরসভা আইনের ২৭ নম্বর ধারায় উল্লেখিত মেয়র ও কাউন্সিলরগণের শপথ গ্রহণের জন্য “শপথ বা ঘোষণা” অন্তর্ভুক্ত করা হয়েছে।

● **দ্বিতীয় তফসিল: পৌরসভার বিস্তারিত কার্যাবলী**

পৌরসভা আইনের ৫০ থেকে ৭১ নম্বর ধারায় বর্ণিত পৌরসভার দায়িত্ব ও কার্যাবলী এবং কার্যপরিচালনা সংক্রান্ত বিষয়ে পৌরসভার ৬৪টি বিস্তারিত কার্যাবলীর উল্লেখ রয়েছে এই তফসিলে। এ সকল কাজের প্রধানতম ক্ষেত্রসমূহ হচ্ছে, স্বাস্থ্য ব্যবস্থার দায়িত্ব; আবর্জনা অপসারণ, সংগ্রহ ও ব্যবস্থাপনা; জনস্বাস্থ্যের উন্নয়ন; পানি সরবরাহ ও পানি নিষ্কাশন; খাদ্য ও

পানীয় দ্রব্যাদি; বেসরকারি বাজার; শহর পরিকল্পনা; ইমারত নির্মাণ ও পুনঃনির্মাণ; সড়ক বাতির ব্যবস্থা; যানবাহান নিয়ন্ত্রণ; জন নিরাপত্তা; বেসামরিক প্রতিরক্ষা, গোরস্থান ও শ্মশান; পরিবেশ রক্ষার জন্য বৃক্ষরোপণ, পার্ক, উদ্যান ও বন; শিক্ষা ও সংস্কৃতি; সমাজকল্যাণ কার্যক্রম ইত্যাদি।

- তৃতীয় তফসিল: পৌরসভা কর্তৃক আরোপিত কর, রেট, টোল ফিসহ অন্যান্য আয়ের উৎসসমূহ

পৌরসভা আইনের ৯৮ ধারা অনুসারে এই তফসিলে পৌরসভার আয়ের জন্য বিভিন্ন কর, উপ-কর, রেট, টোল, ফিস এবং অন্যান্য বিবিধ খাত থেকে আয়ের উৎসের উল্লেখ করা হয়েছে।

- চতুর্থ তফসিল: আইনের অধীনে অপরাধসমূহ

এই তফসিলে পৌরসভা আইনের ১০৮ নম্বর ধারায় উল্লেখিত “আইনের অধীনে অপরাধসমূহ” বিস্তারিতভাবে উল্লেখ করা হয়েছে। তফসিলে ৬১টি সুস্পষ্ট অপরাধের উল্লেখ রয়েছে।

- পঞ্চম তফসিল: পৌর পুলিশের কার্যাবলী

পৌরসভা আইনের ১১৩ এবং ১১৪ ধারা অনুসারে পৌর পুলিশের সুস্পষ্ট কার্যাবলীর বর্ণনা করা হয়েছে এই তফসিলে।

- ষষ্ঠ তফসিল: বিধি প্রণয়ন সম্পর্কিত বিষয়সমূহ

পৌরসভা আইনের ১২০ নম্বর ধারার বিধান অনুযায়ী সরকার যে সকল বিষয়ে প্রয়োজনীয় বিধি প্রণয়ন করতে পারবে এই তফসিলে সে সকল বিষয়ের উল্লেখ করা হয়েছে।

- সপ্তম তফসিল: প্রবিধান প্রণয়ন সম্পর্কিত বিষয়সমূহ

পৌরসভা আইনের ১২১ নম্বর ধারার বিধান অনুসারে পৌরসভা যে সকল বিষয়ে প্রয়োজনীয় প্রবিধান প্রণয়ন করতে পারে এই তফসিলে সে সকল বিষয়ের উল্লেখ করা হয়েছে।

- অষ্টম তফসিল: উপ-আইন প্রণয়ন সম্পর্কিত বিষয়সমূহ

পৌরসভা আইনের ১২২ নম্বর ধারার বিধান অনুসারে পৌরসভা যে সকল বিষয়ে প্রয়োজনীয় উপ-আইন প্রণয়ন করতে পারে এই তফসিলে সে সকল বিষয়ের উল্লেখ করা হয়েছে।

২.২.২ স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর গুরুত্বপূর্ণ ধারাসমূহ

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এ মোট ১৩১টি ধারা রয়েছে। গুরুত্বপূর্ণ কয়েকটি ধারা সম্পর্কে নিচে সংক্ষিপ্তভাবে আলোচনা করা হ'ল।

পৌরসভা প্রতিষ্ঠা, পৌরসভা ঘোষণা এবং পৌরসভার মেয়াদ

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা-৩ অনুযায়ী সরকারি গেজেটে প্রকাশিত প্রজ্ঞাপন দ্বারা যে কোন পল্লী অঞ্চলকে সরকার শহর এলাকা হিসেবে ঘোষণা করার ইচ্ছা প্রকাশ করতে পারে। ধারা-৪ এর বিধান অনুসারে সরকার ক্যান্টনমেন্ট এলাকা ছাড়া অন্যান্য শহর এলাকা সমন্বয়ে পৌরসভার ঘোষণা করতে পারে। সরকার যে কোন পৌরএলাকার সীমানা সংকোচন, সম্প্রসারণ বা অন্যরূপে পরিবর্তন অথবা সংশোধন করতে পারে।

ধারা ৬ এবং ৭ অনুযায়ী পৌরসভা গঠিত হবে প্রাপ্ত বয়স্ক নাগরিকদের ভোটাধিকারের মাধ্যমে প্রত্যক্ষ ভোটে নির্বাচিত একজন মেয়র ও নির্ধারিত সংখ্যক ওয়ার্ডের সমসংখ্যক কাউন্সিলর এবং সংরক্ষিত আসনের নারী কাউন্সিলরদের সমন্বয়ে—যেখানে সংরক্ষিত নারী আসনের সংখ্যা নির্ধারিত সংখ্যক ওয়ার্ডের এক-তৃতীয়াংশ। সংরক্ষিত আসনের নারী কাউন্সিলরগণ এলাকার প্রাপ্তবয়স্কদের সরাসরি ভোটে নির্বাচিত হবেন।

ধারা ৮ অনুসারে একটি পৌর পরিষদের কার্যকালের মেয়াদ হবে পরিষদের প্রথম সভার তারিখ হতে পাঁচ বছর। তবে শর্তানুযায়ী, বিদায়ী পরিষদের মেয়াদ শেষ হলেও পরবর্তী পরিষদের প্রথম সভা অনুষ্ঠিত না হওয়া পর্যন্ত পূর্ববর্তী পরিষদ কাজ চালিয়ে যাবেন।

ওয়ার্ডের সীমানা নির্ধারণ, নির্বাচন এবং ওয়ার্ড কমিটি সংক্রান্ত কার্যক্রম

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ১৩ অনুযায়ী পৌরসভার কাউন্সিলর নির্বাচনের উদ্দেশ্যে পৌর এলাকাকে সরকার প্রয়োজনীয় সংখ্যক ওয়ার্ডে বিভক্ত করবে। এই আইনের ধারা ১৪ অনুযায়ী পৌরসভার প্রতিটি ওয়ার্ডে পৌর পরিষদের অনুমোদনক্রমে অনধিক ১০ সদস্যবিশিষ্ট ওয়ার্ড কমিটি গঠন করতে হবে এবং প্রতিটি ওয়ার্ডের নির্বাচিত কাউন্সিলর ঐ ওয়ার্ডের ওয়ার্ড কমিটির সভাপতি হবেন। কমিটির সদস্যদের ৪০% হবেন নারী সদস্য।

মেয়র ও কাউন্সিলরগণের শপথ গ্রহণ, নৈতিক ও আইনগত বাধ্যবাধকতা এবং অবস্থান।

ধারা ২৭ অনুযায়ী পৌরসভার মেয়র এবং কাউন্সিলরগণ সরকার কর্তৃক প্রণীত বিধি ও ফরম অনুসারে অর্থাৎ গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে তাঁদের নাম প্রকাশের তারিখ হতে ৩০ দিনের মধ্যে শপথ গ্রহণ ও কার্যভার গ্রহণ করবেন এবং শপথপত্রে স্বাক্ষর করবেন। সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা তাদেরকে শপথ বাক্য পাঠ করাবেন।

আইনের ৩০ হতে ৩২ ধারায় মেয়র ও কাউন্সিলরদের পদত্যাগ, সাময়িক বরখাস্ত এবং অপসারণ বিষয়ে উল্লেখ করা হয়েছে। এই প্রশিক্ষণ সহায়িকার ৩.১.৩-এ এ সম্পর্কে বিস্তারিত ব্যাখ্যা করা হয়েছে।

ধারা ৪০ অনুযায়ী পৌরসভার কাউন্সিলরগণ তাদের মধ্য হতে অগ্রাধিকার অনুযায়ী ৩ সদস্যবিশিষ্ট একটি মেয়র প্যানেল নির্বাচিত করবেন। তবে শর্ত থাকে যে নির্বাচিত তিনসদস্যের মেয়রের প্যানেলে একজন অবশ্যই সংরক্ষিত আসনের কাউন্সিলর হবেন।

পৌরসভার সম্পত্তি, চুক্তি, ইত্যাদি

পৌরসভা আইনের ধারা ৪৪ অনুযায়ী পৌরসভা নিজস্ব মালিকানাধীন অথবা এর উপর ন্যস্ত সম্পত্তির ব্যবস্থাপনা, রক্ষণাবেক্ষণ এবং উন্নয়নের জন্য বিধান করতে পারে। পৌরসভা সরকার অথবা অন্য কোন কর্তৃপক্ষের কাছ থেকে প্রাপ্ত সম্পত্তির সার্বিক ব্যবস্থাপনা এবং উন্নয়ন করতে পারবে।

ধারা ৪৫ অনুযায়ী পৌরসভা জনস্বার্থে রাস্তার নিকটবর্তী জমি সরকারের অনুমোদন সাপেক্ষে এবং আইনের বিধান অনুসরণ করে প্রয়োজনে অধিগ্রহণ করতে পারে।

ধারা ৪৬ অনুযায়ী পৌর পরিষদের সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী পৌরসভা তার স্থাবর সম্পত্তি উন্মুক্ত প্রতিযোগিতার ভিত্তিতে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে ইজারা প্রদান অথবা বিক্রয় করতে পারে এবং অস্থাবর সম্পত্তি একই প্রক্রিয়ায় ইজারা অথবা ভাড়া ব্যবহার করতে পারে। পৌরসভা সরকারের পূর্বানুমোদনক্রমে কোন সম্পত্তি বিক্রয় অথবা হস্তান্তর করতে পারে যদি নিশ্চিত হওয়া যায় যে, এর ফলে পৌরসভা অধিক লাভবান হবে এবং সংশ্লিষ্ট স্থাবর সম্পত্তি এই আইনের কোনো উদ্দেশ্য, কর্তব্য ও দায়িত্ব পালনে পৌরসভার প্রয়োজনে আসবে না।

পৌর পরিষদ বাতিল

পৌরসভা আইনের ধারা ৪৯ অনুযায়ী সরকার গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে পৌর পরিষদ বাতিল করতে পারে যদি কোন পৌরসভা চলতি অর্থবছর শেষ হওয়ার আগে পরবর্তী বছরের বাজেট পাশ করতে ব্যর্থ হয়, অথবা ৭৫% নির্বাচিত কাউন্সিলর পদত্যাগ করে অথবা ৭৫% নির্বাচিত কাউন্সিলর আইনানুযায়ী অযোগ্য হওয়ায় অপসারিত হয় অথবা যৌক্তিক কারণ ছাড়া ধার্যকৃত কর ইত্যাদি কমপক্ষে ৭৫% আদায়ে ব্যর্থ হয়।

পৌরসভা এবং কমিটির দায়িত্ব ও কার্যাবলী

পৌরসভা আইনের ৫০ ধারায় (হ্যান্ডবুকের ২.২.৩ অধ্যায়ে বিস্তারিত ব্যাখ্যা করা হয়েছে) পৌরসভার মূল দায়িত্বসহ অন্যান্য কার্যাবলীসমূহ বর্ণনা করা হয়েছে এবং ধারা ৫১ এ পৌরসভার উপর সরকার প্রদত্ত কার্যাবলীর কথা উল্লেখ করা হয়েছে। এছাড়া উক্ত আইনের ধারা ৫২ ও ৫৩ অনুযায়ী, পৌরসভা ৩০শে সেপ্টেম্বরের মধ্যে সরকার কর্তৃক নির্বাচিত ফরমে ও পদ্ধতিতে বার্ষিক প্রতিবেদন প্রকাশ এবং সরকার কর্তৃক প্রদত্ত নির্ধারিত পদ্ধতি অনুসরণ করে নাগরিক সনদ প্রকাশের কথা রয়েছে।

ধারা ৫৫ অনুযায়ী পৌরসভা গঠিত হওয়ার পর প্রথম সভায় অথবা তৎপরবর্তী কোন সভায় কার্যপরিধিসহ বিধি অনুযায়ী আড়াই বছর মেয়াদী উল্লেখিত ১০টি স্থায়ী কমিটি গঠন করবে।

ধারা ৫৭ অনুযায়ী কোন বিশেষজ্ঞ ব্যক্তি, নাগরিক বা নাগরিকদের আবেদনের পরিপ্রেক্ষিতে পরিষদ বা এর স্থায়ী কমিটি বা অন্য যে কোন কমিটি সংশ্লিষ্ট সভায় তাদের উপস্থিত থাকার অনুমতি দিতে পারবে এবং নির্দিষ্ট বিষয়ে তাদের মতামতের ভিত্তিতে গুরুত্ব অনুযায়ী সিদ্ধান্ত ও সুপারিশমালা গ্রহণ করতে পারে।

ধারা ৬১ অনুযায়ী পৌরসভা, এর কার্যাবলীর সব নথিপত্র নির্দিষ্ট পদ্ধতিতে সংরক্ষণ, মেয়াদী প্রতিবেদন এবং বিবরণী প্রণয়ন ও প্রকাশ করবে এবং পৌরসভার কার্যাবলী সংক্রান্ত বিষয়ে সরকার সময় সময় যেভাবে নির্ধারণ করবে সেভাবে তথ্যসমূহ প্রকাশ করবে।

পৌরসভার নির্বাহী ক্ষমতা, প্রশাসনিক কার্যক্রম এবং কার্যপরিচালনা

ধারা ৬২ অনুযায়ী পৌরসভার নির্বাহী ক্ষমতা পৌর পরিষদের নিকট হতে ক্ষমতা প্রাপ্ত মেয়র, কাউন্সিলর অথবা অন্য কোন কর্মকর্তার মাধ্যমে প্রযুক্ত হবে। পৌরসভার দৈনন্দিন সেবামূলক দায়িত্বসমূহ পালনের জন্য নির্বাহী ক্ষমতা বিভাজনের প্রস্তাব পৌরসভা কর্তৃক অনুমোদিত হবে এবং প্রয়োজন বোধে সময়ে সময়ে তা সংশোধনের এখতিয়ার পৌরসভার বিশেষ সভার মাধ্যমে চূড়ান্ত হবে।

আইনের ৬৩ ধারায় পৌরসভার সভা অনুষ্ঠান ও পরিচালনা, সভা আহ্বান, সভায় সভাপতিত্ব, কোরাম গঠন ইত্যাদি বিষয়ে উল্লেখ করা হয়েছে (প্রশিক্ষণ সহায়িকার ৩.২.৩ অধ্যায়ে বিস্তারিত দেখুন)।

আইনের ৬৮ ধারা অনুযায়ী প্রত্যেক কাউন্সিলর পৌরসভার উন্নয়ন কার্যক্রম ও প্রশাসন সংক্রান্ত বিষয়ে তথ্য জানার অধিকার রাখেন এবং নির্ধারিত তথ্য সংগ্রহ করার জন্য সভা অনুষ্ঠিত হওয়ার অনূন্য চব্বিশ ঘণ্টা আগে এ বিষয়ে সচিব বা ক্ষেত্রমত, প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবর নোটিশ পাঠাবেন।

পৌরসভার কর্মকর্তা ও কর্মচারী

ধারা ৭৩ অনুযায়ী নির্ধারিত কর্তৃপক্ষ পৌরসভার জনবল কাঠামো অনুযায়ী একজন সচিব এবং প্রয়োজনীয় সংখ্যক প্রথম ও দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা নিয়োগ করতে পারবে। পৌরসভা অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী কার্যাবলী সুসম্পাদনের জন্য অনুরূপ সংখ্যক কর্মচারী নিয়োগ করতে পারে।

ধারা ৭৪ অনুযায়ী সরকার নির্দিষ্ট পৌরসভার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা নিয়োগ করতে পারবেন।

ধারা ৭৫ অনুযায়ী সরকার, সরকারি কর্মকর্তা বা কর্মচারীগণকে একটি নির্ধারিত সময়ের জন্য পৌরসভার তত্ত্বাবধানে সাধারণ নিয়ন্ত্রণে দায়িত্ব পালনে ন্যস্ত করতে পারবে।

পৌরসভার উপর সরকারি কার্যক্রম (নথিপত্র তলব, পরিদর্শন, ইত্যাদি)

ধারা ৮৩ অনুযায়ী সরকার যে কোন সময় পৌরসভার সকল প্রকার দলিল, নথিপত্র, বিবরণী, প্রাক্কলন, পরিকল্পনা, পরিসংখ্যান, লিখিত বক্তব্য, বিভিন্ন প্রতিবেদন ইত্যাদি তলব করতে পারবে।

ধারা-৮৬ অনুযায়ী সরকার যদি মনে করে যে পৌরসভার কর্মকাণ্ড আইনের সংঙ্গে সঙ্গতিপূর্ণ নয় অথবা জনস্বার্থ পরিপন্থী ক্ষেত্রে সরকারের নির্ধারিত কর্তৃপক্ষের মাধ্যমে কার্য বাতিল, মূলতবি, কার্য বাস্তবায়ন নিষিদ্ধ করতে পারে এবং এ সকল ক্ষেত্রে পৌরসভাকে নির্দিষ্ট পদক্ষেপ গ্রহণের নির্দেশ দিতে পারে।

আর্থিক ব্যবস্থাপনা, বাজেট ও হিসাব

ধারা ৮৯ অনুযায়ী প্রত্যেক পৌরসভার পৌরসভা তহবিল নামে একটি তহবিল থাকবে (হ্যান্ডবুকের ৩.৫.৩ অধ্যায়ে বিস্তারিত ব্যাখ্যা দেখুন)।

ধারা ৯০ এ পৌরসভা তহবিলের উপর আরোপিত বিভিন্ন ধরনের ব্যয় সংক্রান্ত বিষয় উল্লেখ করা হয়েছে।

ধারা ৯১ অনুযায়ী পৌরসভা তহবিলে জমাকৃত অর্থ সরকারি ট্রেজারির কার্য পরিচালনাকারী কোন ব্যাংকে অথবা সরকার কর্তৃক সময়ে সময়ে নির্দেশিত অন্য কোন পদ্ধতিতে জমা রাখতে হবে। বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পৌরসভা এর তহবিলের যে কোন অংশ বিনিয়োগ করতে পারবে। এছাড়া বিশেষ উদ্দেশ্যে পৌরসভা পৃথক তহবিল গঠন করতে পারবে যা সরকারের নির্ধারিত পদ্ধতিতে পরিচালিত ও নিয়ন্ত্রিত হবে।

ধারা ৯২ অনুযায়ী অর্থ বৎসর শুরু পূর্বে পরবর্তী বৎসরের সম্ভাব্য আয় ও ব্যয় সমন্বিত বিবরণ-যা প্রাক্কলিত বাজেট বলে বিবেচিত হবে-তা প্রকাশ করবে এবং অনুমোদিত বাজেটের অনুলিপি বিভাগীয় কমিশনার বা সরকারকর্তৃক নির্বাচিত কোন কর্তৃপক্ষের কাছে পাঠাবে।

ধারা ৯৩ অনুযায়ী পৌরসভার আয় ও ব্যয়ের হিসাব নির্ধারিত ফরম ও পদ্ধতিতে রক্ষিত এবং পরিচালিত হবে (হ্যান্ডবুকের ৩.৬.২ অধ্যায়ে বিস্তারিত ব্যাখ্যা দেখুন)।

ধারা ৯৪ অনুযায়ী পৌরসভার সকল হিসাব উপযুক্ত নিরীক্ষা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত প্যানেল হতে নিয়োজিত অন্য কোন কর্তৃপক্ষ কর্তৃক নিরীক্ষা করা হবে (হ্যান্ডবুকের ৩.৬.৪ অধ্যায়ে বিস্তারিত ব্যাখ্যা দেখুন)।

অবকাঠামোগত সেবা

ধারা ৯৫ অনুযায়ী পৌরসভা কোন সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানের সঙ্গে অংশীদারিত্ব চুক্তির মাধ্যমে, কোন প্রকল্পের অর্থায়ন, বাস্তবায়ন, রক্ষণাবেক্ষণ ও পরিচালন বিষয়ে সেবামূলক কার্যাবলী সম্পাদন করতে পারবে এবং

ধারা ৯৬ অনুযায়ী পানি সরবরাহ, পানি নিষ্কাশন ও পয়ঃনিষ্কাশন, ড্রেনেজ, বর্জ্য ব্যবস্থাপনা, রাস্তাঘাট এবং বাণিজ্যিক অবকাঠামো সংক্রান্ত প্রকল্প পৌরসভার নিজস্ব অর্থায়নে অথবা সরকারি বা বেসরকারি অংশীদারিত্বমূলক চুক্তির মাধ্যমে বাস্তবায়ন করতে পারবে।

পৌরকর আরোপ

ধারা ৯৮ অনুযায়ী পৌরসভা সরকারের অনুমোদন সাপেক্ষে, এই আইনের তৃতীয় তফসিলে বর্ণিত সকল অথবা যে কোন কর, উপ-কর, রেইট, টোল ও ফিস ইত্যাদি আরোপ করতে পারে। ধারা ১০০ অনুযায়ী সরকার পৌরসভার জন্য একটি আদর্শ কর তফসিল প্রণয়ন করতে পারবে যাতে উল্লেখিত করের পরিমাণ সকল পৌরসভার জন্য নমুনা হিসেবে গণ্য হবে। ধারা ১০৩ অনুযায়ী আরোপিত সকল কর, উপকর, রেইট, টোল এবং ফিস ইত্যাদি নির্ধারিত পদ্ধতিতে সংগ্রহ করতে হবে।

নাগরিকদের তথ্য প্রাপ্তির অধিকার

ধারা ১১২ অনুযায়ী প্রচলিত আইনের বিধানাবলী সাপেক্ষে, দেশের যে কোন নাগরিকের পৌরসভা সংক্রান্ত যে কোন তথ্য, নির্ধারিত পদ্ধতিতে পাওয়ার অধিকার রয়েছে।

আইনশৃঙ্খলা ও নিরাপত্তা:

ধারা ১১৩ অনুযায়ী পঞ্চম তফসিলে বর্ণিত পৌর এলাকায় আইন শৃঙ্খলা রক্ষা করার জন্য থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং অন্যান্য অধিদপ্তর কর্মকর্তা ও কর্মচারীগণ পৌরসভায় নিয়োগকৃত কোন ম্যাজিস্ট্রেটের আদেশ পালনের মাধ্যমে; এই আইনে বর্ণিত কোন অপরাধ সংঘটনের চেষ্টা বা অপরাধ সংঘটনের খবর সম্পর্কে অনতিবিলম্বে পৌরসভা মেয়র এবং সচিব বা ক্ষেত্রমত প্রধান নির্বাহী কর্মকর্তাকে অবহিত করার মাধ্যমে এবং মেয়র, প্রধান নির্বাহী কর্মকর্তা বা সচিব বা অন্য কোন কর্মকর্তার লিখিত অনুরোধের ভিত্তিতে আইন সঙ্গত দায়িত্ব পালনের মাধ্যমে সহযোগিতা করবে।

ধারা ১১৪ অনুযায়ী সরকার সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, কোন পৌর এলাকায় পৌর পুলিশ গঠন করতে পারবে এবং তাদের নিয়োগ, প্রশিক্ষণ, শৃঙ্খলা এবং চাকুরীর অন্যান্য শর্ত বিধি দ্বারা নিয়ন্ত্রিত হবে এবং পৌর পুলিশ পরিচালনার জন্য সরকার একজন উপযুক্ত পদমর্যাদার কর্মকর্তা প্রেরণে নিয়োগ করবে। পৌরসভার পুলিশের কার্যক্রম আইনের পঞ্চম তফসিলে বর্ণিত হয়েছে এবং তারা স্থানীয় পুলিশ বাহিনীর সঙ্গে ঘনিষ্ঠ সংযোগের মাধ্যমে এলাকার আইন, নজরদারি ও শৃঙ্খলা বজায় রাখার জন্য দায়িত্ব পালন করবেন।

২.২.৩ পৌরসভার কার্যাবলী

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৫০ হতে ৬১ পর্যন্ত ধারাসমূহে পৌরসভার দায়িত্ব ও কার্যাবলীর উল্লেখ রয়েছে। উক্ত আইনের দ্বিতীয় তফসিলে পৌরসভার বাধ্যতামূলক এবং ঐচ্ছিক কার্যাবলীর বিস্তারিত উল্লেখ রয়েছে। দ্বিতীয় তফসিল অনুযায়ী পৌরসভার কার্যাবলী সংক্ষেপে নিচে উল্লেখ করা হল:-

উপ-বিভাগ	পৌরসভার সংশ্লিষ্ট কার্যাবলী
জনস্বাস্থ্য	<p>আবশ্যিক কার্যাবলী: বর্জ্য অপসারণ; গণ শৌচাগার পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করা এবং ব্যক্তিগত শৌচাগার তদারক করা; জন্ম, মৃত্যু এবং বিবাহ নিবন্ধন; সংক্রামক ব্যাধি নিয়ন্ত্রণ এবং প্রতিরোধ করা।</p> <p>ঐচ্ছিক কার্যাবলী: জনস্বাস্থ্যের উন্নয়নে উদ্যোগ গ্রহণ করা, অস্বাস্থ্যকর ইমারতসমূহ তদারক করা, বর্জ্য ব্যবস্থাপনা, জনস্বাস্থ্যের উন্নয়ন, হাসপাতাল ও ঔষধ বিতরণ কেন্দ্র নির্মাণ ও রক্ষণাবেক্ষণ, চিকিৎসা সেবার উন্নয়ন, স্বাস্থ্য শিক্ষা, ইত্যাদি।</p>
পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন	<p>আবশ্যিক কার্যাবলী: পানি সরবরাহ কার্যক্রম পরিচালনা ও রক্ষণাবেক্ষণ; ব্যক্তিগত পানি সরবরাহের উৎসসমূহ তদারক করা; নালা-নর্দমা নির্মাণ ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম; স্নান ও ধৌত করার স্থান সুরক্ষা কার্যক্রম; সাধারণ খেয়া পারাপার ব্যবস্থাপনা;</p> <p>ঐচ্ছিক কার্যাবলী: পানি সরবরাহ প্রকল্প কার্যকর করণ; ব্যক্তিগত নর্দমা সম্পর্কিত বিধি প্রণয়ন; নর্দমা নির্মাণ প্রকল্প কার্যকর করা; ধোপাদের জন্য ধোপী ঘাটের ব্যবস্থা এবং রক্ষণাবেক্ষণ করা; সাধারণ খেয়া পারাপারের ব্যবস্থা/ফেরি চলাচল ও রক্ষণাবেক্ষণ; সরকারি মৎস্য ক্ষেত্র তৈরি ও রক্ষণাবেক্ষণ; পানি সরবরাহের জন্য উৎসসমূহ রক্ষণাবেক্ষণ; জলযান এর লাইসেন্স প্রদান, মৎস্য সম্পদ সম্পর্কে নিয়ম-কানুন প্রবর্তন ও তদারক করা।</p>
খাদ্য ও পানীয় দ্রব্যাদি সংক্রান্ত কার্যক্রম	<p>আবশ্যিক কার্যাবলী: জনসাধারণের জন্য বাজার প্রতিষ্ঠা, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ করা; বেসরকারি বাজার এর লাইসেন্স প্রদান এবং তদারক করা; কসাইখানার ব্যবস্থা এবং রক্ষণাবেক্ষণ করা।</p> <p>ঐচ্ছিক কার্যাবলী: খাদ্য ও পানীয় দ্রব্যাদি উৎপাদন, বিপণন ও প্রস্তুতকরণ সংক্রান্ত বিধিমালা প্রণয়ন ও বাস্তবায়ন; দুধ সরবরাহ প্রকল্প বাস্তবায়ন;</p>
পশু	<p>ঐচ্ছিক কার্যাবলী: পৌরসভা পশু হাসপাতাল প্রতিষ্ঠা ও রক্ষণাবেক্ষণ; পৌরসভা প্রবিধান দ্বারা পশুর মধ্যে সংক্রামক রোগের বিস্তার রোধে টিকাদান; বেওয়ারিশ পশু আটক করা ও খোয়াড়ে আবদ্ধ রাখা; পশুশালা ও খামার নির্মাণ ও রক্ষণাবেক্ষণ; বিপজ্জনক পশু নিয়ন্ত্রণ; পশুসম্পদ বিষয়ক প্রকল্প কার্যকর করা; গবাদি পশু বিক্রয়ে নিবন্ধন অর্থাৎ রেজিস্ট্রেশন করা, গবাদি পশু প্রদর্শনী; প্রাণি জাদুঘর নির্মাণ ও রক্ষণাবেক্ষণ, চিড়িয়াখানা নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইত্যাদি।</p>
শহর পরিকল্পনা সংক্রান্ত কার্যক্রম	<p>আবশ্যিক কার্যাবলী: মহাপরিকল্পনা প্রণয়ন করা;</p> <p>ঐচ্ছিক কার্যাবলী: শহরের মধ্যে কোনো এলাকার জমির (সাইট) উন্নতি সাধন,</p>
ইমারত নিয়ন্ত্রণ	<p>আবশ্যিক কার্যাবলী: এলাকা ও ইমারতের নকশা অনুমোদন; নির্মিত ইমারত পরিদর্শন ;</p> <p>ঐচ্ছিক কার্যাবলী: ইমারত সম্পর্কিত প্রবিধান প্রণয়ন।</p>
রাস্তা	<p>আবশ্যিক কার্যাবলী: জনপথ নির্মাণ ও রক্ষণাবেক্ষণ; সড়ক রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন কর্মসূচি কার্যকর করা; নতুন সড়ক উন্নয়ন প্রকল্প অনুমোদন; প্রয়োজনীয় রাস্তা এবং অন্যান্য যোগাযোগের ব্যবস্থা রক্ষণাবেক্ষণ; সড়ক বাতির ব্যবস্থা; রাস্তা ধোয়ার ব্যবস্থা; যানবাহন নিয়ন্ত্রণ প্রবিধান প্রণয়ন করা; যানবাহনের লাইসেন্স প্রদান; জনসাধারণের যানবাহন ব্যবহারের জন্য ভাড়ার হার নির্ধারণ করা।</p> <p>ঐচ্ছিক কার্যাবলী: সড়কসমূহের নাম প্রদান, নম্বর ও হোল্ডিং প্রদান সম্পর্কিত বিধি প্রণয়ন ও বাস্তবায়ন; সড়ক বাতি সম্পর্কিত প্রকল্প কার্যকর করা; জনপথে পানি সরবরাহ ব্যবস্থা।</p>
জন নিরাপত্তা	<p>আবশ্যিক কার্যাবলী: পৌরসভার জননিরাপত্তা বিষয়ক কার্যাবলী নির্দিষ্টকরণ; বন্যাদুর্গত এলাকা হতে জনগণকে উদ্ধারের জন্য নৌকা ও প্রয়োজনীয় উপকরণসহ প্রস্তুতি; ক্ষতিকর ও অবৈধ ব্যবসায় প্রতিরোধে নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন; গোরস্থান ও শ্মশান নির্মাণ ও রক্ষণাবেক্ষণ এবং পরিচালনা করা।</p>
বৃক্ষ, উদ্যান, বাগান ও বনায়ন	<p>আবশ্যিক কার্যাবলী: জনপথে ও অন্যান্য উন্মুক্ত স্থানে বৃক্ষরোপণ ও পরিচর্যা; প্রতিটি উদ্যানের জন্য উদ্যান উন্নয়ন পরিকল্পনা কার্যকর করা; উন্মুক্ত স্থান এর বিধান ও রক্ষণাবেক্ষণ; উন্মুক্ত স্থান ব্যবহারের বিধান প্রণয়ন করা।</p> <p>ঐচ্ছিক কার্যাবলী: বৃক্ষরোপণ পরিকল্পনা কার্যকর করা; গণ উদ্যানসমূহ নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনা করা, বনায়ন কার্যকর করা; বৃক্ষের পোকামাকড় নিধন; আগাছা পরিষ্কার; ক্ষতিকর বৃক্ষ নিধন; পুকুর খনন ও পুনঃখনন এবং নিম্নাঞ্চলসমূহ পুনরুদ্ধারের ব্যবস্থা।</p>
শিক্ষা ও সংস্কৃতি	<p>আবশ্যিক কার্যাবলী: কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠান রক্ষণাবেক্ষণ; পৌর এলাকাতে বাধ্যতামূলক শিক্ষা প্রবর্তন।</p> <p>ঐচ্ছিক কার্যাবলী: প্রয়োজনে নতুন শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণের উদ্যোগ গ্রহণ; পৌরসভা পৌর এলাকায় অবস্থিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে বাজেট বরাদ্দ সাপেক্ষে অর্থ সাহায্য প্রদান; যোগ্যতাসম্পন্ন এবং মেধাবী</p>

উপ-বিভাগ	পৌরসভার সংশ্লিষ্ট কার্যাবলী
	ছাত্রদের বৃত্তি প্রদান; প্রাপ্ত বয়স্কদের শিক্ষা উন্নয়নের ব্যবস্থা, শিক্ষকদের প্রশিক্ষণদানের ব্যবস্থা গ্রহণ; বিদ্যালয়ের পুস্তকাদি ও স্টেশনারী দ্রব্যাদির বিক্রয় কেন্দ্র স্থাপন; নির্ধারিত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে শিক্ষা সমিতির উন্নয়নের জন্য সহায়তাদান; শিক্ষার উন্নয়নে সহায়ক অন্যান্য ব্যবস্থা গ্রহণ; পৌর এলাকায় শিক্ষার প্রসারে এবং সমাজ উন্নয়ন ও জনস্বার্থে সম্পাদিত বিষয়ে প্রচারের জন্য তথ্য কেন্দ্র প্রতিষ্ঠা; যাদুঘর ও আর্ট গ্যালারী স্থাপন এবং এতে রক্ষিত জিনিসপত্রের প্রদর্শনীর ব্যবস্থা; পাবলিক হল ও কমিউনিটি সেন্টার স্থাপন ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থা; সকল ধর্মের ধর্মীয় অনুষ্ঠান, স্বাধীনতা দিবস ও অন্যান্য জাতীয় দিবসগুলি উদ্‌যাপন; পৌর এলাকায় আগমনকারী বিশিষ্ট অতিথিদের সংবর্ধনার ব্যবস্থা; জনসাধারণের মধ্যে শরীরচর্চা, ব্যায়াম ও খেলাধুলায় উৎসাহ দান এবং র্যালী ও টুর্নামেন্ট পরিচালনা; নগর ভ্রমণের ব্যবস্থা; পৌর এলাকার ঐতিহাসিক বৈশিষ্ট্যপূর্ণ স্থানসমূহ সংরক্ষণের জন্য ব্যবস্থা; সর্বসাধারণের চিত্তবিনোদনের জন্য সুবিধাদির ব্যবস্থা গ্রহণ ও উন্নতি সাধান; গণগ্রন্থাগার ও ভ্রাম্যমান গ্রন্থাগার নির্মাণ ও পরিচালনা।
সমাজ কল্যাণ	ঐচ্ছিক কার্যাবলী: দুঃস্থদের জন্য জনকল্যাণ প্রতিষ্ঠান স্থাপন ও রক্ষণাবেক্ষণ করা, পৌরসভার নিজ খরচে পৌর এলাকায় নিঃস্ব ব্যক্তিদের মৃতদেহ দাফন বা দাহের ব্যবস্থা; ভিক্ষাবৃত্তি, পতিতাবৃত্তি, জুয়া, মাদকদ্রব্য সেবন, মদ্যপান, কিশোর অপরাধ এবং অন্যান্য সামাজিক অনাচার প্রতিরোধের ব্যবস্থা গ্রহণ; সমাজসেবার জন্য স্বেচ্ছাসেবক সংগঠন গঠন; নারী, শিশু ও পশ্চাৎপদ শ্রেণির কল্যাণসাধনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ; সমাজকল্যাণ ও সমাজ উন্নয়নমূলক অন্যান্য ব্যবস্থা গ্রহণ।
উন্নয়ন	ঐচ্ছিক কার্যাবলী: পৌরসভা নির্দিষ্ট মেয়াদের জন্য উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন; কমিউনিটি উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন; বাণিজ্যিক প্রকল্পে বিনিয়োগ।

তৃতীয় অধ্যায়: পৌরসভা প্রশাসনের কার্যপদ্ধতি

৩.১ পৌরসভার প্রশাসনিক কাঠামো এবং নির্বাচিত প্রতিনিধি, কর্মকর্তা ও কর্মচারীগণের দায়-দায়িত্ব

৩.১.১ প্রশাসনিক ইউনিট হিসেবে পৌরসভা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৫৯ (১) অনুচ্ছেদ অনুযায়ী প্রতিটি পৌরসভা একটি প্রশাসনিক একাংশ বা ইউনিট হিসেবে গণ্য হবে {স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯-এর ৫ নং ধারা}। উক্ত পৌরসভা আইনের ধারা ৪ অনুযায়ী পৌরসভা হবে একটি সংবিধিবদ্ধ সংস্থা এবং এর স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সিলমোহর থাকবে এবং প্রতিটি পৌরসভার স্থাবর-অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করার, অধিকারে রাখার ও হস্তান্তর করার ক্ষমতা থাকবে।

৩.১.২ পৌরসভার প্রশাসনিক কাঠামো

পৌরসভার গঠন

নিম্নবর্ণিত ব্যক্তিগণের সমন্বয়ে পৌরসভা গঠিত হবে:

মেয়র	১ জন
কাউন্সিলর (সাধারণ আসন)	প্রতি ওয়ার্ড থেকে ১জন করে
কাউন্সিলর (সংরক্ষিত আসন)	প্রতি তিন ওয়ার্ডের জন্য সংরক্ষিত আসনে একজন করে


পৌরসভার মেয়র এবং কাউন্সিলরগণ প্রাপ্তবয়স্ক ভোটারদের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হবেন (ধারা-৬ এর উপ-ধারা-৩) এবং পৌরসভার মেয়র পৌরসভার একজন কাউন্সিলর হিসেবে গণ্য হবেন (ধারা-৬ এর উপ-ধারা-৪)। পৌরসভার মেয়র ও কাউন্সিলরগণ সমন্বয়ে গঠিত হবে পৌরসভার পরিষদ এবং তাঁদের (মেয়র ও কাউন্সিলরগণের) দায়িত্ব, কার্যাবলী ও সুযোগ-সুবিধা বিধি দ্বারা নির্ধারিত হবে (ধারা ৬ এর উপ-ধারা ৫)।

৩.১.৩ পৌরসভার সাংগঠনিক কাঠামো

পূর্বে বিশেষ শ্রেণির পৌরসভা ছিল যা সিটি কর্পোরেশনে উন্নীত হওয়ায় বর্তমানে তিন শ্রেণির (ক, খ এবং গ) পৌরসভা রয়েছে। সরকার সুনির্দিষ্ট পদ্ধতি ও মানদণ্ডের ভিত্তিতে পৌরসভার শ্রেণিবিন্যাস করতে পারবে। সরকার কর্তৃক নির্ধারিত পৌরসভার শ্রেণিবিন্যাস অনুযায়ী সরকার জনবল কাঠামো নির্ধারণ এবং চাকুরীর পদসমূহ নির্দিষ্ট করে দিবে যা সরকারের পৌরসভা সার্ভিস এ অন্তর্ভুক্ত ব্যক্তিবর্গ দ্বারা পূরণ করা হবে (ধারা-৭২)।

প্রত্যেক শ্রেণির পৌরসভার জন্য সরকার অনুমোদিত সাংগঠনিক কাঠামো (অর্গানোগ্রাম) বিদ্যমান রয়েছে। শ্রেণিভিত্তিক সাংগঠনিক কাঠামোতে বিভাগ ও শাখাভিত্তিক জনবলের সংখ্যা ও পদমর্যাদার ভিন্নতা থাকলেও বিভাগ ও শাখাসমূহ সকল শ্রেণির পৌরসভার জন্য অভিন্ন। উল্লেখ্য, প্রতিটি পৌরসভা, প্রয়োজনের উপর ভিত্তি করে, স্ব-স্ব শ্রেণির প্রাতিষ্ঠানিক কাঠামো অনুসারে মোট জনবলের সীমার মধ্যে প্রকৃত জনবলের সংখ্যা নির্ধারণ এবং তদনুযায়ী নিয়োগ করতে পারে।

সকল শ্রেণির পৌরসভার জন্য সরকার অনুমোদিত সাংগঠনিক কাঠামো (অর্গানোগ্রাম) এর রূপরেখা নিম্নরূপ:



পৌরসভার সাংগঠনিক কাঠামোতে (অর্গানোগ্রামে) কর্মকর্তা ও কর্মচারীদের পদ অনুযায়ী প্রতিটি পদে কর্মকর্তা ও কর্মচারীদের সংখ্যার উল্লেখ থাকবে। তিনটি শ্রেণিতে বিভক্ত পৌরসভার, বিভাগ অনুযায়ী অর্গানোগ্রামে উল্লেখিত কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা নিচে সারণিতে দেখানো হয়েছে।

পৌরসভার শ্রেণি	কর্মকর্তা ও কর্মচারীর মোট সংখ্যা	প্রকৌশল বিভাগ	প্রশাসন বিভাগ	স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পরিচ্ছন্নতা বিভাগ
ক-শ্রেণি	১৫৫	৬৮	৫৪	৩৩
খ-শ্রেণি	৮৯	৩২	৩৫	২২
গ-শ্রেণি	৬৯	২৭	২৬	১৬

বর্তমানে প্রতি শ্রেণির পৌরসভায় প্রধান নির্বাহী কর্মকর্তার পদ রয়েছে, এবং সরকার প্রেষণে তাঁদেরকে নিয়োগ দিয়ে থাকে। এছাড়া পৌরসভায় পানির কল (পাম্প) চালক, গ্রহরী, শিক্ষক, কর্মচারী, গ্রন্থাগারিক (লাইব্রেরিয়ান), মেথর (সুইপার) (চুক্তি ভিত্তিক) নিয়োগের ব্যবস্থা রয়েছে।

৩.১.৪ পৌরসভার মেয়র ও কাউন্সিলরগণের অধিকার, দায়বদ্ধতা ও সুযোগ-সুবিধা

মেয়র ও কাউন্সিলরগণের অধিকার ও দায়বদ্ধতা

পৌরসভার মেয়র এবং প্রত্যেক কাউন্সিলর, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা-৭৭ ও সংশ্লিষ্ট বিধানাবলী সাপেক্ষে, পৌর পরিষদের সভায় সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অংশগ্রহণের অধিকার রাখে। এছাড়া পরিষদের প্রত্যেক সদস্য বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মেয়র অথবা সংশ্লিষ্ট স্থায়ী কমিটির সভাপতির নিকট পরিষদের বা স্থায়ী কমিটির প্রশাসনিক এখতিয়ারভুক্ত বিষয়ে প্রশ্ন উত্থাপন বা ব্যাখ্যা দাবী করতে পারবেন। পৌরসভার মেয়র ও কাউন্সিলরগণ পৌরসভা কর্তৃক অথবা অন্য কোন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়িত কোন কাজ বা প্রকল্পের ত্রুটি-বিচ্যুতি সম্পর্কে পৌরসভার ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করতে পারবেন। এ আইনের বিধান অনুযায়ী মেয়র ও কাউন্সিলরগণ জনস্বার্থে পৌরসভার কার্য পরিচালনা করবেন এবং পরিষদের নিকট যৌথভাবে দায়ী থাকবেন। এছাড়া পৌরসভা আইনের ৬২ ধারা অনুযায়ী পৌরসভার যাবতীয় কার্যাবলী যথাযথভাবে সম্পাদনের জন্য প্রয়োজনীয় সব কিছু করার ক্ষমতা পরিষদের থাকবে এবং পৌরসভার নির্বাহী ক্ষমতা পরিষদের নিকট হতে ক্ষমতাপ্রাপ্ত মেয়র, কাউন্সিলর বা কোন কর্মকর্তার মাধ্যমে প্রযুক্ত হবে।

মেয়র ও কাউন্সিলরগণের পদত্যাগ, সাময়িক বরখাস্ত ও অপসারণ

মেয়র ও কাউন্সিলরগণের পদত্যাগ, সাময়িক বরখাস্ত ও অপসারণ বিষয়ে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এ সুস্পষ্ট বিধান রয়েছে—যা নিচে উল্লেখ করা হ'ল:

মেয়র ও কাউন্সিলর এর পদত্যাগ

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩০ অনুযায়ী, কোন কাউন্সিলর পৌরসভার মেয়র বরাবর তাঁর পদত্যাগ করার অভিপ্রায় লিখিতভাবে ব্যক্ত করে পদত্যাগ করতে পারবেন এবং এরূপ পদত্যাগপত্র মেয়র দ্বারা গ্রহণ করার সাথে সাথে উক্ত কাউন্সিলরের পদ শূন্য হয়েছে বলে বিবেচনা করা হবে। মেয়র সরকার কর্তৃক এ উদ্দেশ্যে নির্দিষ্ট কর্মকর্তার নিকট তার পদত্যাগ করার ইচ্ছা লিখিতভাবে ব্যক্ত করে পদত্যাগ করতে পারবেন এবং এর একটি অনুলিপি সচিব বা ক্ষেত্রমতে, প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবর প্রেরণ করবেন এবং উক্ত পদত্যাগপত্র নির্দিষ্ট কর্মকর্তা কর্তৃক গ্রহণ করার তারিখ হতে কার্যকর হবে। মেয়রের পদত্যাগের বিষয়টি পরিষদের সচিব বা ক্ষেত্রমতে, প্রধান নির্বাহী কর্মকর্তা অনধিক ৩ দিনের মধ্যে পরিষদ, নির্বাচন কমিশন ও সরকারকে অবহিত করবেন।

মেয়র ও কাউন্সিলরের সাময়িক বরখাস্ত

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১, উপ-ধারা-১ এর বিধান মতে কোন পৌরসভার মেয়র অথবা কোন কাউন্সিলর অপসারণের কার্যক্রম আরম্ভ হয়েছে বা তাঁর বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র আদালত দ্বারা গৃহীত হয়েছে, সেক্ষেত্রে নির্ধারিত কর্তৃপক্ষের বিবেচনায় সেই মেয়র অথবা কাউন্সিলর কর্তৃক ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থী অথবা প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন না হলে, সরকার লিখিত আদেশের মাধ্যমে মেয়র অথবা কাউন্সিলরকে সাময়িকভাবে বরখাস্ত করতে পারে। উপ-ধারা (১) এর অধীন সাময়িকভাবে বরখাস্তের আদেশ প্রদান করা হলে একই ধারার উপ-ধারা-২ অনুযায়ী আদেশ প্রাপ্তির তিন দিনের মধ্যে সাময়িকভাবে বরখাস্তকৃত মেয়র, তার অনুপস্থিতিতে মেয়রের দায়িত্ব পালনের জন্য জ্যেষ্ঠতার ক্রমানুসারে মেয়রের প্যানেলের সদস্যের নিকট দায়িত্ব হস্তান্তর করবেন এবং উক্ত মেয়রের বিরুদ্ধে আনা কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত অথবা মেয়র অপসারিত হলে তার স্থানে নতুন মেয়র নির্বাচিত না হওয়া পর্যন্ত দায়িত্বপ্রাপ্ত মেয়র দায়িত্ব পালন করবেন। অনুরূপভাবে একই ধারার উপ-ধারা-১ এর অধীনে পৌরসভার কোন কাউন্সিলরকে সাময়িক বরখাস্তের আদেশ দিলে উক্ত কাউন্সিলরের বিরুদ্ধে আনিত কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত অথবা উক্ত কাউন্সিলর অপসারিত হলে তাঁর স্থলে নতুন কাউন্সিলর নির্বাচিত না হওয়া পর্যন্ত পৌর পরিষদের সিদ্ধান্তক্রমে একজন কাউন্সিলর উক্ত দায়িত্ব পালন করবেন।

মেয়র ও কাউন্সিলর অপসারণ

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২ অনুযায়ী মেয়র অথবা কাউন্সিলর তার পদ হতে অপসারণযোগ্য হবেন, যদি তিনি-

- (ক) পৌরসভার নোটিশ প্রাপ্তি সত্ত্বেও যুক্তিসঙ্গত কারণ ছাড়া পরিষদের পর পর তিনটি সভায় অনুপস্থিত থাকেন;
- (খ) পৌরসভা বা রাষ্ট্রের হানিকর কোন কার্যকলাপে জড়িত থাকেন অথবা নৈতিক স্বলনজনিত অপরাধে আদালত কর্তৃক দণ্ডিত হন;
- (গ) দায়িত্ব পালন করতে অস্বীকার করেন অথবা শারীরিক বা মানসিক অসামর্থ্যের কারণে দায়িত্ব পালনে অক্ষম হন;
- (ঘ) অসদাচরণ বা ক্ষমতার অপব্যবহারের দায়ে দোষী সাব্যস্ত হন;
- (ঙ) নির্বাচনের পর যদি প্রমাণিত হয় যে, তিনি পৌরসভা আইনের ধারা ১৯ (২) অনুযায়ী নির্বাচনে অযোগ্য ছিলেন;
- (চ) পরিষদের বার্ষিক ১২টি মাসিক সভার স্থলে অন্যান্য সভা গ্রহণযোগ্য কারণ ছাড়া অনুষ্ঠান করতে বা উপস্থিত থাকতে ব্যর্থ হন; এবং
- (ছ) তিনি নির্বাচনী ব্যয়ের হিসাব দাখিল না করেন কিংবা দাখিলকৃত হিসাবে অসত্য তথ্য প্রদান করেছেন বলে তা দাখিলের ছয় মাসের মধ্যে প্রমাণিত হয়।

মেয়র ও কাউন্সিলরগণের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৮ অনুযায়ী, মেয়র বা কাউন্সিলরের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনা যাবে যদি,

১) তাদের বিরুদ্ধে উক্ত আইন লংঘন বা গুরুতর অসদাচরণের অভিযোগ বা শারীরিক ও মানসিক অসামর্থ্যের কারণ চিহ্নিত করা যায়।

২) যে কোন একজন কাউন্সিলর ব্যক্তিগতভাবে উপ-ধারা (১) এর অধীন অনাস্থা প্রস্তাব আনয়নের ক্ষেত্রে পৌরসভার মোট সদস্যের সংখ্যাগরিষ্ঠ কাউন্সিলরের স্বাক্ষরিত নোটিশ, বিধি দ্বারা নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক নিয়োগকৃত একজন প্রথম শ্রেণীর কর্মকর্তার নিকট দাখিল করবেন।

৩) অনাস্থা প্রস্তাব প্রাপ্তির পর উক্ত কর্মকর্তা এক মাসের মধ্যে অভিযোগসমূহ তদন্ত করবেন এবং তদন্তে অভিযোগ প্রমাণিত হলে ১০ কার্যদিবসের সময় দিয়ে তিনি কারণ দর্শানোর নোটিশ দিবেন।

৪) উপ-ধারা (৩) এর অধীন প্রদত্ত কারণ দর্শানোর জবাব সন্তোষজনক বিবেচিত না হলে নিয়োগকৃত কর্মকর্তা নোটিশ প্রাপ্তির অনধিক পনের কার্যদিবসের মধ্যে অনাস্থা প্রস্তাবটি বিবেচনার জন্য এতদুদ্দেশ্যে নির্বাচিত কাউন্সিলরগণের সভা আহ্বান করবেন অথবা মেয়রকে সভা আহ্বানের জন্য অনুরোধ করবেন এবং সকল নির্বাচিত কাউন্সিলরগণের নিকট সভার নোটিশ প্রেরণ নিশ্চিত করবেন।

৫) মেয়রের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাবের ক্ষেত্রে মেয়রের প্যানেল অগ্রাধিকারক্রমে একজন কাউন্সিলর এবং কোন কাউন্সিলরের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাবের ক্ষেত্রে পৌরসভার মেয়র সভায় সভাপতিত্ব করবেন, তবে শর্ত থাকে যে, মেয়র অনুপস্থিত থাকলে বা অন্য কোন কারণে তাহাকে পাওয়া না গেলে উপস্থিত কাউন্সিলরগণের মধ্য হতে একজন কাউন্সিলরকে ঐকমত্যের ভিত্তিতে সভাপতি নির্বাচিত করা হবে।

৬) উপ-ধারা (২) এর অধীন নিয়োগকৃত কর্মকর্তা সভায় একজন পর্যবেক্ষক হিসাবে উপস্থিত থাকবেন।

৭) এই ধারার উদ্দেশ্যে আহৃত সভাটি নিয়ন্ত্রণ বহির্ভূত কোন কারণ ছাড়া স্থগিত করা যাবে না এবং মোট নির্বাচিত সদস্য সংখ্যার অর্ধেক সদস্য সমন্বয়ে সভার কোরাম গঠিত হবে।

৮) সভার শুরুতে সভাপতি অনাস্থা প্রস্তাবটি সভায় পাঠ করে শুনাবেন এবং উন্মুক্ত আলোচনা আহ্বান করবেন, তবে শর্ত থাকে যে, নিয়ন্ত্রণ বহির্ভূত কোন কারণ ছাড়া এ ধরনের উন্মুক্ত আলোচনা বা বিতর্ক স্থগিত করা যাবে না।

৯) সভা শুরু হওয়ার তিন ঘন্টার মধ্যে বিতর্ক বা উন্মুক্ত আলোচনা সমাপ্ত না হলে, অনাস্থা প্রস্তাবটির উপর গোপন ব্যালটের মাধ্যমে ভোট গ্রহণ করতে হবে।

১০) সভার সভাপতি অনাস্থা প্রস্তাবের পক্ষে বা বিপক্ষে কোন প্রকাশ্য মতামত প্রকাশ করবেন না এবং তিনি ব্যালটের মাধ্যমে উপ-ধারা (৯) এর অধীন ভোট প্রদান করতে পারবেন, তবে সভাপতি দ্বিতীয় বা নির্ণায়ক ভোট দিতে পারবেন না।

১১) নিয়োগকৃত কর্মকর্তা সভা শেষ হওয়ার পর পরই অনাস্থা প্রস্তাবের কপি এবং ভোটের ফলাফলসহ সভার কার্যবিবরণী সরকারের নিকট প্রেরণ করবেন।

১২) অনাস্থা প্রস্তাবটি পৌরসভার মোট সদস্য সংখ্যার দুই-তৃতীয়াংশ ভোটে গৃহীত হলে সংশ্লিষ্ট মেয়র বা কাউন্সিলরের আসনটি সরকার গেজেট প্রজ্ঞাপন দ্বারা শূন্য বলে ঘোষণা করবেন।

১৩) অনাস্থা প্রস্তাবটি মোট সদস্য সংখ্যার দুই-তৃতীয়াংশ ভোটে গৃহীত না হলে অথবা কোরামের অভাবে সভা অনুষ্ঠিত না হলে উক্ত তারিখের পর ছয়মাস অতিক্রান্ত না হলে অনুরূপ কোন অনাস্থা প্রস্তাবের নোটিশ প্রদান করা যাবে না।

১৪) পৌরসভার মেয়র বা কোন কাউন্সিলর দায়িত্বভার গ্রহণের ছয় মাসের মধ্যে তার বিরুদ্ধে কোন অনাস্থা নোটিশ আনা যাবে না।

মেয়র ও কাউন্সিলরের অনুপস্থিতির ছুটি

ধারা ৩৯ এর উপ-ধারা (১) অনুযায়ী মেয়র অথবা কাউন্সিলরকে পরিষদ যুক্তিসঙ্গত কারণে এক বৎসরে সর্বোচ্চ তিন মাস ছুটি মঞ্জুর করতে পারে। উপ-ধারা (২) অনুযায়ী কোন কাউন্সিলর ছুটিতে থাকলে বা অন্য কোন কারণে অনুপস্থিত থাকলে উক্ত অনুপস্থিতকালীন সময়ের জন্য পৌরসভার মেয়র পার্শ্ববর্তী যে কোন ওয়ার্ডের কাউন্সিলরকে দায়িত্ব প্রদান করতে পারবেন। উপ-ধারা (৩) অনুযায়ী কোন মেয়র অথবা কাউন্সিলরের এক বৎসরে তিন মাসের অধিক সময়ের জন্য ছুটির প্রয়োজন হলে সরকার উক্ত অতিরিক্ত সময়ের ছুটি মঞ্জুর করতে পারবে।

পৌরসভার মেয়র ও কাউন্সিলরগণের আর্থিক সুবিধা

মেয়র ও কাউন্সিলরগণের বিশেষ সুবিধা, কর্তব্য ও দায়িত্বভার (মেয়র ও কাউন্সিলরগণের সম্মানী) বিধিমালা-২০১০ এর বিধি-৬ অনুযায়ী মেয়র ও কাউন্সিলরগণ নিম্নরূপ হারে মাসিক সম্মানী ভাতা পাবেন।

ক্রমিক নং	পৌরসভার শ্রেণি	মেয়র	কাউন্সিলর
১	'ক' শ্রেণি	২০,০০০/- (কুড়ি হাজার টাকা)	৫,০০০/- (পাঁচ হাজার টাকা)
২	'খ' শ্রেণি	১৫,০০০/- (পনের হাজার টাকা)	৪,০০০/- (চার হাজার টাকা)
৩	'গ' শ্রেণি	১২,০০০/- (বার হাজার টাকা)	৩,০০০/- (তিন হাজার টাকা)

৩.১.৫ মেয়র ও কাউন্সিলরগণের দায়িত্ব ও কর্তব্য

স্থানীয় সরকার পৌরসভা আইন, ২০০৯ এর ধারা-১২০ এ প্রদত্ত ক্ষমতা বলে সরকার মেয়র ও কাউন্সিলরগণের বিশেষ সুবিধা, কর্তব্য ও দায়িত্বভার (মেয়র ও কাউন্সিলরগণের সম্মানী) বিধিমালা ২০১০ জারী করেছে। উক্ত বিধিমালায় পৌরসভার মেয়র ও কাউন্সিলরগণের দায়িত্ব ও কর্তব্য নির্ধারণ করা হয়েছে যা নিম্নে বর্ণিত হ'ল।

মেয়রের দায়িত্ব ও কর্তব্য (বিধি-৩)

- ১) পৌরসভার দৈনন্দিন প্রশাসনিক কাজ পরিচালনা করা;
- ২) পৌরসভার সকল সভায় সভাপতিত্ব করা এবং এতে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা;
- ৩) পৌরসভার কর্মকর্তা-কর্মচারীদের তত্ত্বাবধান করা;
- ৪) পৌরসভায় ন্যস্তকৃত সরকারি কর্মকর্তা-কর্মচারী ব্যতীত, পৌরসভার কর্মকর্তা-কর্মচারী নিয়োগ ও তাদের বিরুদ্ধে, প্রয়োজনে, শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা;
- ৫) পৌরসভার বিভিন্ন কার্যাবলী সংক্রান্ত প্রস্তাব এবং প্রকল্প পরিষদের পক্ষে প্রস্তুত করার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করা;
- ৬) পৌরসভা সংক্রান্ত যাবতীয় তথ্য সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা;
- ৭) স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯-এর ধারা ৪৮ এর বিধান অনুযায়ী পৌরসভার নামে সম্পাদিত সব চুক্তি স্বাক্ষর করা এবং একই ধারার বিধান অনুসারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা;
- ৮) স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯-এর ধারা ৯৮ এবং তৃতীয় তফসিল-এ উল্লিখিত কর, রেইট ইত্যাদি সাপেক্ষে, পৌরসভার আওতাধীন বিভিন্ন ব্যবসা, বৃত্তি ও পেশার উপর কর আরোপ করা এবং পৌরসভা কর্তৃক প্রদেয় লাইসেন্স ইস্যু করা;
- ৯) স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯-এর ধারা ১১০ এবং চতুর্থ তফসিলের বিধান সাপেক্ষে এই আইনের অধীন অপরাধ সংক্রান্ত কোন অভিযোগ আপোষ-নিষ্পত্তির লক্ষ্যে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা;
- ১০) পৌরসভার পক্ষে মামলা দায়ের ও পরিচালনা করার লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা;
- ১১) স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ দ্বিতীয় তফসিলে নির্ধারিত পৌরসভার কার্যাবলী বাস্তবায়ন, বাস্তবায়িত ও বাস্তবায়নাধীন কার্যাদির অগ্রগতি পর্যালোচনা করা;
- ১২) আইনের অধীন প্রণীত বিধি দ্বারা পৌরসভার উপর অর্পিত সকল বা যে কোন দায়িত্ব পালন করা;
- ১৩) স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯-এর ধারা ৫১ এর বিধান সাপেক্ষে সরকার কর্তৃক সময় সময় অর্পিত সকল বা যে কোন কার্য সম্পাদন করা।

পৌরসভার কাউন্সিলরগণের (সাধারণ আসন) দায়িত্ব ও কর্তব্য (বিধি-৪)

- ১) পৌরসভার দ্বারা ক্ষমতাপ্রাপ্ত হয়ে পৌরসভার এক বা একাধিক স্থায়ী কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করা এবং সংশ্লিষ্ট স্থায়ী কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা;
- ২) স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯-এর ধারা ৪০ এর বিধান অনুযায়ী প্যানেলের অগ্রাধিকার অনুসারে মেয়র এর অনুপস্থিতিতে পৌরসভার মেয়র হিসেবে দায়িত্ব পালন করা;
- ৩) স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ দ্বিতীয় তফসিলে নির্ধারিত বিভিন্ন দায়িত্ব ও কার্যাবলীর মাধ্যমে পৌরসভার কাছে, সময়ে সময়ে, নিম্নবর্ণিত বিষয়ে প্রয়োজনীয় প্রস্তাব পেশ বা, ক্ষেত্রমত, সুপারিশ প্রদান করা, যথা:
 - ক) শিক্ষা প্রসারের জন্য জনগণকে উদ্বুদ্ধ করা এবং উক্ত শিক্ষা বিষয়ক কর্মসূচিতে সহায়তা প্রদান করা;
 - খ) মাধ্যমিক শিক্ষা এবং মাদ্রাসা শিক্ষা কার্যক্রমের মান উন্নয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলির কার্যক্রম তদারক ও এগুলোকে সহায়তা প্রদান করা;

- গ) সন্ত্রাস, জঙ্গিবাদ, চুরি, ডাকাতি, চোরাচালন, মাদকদ্রব্য ব্যবহার ইত্যাদি অপরাধ সংজ্ঞাটিত হওয়ার বিরুদ্ধে জনমত সৃষ্টিসহ জননিরাপত্তা সংক্রান্ত অন্যান্য প্রতিরোধমূলক কার্যক্রম গ্রহণ করা;
- ঘ) পরিবেশ সংরক্ষণ ও উন্নয়নের লক্ষ্যে সামাজিক বনায়নসহ অন্যান্য কার্যক্রম গ্রহণ করা;
- ঙ) যুব, ক্রীড়া, সাংস্কৃতিক ও সমাজকল্যাণমূলক কার্যক্রমের ব্যাপক প্রসার এবং বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা;
- চ) কৃষি এবং বনজ সম্পদ উন্নয়নে কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করা; এবং
- ছ) সরকার বা ক্ষেত্রমত, মেয়র কর্তৃক সুনির্দিষ্টভাবে তাঁর উপর অর্পিত দায়িত্ব ও কার্যাবলী নিষ্পন্নকরণ সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করা।

পৌরসভার কাউন্সিলরগণের (সংরক্ষিত আসন) দায়িত্ব ও কর্তব্য (বিধি-৫)

- ১) পৌরসভা কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত হয়ে এক বা একাধিক স্থায়ী কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করা এবং সংশ্লিষ্ট স্থায়ী কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা;
- ২) স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯-এর ধারা ৪০ এর বিধান অনুযায়ী প্যানেলের অধাধিকার অনুসারে মেয়র এর অনুপস্থিতিতে পৌরসভার মেয়র হিসেবে দায়িত্ব পালন করা;
- ৩) স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯-এর দ্বিতীয় তফসিলে নির্ধারিত বিভিন্ন দায়িত্ব ও কার্যাবলীর মধ্য থেকে পৌরসভার কাছে, সময়ে সময়ে, নিম্নে উল্লেখিত বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি পেশ বা, ক্ষেত্রমত, সুপারিশ প্রদান করা, যথা;
 - ক) স্বাস্থ্য, পুষ্টি, পরিবার পরিকল্পনা ও মাতৃমঙ্গল সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে করণীয় ব্যবস্থাদি সম্পর্কিত;
 - খ) স্যানিটেশন ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থার উন্নতি সাধন এবং সুপেয় পানীয় জলের সরবরাহ ব্যবস্থা সংক্রান্ত;
 - গ) নারী ও শিশুদের সার্বিক অবস্থা উন্নয়নের লক্ষ্যে করণীয় চিহ্নিত করা, প্রয়োজনীয় সহায়তা প্রদান এবং বাস্তবায়ন করা;
 - ঘ) ক্ষুদ্র ও কুটির শিল্প স্থাপন ও বিকাশের লক্ষ্যে উন্নয়ন প্রকল্প গ্রহণ সংক্রান্ত;
 - ঙ) আত্ম-কর্মসংস্থান সৃষ্টি এবং দারিদ্র্য বিমোচনের জন্য নিজ উদ্যোগে কর্মসূচি গ্রহণ, বাস্তবায়ন এবং এতদসম্পর্কে সরকারি কর্মসূচি বাস্তবায়নে সরকারকে সার্বিক সহায়তা প্রদান সম্পর্কিত;
 - চ) নারী ও শিশু নির্যাতন, যৌতুক ও বাল্যবিবাহ ইত্যাদি রোধকল্পে এর বিরূপ প্রতিক্রিয়া সম্পর্কে জনমত সৃষ্টিসহ অন্যান্য প্রতিরোধমূলক কার্যক্রম গ্রহণ সংক্রান্ত;
 - ছ) গবাদি পশু এবং মৎস্য সম্পদ উন্নয়নে কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত;
 - জ) সমবায় সমিতি ও বেসরকারি স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের কাজ তদারক করাসহ এতে সহায়তা প্রদান এবং এইসব প্রতিষ্ঠানের কাজে সমন্বয় সাধন সংক্রান্ত;
 - ঝ) সমাজকল্যাণ ও জনহিতকর কর্মকাণ্ডে অংশগ্রহণসহ উক্ত কর্মকাণ্ড বাস্তবায়নকল্পে করণীয় ব্যবস্থাদি চিহ্নিতকরণ সংক্রান্ত; এবং
 - ঞ) সরকার বা ক্ষেত্রমত, মেয়র কর্তৃক সুনির্দিষ্টভাবে তার উপর অর্পিত দায়িত্ব ও কার্যাবলী নিষ্পন্নকরণ সংক্রান্ত।

৩.১.৬ পৌরসভা কর্মকর্তা ও কর্মচারীর নিয়োগ, বদলি ও অপসারণ

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা-৭২, ৭৩ ও ৭৪ অনুসরণে নির্ধারিত কর্তৃপক্ষ বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পৌরসভার কার্যাবলী সুচারুপে সম্পন্ন করার জন্য অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ করতে পারবে এবং চাকুরীবিধি অনুযায়ী তাদের বদলী ও অপসারণ করা যাবে। সরকার প্রণীত এ সংক্রান্ত ‘পৌরসভার কর্মচারী বিধিমালা, ১৯৯২’ এখনও পর্যন্ত কার্যকর রয়েছে-যা অনুসরণ করতে হবে।

পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৭৪ উপধারা ১ অনুযায়ী সরকার নির্ধারিত শর্তে নির্দিষ্ট পৌরসভার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা নিয়োগ করতে পারবেন এবং উক্ত ধারার উপধারা ৩ অনুযায়ী পৌরসভার অন্যান্য কর্মকর্তা-কর্মচারী প্রধান নির্বাহী কর্মকর্তার অধীনস্থ হবেন।

উল্লেখ্য, কোন পদের কর্মপরিধি পৌরসভার বিদ্যমান কার্যাবলীর আলোকে নির্ধারিত হবে এবং প্রয়োজনে এর পরিবর্তন ও পরিবর্ধন হতে পারে। সরকারের স্থানীয় সরকার বিভাগ হতে ২০০৫ সালে পৌরসভার কর্মকর্তা/কর্মচারীদের কর্মবিবরণী প্রস্তুত করে সরবরাহ করা হয়েছে যা পৌরসভার বিদ্যমান কার্যাবলীর আলোকে কর্মকর্তা/কর্মচারীদের কর্মবিবরণী প্রস্তুতিতে বেশ সহায়ক। উক্ত কর্মবিবরণীতে পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তাসহ ৩টি বিভাগের প্রধানগণের দায়িত্ব ও কর্তব্য উল্লেখ করা হয়েছে। উক্ত কর্মবিবরণীতে পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তার দায়িত্ব ও কর্তব্য নিম্নে উল্লেখ করা হ'ল।

প্রধান নির্বাহী কর্মকর্তার দায়িত্ব ও কর্তব্য

- ১) প্রধান নির্বাহী কর্মকর্তা পৌরসভার মুখ্য নির্বাহী কর্মকর্তা। অন্যান্য সকল কর্মকর্তা-কর্মচারী তাঁর অধীনে ন্যস্ত থাকবেন।
- ২) পৌরসভার আর্থিক লেনদেনসহ সকল নথি-পত্র তাঁর মাধ্যমে মেয়রের নিকট উপস্থাপিত হবে।
- ৩) তিনি পৌরসভার আয় ও আর্থিক ক্ষমতা বৃদ্ধিকল্পে মেয়রের সাথে যৌথভাবে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।
- ৪) তিনি পৌরসভার সকল বিভাগের কাজ তদারক করবেন এবং কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে প্রয়োজনীয় প্রশাসনিক নির্দেশনা প্রদান করবেন, শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ এবং গৃহীত ব্যবস্থাাদি মেয়রকে অবহিত করবেন। তবে বিভাগীয় মামলার ক্ষেত্রে মেয়রের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।
- ৫) তিনি সকল বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের কর্মক্ষমতা বৃদ্ধিকল্পে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবেন এবং এসব বিষয়ে সময়ে সময়ে মেয়রকে অবহিত করবেন, আর্থিক সংশ্লেষণ- স থাকলে মেয়রের অনুমোদন গ্রহণ করবেন।
- ৬) তিনি বিভাগীয় প্রধানগণের বার্ষিক গোপনীয় অনুবেদন লিখবেন এবং প্রতিস্বাক্ষরের জন্য পৌর মেয়রের নিকট পেশ করবেন। তিনি পরবর্তী বছরের প্রথম তিন মাসের মধ্যে সকল বিভাগীয় প্রধান কর্তৃক তাঁর নিকট দাখিলকৃত কর্মচারীদের বার্ষিক গোপনীয় অনুবেদনে প্রতিস্বাক্ষর করবেন।
- ৭) যেসব নিয়োগের ক্ষেত্রে পৌরসভার মেয়র নিয়োগকারী কর্তৃপক্ষ, ঐ সব নিয়োগের ক্ষেত্রে গঠিত কমিটিতে তিনি সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হবেন।
- ৮) তিনি পৌরসভার সকল দরপত্র কমিটির আহ্বায়ক হবেন। তাঁর অবর্তমানে সংশ্লিষ্ট বিধি-বিধান বা সরকারি আদেশ অনুসরণে দরপত্র কমিটি গঠিত হবে।
- ৯) তিনি কর্মকর্তাদের ছুটির সুপারিশ করবেন এবং বিভাগীয় প্রধানের সুপারিশ অনুযায়ী কর্মচারীদের ছুটি অনুমোদন করবেন।
- ১০) তিনি মেয়রের অনুপস্থিতিতে ভারপ্রাপ্ত মেয়রকে অবহিত রেখে পৌরসভার দৈনন্দিন কার্যাবলী সম্পাদন করবেন।
- ১১) তিনি পৌর পরিষদের অনুমোদনক্রমে আইন, বিধি-বিধান ও সরকারি আদেশের আলোকে ব্যয় নির্বাহ করতে পারবেন।
- ১২) তিনি পৌর পরিষদের সভায় এবং পৌরসভার যে কোন কমিটির সভায় আলোচনায় অংশগ্রহণ করতে পারবেন এবং বক্তব্য অথবা বিষয়ের ব্যাখ্যা প্রদান করতে পারবেন, তবে তিনি ভোটে অংশগ্রহণ করতে পারবেন না।
- ১৩) পৌরসভার মেয়র কোন ক্ষমতা তাঁর উপর ন্যস্ত করলে তিনি তা প্রয়োগ করবেন।
- ১৪) তিনি বিভাগীয় প্রধানদের মাধ্যমে পৌরসভার সকল দলিল-দস্তাবেজ (রেকর্ড) হেফাজতের ব্যবস্থা করবেন।
- ১৫) তিনি পৌরসভার মাসিক সমন্বয় সভা আহ্বান করবেন ও বিভিন্ন বিভাগ/শাখার কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করবেন।
- ১৬) সরকারের অনুমোদনক্রমে তিনি পৌরসভার কোন সম্পত্তির অবৈধ দখল উচ্ছেদ, যানবাহন নিয়ন্ত্রণ, মালামাল ক্রোক বা পৌর আইন বলবৎকরণ ইত্যাদি কাজে ম্যাজিস্ট্রেট/রিয়াল ক্ষমতা প্রয়োগ করতে পারবেন।

- ১৭) তিনি পৌরসভার সকল উন্নয়ন কাজ ও সম্পদ রক্ষণাবেক্ষণের জন্য পরিকল্পনা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করবেন এবং সব ধরনের পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও দাপ্তরিক ব্যবস্থাপনা নিশ্চিত করবেন। তিনি পৌরসভার সকল উন্নয়নমূলক প্রকল্পের কাজ পরিদর্শন করবেন এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।
- ১৮) বিভাগীয় প্রধানগণ সরাসরি তাঁর কাছে জবাবদিহি হবেন এবং অবহিত করবেন। তাছাড়া, আর্থিক লেনদেনের সাথে সম্পৃক্ত শাখা প্রধানগণ সরাসরি তাঁর কাছে জবাবদিহি হবেন এবং অবহিত করবেন।
- ১৯) পৌরসভার সকল ব্যয় ও আর্থিক লেনদেনে তিনি মেয়রের সাথে যৌথ স্বাক্ষরকারী হবেন।
- ২০) তিনি বার্ষিক বাজেট প্রণয়নে পৌর পরিষদকে সার্বিক সহায়তা প্রদান করবেন।
- ২১) সরকার কর্তৃক সময়ে সময়ে অর্পিত অন্য সকল দায়িত্ব তিনি পালন করবেন।

পৌর মেয়রের নির্দেশনায় পৌরসভার পেশাগত প্রশাসনিক কর্মকর্তা-কর্মচারীবৃন্দ তিনটি বিভাগের মাধ্যমে তাদের কার্যাবলী সম্পাদন করে থাকে। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা-৭০ এর ধারাবাহিকতায় ১২০ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার ইতোমধ্যেই পৌরসভা কার্য বিধিমালা-২০১২ জারী করেছে। উক্ত বিধিমালার ১০নং বিধিতে (কর্ম বিভাজন) উল্লেখ করা হয়েছে যে, পৌরসভার কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য পৌরসভা তার সকল বিভাগ ও শাখাসমূহের জন্য কর্মবিভাজন করতে পারবে। এক্ষেত্রে পৌরসভার মেয়র বিধি অনুযায়ী (পৌরসভার কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২) পৌরসভার কর্মকর্তা ও কর্মচারীগণের তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ করবেন।

৩.১.৭ পৌরসভার ৩টি বিভাগের সকল কার্যাবলী

পৌরসভার কার্যাবলী বিভাগ অনুযায়ী ৩টি বিভাগের (প্রশাসন বিভাগ, প্রকৌশল বিভাগ এবং স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পরিচ্ছন্নতা বিভাগ) উপর ন্যস্ত। পৌরসভার কর্মকর্তা/কর্মচারীদের কর্মপরিধি পদ অনুযায়ী বিদ্যমান ৩টি বিভাগের কার্যাবলীর আলোকে নির্ধারিত হয়। পৌরসভার উল্লেখিত ৩টি বিভাগের কার্যাবলী নিম্নে উল্লেখ করা হ'ল।

প্রশাসনিক বিভাগের কার্যাবলী

পৌরসভার সচিব প্রশাসন বিভাগের প্রধান হিসেবে নির্বাহী কর্মকর্তার অধীনে থেকে দায়িত্ব পালন করবেন এবং প্রশাসন বিভাগের সকল শাখার সকল কর্মচারী পদ অনুযায়ী সচিবের তত্ত্বাবধানে থেকে এ বিভাগে দায়িত্ব পালন করবেন। সচিব প্রশাসন বিভাগের আওতাধীন শাখাসমূহের দৈনন্দিন কার্যক্রম পরিদর্শন, তদারক ও মূল্যায়ন করবেন এবং কাজের গুণগত মান উন্নত করতে প্রয়োজনীয় পরামর্শপ্রদানসহ অগ্রগতি নিশ্চিত করেন। তিনি প্রশাসন বিভাগের শাখাসমূহের কর্মকর্তা-কর্মচারীদের পরবর্তী বছরের বার্ষিক গোপনীয় অনুবেদন লিখবেন এবং প্রতিস্বাক্ষরের জন্য নির্বাহী কর্মকর্তার কাছে পেশ করবেন। তাছাড়া সরকার প্রশাসনিক বিভাগের অধীনস্থ কর্মচারীদের কর্মদক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের প্রয়োজনীয়তা যাচাই করবেন এবং তদনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করবেন। তিনি প্রধান নির্বাহী কর্মকর্তার অবর্তমানে প্রতিস্বাক্ষরের জন্য সরাসরি পৌরসভার মেয়রের নিকট পেশ করবেন। এ বিভাগের নমুনা কার্যাবলী নিচে উল্লেখ করা হ'ল:

- ১) পৌরসভার সকল সম্পত্তির তালিকা (ইনভেন্টরী) সহ দলিলাদি সংরক্ষণ করা;
- ২) পৌর পরিষদের সভার আলোচ্যসূচি প্রস্তুত, আমন্ত্রণপত্র তৈরি (নোটিশ ইস্যু) ও বিতরণ এবং কার্যবিবরণী প্রস্তুত, বিতরণ ও সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা;
- ৩) আর্থিক কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন, বিবরণী, প্রস্তাব ইত্যাদি উক্ত বিভাগ হতে সরাসরি প্রধান নির্বাহী কর্মকর্তার নিকট উপস্থাপন করা;
- ৪) পৌরসভার আওতাধীন ইজারায়োগ্য হাট-বাজার, জল-মহাল ইত্যাদি সংশ্লিষ্ট নীতিমালা অনুসারে যথাসময়ে ইজারা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করা;
- ৫) পৌরসভার কর ইত্যাদি আদায় কার্যক্রমসহ বিভিন্ন কার্যক্রমকে গতিশীলকরণের ব্যবস্থা নেয়া এবং সকল ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা;
- ৬) সকল কর্মকর্তা-কর্মচারীর চাকুরীর রেকর্ডসমূহ, ব্যক্তিগত নথি ইত্যাদি সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা;
- ৭) পৌরসভার সকল বিভাগের কর্মচারীর অফিসে উপস্থিতি তদারক করা এবং সময়ে সময়ে প্রধান নির্বাহী কর্মকর্তাকে অবহিত করা;

- ৮) প্রধান নির্বাহী কর্মকর্তার অবর্তমানে প্রশাসন বিভাগের সচিব পৌরসভার সকল ব্যয় ও লেনদেনে মেয়রের সাথে যৌথ স্বাক্ষরকারী হবেন।

প্রকৌশল বিভাগের কার্যাবলী

তত্ত্বাবধায়ক প্রকৌশলী অথবা নির্বাহী প্রকৌশলী, নির্বাহী কর্মকর্তার অধীনে প্রকৌশল বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব পালন করবেন এবং অন্যরূপ কোন নির্দেশনা না থাকলে পৌরসভার সকল টেন্ডার কমিটির সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন। প্রকৌশল বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে পরবর্তী বছরের প্রথম তিন মাসের মধ্যে তাঁর অধীনস্থ সকল কর্মকর্তা-কর্মচারীর পূর্ববর্তী বছরের বার্ষিক গোপনীয় অনুবেদন লিখবেন এবং প্রতিস্বাক্ষরের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তার নিকট পেশ করবেন। তাছাড়া একাধিক সহকারী প্রকৌশলী কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে দায়িত্ব বন্টনের ব্যবস্থা করা, অধীনস্থ সকল কর্মকর্তা-কর্মচারীর কাজ তদারক ও মূল্যায়ন করা, কর্মচারীদের ছুটির আবেদনে সুপারিশ করা; যথাসময়ে অফিসে উপস্থিতি নিশ্চিত করা ও এ সম্পর্কে প্রধান নির্বাহী কর্মকর্তাকে অবহিত করা এবং দক্ষতা বৃদ্ধি কল্পে প্রয়োজনীয় প্রশিক্ষণের পরিকল্পনা পেশ করাও নির্বাহী প্রকৌশলীর অন্যতম দায়িত্ব। তিনি প্রধান নির্বাহী কর্মকর্তার অবর্তমানে প্রতিস্বাক্ষরের জন্য সরাসরি পৌরসভার মেয়রের নিকট পেশ করবেন। এ বিভাগের নমুনা কার্যাবলী নিচে উল্লেখ করা হ'ল:

- ১) পৌরসভার অবকাঠামো ও সার্ভিসসমূহের নির্মাণ ও রক্ষণাবেক্ষণের উপর প্রচলিত ম্যানুয়েল, নির্দেশিকা সংগ্রহ করা এবং তদনুসারে ব্যবস্থা গ্রহণ করা;
- ২) পৌরসভার বিভিন্ন উন্নয়ন প্রকল্পের ডিজাইন ও প্রাক্কলন প্রস্তুতপূর্বক পরীক্ষা-নিরীক্ষা করে তা যথাযথ কর্তৃপক্ষের কাছে অনুমোদনের জন্য উপস্থাপন করা;
- ৩) দরপত্রসমূহ যথাসময়ে খোলা, তুলনামূলক বিবরণী প্রস্তুতপূর্বক দরপত্র (টেন্ডার) মূল্যায়ন কমিটিতে পেশ করা এবং দরপত্র মূল্যায়ন কমিটির সভার সুপারিশ প্রস্তুতপূর্বক অনুমোদনের জন্য যথাসময়ে উপস্থাপন করা;
- ৪) পৌরসভার সকল অবকাঠামোর তালিকা (ইনভেন্টরী), ডাটাবেজ, ম্যাপ, মহাপরিকল্পনা (মাস্টারপ্ল্যান), নালা, নর্দমা (ড্রেনেজ প্ল্যান) ও পয়ঃনিষ্কাশন পরিকল্পনা ইত্যাদি প্রস্তুত করা;
- ৫) পৌরসভার পঞ্চবার্ষিক ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রস্তুত করা ও অনুমোদনের জন্য পেশ করা;
- ৬) মাঠ পর্যায়ে উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ কাজ বাস্তবায়নে সরেজমিনে পরিদর্শন, পরিবীক্ষণ ও তদারক করা এবং কাজের গুণগত মান বজায় রাখার জন্য দায়ী থাকা;
- ৭) উন্নয়নমূলক কাজে ব্যবহৃত নির্মাণ সামগ্রীর গুণগত মান নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষার ব্যবস্থা করা;
- ৮) পৌরসভার সকল উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ কাজ যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করা;
- ৯) যানবাহন, যন্ত্রপাতি খাতে আয়-ব্যয়ের ক্ষেত্রে সরকারি বিধি-বিধান সঠিকভাবে অনুসরণ করা এবং পৌরসভার সকল ধরনের যানবাহন, যন্ত্রপাতির সুষ্ঠু রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা;

স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পরিচ্ছন্নতা বিভাগের কার্যাবলী

পৌরসভার স্বাস্থ্য কর্মকর্তা পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তার তত্ত্বাবধানে থেকে পৌরসভার স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পরিচ্ছন্নতা বিভাগের প্রধান কর্মকর্তা হিসেবে তাঁর দায়িত্ব পালন করবেন। তিনি তাঁর নিয়ন্ত্রণাধীন শাখাসমূহের কর্মচারীদের পূর্ববর্তী বছরের বার্ষিক গোপনীয় অনুবেদন লিখে প্রধান নির্বাহী কর্মকর্তার নিকট পেশ করবেন। তিনি প্রধান নির্বাহী কর্মকর্তার অবর্তমানে প্রতিস্বাক্ষরের জন্য সরাসরি পৌরসভার মেয়রের নিকট পেশ করবেন। এ বিভাগের নমুনা কার্যাবলী নিচে উল্লেখ করা হ'ল:

- ১) স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পরিচ্ছন্নতা বিভাগের কর্মচারীদের নিয়ন্ত্রণ, দায়িত্ব বন্টন, তত্ত্বাবধান ও প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা;
- ২) জেলায়/উপজেলায় কর্মরত স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাদের সাথে সমন্বয় সাধনক্রমে কর্মপরিকল্পনা প্রণয়ন করা এবং উক্ত পরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা;
- ৩) পৌর এলাকায় সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই)সহ প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যার কর্মসূচি বাস্তবায়নে উদ্যোগ গ্রহণ করা;

- ৪) পৌর এলাকায় পরিবেশ ও পরিচ্ছন্নতা সংরক্ষণ এবং হোটেল, রেস্টোরাঁ, হাট-বাজারের খাদ্যের মান নিয়ন্ত্রণের জন্য ব্যবস্থা নিশ্চিত করা;
- ৫) স্যানিটেশন কর্মসূচি বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ এবং স্থানীয় জনসাধারণকে এ কাজে উদ্বুদ্ধ করা;
- ৬) স্বাস্থ্যসম্মত পায়খানা উৎপাদন ও বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ এবং মাসিক প্রতিবেদন পৌর কর্তৃপক্ষসহ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও অন্যান্য সমজাতীয় সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নিকট প্রেরণ করা;
- ৭) কসাইখানা পরিদর্শন করা এবং জবাইকৃত পশুর মাংসের মান নিয়ন্ত্রণের ব্যবস্থা করা;
- ৮) পৌর স্বাস্থ্য কার্যক্রম বাস্তবায়ন ও সম্পাদনে নিয়োজিত সকল সরকারি প্রতিষ্ঠান ও বেসরকারি সংস্থার সাথে সমন্বয় সাধন করা;
- ৯) পৌর স্বাস্থ্য কার্যক্রমের তথ্য/পরিসংখ্যান সংরক্ষণ করা ও নির্দেশিত পন্থায় প্রতিবেদন দাখিল করা;
- ১০) পৌর স্বাস্থ্য কার্যক্রমের এবং রোগ নিরীক্ষণের সাময়িক/বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করা এবং পরিদর্শন পরিবীক্ষণ বোর্ড হালনাগাদ করা।

৩.১.৮ পৌরসভার নির্বাচিত প্রতিনিধি ও কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যকার সম্পর্ক


স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৭৮নং ধারায় পৌরসভার নির্বাচিত প্রতিনিধি ও কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যকার সম্পর্ক বিষয়ে দিক-নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনা অনুযায়ী পরিষদের নিয়ন্ত্রণাধীন কর্মকর্তা/কর্মচারীগণের আইনগত অধিকার ও পেশাগত স্বাধীনতা নিশ্চিত করার লক্ষ্যে সরকার, নির্বাচিত প্রতিনিধি এবং পরিষদের নিয়ন্ত্রণাধীন বা পরিষদের উপর ন্যস্ত কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যে সম্পর্ক নির্ধারণ বিষয়ক একটি আচরণ-বিধি প্রণয়ন করবে। পরিষদের যেকোন সভায় উপস্থিত কর্মকর্তাগণের মতামত সভার কার্যবিবরণীতে উল্লেখ্য থাকবে। এছাড়া পরিষদের নির্বাচিত প্রতিনিধি এবং পরিষদে ন্যস্ত কর্মকর্তা/কর্মচারীগণ একে অপরের প্রতি সম্মান প্রদর্শন করবেন এবং যে কোন প্রকার অশোভন আচরণ পরিহার করবেন। আরও উল্লেখ্য থাকে যে, সরকার নির্বাচিত প্রতিনিধিদের আচরণবিধি-বহির্ভূত যেকোন অভিযোগ বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। সর্বোপরি পৌরসভায় নির্বাচিত কোন জনপ্রতিনিধি কোন কর্মকর্তা/কর্মচারীকে কোন কাজ সম্পাদনের জন্য মৌখিক নির্দেশ দিলে উক্ত কাজটি বাস্তবায়নের পূর্বে লিখিত ভাবে জানাতে হবে।

৩.২ পৌরসভার সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় পৌর পরিষদের ভূমিকা

৩.২.১ সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া


সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া এমন একটি কর্ম প্রক্রিয়া যেখানে দুই বা ততোধিক প্রস্তাবনা বা বিকল্প হতে আলোচনার মাধ্যমে যৌক্তিক পছন্দ স্থির করা হয়। সিদ্ধান্ত গ্রহণ মানেই লক্ষ্য অর্জন নয় বরং লক্ষ্য অর্জনের উপায়। এবং সিদ্ধান্ত হলো একটি রায়। পরিষদের সভায় সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া একটি গুরুত্বপূর্ণ অধ্যায় যেখানে মেয়র ও কাউন্সিলরগণ একাধিক বিষয়ের উপর আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করেন এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের মাধ্যমে সেবা বা কাজ সম্পন্ন হয়। পৌরসভার সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া চার্ট আকারে নিচে দেয়া হ'ল:

পৌরসভার সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া/পদ্ধতি (চার্ট/চিত্র)



উদাহরণস্বরূপ কর আদায় সংক্রান্ত বিষয়ের অবতারণা করা যেতে পারে, যেমন: কোন পৌরসভায় পৌরকর আদায় কাঙ্ক্ষিতভাবে হচ্ছে না। ফলে কর্মকর্তা/কর্মচারীদের নিয়মিত বেতন-ভাতা ও পৌর সেবা প্রদান এবং উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন ব্যহত হচ্ছে। এ বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা জরুরী। মেয়র মহোদয় সংশ্লিষ্টদের সাথে আলোচনা করে পৌর পরিষদের সভায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য বিষয়টি আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত করবেন। বিষয়টি সভার আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত করার পূর্বে কর আদায়ের লক্ষ্যমাত্রা, আদায়ের হার (%), আদায় কম হওয়ার কারণ, আদায়কারীদের কর্মপ্রচেষ্টা ইত্যাদি বিষয়ে পরিষদ তথ্য সংগ্রহ করবেন। অতঃপর সভায় আলোচনার জন্য বিষয়টি উত্থাপিত হবে এবং আলোচনায় সকলের অংশগ্রহণ ও অধিক সংখ্যক সদস্যের মতামতের ভিত্তিতে যৌক্তিক সিদ্ধান্ত গৃহীত হবে। পরিষদ সিদ্ধান্ত বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবেন।

উদাহরণ চার্ট আকারে নিচে উপস্থাপিত হ'ল:



৩.২.২ পরিষদের দায়িত্ব, কর্তব্য ও কার্যাবলী

পরিষদ অর্থ পৌরসভার মেয়র ও কাউন্সিলরগণ সমন্বয়ে গঠিত পরিষদ {স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ২ এর উপ-ধারা ৩৮}। পৌরসভার যাবতীয় কার্যাবলী সম্পাদন করার ক্ষমতা পরিষদের। পৌরসভার সকল কার্য বিষয়ে পরিষদ এর সাধারণ অথবা বিশেষ সভায় আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করে এবং গৃহীত সিদ্ধান্ত মোতাবেক পৌরসভার নির্বাহী ক্ষমতা পরিষদের নিকট হতে মেয়র, কাউন্সিলর বা কোন কর্মকর্তা ক্ষমতাপ্রাপ্ত হয়ে বাস্তবায়নের মাধ্যমে পৌর সেবা নিশ্চিত করে।

ধারা ৬২ মোতাবেক নির্বাহী ক্ষমতা এবং কার্য পরিচালনা:

- (১) এই আইনের অধীন পৌরসভার যাবতীয় কার্যাবলী যথাযথভাবে সম্পাদনের জন্য প্রয়োজনীয় সব কিছু করার ক্ষমতা পরিষদের রয়েছে।
- (২) পৌরসভার নির্বাহী ক্ষমতা পরিষদের কাছ হতে ক্ষমতাপ্রাপ্ত মেয়র, কাউন্সিলর বা অন্য কোন কর্মকর্তার মাধ্যমে প্রযুক্ত হবে।
- (৩) সকল কার্য পৌরসভার নামে গৃহীত হয়েছে বলে প্রকাশিত হবে।
- (৪) পৌরসভার দৈনন্দিন সেবামূলক দায়িত্ব তুরাণিত করার জন্য উপ-ধারা (২) এর অধীন নির্বাহী ক্ষমতা বিভাজনের প্রস্তাব পৌরসভা দ্বারা অনুমোদিত হবে এবং প্রয়োজনবোধে সময়ে সময়ে তা সংশোধনের এখতিয়ার পৌরসভার থাকবে, যা একটি বিশেষ সভার মাধ্যমে চূড়ান্ত করতে হবে।

পরিষদের সভায় নিম্নলিখিত কার্যাবলী নিম্নরূপ:


স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৭০ এর বিধান সাপেক্ষে পৌরসভা কার্য বিধিমালা, ২০১২ (বিধি ৪) অনুযায়ী নিম্নবর্ণিত বিষয় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য পরিষদের সভায় উপস্থাপিত হবে:

- (১) পৌরসভার তহবিল সংক্রান্ত বিষয়;
- (২) কর, উপ-কর, রেইট, টোল এবং ফি আরোপের প্রস্তাব ও নির্ধারণ সংক্রান্ত বিষয়;
- (৩) পৌরসভার বার্ষিক বাজেট;
- (৪) পৌরসভার সংশোধিত বাজেট;
- (৫) বাজেটে অন্তর্ভুক্ত নয় এরূপ ব্যয়ের প্রস্তাব;
- (৬) পৌরসভার বার্ষিক হিসাব বিবরণী;
- (৭) পৌরসভার নিরীক্ষা প্রতিবেদন;
- (৮) উন্নয়ন প্রকল্পের প্রস্তাব, এর প্রাক্কলন অনুমোদন ও বাস্তবায়ন;
- (৯) পৌরসভার তহবিল বিনিয়োগ সংক্রান্ত প্রস্তাব;
- (১০) বাস্তবায়নের জন্য পৌরসভার উপর ন্যস্ত অন্যান্য উন্নয়ন প্রকল্প;
- (১১) পৌরসভার বিভিন্ন মেয়াদী ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও প- যান বুক প্রস্তুত এবং এর হালনাগাদকরণ;
- (১২) বাস্তবায়িত প্রকল্পসমূহের পরিবীক্ষণ ও মূল্যায়ন;
- (১৩) পৌরসভা কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন পরিবীক্ষণ;
- (১৪) পৌরসভার উপ-আইন ও প্রবিধান প্রণয়ন সংক্রান্ত প্রস্তাব;
- (১৫) জনস্বার্থ সংশ্লিষ্ট অন্যান্য বিষয়।

৩.২.৩ পরিষদের সভা পরিচালনা পদ্ধতি, সিদ্ধান্ত গ্রহণ ও কার্যবিবরণী প্রস্তুত

পৌরসভার যাবতীয় সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা পরিষদের। পৌরসভার কার্য সংক্রান্ত সিদ্ধান্ত পরিষদের সাধারণ অথবা বিশেষ সভায় গ্রহণ করা হয়। নিম্নোক্ত পদ্ধতি/প্রক্রিয়া অনুসরণ করে পরিষদের সভা পরিচালিত হয়।

পরিষদের সভা পরিচালনা পদ্ধতি/প্রক্রিয়া



ধাপ-০১: সভার কার্যপত্র প্রস্তুত

সভা সুষ্ঠুভাবে পরিচালনা এবং সিদ্ধান্তে উপনীত হওয়ার জন্য সুনির্দিষ্ট আলোচ্যসূচি সম্বলিত কার্যপত্র থাকা বাঞ্ছনীয়। সদস্যদের অল্প সময়ের মধ্যে পরিকল্পিত উপায়ে গঠনমূলক আলোচনায় অংশগ্রহণের উদ্দেশ্যে আলোচ্যসূচি অনুসরণে

সভার কার্যপত্র তৈরী করে সভা অনুষ্ঠানের অন্তত এক সপ্তাহ পূর্বে সভা আহবানের বিজ্ঞপ্তির সাথে সকল সদস্যদের মধ্যে বিতরণ করা অত্যন্ত জরুরী। কার্যপত্রে বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি, বিভিন্ন কমিটি, উপ-কমিটির সুপারিশ সম্বলিত তথ্য, সভার আলোচ্যসূচি অনুযায়ী প্রয়োজনীয় তথ্য, নজির, বিকল্প প্রস্তাব ইত্যাদি বিষয় উল্লেখ থাকবে। (কার্যপত্র সংক্রান্ত নমুনা ছক সংযুক্তি-০১)

ধাপ-০২: সভার নোটিশ জারীকরণ

পরিষদের সভা অনুষ্ঠানের জন্য সাধারণত: ৭ (সাত) দিন পূর্বে সভার নোটিশ জারী করতে হবে। তবে, জরুরী প্রয়োজনে সভা আহবান করা হলে সভা অনুষ্ঠানের কমপক্ষে ২৪ ঘণ্টা পূর্বে নোটিশ প্রদান করতে হবে (স্থানীয় সরকার বিভাগের ২ এপ্রিল ২০১২ তারিখের প্রজ্ঞাপন এস,আর, ও নং-১০৬- পৌরসভা কার্য বিধিমালা, ২০১২)। (নোটিশ সংক্রান্ত নমুনা ছক সংযুক্তি: ২)

ধাপ-০৩: পরিষদের সভা

(ক) স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৬৩ অনুসারে সভা নিম্নরূপ:

- (১) পরিষদ প্রতিমাসে ন্যূনতম একটি সভা অনুষ্ঠান করবে এবং পরিষদের সভায় মেয়র বা ক্ষেত্রমত, প্যানেল মেয়র সভাপতিত্ব করবেন।
- (২) সাধারণত মেয়র পরিষদের সভা আহ্বান করবেন এবং মেয়রের অনুপস্থিতিতে প্যানেল মেয়র সভা আহ্বান করতে পারবেন।
- (৩) ন্যূনতম ৫০% কাউন্সিলরের উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে; যদি কোন সভায় কোরাম পূর্ণ না হয়, তাহলে ঐ সভার সভাপতি এরূপ সভা মূলতবি করবেন অথবা যুক্তিসংগত সময় পর্যন্ত অপেক্ষা করে প্রয়োজনীয় কোরাম হলে সভা পরিচালনা করবেন।
- (৪) উপ-ধারা (৩) এর ক্ষেত্রে সভা স্থগিত হলে পরবর্তী সভায় একই আলোচ্যসূচি সম্পর্কে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা যাবে, এর জন্য কোন কোরামের প্রয়োজন হবে না।
- (৫) সভার আলোচ্যসূচি সম্পর্কে এই আইনে কোন ভিন্নরূপ বিধান না থাকলে, সভায় উপস্থিত সংখ্যাগরিষ্ঠের ভোটের ভিত্তিতে সিদ্ধান্ত গৃহীত হবে এবং কোন প্রস্তাব সংখ্যাগরিষ্ঠ ভোটে গৃহীত হয়েছে বা হয় নাই তা সভাপতি উক্ত সভায় স্পষ্ট করে জানিয়ে দিবেন।
- (৬) সভায় উপস্থিত কাউন্সিলরগণ হাত তুলে প্রস্তাব সম্পর্কে সম্মতি জানাবেন, তবে শর্ত থাকে যে, পৌরসভা যদি কোন বিষয় গোপন ব্যালটের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ প্রয়োজন বলে মনে করেন, তা হলে সে অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ করা যাবে।
- (৭) সভার আলোচ্যসূচিতে কারিগরি ও গুরুত্বপূর্ণ বিষয়ে কোন বিশেষজ্ঞের মতামত প্রয়োজন হলে, পরিষদ উক্ত বিষয় বা বিষয়সমূহে মতামত প্রদানের জন্য এক বা একাধিক বিশেষজ্ঞকে সভায় আমন্ত্রণ জানাতে পারবে।

(খ) পরিষদের সভা অনুষ্ঠান প্রক্রিয়া:

পৌরসভার সভায় সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় মেয়র ও কাউন্সিলরগণ অংশগ্রহণ করবেন {স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা-৩৭}। এছাড়া ধারা-১২১ এ প্রদত্ত ক্ষমতা বলে পৌরসভা পরিষদের সভা পরিচালনার জন্য প্রবিধান প্রণয়ন করতে পারবে। প্রচলিত পদ্ধতি ও আইনের সংশ্লিষ্টতা অনুসরণে পৌর পরিষদের সভা অনুষ্ঠানের বর্তমান প্রক্রিয়া নিচে বর্ণনা করা হ'ল:

- ১। পরিষদের সভায় মেয়র এবং মেয়রের অনুপস্থিতিতে প্যানেল মেয়র সভাপতিত্ব করবেন এবং সভাপতির অনুমতিক্রমে সভার কার্য শুরু হবে (ধারা-৬৩)।
- ২। সচিব বা প্রধান নির্বাহী কর্মকর্তা বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কর্মকর্তা পৌর পরিষদের সভায় সহায়ক কর্মকর্তা হিসাবে অংশগ্রহণ করবেন এবং সভাপতি কর্তৃক নির্দেশিত ব্যক্তি সভার কার্যবিবরণী (নোট) লিপিবদ্ধ করবেন (ধারা-৬৬)।
- ৩। পূর্ব নির্ধারিত নোটিশের আলোচ্যসূচি ও কার্যপত্র অনুযায়ী ধারাবাহিকভাবে সভায় আলোচনা অনুষ্ঠিত হবে।

৪। আলোচ্যসূচির প্রতিটি বিষয় সভায় উপস্থাপিত হবে এবং পরিষদের যে কোন সদস্য সভাপতির অনুমতিক্রমে আলোচনায় অংশগ্রহণ করবেন।

৫। উপস্থাপিত বিষয়ের উপর বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে আইন, বিধিমালা ও পৌরসভার সামর্থ্যের বিষয় বিবেচনায় রেখে সিদ্ধান্ত গৃহীত হবে।

৬। সভায় একই বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠানের পর একাধিক বিকল্প হতে যৌক্তিক একটি বিষয়ে প্রস্তাব গৃহীত হবে।

৭। আলোচ্যসূচির বিবিধ বিষয় বাদে সকল বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের পর বিবিধ বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হবে এবং বিবিধ বিষয়ের অন্তর্ভুক্ত একাধিক বিষয় থাকলে তা বিস্তারিত আলোচনার পর সিদ্ধান্ত গৃহীত হবে।

৮। সভায় আলোচনার আর কোন বিষয় না থাকলে সদস্যদের সাথে আলোচনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করবেন।

(গ) সভা অনুষ্ঠান/পরিচালনায় কাউন্সিলরদের বিশেষ ভূমিকা:

- ১) ওয়ার্ড কমিটির সভায় গৃহীত সুপারিশসমূহ বাস্তবায়নের জন্য পরিষদের সভায় উপস্থাপন ও যৌক্তিকতা তুলে ধরা।
- ২) স্থায়ী কমিটির সভায় গৃহীত সুপারিশসমূহ বাস্তবায়নের জন্য পরিষদের সভায় উপস্থাপন ও যৌক্তিকতা তুলে ধরা।
- ৩) পরিষদের মাসিক ও বিশেষ সভায় উপস্থিত হয়ে ওয়ার্ডবাসীর চাহিদা উপস্থাপন ও অন্যান্য বিষয়সহ সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অংশগ্রহণ।
- ৪) মেয়রের অনুপস্থিতিতে প্যানেল মেয়র হিসেবে পরিষদের সভায় সভাপতিত্ব করা।

ধাপ-০৪: সভার কার্যবিবরণী লিপিবদ্ধকরণ, বিতরণ ও সংরক্ষণ (কার্যবিবরণী প্রণয়ন সংক্রান্ত নমুনা ছক সংযুক্তি-৩)

পরিষদ সভার কার্যবিবরণী লিপিবদ্ধ, বিতরণ ও সংরক্ষণ করবে এবং এই প্রক্রিয়ায় নিম্নলিখিত বিষয়সমূহ অনুসরণ করা হবে (ধারা: ৬৯)।

- ১) সভার কার্যবিবরণীতে উপস্থিত সদস্যগণের নাম উল্লেখকরতে হবে।
- ২) কার্যবিবরণী একটি বাঁধাই করা বইয়ে সংরক্ষণ করবে।
- ৩) প্রতিটি কার্যবিবরণী পরবর্তী সভায় অনুমোদিত হতে হবে।
- ৪) অনুমোদনের ১৪ দিনের মধ্যে সভার কার্যবিবরণী সরকারের নিকট প্রেরণ করতে হবে।
- ৫) প্রত্যেকটি সভার কার্যবিবরণী কাউন্সিলরগণের মধ্যে যথাসময়ে বিতরণ করতে হবে।
- ৬) গোপনীয় না হলে কার্যবিবরণী পৌরসভা কর্তৃক নির্দিষ্ট করা স্থানে প্রদর্শন করতে হবে।
- ৭) গোপনীয় ব্যতীত অন্যান্য কার্যবিবরণীর কপি নির্ধারিত ফিস এর বিনিময়ে যে কোন নাগরিককে প্রদান করা যাবে।
- ৮) পরিষদের প্রত্যেকটি সভার কার্যবিবরণী উক্ত উদ্দেশ্যে সংরক্ষিত একটি রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে।

সংযুক্তি: (১) পরিষদের সভার কার্যপত্র (নমুনা)

-----পৌরসভা কার্যালয় -----, জেলা: ----- <u>www.-----municipality.gov.bd</u>				
বিষয় : ----- তারিখে পৌর সম্মেলন কক্ষে অনুষ্ঠিতব্য পরিষদ সভার কার্যপত্র।				
ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা (সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় তথ্য/উপাত্ত বা পূর্ব নজির যদি থাকে)	সম্ভাব্যসিদ্ধান্ত/সুপারিশ	মন্তব্য
১।	পৌরসভার চলমান কাজের (৩টি বিভাগের ১১টি সেকশন) অগ্রগতি পর্যালোচনা কাজের (৩টি বিভাগের ১১টি সেকশন) অগ্রগতি পর্যালোচনা পৌরসভার চলমান কাজের (৩টি	<ul style="list-style-type: none"> ● ২ টি রাস্তা মেরামত ও রক্ষণাবেক্ষণের অগ্রগতি ৬০% ● ৪ ও ৭ নং ওয়ার্ডে চলতি ত্রৈমাসিক কর আদায়ের হার ৩০% 	<ul style="list-style-type: none"> ● বর্ষাকাল শুরু হওয়ার আগে কাজটি সম্পন্ন হওয়া প্রয়োজন। ● কর আদায়ের হার বৃদ্ধির লক্ষ্যে আদায়কারীগণকে ৪ ও ৭ নং ওয়ার্ডের কাউন্সিলর সাহেবগণের সহায়ত নিতে হবে। 	
২।				
৩।	স্থায়ী কমিটি ও ওয়ার্ড কমিটিসহ বিভিন্ন কমিটির সুপারিশের উপর আলোচনা	<ul style="list-style-type: none"> ● পৌরসভা উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে নগর পরিকল্পনা, নাগরীক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি সুপারিশ পেশ করেছে। 	<ul style="list-style-type: none"> ● পৌরসভা উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন পৌরসভার জন্য একটি গুরুত্বপূর্ণ কাজ। এবিষয়ে সংশ্লিষ্ট সকল কমিটি ও কর্মকর্তাগণকে সহায়তা প্রদানের জন্য নির্দেশনা প্রদান। 	
৪।	বিবিধ			
৫।				
তারিখ :-----		মেয়রের স্বাক্ষর----- (নাম)		

সংযুক্তি: (২) আলোচ্যসূচিসহ পরিষদের মাসিক সভার নোটিশ (নমুনা)

-----পৌরসভা কার্যালয়

-----, জেলা: -----

www.-----municipality.gov.bd

মাসিক সভার নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ----- তারিখ -----বার সকাল ----- টায় পৌরসভার সভাকক্ষে পৌর মেয়র জনাব ----- এর সভাপতিত্বে পৌর পরিষদের ----- তম মাসিক/সাধারণ সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

আলোচ্যসূচি:

- ১। বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।
- ৩। পৌরসভার চলমান কাজের (৩টি বিভাগের ১১টি সেকশন) অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ৪। স্থায়ী কমিটি ও ওয়ার্ড কমিটিসহ বিভিন্ন কমিটির সুপারিশের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ৫। বিবিধ।

সংযুক্তি: সভার কার্যপত্র (১ প্রস্থ)

(নাম -----)
প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব
----- পৌরসভা।

বিতরণ:

- ১। জনাব -----, কাউন্সিলর-----নং ওয়ার্ড ----- পৌরসভা।
- ২। জনাব -----।
- ৩। মেয়র মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মেয়র মহোদয়ের অবগতির জন্য)
- ৪। অফিস কপি।

(নাম -----)
প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব
----- পৌরসভা।

সংযুক্তি : (৩) পৌর পরিষদের মাসিক সভার কার্যবিবরণী (নমুনা)

-----পৌরসভা কার্যালয়
-----, জেলাঃ -----
www.-----municipality.gov.bd
----- মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভায় উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও উপস্থিতির স্বাক্ষর পরিশিষ্ট 'ক'

অদ্য ----- তারিখ রোজ -----বার সকাল ----- টায় পৌরসভার সভাকক্ষে মেয়র জনাব ----- এর সভাপতিত্বে পৌর পরিষদের -----তম মাসিক/বিশেষ সভা অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" সংযুক্ত করা হ'ল।

আলোচ্যসূচি-০১: বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন

বিগত সভার কার্যবিবরণী পাঠ	কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হওয়ার বিষয়ে আলোচনা	প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে)	সিদ্ধান্ত
১। কার্যবিবরণী পাঠ করা হয়েছে	কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হয়েছে।		

আলোচ্যসূচি-০২: বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা

ক্রমিক নং	পূর্ববর্তী সভার সিদ্ধান্ত /সুপারিশ সমূহ	বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা/বর্তমান অবস্থা	মন্তব্য	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
১।				
২।				

আলোচ্যসূচি-০৩: পৌরসভার চলমান কাজের (৩টি বিভাগের ১১টি সেকশন) অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়সূচিসহ)	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
১।	বিভাগভিত্তিক			
২।				

আলোচ্যসূচি-০৪: স্থায়ী কমিটি ও ওয়ার্ড কমিটিসহ বিভিন্ন কমিটির সুপারিশের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ

ক্রমিক নং	আলোচ্য বিষয় (কমিটির সুপারিশ)	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়সূচিসহ)	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
১।				
২।				

আলোচ্যসূচি-০৫: বিবিধ

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়সূচিসহ)	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
১।				
২।				

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(নাম -----)
মেয়র, ----- পৌরসভা।

-----পৌরসভা কার্যালয়
-----, জেলাঃ -----
www.-----municipality.gov.bd
----- মাসের মাসিক সভার কার্যবিবরণী

স্মারক নং- _____ তারিখ: _____

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। সিনিয়র সচিব/সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপ-সচিব, স্থানীয় সরকার বিভাগ (পৌর-০১/০২ শাখা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জনাব -----, কাউন্সিলর, -----নং ওয়ার্ড, ----- পৌরসভা।
- ৪। জনাব -----।
- ৫। অফিস কপি।

(নাম -----)
প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব
----- পৌরসভা।

৩.৩ স্থায়ী কমিটির ভূমিকা

৩.৩.১ ভূমিকা

পৌরসভা একটি সংবিধিবদ্ধ স্থানীয় সরকার প্রতিষ্ঠান যা বর্তমানে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ অনুসারে পরিচালিত। নাগরিকদের উন্নত সেবা প্রদানের লক্ষ্যে পৌরসভা অবকাঠামোগত উন্নয়নসহ বিভিন্ন ধরনের উন্নয়নমূলক পরিকল্পনা বাস্তবায়ন ও সেবামূলক কাজ করে থাকে। প্রকার ও সাদৃশ্য অনুযায়ী এসব কাজ কয়েকটি ভাগে বিভক্ত করে তা বাস্তবায়নের বিষয়ে খুঁটিনাটি পর্যালোচনা করে সুপারিশমালা প্রণয়ন এবং পৌর পরিষদের পরবর্তী সাধারণ সভায় উপস্থাপনের জন্য স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৫৫ (১) অনুযায়ী ১০টি স্থায়ী কমিটি এবং ধারা ৫৫ (২) অনুযায়ী অতিরিক্ত স্থায়ী কমিটি গঠনের বিধান রাখা হয়েছে।

৩.৩.২ স্থায়ী কমিটি গঠন প্রক্রিয়া

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ২ (উপ-ধারা ৬৭) অনুযায়ী ‘স্থায়ী কমিটি’ অর্থ এ আইনের অধীন গঠিত পৌরসভার স্থায়ী কমিটি। পৌরসভা গঠিত হওয়ার পর পরিষদের প্রথম অথবা তৎপরবর্তী কোন সভায় কার্যপরিধি ও আড়াই বৎসর মেয়াদ নির্ধারণ করে বিধি অনুযায়ী পৌরসভা নিম্নবর্ণিত ১০টি স্থায়ী কমিটি গঠন করবে {ধারা ৫৫ (১)}। যথা:-

- (ক) সংস্থাপন ও অর্থ;
- (খ) কর নিরূপণ ও আদায়;
- (গ) হিসাব ও নিরীক্ষা;
- (ঘ) নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন;
- (ঙ) আইন-শৃঙ্খলা ও জননিরাপত্তা;
- (চ) যোগাযোগ ও ভৌত অবকাঠামো;
- (ছ) মহিলা ও শিশু;
- (জ) মৎস্য ও প্রাণি সম্পদ;
- (ঝ) তথ্য ও সংস্কৃতি; এবং
- (ঞ) বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ।

উপরোক্ত স্থায়ী কমিটি ব্যতীত প্রতি পৌরসভা প্রয়োজনে অতিরিক্ত নিম্নোক্ত স্থায়ী কমিটি গঠন করতে পারবে {ধারা ৫৫ (২)}। যথা:

- বেসরকারী সংস্থার সহিত সমন্বয় কমিটি;
- দুর্যোগ ব্যবস্থাপনা;
- বাজার ব্যবস্থাপনা;
- নারী উন্নয়ন;
- দারিদ্র্য নিরসন ও বস্তি উন্নয়ন
- স্বাস্থ্য, পানি ও স্যানিটেশন;
- আবর্জনা অপসারণ ও হস্তান্তর ইত্যাদি।

যে সকল পৌরসভা নির্বাচিত সদস্য সংখ্যার স্বল্পতাহেতু এই ধারায় প্রণীত সকল বিষয়ে পৃথক পৃথক স্থায়ী কমিটি কার্যকর করা সম্ভব হবে না, সে সকল পৌরসভার ক্ষেত্রে একাধিক বিষয়ে একটি স্থায়ী কমিটি গঠন করা যাবে {ধারা ৫৫ (৪)}। যেমন: (ক) মৎস্য ও পশু সম্পদ এবং দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী কমিটি (খ) বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ এবং বাজার ব্যবস্থাপনা স্থায়ী কমিটি (গ) মহিলা ও শিশু, নারী উন্নয়ন এবং দারিদ্র্য নিরসন ও বস্তি উন্নয়ন স্থায়ী কমিটি ইত্যাদি {ধারা ৫৫ (৪)}।

স্থায়ী কমিটি গঠনে অনুসরণীয় আইনের বিধান:

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৫৫ অনুসারে স্থায়ী কমিটির গঠনে আইনের বিধান নিম্নরূপ:

- ১) মেয়রসহ স্থায়ী কমিটি হবে সর্বোচ্চ ৫ সদস্য বিশিষ্ট।
- ২) স্থায়ী কমিটির সভাপতি ও অন্য ৩ (তিন) জন সদস্য কাউন্সিলরগণের মধ্য হতে নির্বাচিত হবে।
- ৩) মেয়র আইন-শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি হবেন।
- ৪) কোন কাউন্সিলর পরিষদের সিদ্ধান্ত ব্যতীত একের অধিক কমিটির সভাপতি হতে পারবেন না।
- ৫) প্রতিটি স্থায়ী কমিটিতে অন্যান্য শতকরা ৪০ ভাগ নারী সদস্য রাখা যাবে।
- ৬) কমিটির সভাপতি বা কোন সদস্য অনিবার্য কারণবশত দুই মাসের অধিক সময় অনুপস্থিত থাকার সম্ভাবনা থাকলে পরিষদ এর অন্য কোন কাউন্সিলরকে উক্ত পদের দায়িত্ব প্রদানের জন্য সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।
- ৭) স্থায়ী কমিটি এর কাজের সুবিধার্থে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ কোন ব্যক্তিকে কমিটির সদস্য হিসাবে অন্তর্ভুক্ত (CO-OPT) করতে পারবেন কিন্তু সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সংযোজিত (CO-OPT) সদস্যের কোন ভোটাধিকার থাকবে না।
- ৮) স্থায়ী কমিটির সভাপতি অথবা সদস্য মেয়র বরাবর লিখিতভাবে আবেদনের মাধ্যমে কমিটির পদ হতে পদত্যাগ করতে পারবেন এবং এরূপ পত্র প্রাপ্তির তারিখ হতেই পদত্যাগ কার্যকর হবে।
- ৯) স্থায়ী কমিটির মেয়াদকাল হবে ২.৫ বছর।

স্থায়ী কমিটি গঠনের নমুনা:

উদাহরণ ১: আইন-শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির গঠন:

ক্র. ইং	নাম	পদবী	কমিটিতে পদবী/অবস্থান
১।		মেয়র	সভাপতি
২।		কাউন্সিলর (সাধারণ/সংরক্ষিত), ওয়ার্ড নং---	সদস্য
৩।		কাউন্সিলর (সাধারণ/সংরক্ষিত), ওয়ার্ড নং---	সদস্য
৪।		কাউন্সিলর (সাধারণ/সংরক্ষিত), ওয়ার্ড নং---	সদস্য
৫।		কাউন্সিলর (সাধারণ/সংরক্ষিত), ওয়ার্ড নং---	সদস্য

উদাহরণ ২: আইন-শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি বাদে সকল স্থায়ী ও অতিরিক্ত স্থায়ী কমিটির গঠন:

ক্র.নং	নাম	পদবী	কমিটিতে পদবী/অবস্থান
১।		কাউন্সিলর (সাধারণ/সংরক্ষিত), ওয়ার্ড নং --	সভাপতি
২।		মেয়র (পদাধিকার বলে)	সদস্য
৩।		কাউন্সিলর (সাধারণ/সংরক্ষিত), ওয়ার্ড নং---	সদস্য
৪।		কাউন্সিলর (সাধারণ/সংরক্ষিত), ওয়ার্ড নং---	সদস্য
৫।		কাউন্সিলর (সাধারণ/সংরক্ষিত), ওয়ার্ড নং---	সদস্য

৩.৩.৩ স্থায়ী ও অতিরিক্ত স্থায়ী কমিটিসমূহের কার্যাবলী

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৫৬ (১) ধারা মতে স্থায়ী কমিটির কার্যাবলী উপ-আইন দ্বারা নির্ধারিত হবে। তবে উপ-আইন প্রণীত না হওয়া পর্যন্ত পরিষদের সাধারণ সভায় স্থায়ী কমিটির কার্যাবলী নির্ধারণ করা যাবে। একই আইনের ১২২ ধারা মতে এরূপ উপ-আইন প্রণয়নের ক্ষমতা পৌরসভার উপর ন্যস্ত করা হয়েছে। উল্লেখ্য, প্রতিটি স্থায়ী কমিটির গঠন ও কার্যপরিধির আদেশ পৃথক পৃথকভাবে জারি করতে হবে। পৌরসভা এর চাহিদা ও প্রয়োজন মোতাবেক পরিষদের সভায় কমিটির গঠন ও কার্যাবলী নির্ধারণ করবে। এ সংক্রান্ত বিষয়ে স্থানীয় সরকার বিভাগ (পৌর-১ শাখা) এর ০২.০১.২০১৩ তারিখের স্মারক নং-৪৬.০৬৩.০২২.০০.০০১.২০১২ (অংশ-৩)-০৭ মোতাবেক পৌরসভার স্থায়ী কমিটি গঠন ও কমিটির কার্যাবলী সংক্রান্ত পৌরসভা কর্তৃক কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা ও নমুনা কপি পাঠানো হয়েছে-যাতে ১০টি স্থায়ী কমিটি ও অতিরিক্ত স্থায়ী কমিটির সম্ভাব্য কার্যপরিধির নমুনা উল্লেখকরা হয়েছে। উক্ত খসড়া উপ-আইনমালা ও পৌরসভার প্রকৃত চাহিদা বা প্রয়োজন বিবেচনায় নিয়ে পৌরসভাকে প্রয়োজনীয় সংখ্যক স্থায়ী কমিটি গঠন এবং গঠিত স্থায়ী কমিটির কার্যপরিধি নির্ধারণ করতে হবে।

৩.৩.৪ স্থায়ী কমিটির দায়িত্ব ও কার্যাবলী সম্পাদন প্রক্রিয়া

স্থায়ী কমিটির সভায় গৃহীত নির্ধারিত বিষয়ের সিদ্ধান্তসমূহ সুপারিশ আকারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য পরিষদের সভায় উপস্থাপন করতে হবে। স্থায়ী কমিটির সকল কার্যধারা পরিষদের সাধারণ সভার অনুমোদন সাপেক্ষে চূড়ান্ত হবে। স্থায়ী কমিটির সুপারিশ পৌর পরিষদে গৃহীত না হলে পৌর মেয়র এর যথার্থতা ও কারণ লিখিতভাবে স্থায়ী কমিটিকে জানাবে-যার উপর স্থায়ী কমিটির পরবর্তী সভা আলোচনা করে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করবে।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৫৭ এবং ৫৮ অনুসারে এবং এ সংক্রান্ত উপ আইনের বিধান অথবা পৌর পরিষদের সিদ্ধান্ত অনুসরণ পূর্বক স্থায়ী কমিটি যথাসময়ে সভা অনুষ্ঠান, কার্যবিবরণী প্রণয়ন ও সংরক্ষণ করবে। এজন্য নিম্নোক্ত বিধানাবলী অনুসরণ করতে হবে:

- ১) কোন বিশেষজ্ঞ ব্যক্তি বা নাগরিক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে স্থায়ী কমিটির সভায় উপস্থিত হয়ে মতামত প্রদান করতে পারবেন।
- ২) কমিটির কোন সদস্যের আর্থিক বা লাভজনক কর্মকাণ্ডে পৌরসভার সঙ্গে সংশ্লিষ্টতা থাকলে ঐ সকল বিষয়ে উক্ত সদস্য স্থায়ী কমিটির সভায় অংশগ্রহণ করতে পারবেন না।
- ৩) স্থায়ী কমিটির সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ কার্যবিবরণী আকারে লিপিবদ্ধ ও সংরক্ষণ করতে হবে।
- ৪) স্থায়ী কমিটির সভায় উপস্থিত প্রত্যেক কাউন্সিলর অথবা সদস্যের স্বাক্ষর গ্রহণ করে সংরক্ষণ করতে হবে এবং লিপিবদ্ধ কার্যবিবরণী মেয়র বা সভাপতি কর্তৃক স্বাক্ষরিত হবে।
- ৫) সভা অনুষ্ঠানের পরবর্তী অনধিক ১৪ কার্যদিবসের মধ্যে কার্যবিবরণী লিপিবদ্ধ করে সংরক্ষণ করতে হবে এবং যে কোন ব্যক্তি নির্ধারিত ফিস পরিশোধ সাপেক্ষে কার্যবিবরণীর কপি সংগ্রহ করতে পারবেন।

কার্যকর অনুশীলন

আইন-শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির কার্যকর পদক্ষেপ

বাংলাদেশের একটি পৌরসভার কয়েকটি ওয়ার্ডে হঠাৎ করে অপরাধ প্রবণতা ও বিভিন্ন সামাজিক সমস্যা বেড়ে যায়। পরিস্থিতি নিয়ন্ত্রণে পৌরসভা আইন-শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির সভা আহ্বান করে। কমিটি সংশ্লিষ্ট থানার পুলিশ বিভাগের ভারপ্রাপ্ত কর্মকর্তা, টিএলসিসির প্রতিনিধি এবং স্থানীয় ২/১ জন্য গণমান্য ব্যক্তিকে সদস্য হিসাবে কো-অপট করে সভা করেন এবং এলাকার নাগরিকদের নিরাপত্তা ও আইন শৃঙ্খলা রক্ষা ও অপরাধ প্রতিরোধের জন্য কতিপয় পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেন (আইন-শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির কর্মপরিরিধির আলোকে)। স্থায়ী কমিটির সিদ্ধান্তসমূহ সুপারিশ আকারে পরবর্তী পৌর পরিষদের সভায় উপস্থাপিত হয় এবং সুপারিশসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। ফলাফলে দেখা যায়, কিছুদিনের মধ্যেই পৌর এলাকার আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি হয় এবং অপরাধ প্রবণতা হ্রাস পায়। আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণ ও নাগরিক নিরাপত্তা নিশ্চিতকল্পে কমিটি নিয়মিত সভা ও কার্যক্রম অব্যাহত রাখে।



৩.৪ পৌরসভার কর্মকাণ্ডে নাগরিক অংশগ্রহণ

৩.৪.১ নাগরিক অংশগ্রহণের উদ্দেশ্য ও এর উপকারিতা

গণতান্ত্রিক সরকার ব্যবস্থায় স্থানীয় বা কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার একটি অবিচ্ছেদ্য অংশ হচ্ছে নাগরিক অংশগ্রহণ। যে কোন সরকারের পরিচালনা ব্যয় প্রধানত জনগণের করের মাধ্যমে সংস্থান করা হয়ে থাকে এবং এ কারণে কর দাতাদের নিকট জবাবদিহিতা নিশ্চিত করা আবশ্যিক। অন্যভাবে বলতে গেলে, সরকারের সিদ্ধান্ত ও কার্যক্রমের জন্য নাগরিকবৃন্দের নিকট জবাবদিহিতা নিশ্চিত করা আবশ্যিক। যে কোন সরকার ব্যবস্থায় সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় নাগরিকবৃন্দের অংশগ্রহণের মাধ্যমে তার স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হয়।

সরকার এবং নাগরিক-উভয়ের জন্যই নাগরিক অংশগ্রহণ উপকারী।

নাগরিক অংশগ্রহণের উপকারিতা

নাগরিকদের জন্য

- ✧ নাগরিকগণ তাদের নিজস্ব চাহিদা ও প্রয়োজনীয়তার নিরিখে সরকারের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অংশগ্রহণ করার অধিকারপ্রাপ্ত হন এবং এর ফলে সরকার কর্তৃক পরিবেশিত পরিষেবার মান উন্নয়ন ত্বরান্বিত হয়।

সরকারের জন্য

- ✧ নাগরিক অংশগ্রহণের ফলে সরকারের প্রতি জনগণের আস্থা ও সরকারের জনপ্রিয়তা বৃদ্ধি পায়।
- ✧ নাগরিক অংশগ্রহণের ফলে নাগরিকবৃন্দের মধ্যে নাগরিক সচেতনতা বৃদ্ধি পায়, যা তাদেরকে কর প্রদানে এবং সরকারের কার্যক্রম পরিচালনায় সহযোগিতা করতে উৎসাহিত করে।

৩.৪.২ পৌরসভার আইন প্রণয়নের পটভূমি ও নাগরিকদের অংশগ্রহণ

বাংলাদেশ একটি গণতান্ত্রিক রাষ্ট্র এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের শুরুর ভেতাই উল্লেখ করা হয়েছে যে, “প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ;।” অনুচ্ছেদ: ৭ (১)। এই মৌল নীতির উপর ভিত্তি করে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এ নাগরিকবৃন্দের অংশগ্রহণ বিষয়ক কতিপয় ধারা সংযোজন করা হয়েছে, যেমন:

- ধারা ১৪ অনুযায়ী পৌর এলাকার প্রত্যেক ওয়ার্ডে অনুমোদনক্রমে অনধিক ১০ সদস্যের একটি “ওয়ার্ড কমিটি” গঠন করতে হবে এবং প্রতিটি ওয়ার্ডের নির্বাচিত কাউন্সিলর ঐ ওয়ার্ডের ওয়ার্ড কমিটির সভাপতি হবেন। ১০ সদস্যবিশিষ্ট এই কমিটির ৪০% সদস্য হবেন নারী। অন্যান্য বিষয়ের মধ্যে এই ওয়ার্ড কমিটির অন্যতম প্রধান কাজ হবে, “উন্মুক্ত সভার মাধ্যমে ওয়ার্ডের নাগরিকগণকে পৌরসভার উন্নয়ন ও প্রশাসনিক কর্মসূচিতে সম্পৃক্ত করা।”
- ধারা ৫৭ অনুযায়ী কোন বিশেষজ্ঞ ব্যক্তি/নাগরিক/নাগরিকবৃন্দ ইচ্ছা প্রকাশ করলে তাঁদের আবেদনের পরিপ্রেক্ষিতে পরিষদ বা পরিষদের স্থায়ী কমিটি বা অন্য কোন কমিটি সংশ্লিষ্ট সভায় তিনি/তাঁদেরকে উপস্থিত থাকার অনুমতি দিতে পারবে এবং কোন নির্দিষ্ট বিষয়ে তাঁদের মতামত গ্রহণ করে যথাযথ মনে হলে উক্ত মতামতের আলোকে সিদ্ধান্ত বা সুপারিশমালা গ্রহণ করতে পারবে।
- ধারা ১১৫ অনুযায়ী প্রতি পৌরসভায় নির্বাচিত পৌর পরিষদ সেবামূলক ও অন্যান্য কাজে জনগণের মতামত গ্রহণের জন্য কমিটি গঠন করবে—যার সদস্য সংখ্যা হবে সর্বোচ্চ ৫০ জন।

৩.৪.৩ ওয়ার্ড কমিটির মাধ্যমে নাগরিক অংশগ্রহণ

যদিও স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ বা অন্য কোন আইনে ওয়ার্ড কমিটি গঠনের উদ্দেশ্য নির্ধারণ করে দেওয়া হয়নি, তথাপি ওয়ার্ড কমিটির কার্যক্রম এমন একটি পরিমণ্ডল সৃষ্টি করবে যেখানে:

- পৌরসভা ওয়ার্ড পর্যায়ে পৌরসভার অবকাঠামো, পরিষেবা ও অন্যান্য সাধারণ আর্থ-সামাজিক সমস্যাবলীর বিষয়ে নির্বাচিত জনপ্রতিনিধি ও বিভিন্ন সংশ্লিষ্ট মহলের সাথে আলোচনার মাধ্যমে ওয়ার্ড পর্যায়ের চাহিদা নির্ধারণ করতে সক্ষম হয়।
- পৌরসভার নির্বাচিত জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভিন্ন মহলের সাথে পৌরসভার উন্নয়ন কর্মকাণ্ডের অগ্রগতি, গুণগত মান ও সমস্যা সম্পর্কে আলোচনার মাধ্যমে পৌরসভার স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পায়।

- ওয়ার্ড কমিটি (WC) এর বিভিন্ন প্রকার সচেতনতা বৃদ্ধিমূলক কর্মকাণ্ডের মাধ্যমে পৌরসভার কার্যাবলী সম্পর্কে নাগরিক সচেতনতা ও দায়িত্ববোধ বৃদ্ধি করা।

ওয়ার্ড কমিটির গঠন কাঠামো

২৬ জুন ২০১২ তারিখে স্থানীয় সরকার বিভাগ “পৌরসভা (ওয়ার্ড কমিটি গঠন এবং কার্যপরিধি) বিধিমালা, ২০১২” নামে একটি প্রজ্ঞাপন সরকারি গেজেট হিসেবে জারি করে। এই বিধিমালা মোতাবেক, নিম্নবর্ণিত সদস্য সংখ্যার সমন্বয়ে ওয়ার্ড কমিটি গঠন করতে হবে, যার সদস্য সংখ্যা ১০ জনের বেশি হবে না, এবং কমিটিতে কমপক্ষে ৪০% নারী সদস্য অন্তর্ভুক্ত হবেন।

ওয়ার্ড কমিটির গঠন কাঠামো

পদবী	প্রতিনিধিত্ব
সভাপতি	সংশ্লিষ্ট ওয়ার্ড এর নির্বাচিত ওয়ার্ড কাউন্সিলর
সহ-সভাপতি	সংশ্লিষ্ট ওয়ার্ডের (সংরক্ষিত আসন) নির্বাচিত নারী কাউন্সিলর
সদস্য	নগর দরিদ্র জনগোষ্ঠীর ৩ (তিন) জন প্রতিনিধি
সদস্য	নাগরিক সমাজের ২ (দুই) জন প্রতিনিধি
সদস্য	পেশাজীবী সংগঠনের ২ (দুই) জন প্রতিনিধি
সদস্য-সচিব	সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী

ওয়ার্ড কমিটির কার্যপরিধি

স্থানীয় সরকার পৌরসভা আইন, ২০০৯ অনুসারে ওয়ার্ড কমিটির প্রধান দায়িত্ব হচ্ছে, পৌরসভার উন্নয়নমূলক ও প্রশাসনিক কার্যক্রমের সাথে স্থানীয় জনগণকে সম্পৃক্ত করা। উল্লিখিত বিধিমালায় বর্ণিত ওয়ার্ড কমিটির কার্যাবলী নিচের সারণিতে উল্লেখ করা হ'ল।

ওয়ার্ড কমিটির কার্যপরিধি

	ওয়ার্ড কমিটির কার্যপরিধি/কার্যাবলী
১.	ওয়ার্ডের চলমান এবং বাস্তবায়িতব্য উন্নয়নমূলক কাজের অগ্রগতি, গুণগত মান ও সমস্যা নিয়ে ওয়ার্ডের নাগরিকগণের সঙ্গে আলোচনা করা;
২.	কমিটির সভায় ওয়ার্ডের অবকাঠামো এবং সেবা ও সমস্যাসমূহ উপস্থাপন করা;
৩.	জনগণকে কর, উপ-কর, বিল, ফিস, টোল ও রেইট, ইত্যাদি প্রদান/পরিশোধের জন্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করা;
৪.	জন্ম-মৃত্যু নিবন্ধনসহ অত্যাৱশ্যকীয় আর্থ-সামাজিক উপাত্ত সংগ্রহ;
৫.	সড়ক বাতি, নিরাপদ পানির উৎস ও অন্যান্য জনকল্যাণমূলক প্রকল্প নির্ধারণের জন্য পরিষদকে পরামর্শ প্রদান;
৬.	পরিষ্কার-পরিচ্ছন্নতা, স্যানিটেশন, পরিবেশ সংরক্ষণ, বৃক্ষ রোপণ ইত্যাদি বিষয়ে জনসচেতনতা সৃষ্টি করা;
৭.	ওয়ার্ডের বিভিন্ন শ্রেণি ও পেশার লোকদের মধ্যে ঐক্য ও সুসম্পর্ক সৃষ্টি করার বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা;
৮.	সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচিভুক্ত, যেমন: ভিজিডি, ভিজিএফ, বয়স্কভাতা, ভর্তুকি ইত্যাদির জন্য নির্ধারিত ব্যক্তিদের তালিকা তৈরি করে পৌরসভায় প্রেরণ করা;
৯.	জনস্বাস্থ্য বিষয়ক কার্যক্রম, বিশেষত বিভিন্ন প্রকার রোগ প্রতিরোধ, পরিবার পরিকল্পনা কার্যক্রম, বর্জ্য অপসারণের ক্ষেত্রে স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে সহায়তা করা;
১০.	মহামারী ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় জরুরী ভিত্তিতে কার্যক্রম গ্রহণ করা;
১১.	পৌরসভা কর্তৃক বাজেট অনুমোদন সাপেক্ষে প্রতি ছয় মাসে একবার ১৫০ জন গণ্যমান্য ব্যক্তিকে আমন্ত্রণ জানিয়ে ওয়ার্ডের সার্বিক কর্মকাণ্ড সম্পর্কে উন্মুক্ত আলোচনা করা এবং জনগণের মতামত বাস্তবায়নের জন্য তা পরিষদে প্রেরণ করা;
১২.	সরকার এবং পরিষদ কর্তৃক সময় সময় অর্পিত অন্য কোন দায়িত্ব যথাযথভাবে পালন করা।

ওয়ার্ড কমিটির সভা

উল্লিখিত কার্যপরিধির নির্ধারিত শর্তানুসারে প্রতি তিন মাসে কমপক্ষে একবার ওয়ার্ড কমিটির সভা আয়োজন করতে হবে। ওয়ার্ড কমিটির সভা আয়োজন করার জন্য নিম্নবর্ণিত পদক্ষেপসমূহ অনুসরণ করা যেতে পারে:

- ১) সদস্য-সচিব কর্তৃক খসড়া কার্যপত্র প্রণয়ন করা;
- ২) সভাপতি কর্তৃক সভার তারিখ নির্ধারণ করা;
- ৩) সদস্য-সচিব কর্তৃক সভার কার্যবিবরণীসহ নোটিশ ইস্যু করা;
- ৪) সভা আয়োজন করা;
- ৫) সভার সভাপতি, সদস্যবৃন্দ ও সদস্য-সচিব কর্তৃক প্রস্তাবনাসহ সভার কার্যবিবরণী প্রণয়ন করা;

কার্যপত্র হচ্ছে একটি দলিল যেখানে পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়নের অগ্রগতি লিপিবদ্ধ করা হয়ে থাকে। কার্যপত্র পরবর্তী সভার আলোচনা কার্যকরভাবে পরিচালনা করতে সহায়তা করে। কার্যপত্রের সাথে পরবর্তী সভার আলোচ্যসূচিও অন্তর্ভুক্ত হতে পারে এবং সভার নোটিশের সাথে বিতরণ করা যেতে পারে।

ওয়ার্ড কমিটির ইতিবাচক চর্চা

- ✧ ওয়ার্ড কমিটির সভায় ওয়ার্ড কমিটি পৌরসভার কার্যক্রম তুলে ধরে।
- ✧ ওয়ার্ড কমিটি পৌরসভার উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে নারীদের সম্পৃক্তকরণ নিশ্চিত করে।
- ✧ ওয়ার্ডের সকল বিবাহ, জন্ম ও মৃত্যু নিবন্ধনে ওয়ার্ড কমিটি পৌরসভাকে সহযোগিতা করে।
- ✧ ওয়ার্ড কমিটি ওয়ার্ড এলাকায় নারী পাচার, বাল্যবিবাহ ও যৌতুক-বিরোধী প্রচারাভিযান পরিচালনা করে এবং নাগরিকদের সম্পৃক্ততা নিশ্চিত করে।
- ✧ অপরাধ দমনে ওয়ার্ড কমিটি পৌর ও থানা পুলিশকে সহযোগিতা করে।
- ✧ ওয়ার্ড কমিটি শিশুদের স্কুলে পাঠানো নিশ্চিত করার জন্য ওয়ার্ডে অভিভাবক সভার আয়োজন করে।
- ✧ ওয়ার্ড কমিটি পরিচ্ছন্নতা কাজ পরিদর্শন করে এবং এ ব্যাপারে জনগণকে উদ্বুদ্ধ করে।

৩.৪.৪ শহর সমন্বয় কমিটির মাধ্যমে নাগরিক অংশগ্রহণ

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ১৪ এবং ১১৫ ধারা অনুসারে এবং স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ৯ মার্চ, ২০১১ তারিখের ২৫৮ নং স্মারকের জারিকৃত অফিস অর্ডার অনুসারে পৌরসভার উন্নয়ন কর্মকাণ্ডে সর্বস্তরের জনগণের অংশগ্রহণের মাধ্যমে মতামত প্রদানের অধিকতর সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রত্যেক পৌরসভায় একটি করে শহর সমন্বয় কমিটি (টিএলসিসি) গঠন করা হবে। যদিও কোন আইন বা বিধিমালায় শহর পর্যায়ের কমিটির কার্যপরিধি নির্ধারণ করে দেওয়া হয়নি, তবুও এর কার্যকর প্রভাব হবে নিম্নরূপ:

টিএলসিসির কার্যকর প্রভাব হবে নিম্নরূপ:

- উন্নয়ন কার্যক্রম এবং পৌরসভার অন্যান্য কার্যক্রম সম্পর্কিত বিষয়ে নাগরিক প্রতিনিধিদের সাথে আলোচনার মাধ্যমে নাগরিকদের দাবি ও চাহিদার ভিত্তিতে পৌরসভাসমূহ পরিষেবা প্রদান করবে;
- পৌরসভার বার্ষিক বাজেট, অর্থনৈতিক পরিস্থিতি এবং উন্নয়নমূলক কর্মকাণ্ড ও পরিষেবা সম্পর্কিত আলোচনার মাধ্যমে পৌরসভার স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে;
- জনসচেতনতা বৃদ্ধির মাধ্যমে নাগরিক দায়িত্ববোধ বৃদ্ধির ফলে পৌরসভার কার্যাবলী সম্পর্কে নাগরিকদের মধ্যে অংশীদারিত্বের মনোভাব তৈরি হয়, যেমন: পৌরসভার সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অংশগ্রহণের ফলে কর প্রদানের আগ্রহ বৃদ্ধি পায়।

টিএলসিসি'র গঠন কাঠামো

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ অনুসারে টিএলসিসি-এর সর্বোচ্চ সদস্য সংখ্যা হবে ৫০ জন। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ৯ মার্চ, ২০১১ তারিখের ২৫৮ নং স্মারকের জারিকৃত অফিস আদেশ অনুসারে টিএলসিসি'র গঠন কাঠামো নির্ধারণ করে দেয়া হয়েছে। টিএলসিসি'র গঠন কাঠামো নিচের সারণিতে দেওয়া হ'ল:

টিএলসিসি'র গঠন কাঠামো

চেয়ারপার্সন	মেয়র
সদস্য	কাউন্সিলর (মেয়র কর্তৃক নির্ধারিত অনধিক ১২ জন)
সদস্য	সহযোগী প্রতিষ্ঠানের প্রতিনিধি (জেলা প্রশাসন, এলজিইডি, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর, গণপূর্ত, সমাজসেবা, সমবায়, টিএন্ডটি-০৮ জন)
সদস্য	পেশাজীবী প্রতিনিধি (শিক্ষা, সংস্কৃতি, আইনজীবী, ব্যবসায়ী, চিকিৎসক-০৫ জন)
সদস্য	এনজিও প্রতিনিধি-০৪ জন
সদস্য	নাগরিক সমাজ-১২ জন
সদস্য	শহর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি-০৭ জন
সদস্য-সচিব	প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব

বর্ণিত কমিটি গঠনকালে নিচের বিষয়গুলো অনুসরণ করতে হবে:

- ১) প্রতি ওয়ার্ড থেকে ০১-০৩ জন সদস্য মনোনীত করা;
- ২) মোট সদস্যের কমপক্ষে এক তৃতীয়াংশ মহিলাসদস্য অন্তর্ভুক্ত করা;
- ৩) টিএলসিসি'র সদস্য চূড়ান্তভাবে নির্বাচনের পূর্বে সম্ভাব্য যোগ্য নাগরিকদের সাথে যোগাযোগ করে অন্তর্ভুক্তিতে তাদের আহ্বান জানা, এবং
- ৪) প্রাতিষ্ঠানিক ভূমিকার গুরুত্ব বিবেচনায় রেখে সহযোগী প্রতিষ্ঠান চিহ্নিত করা।

টিএলসিসি'র কার্যপরিধি

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ৯ মার্চ, ২০১১ তারিখের ২৫৮ নং স্মারকে জারিকৃত অফিস আদেশ-এ টিএলসিসি'র কার্য-পরিধি নির্ধারণ করে দেয়া হয়েছে। টিএলসিসি'র কার্য-পরিধি নিচের সারণিতে প্রদত্ত হলো:

টিএলসিসি'র কার্য-পরিধি ও কার্য-পরিধির আলোকে করণীয়

টিএলসিসি'র কার্য-পরিধি
১) নাগরিকদেরকে পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ার বিভিন্ন পর্যায়ে অংশগ্রহণের লক্ষ্যে সচেতন করা সহ পৌরসভার সার্বিক উন্নয়ন পরিকল্পনা তৈরির বিষয়ে আলোচনার উদ্যোগ নেয়া;
২) পৌরসভার সার্বিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের বিষয়ে অগ্রগতি, সহযোগিতা ও তত্ত্বাবধান এবং মনিটরিং করা;
৩) কমিটির সভায় পৌরসভার কর ধার্যকরণসহ কর আদায়ের বিষয়ে আলোচনা করা;
৪) পৌরসভা কর্তৃক, পৌরবাসীকে বিভিন্ন সেবা প্রদান সংক্রান্ত বিষয়ে আলোচনা করা;
৫) কমিটি গঠনের ১৫ দিনের মধ্যে টিএলসিসি'র প্রথম সভা অনুষ্ঠান করা;
৬) প্রতি তিন মাসে কমপক্ষে একটি সভা আহ্বান করা এবং প্রতিটি সভার কার্যবিবরণী তৈরি করা;
৬) পৌরসভা কর্তৃক বাস্তবায়িত উন্নয়নমূলক কর্মকাণ্ডের অগ্রগতি, গুণগত মান ও সমস্যা নিয়ে আলোচনা করা;
৭) পৌরসভার পরিচালন ব্যবস্থাপনা উন্নয়নের বিষয়ে আলোচনা করা;
৮) পৌরসভার উন্নয়ন কর্মকাণ্ডে নাগরিক সম্পৃক্ততা নিয়ে আলোচনা করা;
১০) পৌরসভার স্থায়ী কমিটিসমূহের কাজের অগ্রগতি নিয়ে আলোচনা করা; এবং
১১) টিএলসিসি'র সকল আলোচনা, সিদ্ধান্তসমূহ কার্যবিবরণী আকারে লিপিবদ্ধ করা এবং পরবর্তী সভাসমূহে সিদ্ধান্তসমূহের বাস্তবায়নের অবস্থা আলোচনা করা ও এই প্রক্রিয়া চালিয়ে যাওয়া।

টিএলসিসি'র সভা আয়োজন

টিএলসিসি প্রতি তিন মাসে ন্যূনতম একটি সভা অনুষ্ঠান করবে। কমিটির ৫০% সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে। নিচে সভা আয়োজনে করণীয় ও উদ্যোগসমূহ আলোচনা করা হ'ল:

১. সভাপতির পরামর্শক্রমে টিএলসিসি'র সদস্য-সচিব সংশ্লিষ্ট সভার তারিখ, সময় ও আলোচ্যসূচি নির্ধারণ করে সভা আহ্বান করবেন। পৌরসভার নোটিশ বোর্ডে এই সভার নোটিশ টাঙ্গানোর মাধ্যমে তা জনসম্মুখে প্রকাশ করা হবে।
২. সদস্য-সচিব কর্তৃক সভার কার্যবিবরণীসহ নোটিশ ইস্যু করা।
৩. সভা আয়োজন করা।
৪. সভার সভাপতি, সদস্যবৃন্দ ও সদস্য-সচিবের স্বাক্ষর ও প্রস্তাবনাসহ সভার কার্যবিবরণী প্রণয়ন করা।
৫. সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন এবং গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা করে পরবর্তী কার্যক্রম সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা।
৬. একটি বাঁধাই করা বইয়ে নির্ধারিত ফরম্যাটে সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করা।
৭. সভার প্রস্তাবনাসমূহ সদস্যবৃন্দের মাঝে বিতরণ করা ও পৌরসভার নোটিশ বোর্ডে টাঙ্গানোর মাধ্যমে জনসম্মুখে প্রকাশ করা।

শহর পর্যায়ের কমিটির ইতিবাচক চর্চা

- ◇ আর্থিক কাজে স্বচ্ছতা নিশ্চিত করার জন্য টিএলসিসি'র সদস্যদের অনুরোধের পরিপ্রেক্ষিতে পৌরসভা তার আর্থিক বিবরণী পৌর পরিষদে উপস্থাপনের ব্যবস্থা করে।
- ◇ বিভিন্ন অপরাধ দমনে এবং নারী নির্যাতন প্রতিরোধে জনগণকে সচেতন করার জন্য শহর পর্যায়ের কমিটি বিবিধ উদ্যোগ গ্রহণ করে এবং থানা ও পৌরসভাকে সক্রিয় সহযোগিতা প্রদান করে থাকে।
- ◇ শহর পর্যায়ের কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে পৌরসভা দরিদ্রদের জন্য আয় বৃদ্ধিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা করে।
- ◇ পরিচ্ছন্ন শহর নির্মাণে সচেতনতামূলক প্রচারাভিযান পরিচালনা করে।
- ◇ শহর পর্যায়ের কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্যকর ও পরিচ্ছন্ন উপায়ে বর্জ্য নিষ্কাশনের বিষয়ে পৌরসভা জনসচেতনতা বৃদ্ধিমূলক প্রচারাভিযান গ্রহণ করে।

৩.৫ আর্থিক ব্যবস্থাপনা এবং কর আরোপন

৩.৫.১ আর্থিক ব্যবস্থাপনার উদ্দেশ্য


আর্থিক ব্যবস্থাপনা হ'ল কোন প্রতিষ্ঠানের সামগ্রিক ব্যবস্থাপনার অবিচ্ছেদ্য অংশ। বিশেষ করে, পৌরসভার মত স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ যা করদাতাদের অর্থে পরিচালিত হয়, তাদের প্রাথমিক দায়িত্ব হ'ল আর্থিক সম্পদের সুষ্ঠু পরিকল্পনা, পরিচালনা, পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ করা।

আর্থিক ব্যবস্থাপনার উদ্দেশ্যগুলো নিচে উল্লেখ করা হ'ল:

- আয় ও ব্যয়ের মধ্যে সামঞ্জস্যপূর্ণ একটি সুসম বাজেট প্রণয়ন করা;
- জনগণের চাহিদার উপর ভিত্তি করে যথাযথ অর্থ বরাদ্দ নিশ্চিতকরণ;
- বরাদ্দকৃত আর্থিক সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ;
- অর্থপ্রবাহ নির্ভর এবং জনগণের চাহিদাভিত্তিক বাজেট প্রণয়ন; বাজেটে বর্ণিত অর্থের যথাযথ বরাদ্দ নিশ্চিতকরণ এবং অগ্রাধিকারভিত্তিক প্রকল্প গ্রহণ।
- লেনদেনে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ।
- সর্বোপরি প্রতিষ্ঠানের অংশীজনদের আস্থা সুদৃঢ় করা।
- আর্থিক লেনদেনে পৌরসভার সুনাম বৃদ্ধি করা।

৩.৫.২ পৌরসভার আর্থিক কাঠামো

পৌরসভা তহবিলের প্রধান প্রধান আয়ের উৎস এবং ব্যয়ের খাতসমূহ নিচে উল্লেখিত ছকের মাধ্যমে দেখানো হ'ল:



৩.৫.৩ পৌরসভার অর্থের উৎস

পৌরসভার অর্থের উৎস হল: রাজস্ব আয়, সরকারি অনুদান (সরকারি বিশেষ অনুদান, প্রকল্প সহায়তা, ঋণ)। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর দ্বিতীয় অধ্যায়ে অর্থের উৎস সম্পর্কে সুনির্দিষ্টভাবে বর্ণনা করা হয়েছে। পৌরসভার নিজস্ব অর্থের উৎস অবশ্যই থাকতে হবে।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর দ্বিতীয় অধ্যায় ধারা ৮৯ অনুযায়ী অর্থের উৎস বিষয়ে নির্দেশনা নিচে উল্লেখ করা হ'ল:

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর দ্বিতীয় অধ্যায়, ধারা: ৮৯	
(১) প্রত্যেক পৌরসভার, পৌরসভা তহবিল নামে একটি তহবিল থাকবে। বিভিন্ন উৎস হতে আহরিত অর্থ নিয়ে এই তহবিল গঠিত হবে।	
(২) আইনের উপধারা (১) অনুযায়ী পৌরসভা তহবিলে নিচে বর্ণিত অর্থ জমা করতে হবে:	
(ক) এই আইন কার্যকর হওয়ার সময় পৌরসভার সম্পূর্ণ এখতিয়ারের উদ্ভূত তহবিল;	
(খ) এই আইনের অধীনে পৌরসভা কর্তৃক ধার্যকৃত সকল কর, উপ-কর, রেইট, টোল, ফিস ও অন্যান্য দাবি বাবদ প্রাপ্ত অর্থ;	
(গ) পৌরসভার উপর ন্যস্ত অথবা তদকর্তৃক ব্যবস্থিত সম্পত্তি হতে সকল খাজনা এবং আয়, যা পৌরসভার নিকট পরিশোধ অথবা জমাযোগ্য;	
(ঘ) এই আইনের অধীনে অথবা আপাততঃ বলবৎ অন্য যে কোন আইনের অধীনে পৌরসভার কার্যাবলী সম্পাদনের জন্য পৌরসভা কর্তৃক প্রাপ্ত সমুদয় অর্থ;	
(ঙ) কোন ব্যক্তি অথবা প্রতিষ্ঠান অথবা স্থানীয় যে কোন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত দানের সমুদয় অর্থ;	
(চ) পৌরসভার অধীনে পরিচালিত ট্রাস্ট হতে (যদি থাকে) জমাকৃত সমুদয় আয়;	
(ছ) সরকার এবং অন্যান্য কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সকল অনুদান;	
(জ) বিনিয়োগ হতে প্রাপ্ত সমুদয় লভ্যাংশ; এবং	
(ঝ) সরকারের নির্দেশে পৌরসভার সম্পূর্ণ অধিকারে ন্যস্ত অন্যান্য আয়ের উৎস হতে প্রাপ্ত সমুদয় অর্থ।	

আইন অনুযায়ী পৌরসভা তহবিলের জমাকৃত টাকা সরকারি ট্রেজারির কার্যপরিচালনাকারী কোন ব্যাংকে অথবা সরকার কর্তৃক সময়ে সময়ে নির্দেশিত অন্য কোন প্রতিষ্ঠানে জমা রাখতে হবে {স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯, ধারা ৯১ উপধারা (১)}। সরকার হতে প্রাপ্ত অনুদান ও স্থানীয়ভাবে সংগৃহীত অর্থ-এ দুটিই পৌরসভার আয়ের উৎস।

পৌরসভার নির্দিষ্ট অর্থের উৎসসমূহ নিম্নরূপ:

১। সরকারি অনুদান/মঞ্জুরি	২। পৌরসভার নিজস্ব উৎস	৩। অন্যান্য উৎস
<p>ক) রাজস্ব বাজেটের সরকারি অনুদান/মঞ্জুরি, যেমন:</p> <p>কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতা মঞ্জুরি;</p> <p>➤ Octroi (নগরশুল্ক) এর বিনিময়ে ক্ষতিপূরণ মঞ্জুরি;</p> <p>খ) উন্নয়ন অনুদান/মঞ্জুরি, যেমন:</p> <p>➤ বার্ষিক উন্নয়ন কর্মসূচির জন্য উন্নয়ন বরাদ্দ (ADP);</p> <p>গ) প্রকল্প অনুদান/মঞ্জুরি</p> <p>➤ বার্ষিক উন্নয়ন কর্মসূচির জন্য উন্নয়ন বরাদ্দ (ADP);</p> <p>➤ পানি সরবরাহ;</p>	<p>ক) পৌরকর</p> <p>প্রতিটি পৌরসভা তার সীমানার মধ্যে অবস্থিত সকল প্রকার ইমারত ও ভূমির উপর “পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩” ও “পৌরসভা আদর্শ কর তফসিল, ২০১৪” অনুসরণে প্রতি পাঁচ বছর পর পর পৌরকর নির্ধারণ করতে পারে। ইমারত ও ভূমির বার্ষিক মূল্যায়নের উপর ভিত্তি করে নির্ধারিত ইমারত ও ভূমির উপর কর এবং সড়ক বাতির রেইট, ময়লা আবর্জনা অপসারণ রেইট ও পানির স্থাপনা অথবা পানি সরবরাহের রেইটকে সম্মিলিতভাবে পৌরকর নামে অভিহিত করা হয় এবং একটি অভিন্ন বিলে অন্তর্ভুক্ত করে আদায় করতে হয়।</p> <p>খ) অন্যান্য খাত</p> <p>“পৌরসভা আদর্শ কর তফসিল, ২০১৪” অনুসরণে আদায়কৃত সকল প্রকার আয়।</p> <p>গ) পানির বিল</p> <p>“(পানি সরবরাহ) আদর্শ উপ-আইনমালা ১৯৯৯” অনুসরণে পানির সংযোগ প্রদান ও বিচ্ছিন্ন, পানির মূল্য বাবদ আয়।</p>	<p>ক) আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত ঋণ</p> <p>➤ বিএমডিএফ থেকে গৃহীত ঋণ</p> <p>খ) কোন ব্যক্তি অথবা প্রতিষ্ঠান অথবা স্থানীয় যে কোন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত দানের সমুদয় অর্থ</p>

৩.৫.৪ কর নির্ধারণ ও আদায়

পৌর কর নির্ধারণ

প্রতিটি পৌরসভা তার সীমানার মধ্যে অবস্থিত সকল প্রকার ইমারত ও ভূমির উপর “পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩” ও “পৌরসভা আদর্শ কর তফসিল, ২০১৪” অনুসরণে প্রতি পাঁচ বছর পর পর পৌরকর নির্ধারণ করতে পারে।

পৌরকর নিম্নোক্তভাবে নির্ধারণ করতে হয়:

- প্রতিটি পৌরসভাকে প্রতি পাঁচ বছর পর পর কর নির্ধারণ কার্যক্রম (Re-Assessment) সম্পন্ন করতে হয়;
- একটি কর নির্ধারণ প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর পরবর্তী কর নির্ধারণ প্রক্রিয়া শুরু করার পূর্ব পর্যন্ত অর্থাৎ পাঁচ বছর সময়ের মধ্যবর্তী সময়ে সারা বছর ধরে অন্তর্বর্তীকালীন কর নির্ধারণ (Interim assessment) কার্যক্রম চলু রাখতে হয়;
- বার্ষিক মূল্যায়ন নির্ণয়ের জন্য দুটি পদ্ধতি অনুসরণ করা হয়:

(ক) ভাড়া মূল্যের ভিত্তিতে (Rental formula), (খ) নির্মাণ ব্যয় (Cost of Construction)

ভাড়া মূল্যের ভিত্তিতে গৃহের বার্ষিক মূল্যায়ন নির্ধারণের ক্ষেত্রে তিন ধরনের হিসাব প্রযোজ্য হবে যথা: (১) সম্পূর্ণ ভাড়া দেয়া ঘর (২) আংশিক ভাড়া দেয়া ঘর ও (৩) নিজে বসবাসরত ঘর;

- নির্মাণ ব্যয় নির্ধারণের জন্য সংশ্লিষ্ট এলাকার গণপূর্ত অধিদপ্তর এর প্রতি বর্গফুট নির্মাণ রেট অনুসরণ করা উচিত।

পৌরকর নির্ধারণে এসেসমেন্ট সফটওয়্যার চালু করলে সময় কম লাগবে ও হিসাব নির্ভুল হবে।

কর আদায় পদ্ধতি

কর আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনে নিচে বর্ণিত পদক্ষেপসমূহ গ্রহণ করতে হবে:

- বাৎসরিক ও মাসিক আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ;
- আদায়ের হার বৃদ্ধির লক্ষ্যে প্রতি তিন মাসে কম্পিউটার পদ্ধতির বিল প্রণয়ন ও বিতরণ;
- ব্যাংকের মাধ্যমে বিল গ্রহণ;
- কর নিরূপণ ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি ও পৌর পরিষদ কর্তৃক মাসিক ভিত্তিতে আদায়ের অবস্থা পর্যালোচনা করা;
- কর প্রদানে উদ্বুদ্ধকরণ কর্মসূচি গ্রহণ;
- সময় অথবা পরিমাণের ভিত্তিতে বড় বড় কর খেলাপীদের নিয়মানুযায়ী তাগাদা প্রদান;
- তাগাদায় উল্লেখিত সময় পরে কর খেলাপীদের অস্থাবর সম্পত্তি ক্রোক বা বিক্রয়ের মাধ্যমে আদায় নিশ্চিত করণ;

বর্তমান প্রচলিত ডেস্কটপভিত্তিক পৌরকরের সফটওয়্যারের পরিবর্তে ওয়েবভিত্তিক (Web Based) সফটওয়্যার চালু করা এবং আদায়ের ক্ষেত্রে করদাতাদের অধিক সুবিধার্থে মোবাইল ফোন অপারেটর অথবা “বিকাশ” এর মাধ্যমে বিল প্রদানের ব্যবস্থা করা।

শ্রেষ্ঠ অনুশীলন: শেরপুর পৌরসভা

শেরপুর পৌরসভা কম্পিউটার পদ্ধতির বিল প্রণয়ন ও বিতরণ করার পর আদায়ের হার পূর্ববর্তী আদায়ের তুলনায় ৫০ শতাংশেরও বেশি বৃদ্ধি পেয়েছে।

কম্পিউটার পদ্ধতির বিল প্রণয়ন ও বিতরণ করার পূর্বে আদায়ের হার ছিল ২৯%।

কম্পিউটার পদ্ধতির বিল প্রণয়ন ও বিতরণ করার পর আদায়ের হার হয়েছে ৮০ শতাংশেরও অধিক।

৩.৫.৫ মেয়র, কাউন্সিলর এবং স্থায়ী কমিটির ভূমিকা

মেয়রের ভূমিকা

মেয়র পৌরসভার আর্থিক ব্যবস্থাপনায় নিম্নবর্ণিত কার্যাবলী নিম্পন্ন করবেন:

- সকল ট্যাক্স, রেইট, টোল, ফিস ও অন্যান্য পাওনা সংগ্রহ ও আদায়ের ব্যবস্থা গ্রহণ;
- 'পৌরসভা আদর্শ কর তফসিল, ২০১৪' অনুযায়ী পৌরসভার আয়ের উৎস বাড়ানো;
- পৌরসভার পক্ষে অর্থ গ্রহণ;
- পৌরসভা কর্তৃক নির্ধারিত সীমার অনুমোদিত বাজেটের যে কোন বিষয়ের ব্যয় নির্বাহ;
- পৌরসভার পক্ষে লাইসেন্স, পারমিট এবং নোটিশ ইস্যুকরণ;
- সরকার কর্তৃক অন্যান্য কার্য;
- দৈনন্দিন আয়-ব্যয়-এর হিসাব ক্যাশ বইতে দৈনিক লিপিবদ্ধ করা হয় কি-না তা পরীক্ষা করা
 - ✓ দৈনিক আয়-ব্যয় হিসাব যথাস্থানে সঠিকভাবে লিপিবদ্ধ হয়ে থাকলে এবং পরীক্ষান্তে সন্তুষ্ট হলেই ক্যাশ বইয়ে স্বাক্ষর করবেন;
 - ✓ যদি প্রতীয়মান হয় যে দৈনিক আয়-ব্যয় হিসাব যথাস্থানে সঠিকভাবে লিপিবদ্ধ হয় নি তবে তাতে মন্তব্য লিখবেন;
- সকল প্রকার লেনদেন বাজেট অনুযায়ী হচ্ছে কি-না তা তদারক করবেন;

কাউন্সিলরের ভূমিকা

- পরিষদের মাসিক সভায় আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত সকল বিষয় অবগতির পরে মতামত প্রদান;
- “কর নিরূপণ ও আদায়” এবং “হিসাব ও নিরীক্ষা” সংক্রান্ত স্থায়ী কমিটিতে অন্তর্ভুক্ত কাউন্সিলরগণ তাদের কার্যপরিধি অনুযায়ী কার্য সম্পাদন করবেন;
- কমিটির সদস্য হিসেবে আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত সকল বিষয় তদারকি করবেন;

৩.৫.৬ স্থায়ী কমিটির ভূমিকা

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৫৬ ধারার বিধান অনুযায়ী এবং ধারা ৪৫ (১) ও স্থানীয় সরকার পল-ী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখার জারীকৃত পরিপত্র নং-৪৬.০৬৩.০২২.০১.০০.০০১.২০১২ (অংশ-৩)-৭, তারিখ: ০২.০১.২০১৩ খ্রিঃ অনুসরণে প্রতিটি পৌরসভা “কর নিরূপণ ও আদায়” এবং “হিসাব ও নিরীক্ষা” বিষয়ক স্থায়ী কমিটি গঠন করবে। (এই হ্যান্ডবুকের ৩.৩ অধ্যায় দেখুন)।

কর নিরূপণ ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি

এই কমিটির কাছে প্রত্যাশা হ'ল, কর, উপ-কর, রেইট, টোল, ফিস ও অন্যান্য কর আরোপ ও আদায়ের ক্ষেত্রে বিভিন্ন কৌশল অবলম্বন এবং কর আদায় ও কর নির্ধারণ কাজে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের উৎসাহ প্রদান করার সুপারিশ করা।

সরকারের নির্দেশনা অনুযায়ী কর নিরূপণ ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটির কার্যপরিধির নমুনা নিচে উল্লেখ করা হ'ল:

- ১) কর, উপ-কর, রেইট, টোল, ফিস ও অন্যান্য কর আরোপ এবং আদায়ের ক্ষেত্রে বিভিন্ন কৌশল অবলম্বনের সুপারিশ করা;
- ২) সরকারি নীতিমালার সাথে সঙ্গতি রেখে কর আরোপ বিধিমালা প্রয়োগ করার জন্য সংশ্লিষ্টদের পরামর্শ প্রদান করা;
- ৩) কর অব্যাহতি, কর রহিতকরণ ও কর চূড়ান্তকরণ বিষয়ে মতামত প্রদান করা;

- ৪) কর আদায় ও কর নির্ধারণ কাজে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের উৎসাহ প্রদান করা;
- ৫) সময়মত কর পরিশোধে জনসাধারণকে উদ্বুদ্ধ করা;
- ৬) অন্তর্বর্তী কর নির্ধারণ কার্যক্রম অব্যাহত রাখার কাজে সংশ্লিষ্ট ব্যক্তিদের সহায়তা করা ও দিক-নির্দেশনা প্রদান করা;
- ৭) কর সংক্রান্ত তথ্যভান্ডার (ডাটাবেজ) তৈরি ও হালনাগাদ করার কাজে সংশ্লিষ্ট ব্যক্তিদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা;
- ৮) কর আদায় কার্যক্রম মনিটরিং করা এবং আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণ ও আদায় পরিস্থিতি পর্যালোচনা করা;
- ৯) কর সংক্রান্ত আপত্তি শুনানি গ্রহণপূর্বক দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করা;
- ১০) কর প্রদান ও সেবা গ্রহণ বিষয়ে পৌরসভা ও জনগণের মাঝে সেতুবন্ধন হিসাবে কাজ করা;
- ১১) রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে করের নতুন নতুন উৎস খুঁজে বের করা;
- ১২) কর নিরূপণ ও আদায় কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ করা;
- ১৩) পৌরসভার নিজস্ব তহবিল দ্বারা কর আদায়ের বিষয়ে কম্পিউটার সফটওয়্যার চালু করা এবং অব্যাহত রাখা;
- ১৪) কমিটি বিশেষজ্ঞ সদস্য হিসেবে সংশ্লিষ্ট উপজেলার সহকারী কমিশনার (ভূমি) কে কমিটিতে সংযোজন (কো-অপট) করতে পারবে;
- ১৫) অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি।

হিসাব ও নিরীক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি

এই কমিটি পৌরসভার আয়-ব্যয়ের হিসাবপত্র যথাযথভাবে সংরক্ষণ ও বিধি-বিধান অবলম্বনে পরিচালনার কাজে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের উৎসাহ প্রদান করবেন।

সরকারের নির্দেশনা অনুযায়ী হিসাব ও নিরীক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির কার্যপরিধির নমুনা নিচে উল্লেখ করা হ'ল:

- ১) পৌরসভার সকল আয়-ব্যয়ের হিসাবপত্র যথাযথভাবে সংরক্ষণ করতে সংশ্লিষ্ট সকলকে সহায়তা করা;
- ২) সকল প্রকার আদায় ও জমার হিসাব নিয়মিত যাচাই-বাছাই করা;
- ৩) সরকারি বিধি-বিধান (নির্ধারিত ফরম ও পদ্ধতি অনুসরণে) অবলম্বনে পৌরসভার যাবতীয় হিসাব ও কর্মকান্ড পরিচালনা করা হয় কি-না তা যাচাই করা;
- ৪) স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে পৌরসভার সকল প্রকার আয়-ব্যয়ের হিসাব জনসম্মুখে প্রকাশের ব্যবস্থা গ্রহণে সংশ্লিষ্টদের সহায়তা করা;
- ৫) আয়-ব্যয়ের হিসাব বছরে একবার নিরীক্ষা করা এবং এই সংক্রান্ত প্রতিবেদন পৌরসভার সাধারণ সভায় উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ;
- ৬) হিসাব শাখাকে পরিপূর্ণভাবে কম্পিউটারাইজড করতে পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সহযোগিতা করা;
- ৭) নির্ধারিত সময় পর পর পৌরসভার যাবতীয় আয়-ব্যয় অভ্যন্তরীণভাবে নিরীক্ষা করা;
- ৮) হিসাব সংক্রান্ত কম্পিউটার সফটওয়্যার চালু থাকলে পৌরসভার হিসাব ব্যবস্থাপনায় তা ব্যবহার অব্যাহত রাখা;
- ৯) জেলা সদরের পৌরসভার ক্ষেত্রে জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা এবং অন্যান্য পৌরসভার ক্ষেত্রে উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তাকে কমিটির বিশেষজ্ঞ সদস্য হিসাবে কমিটিতে সংযোজন (কো-অপট) করা (যে ক্ষেত্রে যা প্রযোজ্য);
- ১০) অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি।

সংস্থাপন ও অর্থ বিষয়ক কমিটি

এই কমিটি পৌরসভার পরিচালন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি তথা পৌরসভার কাজকর্ম ও সেবার মান বাড়ানোর ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করবেন।

সরকারের নির্দেশনা অনুযায়ী সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির কার্যপরিধির নমুনা নিচে উল্লেখ করা হ'ল:

কমিটির কার্যপরিধি:

- ১) পৌরসভার পরিচালন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি তথা পৌরসভার কাজকর্ম ও সেবার মান বাড়ানোর ব্যাপারে গতিশীলতা আনয়নের জন্য সকল শূন্য পদে কর্মকর্তা/কর্মচারী নিয়োগের পদক্ষেপ গ্রহণ করা;
- ২) যে সকল পদে ইতোমধ্যে পদোন্নতির সুযোগ সৃষ্টি হয়েছে সেই সকল পদে যোগ্য ব্যক্তিদের পদোন্নতি প্রদানের ব্যবস্থা গ্রহণ করা;
- ৩) বাৎসরিক ভিত্তিতে কর্মকর্তা/কর্মচারীদের কর্মোদ্যোগ, দক্ষতা ও যোগ্যতা মূল্যায়ন করা;
- ৪) কর্মকর্তা/কর্মচারীদের কর্ম বন্টন অনুযায়ী যথাযথভাবে দায়িত্ব পালনে উদ্বুদ্ধ করা;
- ৫) কর্মকর্তা/কর্মচারীসহ অন্যান্য সকলের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা;
- ৬) আয়ের সঙ্গে ব্যয়ের সঙ্গতি বজায় রেখে পৌরসভার বার্ষিক বাজেট প্রণয়নে সাহায্য করা;
- ৭) রাজস্ব আয় বৃদ্ধির পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের কৌশল নির্ধারণ করা;
- ৮) পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে পৌর তহবিলের কিছু অংশ বিভিন্ন আয় বৃদ্ধিমূলক কর্মকাণ্ডে বিনিয়োগের পরিকল্পনা প্রস্তাব করা;
- ৯) সুশাসন প্রতিষ্ঠাকল্পে পৌরসভার সকল কার্যক্রমে তথ্য প্রযুক্তি (ই-গভর্নেন্স) র ব্যবহার শুরু করার পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের দিক-নির্দেশনা প্রদান করা;
- ১০) সরকারি ও অন্যান্য প্রতিষ্ঠানের নিকট পৌরসভার সকল দেনা-পাওনা নির্ধারণ করে পাওনা আদায়ে পৌর পরিষদকে সহায়তা করা;
- ১১) পৌর তহবিল থেকে ব্যয়ের স্বচ্ছতা ও জবাবদিহিতার জন্য সকল ব্যয় সময়মত নিরীক্ষার ব্যবস্থা করা;
- ১২) নতুন, পুরাতন সকল নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা;
- ১৩) পৌর পরিষদের সংস্থাপন ও অর্থ সংক্রান্ত কাজে পরামর্শ প্রদান করা।

৩.৫.৭ অন্যান্য উৎস খাতে কর/রেট/ফিস/টোল নির্ধারণে বিধি ও পদ্ধতি

অন্যান্য উৎস খাতে কর/রেট/ফিস/টোল নির্ধারণে বিধিসমূহ

সরকারের অনুমোদনক্রমে কোনো পৌরসভা স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর তৃতীয় তফসিল অনুযায়ী সকল অথবা যে কোনো কর, উপ-কর, রেট, টোল, ফিস ইত্যাদি আরোপ করতে পারে।

পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩ এর বিভিন্ন বিধিতে নিম্নলিখিত কর/রেট/ফিস/টোল সম্পর্কে উল্লেখ হয়েছে;

অধ্যায়	বিধি	খাতসমূহ
চতুর্থ	৩৩	ছাবর সম্পত্তি হস্তান্তরের উপর কর
পঞ্চম	৩৫	সিনেমা, ড্রামা, নাট্য প্রদর্শনী এবং অন্যান্য আমোদ-প্রমোদ ও চিত্র বিনোদনের উপর কর
ষষ্ঠ	৩৬	পশুর উপর কর
গপ্তম	৪২	মোটর গাড়ী ও নৌকা ব্যতিত অন্যান্য যানবাহনের উপর কর
	৪৩	যানবাহনের মালিকানা হস্তান্তর
	৪৪	অনিবন্ধিত যানবাহন আটক এবং বিক্রয়
অষ্টম	৪৫	টোলবার ও ফেরী
	৪৬	টোল হার প্রকাশ
	৪৭	টোলবার এবং ফেরী ইজারা প্রদান
ইবম	৫২	বিজ্ঞাপনের উপর কর
দশম	৫৩	অন্যান্য কর আরোপ

পৌরসভা আদর্শ কর তফসিল, ২০১৪ অনুযায়ী নিচে উল্লেখিত সারণিতে প্রধান খাতে কর/রেট/ফিস/টোল বিষয়ে উল্লেখ করা হয়েছে।

খাতসমূহ	বিবরণ পদ্ধতি
স্থাবর সম্পত্তি হস্তান্তরের উপর কর	পৌরসভা সীমানার মধ্যে অবস্থিত যে কোনো স্থাবর সম্পত্তি হস্তান্তর হলে এবং তা (সাব-রেজিস্ট্রার কর্তৃক) নিবন্ধন করলে উক্ত সম্পত্তির দলিল মূল্যের ২% হিসেবে পৌরসভা তহবিলে জমা হবে; এই অর্থ দলিলকারীর নিকট হতে সাব-রেজিস্ট্রার অফিস সংগ্রহ করে পৌরসভার নির্ধারিত ব্যাংক হিসাবে জমা করবে।
ইমারত নির্মাণ ও পুনঃনির্মাণের আবেদনের উপর ফিস	পৌরসভা সীমানার মধ্যে অবস্থিত যে কোনো ভূমির উপর ইমারত নির্মাণ ও পুনঃনির্মাণ করলে নির্দিষ্ট ফি জমা দিয়ে নিয়মানুযায়ী পৌরসভা হতে অনুমতি নিতে হবে।

পেশা, ব্যবসা ও বৃত্তির উপর কর	পৌরসভা সীমানার মধ্যে মুনাফা লাভের উদ্দেশ্যে কোনো ব্যক্তি/প্রতিষ্ঠান ব্যবসা পরিচালনা করলে সরকারি নীতিমালা অনুযায়ী ফিস/কর প্রদান সাপেক্ষে ব্যবসা বা প্রতিষ্ঠানের লাইসেন্স সংগ্রহ করতে হবে।
পশু জবাইয়ের জন্য ফিস	বাণিজ্যিক অথবা ব্যবসায়ের জন্য পশু জবাই করা হলে সরকারি নীতিমালা অনুযায়ী কর ধার্য করতে হবে।
বিজ্ঞাপনের উপর কর	পৌরসভা সীমানার মধ্যে মুনাফা লাভের উদ্দেশ্যে কোনো ব্যক্তি/প্রতিষ্ঠান তাদের বিজ্ঞাপন প্রচার করলে সরকারি নীতিমালা অনুযায়ী কর ধার্য করতে হবে।
হাট-বাজারের ইজারা	প্রতি বাংলা বছর শুরুর পূর্বে সরকারি নীতিমালা অনুযায়ী হাট-বাজার ইজারা প্রদান করতে হবে।
অযাত্রিক যানবাহনের উপর কর	পৌর এলাকায় চলাচলকারী অযাত্রিক যানবাহন, এর লাইসেন্স ও চালকের উপর সরকারি নীতিমালা অনুযায়ী কর ধার্য করা।
দোকান ভাড়া	পৌরসভার নিজস্ব জায়গায় নির্মিত মার্কেট/সুপার মার্কেট এর উপর বিদ্যমান বাজার দর অনুযায়ী ভাড়া নির্ধারণ ও আদায় করা।

উল্লেখিত খাতসহ অন্যান্য খাতসমূহ হতে কর ইত্যাদি আদায়ের জন্য নিয়মিত প্রচারনা ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

৩.৬ হিসাবরক্ষণ ও নিরীক্ষা

৩.৬.১ হিসাবরক্ষণ ও নিরীক্ষার উদ্দেশ্য


হিসাবরক্ষণ হল এমন একটি প্রক্রিয়া যার মাধ্যমে কোন প্রতিষ্ঠানের আর্থিক লেনদেনের তথ্য নিয়মানুযায়ী সঠিকভাবে সংরক্ষণ এবং সে অনুযায়ী বিভিন্ন প্রতিবেদন প্রস্তুত ও বিশ্লেষণ করা যায়। হিসাব ও আর্থিক লেনদেনের তথ্য অভ্যন্তরীণ ও বাহ্যিক নিরীক্ষা প্রক্রিয়ার মাধ্যমে পরীক্ষা করা হয়।

কোন প্রতিষ্ঠানের আয় ও ব্যয় বার্ষিক বাজেট অনুসারে হচ্ছে কি-না তা যাচাই-বাছাই, হিসাবের স্বচ্ছতা, সম্পত্তির যথোপযুক্ত ব্যবহার নিশ্চিত হয় হিসাবরক্ষণ ও নিরীক্ষার মাধ্যমে। পৌরসভার হিসাব শাখা সরকারি নির্দেশনা এবং নিয়মানুযায়ী পৌরসভার সকল প্রকার লেনদেন (আয়-ব্যয়) সংরক্ষণ করবেন এবং পৌর পরিষদের নিকট তা দাখিল করবেন। এই সকল তথ্য হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি এবং সরকারিভাবে অডিটর জেনারেল অব বাংলাদেশ পরীক্ষা করবেন।

৩.৬.২ হিসাবরক্ষণ ও আর্থিক প্রতিবেদন

সাধারণত দৈনিক ও মাসিক ভিত্তিতে পৌরসভার আর্থিক লেনদেনের রেকর্ড রাখা হয়। এই হিসাব অর্থবছরের শেষে বার্ষিক আর্থিক বিবৃতি হিসাবে সঙ্কলিত হয়। এই প্রক্রিয়াটির সংক্ষিপ্ত বিবরণ নিচে উল্লেখ করা হ'ল:

পৌরসভার হিসাবরক্ষণ ও আর্থিক প্রতিবেদন প্রণয়ন প্রক্রিয়া:



পৌরসভার হিসাবরক্ষণ ও আর্থিক প্রতিবেদন সংক্রান্ত বিধিসমূহ অনুসরণ:

পৌরসভার হিসাব রক্ষণ এবং আর্থিক প্রতিবেদন প্রণয়নে পৌরসভার জন্য নির্ধারিত বিভিন্ন ধরনের আইন ও বিধিবিধান অনুসরণ করতে হয়, যা নিচে উল্লেখ করা হল:

- স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯
- বেঙ্গল মিউনিসিপ্যাল একাউন্টিং রুলস, ১৯৩৫
- পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯
- পৌরসভা পানি সরবরাহ আদর্শ উপ-আইনমালা, ১৯৯৯
- পৌরসভা পাবলিক মার্কেট আদর্শ উপ-আইনমালা, ২০০৩
- পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩
- পৌরসভা আদর্শ কর তফসিল, ২০১৪

৩.৬.৩ হিসাবরক্ষণ ও আর্থিক প্রতিবেদন প্রণয়ন সংক্রান্ত বিধি পদ্ধতি ও পৌরসভার দায়িত্ব

হিসাবরক্ষণের জন্যে পৌরসভাকে নিচে উল্লেখিত মৌলিক নীতি অনুসরণ করতে হয়:

- পৌরসভার আয় ও ব্যয়ের হিসাব নির্ধারিত ফরম এবং পদ্ধতিতে রক্ষিত হবে;
- প্রতিটি উন্নয়নমূলক কাজের বিপরীতে ব্যয়িত অর্থের হিসাব বৎসর ভিত্তিতে পৃথকভাবে রাখা;
- পূর্ত কাজের (Public Works) অধীন বিভিন্ন প্রকল্প বাস্তবায়নে আর্থিক কার্যক্রমের হিসাব পৃথকভাবে রাখা;
- বিভিন্ন প্রকার অগ্রিম ও তার সমন্বয় হিসাব সংরক্ষণ;
- সকল কর্মকর্তা ও কর্মচারীদের বেতন, অন্যান্য ভাতা ও অফিসের যাবতীয় আনুসঙ্গিক দাবী পরিশোধ ও এর সুষ্ঠু হিসাব সংরক্ষণ;
- পরিষদের কর্মচারীদের ছুটির হিসাব এবং চাকুরী সংক্রান্ত সকল তথ্য দলিল সংরক্ষণ করা;
- সরকার কর্তৃক নির্দেশিত অন্যান্য খরচ ও এর হিসাব রাখা।

পৌরসভার ব্যয় তহবিল আইন অনুযায়ী সতর্কতার সাথে সংরক্ষণ করতে হবে।

বাজেটে বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত খরচ করা যাবে না এবং খরচের যথার্থতা ও প্রয়োজনীয়তা সম্বন্ধে সুনিশ্চিত না হয়ে কোন কাজের জন্য অর্থ খরচ করা যাবে না। তহবিলের অবস্থা সম্পর্কে সজাগ দৃষ্টি রাখতে হবে। সকল কর্মকর্তা ও কর্মচারীদের বেতন, অন্যান্য ভাতা ও অফিসের যাবতীয় আনুসঙ্গিক খরচ প্রদান কর্তব্য বলে গণ্য হবে {স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৪র্থ ভাগ, দ্বিতীয় অধ্যায়, ধারা-৯০ উপধারা-১(ক)}। কোন নির্দিষ্ট কাজের জন্য বরাদ্দকৃত অর্থ, মঞ্জুরি কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত অন্য কোন খাতে ব্যয় করা যাবে না এবং বিল ব্যতিত কোন প্রকার খরচ করা যাবে না।

হিসাব সংক্রান্ত সকল বই বা রেজিস্টার ব্যবহারের পূর্বে পৃষ্ঠা নম্বর দিয়ে ভালভাবে বাঁধাই করতে হবে। প্রতিটি বই বা রেজিস্টার পৃষ্ঠা উল্লেখপূর্বক কোন কাজে ব্যবহৃত হবে তা মেয়র কর্তৃক প্রত্যয়ন করে নিতে হবে। কোন অবস্থাতেই খোলা কাগজে কোন হিসাব রাখা চলবে না।

পৌরসভার হিসাব ও অডিট রুল, ১৯৩২ অনুযায়ী নিচে বর্ণিত হিসাবের বই ও রেজিস্টার সংরক্ষণ করতে হবে।

(১) হিসাব রক্ষক ও ক্যাশিয়ারের ক্যাশ বই	(১৭) আনুসঙ্গিক (কনটিনজেন্সি) খরচ
(২) দৈনিক আদায় বই	(১৮) পূর্তকর্ম সম্পাদনের জন্য অগ্রিম প্রদান
(৩) কর মওকুফ রেজিস্টার	(১৯) অগ্রিম হিসাব
(৪) প্রাপ্তি স্বীকার	(২০) মাষ্টাররোলার মাধ্যমে পূর্ত কাজ
(৫) রশিদ বই	(২১) মাসিক হিসাব
(৬) ঘর-বাড়ী, দালান-কোঠার ভ্যালুয়েশন ও কর নির্ধারণী ফরম	(২২) বার্ষিক হিসাব
(৭) ইমারত ও ভূমির বাৎসরিক মূল্যায়নের উপর কর	(২৩) বিনিয়োগ রেজিস্টার
(৮) পেশা কর	(২৪) স্থাবর সম্পত্তির রেজিস্টার
(৯) জীবজন্তু ও গাড়ীর উপর কর ও লাইসেন্স	(২৫) দ্রব্য সামগ্রীর ভান্ডার রেজিস্টার
(১০) অন্যান্য কর	(২৬) স্ট্যাম্প রেজিস্টার
(১১) অনুদান	(২৭) জেনারেল রেজিস্টার
(১২) চাঁদা ও দান	(২৮) প্রাপ্তি ও প্রদান
(১৩) ঋণ	(২৯) চেক বই
(১৪) পৌরসভা বায়ত-উল-মাল	(৩০) ভ্রমণ ভাতা
(১৫) মেয়রের স্থায়ী অগ্রিম	(৩১) ছুটি
(১৬) সংস্থাপন সংক্রান্ত খরচ	

পৌরসভা প্রতি অর্থ-বছর শেষে বার্ষিক হিসাব বিবরণী তৈরী করবে এবং তা পরবর্তী অর্থ-বছরের ৩১ ডিসেম্বরের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে। পৌরসভা জনসাধারণের নিকট হতে হিসাব সংক্রান্ত সকল আপত্তি অথবা পরামর্শ বিবেচনার

জন্য বার্ষিক হিসাব বিবরণীর একটি প্রতিলিপি জনসাধারণের দর্শনের জন্য এর কার্যালয়ের প্রকাশ্য কোন স্থানে প্রদর্শন করবেন। {স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৪র্থ ভাগ, দ্বিতীয় অধ্যায়, ধারা-৯৩, উপধারা-৩}।

৩.৬.৪ নিরীক্ষা প্রক্রিয়া ও পৌরসভার দায়িত্ব

নিরীক্ষা হ'ল আর্থিক লেনদেন ও আর্থিক ব্যবস্থাপনা সংশ্লিষ্ট আইন, বিধি এবং নিয়মানুযায়ী সঠিকভাবে করা হচ্ছে কি না তা যাচাই বা মূল্যায়ন করার অন্যতম একটি প্রক্রিয়া। নিরীক্ষা দুইভাবে হতে পারে (ক) পূর্ব নিরীক্ষা (Pre Audit) (খ) উত্তর নিরীক্ষা (Post Audit)।

(ক) পূর্ব নিরীক্ষা (Pre Audit): কোন দাবি পরিশোধের পূর্বেই সে দাবির যথার্থতা পরীক্ষা করাই হল পূর্ব নিরীক্ষা (Pre Audit)।

(খ) উত্তর নিরীক্ষা (Post Audit): কোন দাবি পরিশোধের পরে সে দাবির যথার্থতা/ভুল-ত্রুটি পরীক্ষা করাই হলো উত্তর নিরীক্ষা (Post Audit)।

পৌরসভার ক্ষেত্রে উত্তর নিরীক্ষা (Post Audit) হয়ে থাকে এবং নিরীক্ষা সাধারণত ৩ ধরনের হয় যথা: (১) অভ্যন্তরীণ নিরীক্ষা, (২) বহিষ্কৃত নিরীক্ষা ও (৩) সরকারি নিরীক্ষা।

অভ্যন্তরীণ নিরীক্ষা:

অভ্যন্তরীণ নিরীক্ষা হল পৌরসভা কর্তৃক পরিচালিত নিরীক্ষা ব্যবস্থা। এই নিরীক্ষা ব্যবস্থায় পৌরসভার “হিসাব ও নিরীক্ষা” বিষয়ক স্থায়ী কমিটি প্রতি বছর একবার পৌরসভার আয় ও ব্যয়ের হিসাব নিরীক্ষা করবে এবং এতদসংক্রান্ত একটি প্রতিবেদন পৌর পরিষদের সাধারণ সভায় উপস্থাপন করবে।

বহিষ্কৃত নিরীক্ষা:

পৌরসভা কর্তৃক একজন যোগ্যতাসম্পন্ন স্বতন্ত্র বহিষ্কৃত নিরীক্ষক নিয়োগের মাধ্যমে যে হিসাব নিরীক্ষা পরিচালিত হয় তাকেই বহিষ্কৃত নিরীক্ষা বলে।

বহিষ্কৃত নিরীক্ষক নিম্নরূপ বিষয়সমূহ বিবেচনায় রেখে নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করবেন:

- পৌরসভার যাবতীয় লেনদেনে যথাযথ অনুমোদন ও নীতিমালা অনুসরণ করা হয়েছে কি না?
- পৌরসভার আয়-ব্যয়ের হিসাব সঠিকভাবে লিপিবদ্ধ ও রক্ষণাবেক্ষণ করা হয়েছে কি না?
- পৌরসভার সকল প্রকার প্রাপ্ত অর্থ হিসাবভুক্ত করে যথাসময়ে ব্যাংক হিসাবে জমা করা হয়েছে কি না?
- বাজেট প্রণয়ন, অনুমোদন ও তদনুযায়ী খরচ এবং প্রয়োজনবোধে নিয়মানুযায়ী বাজেট সংশোধন করা হয়েছে কি না?
- সকল প্রকার ব্যয় হিসাবভুক্ত করে একাউন্ট প্রাপ্ত (Account Payee) চেকের মাধ্যমে পরিশোধ করা হয়েছে কি না?
- বিভিন্ন আদায় যথাস্থানে জমা করা ও রশিদে প্রদর্শিত অর্থ ক্যাশ বইতে সঠিকভাবে লিপিবদ্ধ করা হয়েছে কি না?
- সরকারি সিদ্ধান্ত অনুযায়ী ও নিয়মানুসারে কর নির্ধারণ ও আদায় করা হয়েছে কি না?
- হিসাব সংশ্লিষ্ট যাবতীয় নথিপত্র যথাযথভাবে সংরক্ষণ করা আছে কি না?
- খরচের সকল ভাউচার সঠিকভাবে সংরক্ষণ করা আছে কি না?
- সম্পত্তি রেজিস্টার সঠিকভাবে সংরক্ষণ করা আছে কি না?

নিরীক্ষক নিরীক্ষা সমাপনান্তে প্রতিবেদন দাখিল করবেন, যাতে উল্লেখিত অনিয়মগুলো সমাধানপূর্বক সরকারি নিরীক্ষার জন্য প্রস্তুতি গৃহীত হবে।

সরকারি নিরীক্ষা:

বাংলাদেশ সরকারের শীর্ষ নিরীক্ষা প্রতিষ্ঠান হ'ল মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয় {Office of the Comptroller and Auditor General (OC & AG)}। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয় সংবিধানের ১২৮

(১) অনুচ্ছেদ অনুসারে সকল সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর সরকারি হিসাব নিরীক্ষার জন্য প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত যে কোন ব্যক্তির দখলভুক্ত নথি, বই, রসিদ, দলিল, নগদ অর্থ, ষ্ট্যাম্প, জামিন, ভান্ডার বা অন্য প্রকার সকল সরকারি সম্পত্তি নিরীক্ষার অধিকারী। নিরীক্ষা দল পূর্ববর্তী বছরের হিসাব নিরীক্ষা করে বলে একে পোস্ট অডিট (Post Audit) বলা হয়ে থাকে। নিরীক্ষা দল হিসাব সংক্রান্ত কাগজপত্র, বিল ভাউচার প্রভৃতি শতভাগের পরিবর্তে নির্দিষ্ট অংশ নিরীক্ষা করে বলে একে টেস্ট অডিট (Test Audit) বলা হয়ে থাকে। প্রত্যেক কাজ সম্পাদনের উদ্দেশ্যে প্রণীত বিধি অথবা সরকারি আদেশ অনুসারে কাজ সম্পাদন করা হয়েছে কি-না তা পরীক্ষা করা হয় বিধায় একে অডিট অফ রেগুলারিটি (Audit of Regularity) বলা হয়। তবে বর্তমানে নিরীক্ষা ও নিরীক্ষার ফলাফলকে আরও অর্থবহ করার জন্য অডিট অফ এফিসিয়েন্সি এবং অডিট অফ পারফরমেন্স (Audit of efficiency & performance) প্রবর্তন করা হয়েছে।

সরকার কর্তৃক নির্ধারিত সময়ের ব্যবধানে প্রত্যেক পৌরসভার হিসাব নিরীক্ষিত হবে। নিরীক্ষা কর্তৃপক্ষ নিরীক্ষা সমাপনান্তে প্রতিবেদন দাখিল করবেন, যাতে অন্যান্য বিষয়ের সাথে নিচে বর্ণিত বিষয়সমূহের উল্লেখ থাকবে:

- (ক) তহবিল তহরুপ;
- (খ) পৌরসভা তহবিলের ক্ষতি, অপচয়, অথবা অপপ্রয়োগ;
- (গ) হিসাবরক্ষণের ক্ষেত্রে অন্যান্য অনিয়ম;
- (ঘ) নিরীক্ষা কর্তৃপক্ষের মতে যে সকল ব্যক্তি দফা (ক), (খ) ও (গ) এ বর্ণিত অনিয়মের জন্য প্রত্যক্ষ বা পরোক্ষভাবে দায়ী তাদের নাম প্রতিবেদনে উল্লেখ থাকতে হবে;
- (ঙ) নিরীক্ষা কর্তৃপক্ষ, নিরীক্ষা প্রতিবেদনের কপি পৌরসভাকে প্রদান এবং অনুলিপি সরকারের নিকট প্রেরণ করবে;
- (চ) নিরীক্ষা কর্তৃপক্ষ কর্তৃক চিহ্নিত অনিয়ম সংক্রান্ত সকল বিষয়ে, পৌরসভা দ্রুত যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে এবং গৃহীত ব্যবস্থা নিরীক্ষা কর্তৃপক্ষ এবং সরকারকে অবহিত করবে;

নিরীক্ষা সংক্রান্ত বিধি:

সরকার কর্তৃক নির্ধারিত অডিট কোড অনুযায়ী মহা হিসাব নিরীক্ষকের গুরুত্বপূর্ণ ও প্রধান কর্তব্য নিচে উল্লেখ করা হ'ল:

১. কোন নির্দিষ্ট ছকে হিসাব সঠিকভাবে রাখা হয়েছে কিনা, প্রতিটি লেনদেনের সমর্থনে বই, বিল-ভাউচার, কাগজপত্র যথাযথভাবে প্রণীত/রক্ষিত হয়েছে কি না তা নিশ্চিত করা।
 ২. বই, বিল-ভাউচার, কাগজপত্র সঠিক কি না তা নিশ্চিত করা।
- নিরীক্ষা দল কোন প্রশাসনিক কাজে হস্তক্ষেপ করবেন না। তাই বলে শুধু ত্রুটি-বিচ্যুতি বের করার কাজে নিয়োজিত থাকবেন তাও নয়। স্থানীয় অফিস প্রধানকে বাজেট, হিসাব সংক্রান্ত বই/কাগজপত্র সংরক্ষণ সম্বন্ধে পরামর্শ এবং প্রাতিষ্ঠানিক ব্যয় নিয়ন্ত্রণের জন্য অডিট এবং একাউন্টস্ সংক্রান্ত বিষয়াদির উপর প্রস্তাব/পরামর্শ দিতে পারেন।
- এ ছাড়াও অডিট ম্যানুয়ালের ৩১ অধ্যায়ে মহা হিসাব নিরীক্ষকের নির্দেশাবলীর মধ্যে প্রধান কয়েকটি নিচে উল্লেখ করা হ'ল:
- (ক) হিসাবের প্রাথমিক রেকর্ডপত্র পরীক্ষা যথা: ক্যাশ বই, সংশ্লিষ্ট রশিদ বই এর মুড়ি ও ভাউচারসহ মিলিয়ে দেখবেন।
 - (খ) ছুটি ভোগের হিসাব এবং কিছু সংখ্যক চাকুরী বই এর নিরীক্ষা করবেন।
 - (গ) কর আরোপযোগ্য ব্যক্তি/প্রতিষ্ঠানের উপর আরোপিত কর আদায় ও জমা হয়েছে কি না সে সংক্রান্ত কাগজপত্র পর্যালোচনা করবেন; এবং
 - (ঘ) দাবীকৃত কর বকেয়া/অনাদায়ী থাকলে আদায়ের জন্য যথেষ্ট পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কি-না তা নিশ্চিত করবেন।

নিরীক্ষা প্রক্রিয়ায় পৌরসভার দায়িত্ব:

নিরীক্ষা একটি প্রতিষ্ঠানের জন্য খুবই প্রয়োজনীয়। নিয়মিত নিরীক্ষিত হলে প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপনা স্বচ্ছ, জবাবদিহিমূলক এবং টেকসই হয়। প্রতিষ্ঠান পরিচালনার সাথে জড়িত নির্বাহীবৃন্দ এবং কর্মকর্তা-কর্মচারীগণকে নিরীক্ষা বিষয়টিকে ইতিবাচক হিসেবে নিতে হবে এবং কোন অবস্থাতেই নিরীক্ষাদলকে প্রতিষ্ঠানের প্রতিপক্ষ ভাবা যাবেনা। নিরীক্ষার কর্মসূচি পাওয়ার পর হিসাবের সকল নথিপত্র হালনাগাদ করে প্রস্তুত রাখতে হবে। নিরীক্ষাদল আগমনের প্রথম দিনেই নিরীক্ষকদের চাহিদার একটি চেকলিস্ট প্রস্তুত করতে হবে এবং সে মোতাবেক নথিপত্র উপস্থাপন করতে হবে।

- নিরীক্ষা কর্তৃপক্ষ সংশ্লিষ্ট পৌরসভার হিসাব সংক্রান্ত সকল বই এবং অন্যান্য দলিলাদি দেখতে চাইলে তা সরবরাহ করা;

- পৌরসভার মেয়র অথবা কোন কাউন্সিলর অথবা কোন কর্মকর্তা ও কর্মচারীকে কোন বিষয়ে জিজ্ঞাসাবাদ করলে সে বিষয়ে সঠিক জবাব দেওয়া;
- নিরীক্ষা কার্যক্রম পরিচালনার সময় পৌরসভায় কর্মরত সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারী নিরীক্ষকের চাহিদানুযায়ী তথ্য সরবরাহ করবেন।

৩.৬.৫ নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি

নিরীক্ষা কার্যক্রম যেহেতু একটি উচ্চতর মেধা নিঃসৃত চলমান প্রক্রিয়া সেহেতু এর নিষ্পত্তির সহজ ও সংক্ষিপ্ত উপায় নির্ধারণের কোন অবকাশ নাই। নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির ক্ষেত্রে গাণিতিক উপায় না থাকলেও কিছু কিছু পদ্ধতিগত প্রক্রিয়া নিচে বর্ণনা করা হ'ল:

- স্বচ্ছতা ও জবাবদিহিতার বিষয় মাথায় রেখে আর্থিক বিষয় সংশ্লিষ্ট বিধিবিধানের প্রতি যথাযথ সম্মান প্রদর্শন করা;
- নিরীক্ষার সময় এবং নিরীক্ষা আপত্তি প্রাপ্তির পর নিরীক্ষক দলের সাথে ভাল যোগাযোগ ও নিজেদের মধ্যে সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করা;
- নিরীক্ষা প্রতিবেদন পাওয়ার পর নির্ধারিত সময়ের মধ্যে যথাযথ জবাব প্রদান করা;
- নিরীক্ষা আপত্তি নিষ্পত্তিতে বিলম্ব করার জন্য সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় কঠোর ব্যবস্থা গ্রহণ করা;
- দ্বি-পক্ষীয়/ত্রি-পক্ষীয় আলোচনা সভায় সংশ্লিষ্ট বিষয়ে পর্যাপ্ত জ্ঞান সম্পন্ন প্রতিনিধি প্রেরণ এবং গৃহীত সুপারিশ বাস্তবায়নের প্রতি গুরুত্ব আরোপ করা;
- “হিসাব ও নিরীক্ষা” বিষয়ক স্থায়ী কমিটিকে নিরীক্ষা আপত্তি নিষ্পত্তিতে অন্তর্ভুক্ত করা।

৩.৭ বাজেট প্রণয়ন

৩.৭.১ বাজেট প্রণয়নের উদ্দেশ্য

বাজেট হচ্ছে যে কোন প্রতিষ্ঠানের আর্থিক পরিকল্পনার বিবরণী, যেখানে একটা নির্দিষ্ট সময়ের জন্য সম্ভাব্য আয় ও ব্যয়ের পরিকল্পিত চিত্র প্রতিফলিত হয়ে থাকে। এটা হচ্ছে আর্থিক সম্পদের বরাদ্দসহ অগ্রাধিকার ভিত্তিতে পরিকল্পিত ভবিষ্যত কর্মসূচির সার্বিক রূপরেখা।

বাজেট একটি অর্থনৈতিক নিয়ন্ত্রণেরও ব্যবস্থা, যেখানে জনগণের অর্থনৈতিক সম্পদ নিয়ন্ত্রণ করা হয়ে থাকে। পৌরসভার তহবিল পূর্বনির্ধারিত বা প্রাথমিকভাবে সম্মত উদ্দেশ্যে এবং এর সাথে প্রয়োজনীয় সমন্বয়ের মাধ্যমে ব্যয় করা হচ্ছে কিনা তা তত্ত্বাবধানে বাজেট সহযোগিতা করে থাকে। অন্যভাবে বলতে গেলে, এটা হচ্ছে নাগরিকবৃন্দের নিকট স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য একটি কার্যকর উপায়। এ কারণেই বার্ষিক বাজেট প্রণয়ন এবং তা যথাযথভাবে বাস্তবায়ন করা পৌরসভার জন্য একটি অন্যতম জটিল ও দুরূহ কাজ।

কেন্দ্রীয়/স্থানীয় সরকারের বাজেট প্রণয়নের সাধারণ উদ্দেশ্যাবলী

- ✧ অগ্রাধিকার ভিত্তিতে সম্পদের বন্টন করা;
- ✧ অর্থনৈতিক সম্পদের ব্যবহার নিয়ন্ত্রণ করা;
- ✧ জনগণের অর্থনৈতিক সম্পদসমূহ ব্যবহারের জন্য সরকারের পরিকল্পনা প্রদানের বা সরবরাহের মাধ্যমে; নাগরিকবৃন্দের নিকট স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা।

৩.৭.২ বার্ষিক বাজেট প্রণয়ন প্রক্রিয়া ও সংশ্লিষ্ট মহল/অংশীজনদের (স্টেকহোল্ডারস) ভূমিকা


বার্ষিক বাজেট প্রণয়ন প্রক্রিয়া

পৌরসভার অর্থবছর শুরু হয় ০১ জুলাই এবং সমাপ্ত হয় পরবর্তী বছরের ৩০ জুন তারিখে। পৌরসভাসমূহ জুলাই মাসের ১ তারিখ থেকে অনুমোদিত বাজেট এর বাস্তবায়ন কার্যক্রম শুরু করে। চলতি অর্থ বছর শেষ হওয়ার পূর্বেই পৌরসভা পরবর্তী অর্থ বছরের জন্য বাজেট প্রণয়ন করে।

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ অনুসারে, অর্থ বৎসর সমাপ্ত হওয়ার কমপক্ষে তিন (৩) মাস পূর্বে পৌরসভা পরবর্তী অর্থ বৎসরের জন্য বাজেট প্রণয়নের কাজ শুরু করে। সংশ্লিষ্ট অর্থ বৎসর আরম্ভ হওয়ার পূর্ববর্তী তিন (০৩) মাস মেয়াদের মধ্যে প্রণয়নকৃত বাজেট পৌর পরিষদ কর্তৃক অনুমোদিত হতে হয় এবং বিভাগীয় কমিশনার বা স্থানীয় সরকার বিভাগে অনুলিপি প্রেরণ করতে হয় {স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা-৯২}। প্রস্তাবিত বাজেট প্রসঙ্গে জনগণের মতামত বিবেচনা করা প্রয়োজন (উক্ত আইনের ধারা-৯২) এবং সেই উদ্দেশ্য সাধনের জন্য শহর সমন্বয় কমিটি (টিএলসিসি), জনগণের সাথে মত-বিনিময়ের জন্য গঠিত কমিটি, ইত্যাদি ফোরামকে ব্যবহার করা যেতে পারে। অধিকাংশ ক্ষেত্রেই জনসাধারণকে আমন্ত্রণ জানিয়ে “উন্মুক্ত বাজেট সভা” আয়োজন করে প্রস্তাবিত বাজেট জনসমক্ষে ঘোষণা করা হয়।

নিচের সারণির মাধ্যমে বাজেট প্রণয়ন প্রক্রিয়া ব্যাখ্যা করা হ'ল:

বাজেট প্রণয়ন প্রক্রিয়া



বাজেট প্রণয়ন প্রক্রিয়ায় অংশীজনদের (স্টেকহোল্ডারস) ভূমিকা

স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য এবং জনগণকে কাজিত মাত্রার জনসেবা প্রদানের লক্ষ্যে স্থানীয় সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার ও অবকাঠামো সুবিধাদি উন্নয়নের জন্য স্থানীয় জনসাধারণ ও সুশীল সমাজের সদস্যবৃন্দের অংশগ্রহণের মাধ্যমে বার্ষিক বাজেট প্রণয়ন করা অত্যন্ত জরুরী।

নাগরিকবৃন্দসহ বাজেট প্রণয়ন প্রক্রিয়ায় বিভিন্ন মহলের নেতৃস্থানীয় ব্যক্তিবর্গের সম্পৃক্ততা ঘটে। এদের প্রত্যেকের ভিন্ন ভিন্ন ভূমিকা বা দায়িত্ব রয়েছে। স্টেকহোল্ডারস/সংশ্লিষ্ট মহলের ভূমিকা কোন নিয়ম দ্বারা নির্ধারিত হয়নি তবে সাধারণত নিচে উল্লেখিত ভূমিকাসমূহ স্টেকহোল্ডারস/সংশ্লিষ্ট মহলের কাছে প্রত্যাশা করা যেতে পারে:

ক্রীড়নক	ভূমিকা
মেয়র	বাজেট প্রণয়ন প্রক্রিয়া শুরু করার উদ্যোগ গ্রহণ করেন; <ul style="list-style-type: none"> খসড়া বাজেট প্রস্তুত করার জন্য পৌরসভার কর্মকর্তা ও কর্মচারিবৃন্দকে নির্দেশনা প্রদান করেন; খসড়া বাজেট প্রসঙ্গে আলোচনা করার জন্য আয়োজিত পৌর পরিষদ ও টিএলসিসি'র সভায় সভাপতিত্ব করেন এবং বাজেট চূড়ান্ত করেন;
কাউন্সিলরবৃন্দ	খসড়া বাজেট প্রসঙ্গে মতামত ও পরামর্শ প্রদান করেন; <ul style="list-style-type: none"> খসড়া বাজেট প্রসঙ্গে আলোচনা করার জন্য আয়োজিত পৌর পরিষদ ও টিএলসিসি'র সভায় খসড়া বাজেট এর উপর আলোচনা করেন; পৌর পরিষদের বিশেষ সভায় চূড়ান্ত খসড়া বাজেট অনুমোদন করেন;
সংস্থাপন ও অর্থ সম্পর্কিত স্থায়ী কমিটি	পৌরসভার আয়ের সাথে ব্যয়ের সঙ্গতি বজায় রেখে বার্ষিক বাজেট প্রণয়নে সহায়তা করা;
সচিব এবং হিসাব রক্ষক	চূড়ান্ত খসড়া বাজেট প্রস্তুত করেন এবং খসড়া বাজেটে প্রয়োজনীয় সংযোজন বিয়োজন সম্পাদন করেন <ul style="list-style-type: none"> পরবর্তী অর্থ বৎসরের বাজেট প্রণয়নের জন্য সম্ভাব্য রাজস্ব ও ব্যয় নিরূপণের জন্য পৌরসভার বিভিন্ন শাখা থেকে তথ্য সংগ্রহ করেন;

ক্রীড়নক	ভূমিকা
	<ul style="list-style-type: none"> মেয়রের সাথে আলোচনা ও পরামর্শ সাপেক্ষে প্রাথমিক খসড়া বাজেট প্রস্তুত করেন; খসড়া বাজেটের উপর আলোচনা করার জন্য আয়োজিত পৌর পরিষদ ও টিএলসিসি'র সভায় আলোচিত সুপারিশ ও সিদ্ধান্তের আলোকে খসড়া বাজেটের প্রয়োজনীয় সমন্বয় সাধন করে থাকেন;
অন্যান্য কর্মকর্তাগণ	বাজেট প্রণয়নের জন্য প্রয়োজনীয় তথ্য সরবরাহ করেন
টিএলসিসি'র সদস্যবৃন্দ	খসড়া বাজেটের উপর আলোচনা করার জন্য আয়োজিত টিএলসিসি'র সভায় খসড়া বাজেট প্রসঙ্গে মতামত ও পরামর্শ প্রদান করেন

৩.৭.৩ বার্ষিক বাজেট এর সন্নিবেশন/সমন্বয়

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এর নির্দেশনা অনুসারে, পৌরসভার বাজেট নথিতে তিনটি বাজেট অন্তর্ভুক্ত থাকে। (ক) রাজস্ব বাজেট; (খ) উন্নয়ন বাজেট; এবং (গ) মূলধন বাজেট। প্রতিটি বাজেটের মধ্যে আয় ও ব্যয়ের অংশ থাকে।

ক) রাজস্ব বাজেট

রাজস্ব বাজেট হচ্ছে সেই বাজেট যা পৌরসভার নিজস্ব তহবিলের মাধ্যমে নিয়মিত/দৈনন্দিন ব্যয় মিটানোর জন্য প্রণয়ন করা হয়ে থাকে। রাজস্ব বাজেটের প্রধান প্রধান আয়ের খাত/উৎসসমূহ হচ্ছে কর, রেইট এবং বিভিন্ন প্রকার ফি। অন্যদিকে রাজস্ব বাজেটের ব্যয়ের প্রধান প্রধান খাতসমূহ হচ্ছে, সংস্থাপন ব্যয় (সম্মানী ভাতা, বেতন ও ভাতা, পরিষেবা বিল, ইত্যাদি), স্বাস্থ্য ও স্যানিটেশন ব্যয়, ইত্যাদি। পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এর নির্দেশনা অনুসারে, পৌরসভার মোট সংস্থাপন ব্যয় তার মোট রাজস্ব আয়ের ৫০% এর অধিক হতে পারবে না।

রাজস্ব উদ্বৃত্ত

যদি রাজস্ব আয় রাজস্ব ব্যয়কে অতিক্রম করে, তাহলে উদ্বৃত্ত আয় উন্নয়ন হিসাবে স্থানান্তর করা হয়ে থাকে এবং তা উন্নয়ন কার্যক্রম পরিচালনা করার জন্য ব্যয় করা যেতে পারে। এ কারণে পৌরসভার কার্যক্রমের ব্যাপ্তি বা পরিধি বৃদ্ধি করার জন্য কর, রেট, ফি, ইত্যাদি আদায় করা অত্যন্ত জরুরি।

খ) উন্নয়ন বাজেট

উন্নয়ন বাজেট হচ্ছে সেই বাজেট যা পৌরসভার উন্নয়ন কার্যক্রম পরিচালনা করার জন্য সরকার, উন্নয়ন সহযোগী সংস্থা এবং অন্যান্য উৎস থেকে প্রাপ্ত তহবিলের মাধ্যমে প্রণয়ন করা হয়ে থাকে। রাজস্ব বাজেট থেকে স্থানান্তরিত রাজস্ব উদ্বৃত্ত ও উন্নয়ন বাজেটের আয়ের একটি অংশ বা উৎস।

গ) মূলধন বাজেট

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এর নির্দেশনা অনুসারে, মূলধন বাজেট নিম্নলিখিত আয় ও ব্যয়ের প্রতিফলন ঘটায়:

আয়:

- পৌরসভা কর্তৃক গৃহীত ঋণ;
- পৌরসভা কর্তৃক প্রদেয় ঋণ আদায়;
- বিভিন্ন প্রকার বিনিয়োগ ও সিকিউরিটিজ থেকে আয়;
- পৌরসভার কর্মকর্তা ও কর্মচারিবৃন্দের আনুতোষিক তহবিলে স্থানান্তরিত তহবিল;
- পৌরসভা কর্তৃক অবচয় তহবিলে স্থানান্তরিত তহবিল

ব্যয়:

- পৌরসভা কর্তৃক গৃহীত ঋণ পরিশোধ;
- পৌরসভা কর্তৃক ঋণ প্রদান;
- সিকিউরিটিজ ক্রয় এবং অন্যান্য বিনিয়োগ;
- অবচয় তহবিল থেকে কোন প্রকার ব্যয়;
- পৌরসভার কর্মকর্তা ও কর্মচারিবৃন্দের আনুতোষিক বাবদ প্রকৃত ব্যয়।

বাজেট প্রণয়নে নিম্নলিখিত ফরমেট এর ব্যবহার করা হয়:

পৌরসভার বার্ষিক বাজেট প্রণয়নের জন্য ব্যবহৃত ফরম্যাট পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এ নির্ধারণ করে দেওয়া হয়েছে। পৌরসভাসমূহ উক্ত ফরম্যাট ব্যবহার করে উপরে বর্ণিত তিনটি বাজেটের সমন্বয়ে তাদের বার্ষিক বাজেট প্রণয়ন করে থাকে।

- ফরম 'ক' (সংযুক্তি ১ দেখুন): পৌরসভার বাজেটের সার-সংক্ষেপ, যা (ক) রাজস্ব বাজেট (খ) উন্নয়ন বাজেট ও (গ) মূলধন বাজেটের আয় ও ব্যয়ের সংক্ষেপিত রূপ।
- ফরম 'খ' (সংযুক্তি ২ দেখুন): ফরম 'খ' হচ্ছে ফরম 'ক' এ উল্লেখিত প্রত্যেকটি বাজেটের {(ক) রাজস্ব বাজেট, (খ) উন্নয়ন বাজেট ও (গ) মূলধন বাজেটের আয় ও ব্যয়ের বিস্তারিত বিবরণ}।
- ফরম 'গ': ফরম 'গ' হচ্ছে নাম, পদবি, বেতন কাঠামো এবং বোনাস এর জন্য প্রয়োজনীয় অর্থের পরিমাণসহ নিয়মিত কর্মকর্তা-কর্মচারীদের পূর্ণাঙ্গ তালিকা।
- ফরম 'ঘ': ফরম 'ঘ' হচ্ছে চুক্তিভিত্তিক নিয়োগকৃত কর্মকর্তা-কর্মচারীদের নামের তালিকা এবং তাদের সম্পর্কে প্রয়োজনীয় তথ্য।
- ফরম 'ঙ': ফরম 'ঙ' হচ্ছে কোন বিশেষ প্রকল্পের জন্য সরকার থেকে প্রাপ্ত অর্থের বিবরণ।

'পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯' এর উপ বিধি ৬, ৭ এবং ৮ অনুসরণ করে উপরে উল্লেখিত পন্থায় প্রস্তুত বার্ষিক বাজেট প্রযোজ্য ক্ষেত্রে অর্থবছর শেষ হওয়ার আগে যে কোন সময় সংশোধন করা যেতে পারে।

সংযুক্তি ১

ফরম- ক
(সেকশন- ৩)
বাজেটের উপাদান

বিবরণ	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা চলতি বছরের সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট
(ক) রাজস্ব হিসাব উপাংশ-১ এর আয় উপাংশ-২ এর আয়			
মোট আয় :			
বাদ: রাজস্ব ব্যয় উপাংশ-১ এর ব্যয় উপাংশ-২ এর ব্যয়			
মোট ব্যয়:			
সর্বমোট রাজস্ব উদ্বৃত্ত:			

(খ) উন্নয়ন হিসাব সরকারি অনুদান রাজস্ব উদ্বৃত্ত অন্যান্য			
মোট আয়:			
বাদ: উন্নয়ন ব্যয়			
সার্বিক বাজেট উদ্বৃত্ত /ঘাটতি			
সমাপ্তি জের :			

(গ) মূলধন হিসাব মোট আয় :			
মোট ব্যয় :			
মূলধন হিসাবের সমাপ্তি			

সংযুক্তি ২

ফরম - খ
(সেকশন - ৩)
..... পৌরসভার বাজেট
অর্থ বছর:
(ক) রাজস্ব হিসাব
উপাংশ ১

আয়				ব্যয়			
আয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট	ব্যয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট
করসমূহ				সাধারণ সংস্থাপন			
গৃহ ও ভূমির উপর				শিক্ষা ব্যয়			
...				...			
উপ-মোট				উপ-মোট			

উপাংশ-২

আয়				ব্যয়			
আয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট	ব্যয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট
পানির বিল সংযোগ ফি ...				পানি সরবরাহ শাখা ব্যতিত অন্যান্য শাখার কর্মকর্তা - কর্মচারীদের বেতনভাতা পানি সরবরাহের জন্য বিদ্যুৎ বিল- অন্যান্য- অবচয় তহবিল-			
উপ - মোট				উপ - মোট			
সর্বমোট আয় (উপাংশ ১ + ২)				সর্বমোট ব্যয় (উপাংশ ১ + ২)			
প্রারম্ভিক জের				সর্বমোট উন্নয়ন হিসাবে স্থানান্তর (উপাংশ ১+২) সর্বমোট সমাপ্তি জের (উপাংশ ১+২)			
সর্বমোট :				সর্বমোট:			

(খ) উন্নয়ন হিসাব

আয়				ব্যয়			
আয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট	ব্যয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট
সরকারি মঞ্জুরি				অবকাঠামো			
				সড়ক নির্মাণ সড়ক রক্ষণাবেক্ষণ ব্রিজ/কালভার্ট নির্মাণ ...			
রাজস্ব উদ্বৃত্ত				হাট/বাজার উন্নয়ন			
উপাংশ-১ হতে				বাস টার্মিনাল উন্নয়ন			
উপাংশ-২ হতে				বাস টার্মিনাল রক্ষণাবেক্ষণ			
অনুদান				...			
...				অন্যান্য			
প্রারম্ভিক স্থিতি				সমাপ্তি জের			
মোট				মোট			

(গ) মূলধন হিসাব

আয়				ব্যয়			
আয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট	ব্যয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট
গৃহীত ঋণ				ঋণ ফেরৎ			
ঋণ পরিশোধ				ঋণ			
বিনিয়োগ হতে আয়				বিবিধ			
...				...			
মোট আয়				মোট ব্যয়			
প্রারম্ভিক জের				সমাপ্তি জের			
সর্বমোট:				সর্বমোট:			

৩.৮ ক্রয় (Procurement)

৩.৮.১ ক্রয়ের (প্রকিউরমেন্ট) ধারণা ও ধরন

ক্রয় ও ক্রয় ব্যবস্থাপনা

ক্রয় বলতে মূলত বিধি-বিধান অনুসরণ করে প্রাতিষ্ঠানিক পর্যায়ের কোন কিছু ক্রয় বা সংগ্রহ করাকে বুঝায়। প্রতিষ্ঠান বলতে সরকারি, আধা-সরকারি, স্থানীয় সরকার-সকল শ্রেণির প্রতিষ্ঠানকে বুঝানো হয়েছে। আর কোন কিছু ক্রয় বলতে মালামাল ক্রয়, পূর্তকাজ ক্রয়, সংগ্রহ বা সম্পন্ন করা, সেবামূলক কাজের জন্য সেবা প্রতিষ্ঠান নিয়োগ করা, বা বুদ্ধি পরামর্শ গ্রহণ ইত্যাদি বুঝানো হয়।

ক্রয় কাজে দু'টি পক্ষ থাকে। একপক্ষ “ক্রয়কারী” এবং অপরপক্ষ “সরবরাহকারী”। ক্রয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ক্রয়কারী ও সরবরাহকারীর মধ্যে কতিপয় শর্ত এবং নীতিমালার শৃঙ্খলা ও বাধ্যবাধকতার ব্যবস্থা করা হয়েছে। এই ব্যবস্থাকেই ক্রয় বা প্রকিউরমেন্ট ব্যবস্থাপনা বলা হয়ে থাকে।

ক) ক্রয়ের ধরন

ক্রয়ের ধরন: কি ক্রয় করা হবে তার ভিত্তিতে তিন ধরনের ক্রয় রয়েছে।

পণ্য বা মালামাল (Goods) ক্রয়

পণ্য বলতে কঠিন, তরল বা বায়বীয় যে কোন প্রকারের কাঁচামাল, উপকরণ ও যন্ত্রপাতি, উৎপাদিত দ্রব্য এবং স্থাপনা বা অনুরূপ কিছু ক্রয় করাকে বুঝায়। পণ্যের মধ্যে বিদ্যুৎ, লোহা, ইট ইত্যাদি ও অন্তর্ভুক্ত।

“কার্য” (পূর্তকাজ) ক্রয়:

“কার্য” বলতে মূলত পূর্তকাজকে বুঝানো হয়েছে। আর পূর্তকর্ম (works) বলতে কোন ভবন বা স্থাপনা নির্মাণ, পুনর্নির্মাণ, অপসারণ, মেরামত, সংরক্ষণ বা নবীকরণ প্রভৃতি কাজ; কিংবা এইসকল কাজের সহায়ক স্ট্রেট সেবাকে বোঝায়। পূর্তকর্মেও পণ্য ক্রয় করতে হয়, যেমন: ইট, কাঠ, রড, সিমেন্ট, বালি, পাথর ইত্যাদি নির্মাণ সামগ্রী।

সেবা বা সার্ভিস ক্রয়:

“সেবা” অর্থ সংশ্লিষ্ট সেবা, স্ট্রেট সেবা বা বুদ্ধিভিত্তিক ও পেশাগত সেবা। পণ্য সরবরাহের সাথে সম্পর্কিত আনুষঙ্গিক সেবা হচ্ছে, এমন ধরনের সেবা যেখানে চুক্তিবদ্ধ পণ্য সরবরাহ বাবদ পরিবহন, পণ্যের বিমা, স্থাপন, সংরক্ষণ প্রভৃতিকে বুঝায়। এগুলোকে সেবা বলার কারণ হল, এর জন্য যে ব্যয় হয়, তার বিনিময়ে কোন পণ্য বা সম্পদ সংগ্রহ হয় না।

“সেবা” (service) এর একাধিক অর্থ রয়েছে।

“স্ট্রেট সেবা”র (Physical Services) অর্থ হ'ল পরিমাপযোগ্য উৎপাদনসহ

ক) উপযুক্ত পণ্য/কার্য সম্পাদনের সাথে সম্পর্কিত (যথা: সুবিধাদি বা যন্ত্রপাতি পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, জরিপ, উত্তোলনমূলক খনন), বা

খ) এককভাবে সেবাদানমূলক চুক্তি (যেমন: নিরাপত্তা সেবা, পরিবেশন সেবা, জিওলজিক্যাল সেবা) এবং

গ) “বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা” বলতে পরামর্শকগণ কর্তৃক সম্পন্ন পরামর্শ প্রদান, ডিজাইন ও কৌশল স্থানান্তর প্রকৃতির কার্যকে বুঝায়।

খ) পণ্য, কার্য বা সেবা ক্রয় করার পদ্ধতির ভিত্তিতে ক্রয়ের ধরন

পণ্য ও সেবা ক্রয় করার বিভিন্ন পদ্ধতি রয়েছে। পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর অধীন পণ্য ও কার্য (Goods and Works) ক্রয় পদ্ধতিসমূহ নিম্নরূপ:

১. সরাসরি ক্রয় পদ্ধতি (Direct Purchase Method - DPM)

২. কোটেশনের মাধ্যমে অনুরোধ পদ্ধতি (Request for Quotation Method - RFQM)

৩. উন্মুক্ত দরপত্র পদ্ধতি (Open Tendering Method - OTM)

৪. সীমিত দরপত্র পদ্ধতি (Limited Tendering Method - LTM)
৫. দুই-পর্যায়বিশিষ্ট দরপত্র পদ্ধতি (Two Stage Tendering Method - TSTM)
৬. আন্তর্জাতিক ক্রয় পদ্ধতি (International Tendering Method - ITM)
৭. ফ্রেমওয়ার্ক চুক্তি (Framework Contract)

তবে বেশির ভাগ ক্ষেত্রেই সরাসরি ক্রয় পদ্ধতি, কোটেশনের মাধ্যমে অনুরোধ পদ্ধতি, উন্মুক্ত দরপত্র পদ্ধতি, সীমিত দরপত্র পদ্ধতি ব্যবহৃত হয়ে থাকে।

নিচে উল্লিখিত ৪টি পদ্ধতি সংক্ষেপে আলোচনা করা হ'ল:

সরাসরি ক্রয় পদ্ধতি

সরাসরি নগদ ক্রয়-সরাসরি ক্রয়ের একটি পদ্ধতি-যা সবচেয়ে বেশি ব্যবহৃত হয়

সরকারি ক্রয় বিধিমালা, ২০০৮ এর বিধি ৮১ অনুযায়ী

- (১) ক্রয়কারী, ক্রয় বিধির তফসিল-২ এ বর্ণিত মূল্য ও বাৎসরিক মোট ব্যয়সীমার মধ্যে স্বল্পমূল্যের পণ্য এবং জরুরী ও আবশ্যিকীয় সেবা (যেমন: রক্ষণাবেক্ষণ, মেরামত, পরিবহন এবং অন্যান্য সেবা ইত্যাদি) সরাসরি ক্রয় করতে পারবেন।
- (২) ক্রয়কারী, ক্রয়ের প্রকৃতি বিবেচনায় {উপরোল্লিখিত প্রো-বিধি (১) অনুযায়ী}, কোন কর্মকর্তা বা তৎকর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত অনধিক ৩ (তিন) সদস্যবিশিষ্ট ক্রয় কমিটির মাধ্যমে কোন ক্রয়কার্য সম্পন্ন করতে পারবেন।
- (৩) সরাসরি ক্রয়ের ক্ষেত্রে {প্রো-বিধি (১) অনুযায়ী} নগদ বা চেকের মাধ্যমে মূল্য পরিশোধ করা যাবে এবং উক্ত ক্ষেত্রে কোন ক্রয় আদেশ বা চুক্তি স্বাক্ষর করার প্রয়োজন হবে না।

সরাসরি নগদ ক্রয়ের বাৎসরিক পরিমাণ

প্রতি ক্রয়ের ক্ষেত্রে অনধিক ২৫,০০০/= টাকা, কিন্তু বছরে অনধিক ৫ লক্ষ টাকা।

কোটেশন এর মাধ্যমে ক্রয়

প্রাতিষ্ঠানিক পর্যায়ে স্বল্পমূল্যের পণ্য, কার্য বা সেবা ক্রয়ের ক্ষেত্রে নির্ধারিত আর্থিক সীমার মধ্যে (যার পরিমাণ সাধারণত ঐ প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত হয়) সংবাদপত্রে বিজ্ঞপ্তি প্রচার না করে স্থানীয় নির্দিষ্ট বিক্রেতা, ঠিকাদার বা সরবরাহকারীর কাছ থেকে সংগৃহীত দরপত্রের নামই কোটেশন। অতএব কোটেশন হল সীমিত সংখ্যক নির্দিষ্ট বিক্রেতা বা ঠিকাদার বা সরবরাহকারী কর্তৃক প্রস্তাবিত দরপত্র।

উন্মুক্ত দরপত্র পদ্ধতির মাধ্যমে ক্রয়

বিশেষ পরিস্থিতিতে নির্দিষ্ট কোন ক্রয়ের ক্ষেত্রে অথবা মূল্য-সীমার পরিশ্রেঙ্কিতে অন্যান্য ক্রয় পদ্ধতির কোন একটি পদ্ধতির ব্যবহার অধিকতর যুক্তিযুক্ত মনে না হলে, পণ্য ও সংশ্লিষ্ট সেবা, কার্য বা স্ট্রেক্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে অত্র বিবেচ্য পদ্ধতি হিসেবে উন্মুক্ত দরপত্র পদ্ধতি প্রয়োগ করতে হবে।

সীমিত দরপত্র পদ্ধতি

কেবল তালিকাভুক্ত বিক্রেতা বা ঠিকাদার বা সরবরাহকারী দরপত্র প্রদান করতে পারে। নিম্নবর্ণিত পরিস্থিতিতে ক্রয়কারী সীমিত দরপত্র পদ্ধতি প্রয়োগ করে ক্রয়কাজ সম্পন্ন করবেন (ক্রয় বিধিমালা, ২০০৮ এর বিধি ৬৩):

- যে সব ক্ষেত্রে পণ্য ও সংশ্লিষ্ট সেবা এবং কাজ ও ভৌত সেবা এর বিশেষ বৈশিষ্ট্যের কারণে কেবল সীমিত সংখ্যক যোগ্যতাসম্পন্ন সম্ভাব্য সরবরাহকারী বা ঠিকাদারের নিকট হতে পাওয়া সম্ভব এবং জরুরী প্রয়োজনে পণ্য, কার্য বা সেবা ক্রয়ের ক্ষেত্রে অন্যান্য প্রক্রিয়া গ্রহণ বাস্তবসম্মত নয় বলে প্রতীয়মান হবে;
- যে সব ক্ষেত্রে জরুরী প্রয়োজনে পণ্য, কাজ বা সেবা ক্রয়ের ক্ষেত্রে উন্মুক্ত অভ্যন্তরীণ অথবা আন্তর্জাতিক প্রতিযোগিতামূলক দরপত্র প্রক্রিয়া গ্রহণ বাস্তবসম্মত নয় বলে প্রতীয়মান হবে;

টেন্ডার ও কোটেশনের মধ্যে পার্থক্য

কম মূল্যের ক্রয়ের ক্ষেত্রে (সাধারণত প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত) কোটেশন নেয়া হয়; তার চেয়ে বেশি মূল্যের ক্রয়ের ক্ষেত্রে টেন্ডার আহ্বান করতে হয়।

- কোটেশন সীমিত আকারের; টেন্ডার আকারে ব্যাপক।
- টেন্ডারের ক্ষেত্রে অনেক বেশী প্রতিযোগী ঠিকাদার বা সরবরাহকারীর অংশগ্রহণের সুযোগ থাকে; কোটেশন সাধারণত ৩ জন ঠিকাদার বা সরবরাহকারী থেকে সংগ্রহ করা হয়।

৩.৮.২ গণক্রয় আইন, ২০০৬ ও গণক্রয় বিধিমালা, ২০০৮

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (Public Procurement Act 2006)

সরকারের ক্রয় ও সরবরাহ সংক্রান্ত বিশাল ও ব্যাপক কার্যক্রম সমন্বিত ও স্পষ্টভাবে পরিচালনার জন্য ২০০৬ সালে এই আইন গৃহীত হয়। অতি ক্ষুদ্র বা অতি বৃহৎ-সকল কার্য, সেবা বা পণ্য ক্রয় বা সরবরাহ এই আইনের আওতাভুক্ত।

সরকারি তহবিলের অর্থ দ্বারা কোন পণ্য, কার্য বা সেবা ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এবং উক্তরূপ ক্রয়কার্যে অংশগ্রহণের ইচ্ছুক সকল ব্যক্তির প্রতি সম-আচরণ ও অবাধ প্রতিযোগিতা নিশ্চিত করার জন্য অনুসরণীয় পদ্ধতি নির্ধারণসহ আনুষঙ্গিক বিষয়াদির বিধানকল্পে এই আইন প্রণীত হয়।

এই আইন পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ নামে অভিহিত।

পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (Public Procurement Rules 2008)

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ৭০ নং ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ জারী করে (২১ নং এসআরও)। বর্তমানে এই বিধিমালা অনুসরণ করে সরকারি স্বার্থে বা দাতা সংস্থার অনুদানে বাস্তবায়িত সকল ধরনের প্রয়োজনীয় পণ্য, আসবাবপত্র, যন্ত্রপাতি ক্রয়; পূর্তকাজ, মেরামত ও রক্ষণাবেক্ষণ, পরামর্শক নিয়োগ প্রতীতি কাজ সংগ্রহ বা ক্রয় করা হয়।

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর প্রধান উদ্দেশ্যসমূহ:

- সরকারি তহবিলের অর্থ দ্বারা কোন পণ্য, কার্য বা সেবা ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা;
- ক্রয় কার্যে অংশগ্রহণে ইচ্ছুক সকল ব্যক্তি/প্রতিষ্ঠানের প্রতি সম-আচরণ ও অবাধ প্রতিযোগিতা নিশ্চিত করা।

এই আইন নিম্নবর্ণিত ক্ষেত্রে সমগ্র বাংলাদেশে প্রযোজ্য হবে:

(ক) কোন ক্রয়কারী কর্তৃক সরকারি তহবিলের অর্থ দ্বারা কোন পণ্য, কার্য বা সেবা ক্রয়।

(খ) কোন সরকারি, আধা-সরকারি বা কোন আইনের অধীন প্রতিষ্ঠিত কোন সংবিধিবদ্ধ সংস্থা কর্তৃক কোন পণ্য, কার্য বা সেবা ক্রয়।

(গ) কোন কোম্পানী, কোম্পানী আইন, ১৯৯৪ এর অধীন নিবন্ধিত সরকারি তহবিলের অর্থ দ্বারা কোন পণ্য, কার্য বা সেবা ক্রয়।

নিচে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিষয়বস্তু দেখানো হ'ল:

পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮-এ অন্তর্ভুক্ত বিষয়সমূহ

প্রথম অধ্যায়:	ভূমিকা
দ্বিতীয় অধ্যায়:	দরপত্র প্রস্তাব প্রস্তুতকরণ, কমিটি, ইত্যাদি
তৃতীয় অধ্যায়:	ক্রয় সংক্রান্ত নীতিসমূহ
চতুর্থ অধ্যায়:	পণ্য ও সংশ্লিষ্ট সেবা, কার্য ও ভৌত সেবার ক্রয় পদ্ধতি এবং এর প্রয়োগ
পঞ্চম অধ্যায়:	ক্রয় পদ্ধতি
ষষ্ঠ অধ্যায়:	বুদ্ধিবৃত্তিক এবং পেশাগত সেবা ক্রয়

সপ্তম অধ্যায়:	পেশাগত অসদাচরণ, ইত্যাদি
অষ্টম অধ্যায়:	সরকারি ক্রয়ে ইলেক্ট্রনিক পরিচালন পদ্ধতির ব্যবহার, ইত্যাদি।

পিপিএ এবং পিপিআর এ ব্যবহৃত প্রধান পদ/পরিভাষাগুলোর সংজ্ঞা এই পরিচ্ছেদের শেষে উল্লেখ করা হয়েছে।

পিপিএ ও পিপিআর লঙ্ঘনে শাস্তির বিধান:

পিপিএ ও পিপিআর লঙ্ঘন করলে নিচে বর্ণিত শাস্তির বিধান রয়েছে:

- এই আইন প্রযোজ্য হয় এমন কোন কর্মকর্তা বা কর্মচারী আইনের বিধান লঙ্ঘন করে কোন কাজ করে থাকলে তিনি চাকুরি বিধি অনুযায়ী অসদাচরণ বা দুর্নীতির অভিযোগে অভিযুক্ত হবেন এবং উক্ত কারণে তার বিরুদ্ধে বিভাগীয় শৃঙ্খলামূলক কার্যক্রম গ্রহণ করা যাবে।

৩.৮.৩ গণক্রয় বিধিমালা, ২০০৮ অনুসারে পৌরসভার ক্রয় প্রক্রিয়া

সাধারণত, পৌরসভাসমূহ অতি ক্ষুদ্র বা অতি বৃহৎ যে কোন মূল্যমানের পণ্য বা মালামাল (Goods), কার্য (পূর্ত কাজ: Civil Works), সেবা বা সার্ভিস (Service) ক্রয় সংক্রান্ত কাজ করেন। কিছু সাধারণ উদাহরণ নিচের বক্সে দেওয়া হ'ল:

ক্রয়ের কয়েকটি উদাহরণ:

- বর্জ্য সংগ্রহ করার জন্য ট্রাক ক্রয়;
- টিউবওয়েল স্থাপনের বা রাস্তা উন্নয়নের জন্য ঠিকাদার বা কন্ট্রাক্টর নিয়োগ;
- টিউবওয়েলের পানি পরীক্ষা-নিরীক্ষা করার জন্য পরামর্শক নিয়োগ;
- নাগরিকদের স্বাস্থ্য সচেতনতা বাড়ানোর জন্য গ্রামীণ থিয়েটার দল নিয়োগ;
- পৌরসভার নিজস্ব কারিগর দিয়ে টিউবওয়েল মেরামতের জন্য ৫০০ টাকার পিভিসি পাইপ ক্রয়;
- স্বাস্থ্যসম্মত পায়খানা/নর্দমা তৈরির জন্য ঠিকাদার নিয়োগ;
- পৌরসভার সক্ষমতা বাড়ানোর জন্য স্থানীয় কোন এনজিও'র সাথে চুক্তি স্বাক্ষর।

ঠিকাদার বা সরবরাহকারীর শ্রেণি বিভাগ

পৌরসভার প্রকিউরমেন্ট কার্যক্রমের সাথে সাধারণত যোগানদার ও ঠিকাদার জড়িত। সরবরাহকারী এবং ঠিকাদারের মধ্যে একটি পার্থক্য আছে। যে ব্যক্তি বা প্রতিষ্ঠান, ক্রেতা বা প্রতিষ্ঠানের নিকট কেবল পণ্য সরবরাহ করে তাকে সরবরাহকারী (Supplier) বলা হয়। সাধারণত যে ব্যক্তি বা প্রতিষ্ঠান কার্য সম্পাদনের জন্য বিশেষভাবে পূর্তকাজের জন্য চুক্তিবদ্ধ হয় তাকে ঠিকাদার (Contractor) বলা হয়।

বিভিন্ন সংগ্রহকারী প্রতিষ্ঠান তাদের চাহিদা মোতাবেক ঠিকাদারের শ্রেণিবিভাগ করে থাকে। বাংলাদেশ সরকারের পারচেজ ম্যানুয়ালের ১০৫ প্যারা অনুসারে ঠিকাদারের শ্রেণিবিভাগ নিম্নোক্ত প্রকারের:

- বাংলাদেশী উৎপাদনকারী
- বিদেশী উৎপাদনকারীর এজেন্ট
- দেশী বা বিদেশী পণ্যের স্টকিস্ট

পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার ৪৮ বিধি অনুসারে একজন ঠিকাদারের নিম্নরূপ যোগ্যতা থাকতে হবে:

- (১) চুক্তি বাস্তবায়নে প্রয়োজনীয় পেশাগত ও কারিগরি যোগ্যতা ও দক্ষতা থাকতে হবে।
- (২) আর্থিক সামর্থ্য, সরঞ্জামাদি ও অন্যান্য ভৌত সুবিধার অধিকারী হতে হবে। ঠিকাদারের আর্থিক সামর্থ্য বলতে জামানত প্রদান ও অন্যান্য আর্থিক কাজ করার মত আর্থিক সক্ষমতাকে বোঝায়।
- (৩) সরবরাহ বা পূর্ত কাজের শেষে কার্যোত্তর সেবা প্রদানে সক্ষম হতে হবে।
- (৪) ব্যবস্থাপনাগত দক্ষতা, অভিজ্ঞতা, সুনাম ও নৈতিকতার অধিকারী হতে হবে।

- (৫) অভিজ্ঞতা সম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক জনবল থাকতে হবে।
- (৬) চুক্তি সম্পাদনে এবং কাজ চলমান অবস্থায় প্রয়োজন হলে অতিরিক্ত চুক্তি সম্পাদনে আইনগত ক্ষমতার অধিকারী হতে হবে।
- (৭) প্রচলিত বিধিবিধান অনুসারে কর ও অন্যান্য সামাজিক দায় পরিশোধকারী হতে হবে।
- (৮) ঠিকাদার সংগ্রহকারী প্রতিষ্ঠানের কাজের লাইসেন্সধারী হতে হবে।
- (৯) সকল ঠিকাদারকে টার্নওভার নির্বিশেষে মূল্য সংযোজন কর আইনের ১৫ ধারা অনুসারে 'মুসক' নিবন্ধিত হতে হবে।
- (১০) চুক্তি সম্পাদনের উদ্দেশ্যে দরপত্র বা সেবা প্রদানের যে প্রস্তাব দাখিল করেছে তা বাস্তবায়ন করতে সক্ষম হতে হবে।
- (১১) কোন ক্রয়কারী কর্তৃক কোন ক্রয়কার্যে অংশগ্রহণ করা হতে বিরত করা হয় নাই বা কোন আদালত কর্তৃক প্রত্যাহার, দুর্নীতি বা ষড়যন্ত্রমূলক কার্যকলাপের জন্য দণ্ড প্রদান করা হয় নাই—এমন।

কোটেশনের মাধ্যমে অনুরোধ পদ্ধতির (RFQM) বিধি ও প্রক্রিয়া

RFQ পদ্ধতি প্রায়শই ক্রয় কার্যক্রমে ব্যবহৃত হয়। কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি (Request for Quotation Method: RFQM) প্রয়োগের ক্ষেত্রে অনুসরণীয় কার্যপ্রণালী, শর্তাবলী, ইত্যাদি নিম্নরূপ:

১. ক্রয়কারী বাজারে পাওয়া যায় এমন প্রমিত মানের স্বল্পমূল্যের সহজলভ্য পণ্য ও সংশ্লিষ্ট সেবা, এবং স্বল্পমূল্যের সাধারণ কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে পিপিআর বিধি ৮১(১) অনুসারে উন্নয়ন এবং রাজস্ব বাজেটের জন্য পৃথকভাবে নির্দিষ্টকৃত মূল্যসীমা অতিক্রম না করা সাপেক্ষে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি প্রয়োগ করতে পারবে।

২. অপপ্রয়োগ রোধ নিশ্চিতকল্পে, ক্রয়কারী কার্যালয় প্রধান কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতির প্রয়োগ কঠোরভাবে নিয়ন্ত্রণ করবেন এবং এই বিধিতে উল্লিখিত আইটেমসমূহের মধ্যেই যেন ক্রয় সীমিত থাকে তার নিশ্চয়তা বিধান করবেন।

৩. বিধি ১৬ (৭) এর অধীন অনুমোদিত ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট ক্রয়ের জন্য কোটেশন পদ্ধতি নির্ধারিত না থাকলে, কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি প্রয়োগের ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার কাছ থেকে লিখিত অনুমোদন নিতে হবে।

৪. কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি (RFQM) প্রয়োগের যথার্থতা নিরূপণে নিম্নবর্ণিত বিষয়াদি বিবেচনা করতে হবে:

(ক) দরপত্র কার্যক্রমে অধিকতর প্রতিযোগিতা পরিহার বা কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি প্রয়োগে ক্রয়ের জন্য সম্ভাব্য বৃহদাকার চুক্তিকে ক্ষুদ্র ক্ষুদ্র অংশে ভাগ করা যাবে না;

(খ) কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতির (RFQM) মাধ্যমে কোন ক্রয়ের ক্ষেত্রে জটিল দলিলপত্র সম্পাদন বা সাধারণ দরপত্র পদ্ধতিতে ব্যবহৃত আনুষ্ঠানিকতার প্রয়োজন হবে না।

- দরপত্রদাতাগণকে যোগ্যতার সমর্থনে বৈধ ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরণ নম্বর (TIN), ভ্যাট নিবন্ধন নম্বর সংক্রান্ত দালিলিক প্রমাণাদি এবং আর্থিক স্বচ্ছতার সমর্থনে ব্যাংকের সনদপত্র দাখিল করার জন্য অনুরোধ করা যাবে।
- দরপত্রদাতাগণকে উন্মুক্ত দরপত্র পদ্ধতির ক্ষেত্রে যে পদ্ধতিতে মূল্য উদ্ধৃত করা হয়, সেই একই পদ্ধতিতে মূল্য বা দর উদ্ধৃত করার জন্য অনুরোধ জ্ঞাপন করতে হবে।
- পণ্য ও সংশ্লিষ্ট সেবা বা স্বল্প মূল্যের সাধারণ কার্য বা ভৌত সেবা ক্রয়ের ধরন ও মূল্য বিবেচনায় কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রে, তা যে নির্ণায়কের ভিত্তিতে মূল্যায়ন করা হবে, এর উল্লেখ থাকতে হবে।
- কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতির জন্য নির্ধারিত আদর্শ দলিল ব্যবহার করতে হবে।
- কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি প্রয়োগের ক্ষেত্রে দরপত্র জামানত বা কার্যসম্পাদন জামানতের প্রয়োজন হবে না।

- কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনের বিজ্ঞাপন পত্রিকায় প্রকাশের প্রয়োজন নেই, তবে ন্যূনতম প্রচারের লক্ষ্যে ক্রয়কারীর নোটিশ বোর্ডসহ তার ওয়েবসাইটে (যদি থাকে) উক্ত বিজ্ঞাপন প্রকাশ করতে হবে এবং ক্রয়কারীর নিকটবর্তী অন্য ক্রয়কারীর প্রশাসন শাখার নিকট, প্রচারের অনুরোধপূর্বক, প্রেরণ করতে হবে।
- কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিলের জন্য কোন মূল্য আদায় করা যাবে না।
- তফসিল-২ এ বর্ণিত সময়সীমা সাপেক্ষে, কোটেশন দাখিলের জন্য প্রদত্ত সময় যথাসম্ভব কম বা যুক্তিসঙ্গত হবে।
- ক্রয়কারী সংশ্লিষ্ট পণ্য বা কার্য ক্রয়ের ক্ষেত্রে তার সুনির্দিষ্ট চাহিদা বিবেচনার পাশাপাশি দরপত্রদাতাগণের সুনাম এবং যোগ্যতা বিবেচনাপূর্বক সতর্কতার সঙ্গে দরপত্রদাতা নির্বাচন করে কোটেশন দাখিলের আহ্বান জানাবে।
- ক্রয়কারী যথাসম্ভব সর্বোচ্চ সংখ্যক দরদাতার কাছ থেকে কোটেশন আহ্বান করবে এবং দরপত্রদাতাগণ কর্তৃক উদ্ধৃত দরের প্রতিযোগিতামূলক ভিত্তি নিশ্চিত করার লক্ষ্যে কমপক্ষে ৩ (তিন)টি রেসপনসিভ কোটেশন প্রয়োজন হবে।

কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি প্রয়োগের মাধ্যমে পণ্য ও সংশ্লিষ্ট সেবা এবং কার্য ও ভৌত সেবা ক্রয়ের আর্থিক মূল্যসীমা	
রাজস্ব বাজেটের অধীন ক্রয়ের ক্ষেত্রে পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের জন্য প্রতিটি ক্ষেত্রে অনধিক ২ (দুই) লক্ষ টাকা, তবে বছরে সর্বোচ্চ ১০ (দশ) লক্ষ টাকা। কার্য ও ভৌত সেবা ক্রয়ের জন্য প্রতিটি ক্ষেত্রে অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা, তবে বছরে সর্বোচ্চ ২০ (বিশ) লক্ষ টাকা।	উন্নয়ন বাজেটের অধীন ক্রয়ের ক্ষেত্রে পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের জন্য প্রতিটি ক্ষেত্রে অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা, তবে বছরে সর্বোচ্চ ২০ (বিশ) লক্ষ টাকা। কার্য ও ভৌত সেবা ক্রয়ের জন্য প্রতিটি ক্ষেত্রে অনধিক ১০ (দশ) লক্ষ টাকা, তবে বছরে সর্বোচ্চ ৪০ (চল্লিশ) লক্ষ টাকা।

৩.৮.৪ টেন্ডার বা দরপত্র আহ্বান প্রক্রিয়ার ধাপসমূহ

১. দরপত্র মূল্যায়ন কমিটি গঠন	৭. দরপত্র আহ্বান ও গ্রহণ
২. কারিগরি বিনির্দেশ প্রস্তুতকরণ (Preparation of Technical Specification)	৮. দরপত্র উন্মুক্তকরণ
৩. প্রাক্কলন প্রস্তুতকরণ	৯. দরপত্রসমূহ যাচাই ও মূল্যায়ন
৪. দরপত্র দলিল বা টেন্ডার সিডিউল প্রস্তুতি	১০. মূল্যায়ন প্রতিবেদন অনুমোদন
৫. দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ	১১. চুক্তি সম্পাদনের নোটিশ জারী
৬. দরপত্র দলিল বা টেন্ডার সিডিউল বিক্রয়	১২. চুক্তি স্বাক্ষর

টেন্ডার বা দরপত্র আহ্বান প্রক্রিয়ার প্রতিটি ধাপের ব্যাখ্যা:

(১) দরপত্র মূল্যায়ন কমিটি গঠন:

দরপত্র মূল্যায়নের জন্য ৫-৭ সদস্যবিশিষ্ট একটি দরপত্র মূল্যায়ন কমিটি গঠন করতে হবে। সদস্যদের মধ্যে দুইজন সংগ্রহকারী প্রতিষ্ঠানবহির্ভূত ও সংগ্রহ কাজে অভিজ্ঞ এবং কারিগরি জ্ঞানসম্পন্ন ব্যক্তি হবেন। সংগ্রহকারী প্রতিষ্ঠানের প্রধান উক্ত দুইজন সদস্য নির্বাচন করবেন। মূল্যায়নে দুইজন বহিঃসদস্যসহ কমপক্ষে পাঁচজন সদস্যের উপস্থিতি এবং মূল্যায়ন প্রতিবেদনে স্বাক্ষর আবশ্যিক হবে। বৈধ কারণ ব্যতীত দরপত্র মূল্যায়ন কমিটি পরিবর্তন করা যাবে না।

(২) কারিগরি বিনির্দেশ প্রস্তুতকরণ (Preparation of Technical Specification).

ক্রয়কারী তার প্রয়োজন অনুযায়ী কাল্পনিক পণ্য/কার্য ক্রয়ের ক্ষেত্রে কারিগরি বিনির্দেশ প্রস্তুত করবে—যাতে নিম্নোক্ত নির্দেশাবলী প্রযোজ্য হবে:

(ক) প্রতিযোগিতা সীমিত করতে পারে এরূপ সরাসরি সম্পর্কযুক্ত নকশা বা বর্ণনামূলক বৈশিষ্ট্য উল্লেখ না করে, কার্যসম্পাদন যোগ্যতা বা উৎপাদন ক্ষমতা স্পষ্টভাবে বর্ণনা করতে হবে; কারিগরি বিনির্দেশে কোন পণ্যের ট্রেডমার্ক বা

পণ্যের ব্যবসায়িক নাম, পেটেন্ট, নকশা বা ধরন, নির্দিষ্ট উৎস দেশের নাম, উৎপাদনকারী বা সেবা সরবরাহকারীর নাম সুনির্দিষ্টভাবে উল্লেখ করা যাবে না।

(৩) প্রাক্কলন প্রস্তুতকরণ:

কোন নির্দিষ্ট গন্তব্যস্থলে কোন পণ্য সরবরাহ, বা কোন কার্য সম্পাদন বা স্থাপনের (Installation) মূল্যসহ দরদাতা কর্তৃক প্রদেয় সকল সংশ্লিষ্ট ও সহায়ক সেবার মূল্যের ভিত্তিতে প্রাক্কলন প্রস্তুত করতে হবে। যাতে চুক্তি সম্পাদন করা হলে, সরবরাহকারী বা ঠিকাদার কর্তৃক মূল্য সংযোজন করণ ও শুল্কসহ যে কর প্রদেয় হবে তা প্রাক্কলনে অন্তর্ভুক্ত থাকে।

(৪) দরপত্র দলিল বা টেন্ডার সিডিউল প্রস্তুতকরণ:

বিনির্দেশ (specification) সম্বলিত দরপত্র দলিল (tender schedule) বা কর্মপরিধি (terms of reference) প্রস্তুত করতে হবে।

ক্রয়কারীকে দরপত্র বা প্রস্তাব দলিলে নিম্নবর্ণিত তথ্য ও শর্তাদি উল্লেখ করতে হবে:

- (ক) সম্পাদিতব্য কার্য ও ভৌত সেবার বিবরণ;
- (খ) কার্যের অবস্থান এবং নকশা (drawings);
- (গ) প্রদেয় পণ্য ও সংশ্লিষ্ট সেবার বিবরণ (Bill of Quantity);
- (ঘ) সরবরাহ বা স্থাপনের স্থান;
- (ঙ) সরবরাহ এবং কার্য-সম্পাদনের কর্মপরিকল্পনা (Work Plan);
- (চ) কার্য সম্পাদনে অবশ্য পূর্ণণীয় ন্যূনতম শর্ত;
- (ছ) ওয়ারেন্টি, ত্রুটিজনিত দায় (defects liability) ও রক্ষণাবেক্ষণের শর্তাদি;
- (জ) দরপত্রদাতাগণ যে মুদ্রায় বা মুদ্রাসমূহে দরপত্র দাখিল করতে পারবে সেই মুদ্রা বা মুদ্রাসমূহের নাম এবং বিনিময় মূল্য প্রয়োগের ক্ষেত্রে প্রযোজ্য তারিখ;
- (ঝ) দরপত্র জামানত ও কার্য-সম্পাদন জামানতের পরিমাণ এবং মুদ্রা বা মুদ্রাসমূহের নাম;
- (ঞ) চুক্তি মূল্য (contract price) পরিশোধের শর্ত ও পদ্ধতি;
- (ট) ন্যূনতম বীমা কাভারেজ; এবং
- (ঠ) প্রাসঙ্গিক অন্য কোন শর্ত।

(৫) দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ:

সংগ্রহকারী প্রতিষ্ঠান কোন পণ্য বা কাজ যেভাবে এবং যে সকল শর্তে সরবরাহ পেতে বা সম্পাদন করতে ইচ্ছুক তার বিবরণ সম্বলিত একটি লিখিত দলিল প্রস্তুত করবে। এটি দরপত্র দলিল বা টেন্ডার সিডিউল (Tender Document) নামে পরিচিত। সংগ্রহকারী প্রতিষ্ঠানের আস্থানের পরিপ্রেক্ষিতে আগ্রহী ঠিকাদারগণ সংগ্রহকারী প্রতিষ্ঠান হতে অফেরতযোগ্য এবং নির্ধারিত মূল্যে দরপত্র দলিল সংগ্রহ করে তার ভিত্তিতে সরবরাহ প্রস্তাব দাখিল করেন। এই প্রস্তাব দরপত্র নামে পরিচিত।

টেন্ডার বা দরপত্র বিজ্ঞপ্তি

প্রাতিষ্ঠানিক পর্যায়ে পণ্য, কার্য বা সেবা ক্রয়ের ক্ষেত্রে বিক্রেতা বা ঠিকাদার বা সরবরাহকারীর কাছ থেকে দরপত্র আস্থানের জন্য সংবাদপত্র ও অন্যান্য প্রচার মাধ্যমে বিজ্ঞপ্তি প্রচার করার নামই দরপত্র বিজ্ঞপ্তি বা টেন্ডার নোটিশ (Tender Notice)। সরবরাহকারী বা ঠিকাদারগণের মধ্যে বহুল প্রচারের উদ্দেশ্যে সংবাদপত্রে বিজ্ঞপ্তি প্রদান করতে হয়। এতে করে যোগ্যতম ঠিকাদার বা সরবরাহকারী নির্বাচন করা যায়। প্রতিযোগিতামূলক দরে পণ্য, কার্য বা সেবা ক্রয় বা সংগ্রহ করা যায়। পণ্য, কার্য বা সেবা ক্রয় বা সংগ্রহে গুণগত মান বজায় রাখা যায়।

দরপত্র দলিল (tender schedule) বা কর্মপরিধি (terms of reference) ক্রয়ের মূল্যমানের উপর ভিত্তি করে ব্যাপক বা সীমাবদ্ধ আকারে জনসমক্ষে প্রকাশ ও প্রচার করতে হবে। বিজ্ঞপ্তিটি ২টি জাতীয়ভিত্তিক পত্রিকায় (১টি বাংলা এবং ১টি ইংরেজী) প্রকাশ করতে হবে এবং পৌরসভার নোটিশ বোর্ডে স্টেটে দিতে হবে।

স্থানীয় ও আঞ্চলিক পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ

দাপ্তরিক প্রাক্কলিত মূল্য যখন ৫ (পাঁচ) লক্ষ টাকা বা এর নিচে হবে, পৌর পরিষদ তখন বহুল প্রচারিত সর্বাধিক দুইটি আঞ্চলিক বা স্থানীয় দৈনিক সংবাদপত্রে পর পর সর্বাধিক ২ (দুই) দিনের জন্য বিজ্ঞাপন প্রকাশ করতে পারবে।

আয়োজন, বৈশিষ্ট্য ও ব্যাপকতার দিক থেকে দরপত্র বিজ্ঞপ্তি বা টেন্ডার নিম্নলিখিত ধরনের হতে পারে।

- উন্মুক্ত বা খোলা বিজ্ঞপ্তি (Open Tender): সকলের জন্য উন্মুক্ত টেন্ডার বা বিজ্ঞপ্তি। সংশ্লিষ্ট যে কোন বিক্রেতা বা ঠিকাদার বা সরবরাহকারী এই ধরনের দরপত্র প্রদান প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারে।
- সীমিত বিজ্ঞপ্তি (Restricted Tender): সকলের জন্য উন্মুক্ত নয়। কেবল তালিকাভুক্ত বিক্রেতা বা ঠিকাদার বা সরবরাহকারী এই ধরনের দরপত্র প্রদান করতে পারে।
- আন্তর্জাতিক বিজ্ঞপ্তি (International Tender): ক্রয় প্রক্রিয়ায় পণ্য, কার্য বা সেবা সরবরাহে দেশের বাইরের বিক্রেতা বা ঠিকাদার বা সরবরাহকারীর অংশগ্রহণের সুযোগ দিয়ে বিজ্ঞপ্তি দেয়া। সরকারি বড় বড় ক্রয় ক্ষেত্রে সাধারণত: আন্তর্জাতিক টেন্ডার আহ্বান করা হয়।

(৬) দরপত্র ফরম বা টেন্ডার সিডিউল বিক্রি

দরপত্রের একটি মূল্য নির্ধারণ করতে হবে। উল্লেখ থাকে যে, ক্রয় মূল্য যত বেশি হবে দরপত্রের মূল্য তত বেশি হবে। নির্ধারিত মূল্যে আগ্রহী ও যোগ্যতাসম্পন্ন বিক্রেতা, ঠিকাদার, সরবরাহকারী বা পরামর্শক প্রতিষ্ঠানের কাছে দরপত্র ফরম বিক্রি করতে হবে।

(৭) দরপত্র দাখিল ও গ্রহণ

দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত দরপত্র দাখিলের সময়সীমার মধ্যে, স্বাক্ষরিত ও সীল মোহরকৃত খামে দরপত্রসমূহ ঠিকাদার বা সরবরাহকারীকে নির্ধারিত স্থানে বা স্থানসমূহে জমা দিতে হবে। সংগ্রহকারী প্রতিষ্ঠান দরপত্র দাখিলের তারিখ ও সময় প্রদর্শনক্রমে দরপত্রদাতাকে একটি রসিদ প্রদান করবে। দাখিলের সময়সীমার পরে প্রাপ্ত দরপত্রসমূহ না খুলে দরপত্রদাতাকে ফেরত দিতে হবে।

(৮) দরপত্র উন্মুক্তকরণ কমিটি

দরপত্র সংগ্রহকারী প্রতিষ্ঠান বিজ্ঞপ্তিতে উল্লেখিত সময়ে ও স্থানে সকল দরপত্র জনসমক্ষে খুলবেন। দরপত্র উন্মুক্তকরণ কমিটির সদস্যবৃন্দের উপস্থিতিতে দরপত্রসমূহ খোলা হবে। দরপত্রদাতাগণ বা তাদের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিগণ দরপত্র খোলার সময়ে উপস্থিত থাকতে পারবেন। প্রত্যেক দরপত্রের মোট উদ্ধৃত মূল্য ও জামানতের পরিমাণ লিপিবদ্ধ করতে হবে। জনসমক্ষে খোলা না হলে কোন দরপত্র বিবেচনা করা হবে না এবং উক্ত দরপত্র ফেরত প্রদান করতে হবে।

দরপত্র বা প্রস্তাব মূল্যায়ন কমিটি হতে ১ (এক) জন এবং সংশ্লিষ্ট ক্রয়কারী এবং অন্যান্য সংস্থার ২জন সদস্যসহ দরপত্র উন্মুক্তকরণ কমিটি নিরুপভাবে গঠন করা হবে:

(ক) চেয়ারপারসন;

(খ) সদস্য;

(গ) সদস্য-সচিব।

(৯) দরপত্রসমূহ যাচাই ও মূল্যায়ন:

দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি:

কমপক্ষে ৫ (পাঁচ) জন এবং সাধারণত অনধিক ৭ (সাত) জন সদস্য, যাদের মধ্যে ক্রয়কারীর নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় বা বিভাগ বা এজেন্সীর বহির্ভূত কমপক্ষে ২ (দুই) জন সদস্য কমিটিতে অন্তর্ভুক্ত থাকবেন। মূল্যায়নে ২ (দুই) জন বহিঃসদস্যসহ কমপক্ষে ৫ (পাঁচ) জন সদস্যের উপস্থিতি এবং মূল্যায়ন প্রতিবেদনে স্বাক্ষর আবশ্যিক হবে।

দরপত্র যাচাই ও মূল্যায়নের জন্য নিম্নোক্ত পদ্ধতিসমূহ অনুসরণ করতে হবে:

- দরপত্র মূল্যায়ন কমিটির মাধ্যমে দরপত্রসমূহ যাচাই ও মূল্যায়ন করতে হবে।

- দরপত্র মূল্যায়ন কমিটি দরপত্রসমূহ যাচাই, মূল্যায়ন ও একটি মূল্যায়ন প্রতিবেদনের মাধ্যমে দরপত্র অনুমোদন প্রদানের সুপারিশ করবেন।
- দরপত্র মূল্যায়ন কমিটির সদস্যগণ দরপত্র মূল্যায়ন প্রতিবেদনে এই মর্মে যৌথভাবে প্রত্যয়ন প্রদান করবেন যে, মূল্যায়নকালে সকল বিধিবিধান যথাযথভাবে অনুসৃত হয়েছে, গুরুত্বপূর্ণ কোন তথ্য বাদ দেয়া হয় নি। তাছাড়া, দরপত্র কমিটির প্রত্যেক সদস্য পৃথক পৃথকভাবে এই মর্মে প্রত্যয়নপত্র প্রদান করবেন যে, অংশগ্রহণকারী কোন দরপত্রদাতার সংগে তার ব্যবসাগত বা অন্য কোন সম্পর্ক নেই।
- দরপত্র বাছাইকালে প্রাক্কলনের অধিক বা নিম্নপ্রস্তাব সম্বলিত দরপত্রসমূহ স্বয়ংক্রিয়ভাবে বাতিল করা যাবে না।
- সংগ্রহকারী প্রতিষ্ঠান দরপত্র বাছাই ও মূল্যায়নের সুবিধার্থে কোন দরপত্রদাতাকে তার দরপত্রের লিখিত ব্যাখ্যা দানের জন্য অনুরোধ জানাতে পারে।

দরপত্রসমূহ যাচাই ও মূল্যায়নের পর মূল্যায়ন কমিটির কাজ ও দায়িত্ব:

- দরপত্র কমিটি দরপত্রসমূহ যাচাই ও মূল্যায়ন শেষে একটি মূল্যায়ন প্রতিবেদনের মাধ্যমে দরপত্র অনুমোদন প্রদানের সুপারিশ করবেন।
- তারা এই মর্মে যৌথভাবে প্রত্যয়ন প্রদান করবেন যে, মূল্যায়নকালে সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসৃত হয়েছে, গুরুত্বপূর্ণ কোন তথ্য বাদ দেওয়া হয়নি। এছাড়া প্রত্যেক সদস্য পৃথক পৃথকভাবে এই মর্মে প্রত্যয়নপত্র প্রদান করবেন যে, অংশগ্রহণকারী কোন দরপত্রদাতার সঙ্গে তার ব্যবসাগত বা অন্য কোন সম্পর্ক নেই।
- দরপত্র বাছাইকালে প্রাক্কলনের অধিক বা নিম্ন প্রস্তাব সম্বলিত দরপত্রসমূহ স্বয়ংক্রিয়ভাবে বাতিল করা যাবে না।
- সংগ্রহকারী প্রতিষ্ঠান দরপত্র যাচাই ও মূল্যায়নের সুবিধার্থে কোন দরপত্রদাতাকে তার দরপত্রের লিখিত ব্যাখ্যাদানের জন্য অনুরোধ জানাতে পারবে। কিন্তু এর মাধ্যমে এমন কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না, যার ফলে দরপত্রের কোন মৌলিক পরিবর্তন (যেমন মূল্য, সরবরাহকাল, গুণগত মান প্রভৃতি) ঘটে।
- সংগ্রহকারী প্রতিষ্ঠান দরপত্র পরীক্ষাকালে কেবলমাত্র প্রাপ্ত গাণিতিক ভুলসমূহ সংশোধন করতে পারবেন। এরূপ সংশোধনের বিষয়টি সংশ্লিষ্ট দরপত্রদাতাকে দ্রুত জানাতে হবে। দরপত্র মূল্যায়ন কমিটির সভাপতি দরপত্রদাতাকে প্রদত্ত দরপত্রের লিখিত ব্যাখ্যাদানের অনুরোধপত্রে এবং দরপত্রের গাণিতিক সংশোধনের অনুরোধপত্রে স্বাক্ষর করবেন।

সফল দরপত্রদাতা নির্ধারণ:

- (১) একাধিক বৈধ দরপত্রের মধ্যে দরপত্র দলিলে উল্লেখিত উপাদানসমূহের ভিত্তিতে নিরূপিত সর্বনিম্ন মূল্য প্রদানকারী দরপত্রদাতাই সফল দরপত্রদাতা হিসেবে গণ্য হবেন। প্রদত্ত সর্বনিম্ন মূল্যের যথার্থতা যাচাইয়ের ক্ষেত্রে সরবরাহ সময়কে গুরুত্ব প্রদান করতে হবে।
- (২) যদি সর্বনিম্ন উদ্ধৃত দর প্রাক্কলিত মূল্য অপেক্ষা লক্ষ্যণীয় পরিমাণ কম থাকে তা হলে দরপত্র মূল্যায়ন কমিটি এর কারণ অনুসন্ধান করে দেখবেন। সে ক্ষেত্রে দরপত্রদাতার নিকট থেকে দর বিশ্লেষণ পত্র চাওয়া যেতে পারে। যদি দরপত্র মূল্যায়ন কমিটি মনে করে যে, দরপত্রদাতা অভিজ্ঞতার অভাবে এইরূপ বাস্তবতা বর্জিত মূল্য উদ্ধৃত করেছেন তাহলে এই দরপত্র মূল্যায়ন থেকে বাদ রাখতে হবে।
- (৩) যোগ্য দরপত্রদাতাগণের মধ্যে তুলনার ক্ষেত্রে হবে মূল্য সংযোজন কর ব্যতীত সকল কর ও শুল্কসহ উদ্ধৃত মূল্য এবং দরপত্র দলিলে বর্ণিত তুলনাযোগ্য তথ্যাদি। দরপত্র দলিলে যে সকল তথ্যাদি চাওয়া হয়েছে সেগুলি যথাযথভাবে মূল্যায়ন করতে হবে।
- (৪) যদি মূল্যায়ন শেষে দেখা যায় যে, সর্বনিম্ন দরপত্র মূল্য বরাদ্দকৃত বাজেট অপেক্ষা বেশী, কিন্তু বাজারমূল্য স্ফরের মধ্যে রয়েছে, সেক্ষেত্রে দরপত্র মূল্যায়ন কমিটি দরপত্রটি গ্রহণের জন্য এবং সংগ্রহ চাহিদা হ্রাস করে চুক্তি সম্পাদনের জন্য অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট সুপারিশ করতে পারবে।
- (৫) সফল দরদাতাকে কার্যাদেশ দিতে হবে। কার্যাদেশ নির্দিষ্ট সময়ের মধ্যে প্রেরণ করতে হবে।

দরপত্র জমাদাতা ঠিকাদারদের প্রাথমিক যোগ্যতা মূল্যায়নের জন্য চেকলিষ্ট

ক্রমিক নং	প্রয়োজনীয়তা যাচাইয়ের বিষয়	সঠিক হলে টিক চিহ্ন (✓) দিন	মন্তব্য
০১.	ঠিকাদারি লাইসেন্স		
০২.	ঠিকাদারির তালিকাভুক্তি		
০৩.	Tax Identification Number (TIN)		

ক্রমিক নং	প্রয়োজনীয়তা যাচাইয়ের বিষয়	সঠিক হলে টিক চিহ্ন (✓) দিন	মন্তব্য
০৪.	VAT রেজিস্ট্রেশন		
০৫.	ব্যাংক একাউন্ট		
০৬.	অভিজ্ঞতা		
০৭.	আর্থিক সচ্ছলতা		
০৮.	কারিগরি জ্ঞানসম্পন্ন জনবল		
০৯.	প্রয়োজনীয় যন্ত্রপাতি		
১০.	পেশাগত ও কারিগরি যোগ্যতা ও দক্ষতা		
১১.	সরবরাহ বা পূর্ত কাজের শেষে কার্যকর সেবা প্রদানের যোগ্যতা		
১২.	কোন সরবরাহ বা পূর্ত কাজ সম্পাদনে ব্যর্থ হওয়ার পরিপ্রেক্ষিতে কোন সংস্থা কর্তৃক কালো তালিকাভুক্ত হয়েছে কিনা।		

(১০) মূল্যায়ন প্রতিবেদন অনুমোদন:

আইন ও বিধিমালা যথাযথভাবে অনুসরণক্রমে, অনুমোদনকারী কর্তৃপক্ষ মূল্যায়ন কমিটির সুপারিশ সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করবে। মূল্যায়ন কমিটির সুপারিশ সামগ্রিকভাবে বিবেচনা করে অনুমোদনকারী কর্তৃপক্ষ-

(ক) উক্ত সুপারিশ অনুমোদন করতে পারবে; বা

(খ) উক্ত সুপারিশ সম্পর্কিত কোন নির্দিষ্ট বিষয়ে ক্রয়কারীর মাধ্যমে উক্ত কমিটির নিকট হতে ব্যাখ্যা আহ্বান করতে পারবে।

(১১) চুক্তি সম্পাদনের নোটিশ জারী:

দরপত্রের বৈধতার মেয়াদ পূর্তির পূর্বে এবং অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক চুক্তি সম্পাদনের প্রস্তাব অনুমোদনের ১ (এক) সপ্তাহের মধ্যে ক্রয়কারী কৃতকার্য দরপত্রদাতার নিকট চুক্তি সম্পাদনের প্রস্তাব নোটিশ জারী করবেন। দরপত্র দলিলের সংঙ্গে সংযুক্ত নমুনা অনুযায়ী চুক্তিপত্রসহ চুক্তি সম্পাদন নোটিশে নিম্নবর্ণিত বিষয়ের বর্ণনা থাকবে, যথা:

(ক) ক্রয়কারী কর্তৃক দরপত্র গ্রহণ সংক্রান্ত তথ্য;

(খ) চুক্তি মূল্য;

(গ) কার্য সম্পাদন জামানতের পরিমাণ ও এর ছক;

(ঘ) কার্য সম্পাদন জামানত দখিলের তারিখ ও সময়;

(ঙ) চুক্তি স্বাক্ষরের তারিখ ও সময়।

চুক্তিতে অন্তর্ভুক্ত বিভিন্ন দলিলের মধ্যে অগ্রগণ্যতার ক্রম (precedence) হবে নিম্নরূপ:

(ক) স্বাক্ষরিত চুক্তিপত্র (contract agreement);

(খ) চুক্তি সম্পাদন নোটিশ (notification of award);

(গ) দরপত্র এবং এর পরিশিষ্ট (tender and the appendix to tender);

(ঘ) চুক্তির বিশেষ শর্তাদি (particular conditions of contract);

(ঙ) চুক্তির সাধারণ শর্তাদি (general conditions of contract);

(চ) কারিগরি বিনির্দেশ (technical specifications);

(ছ) সাধারণ বিনির্দেশ (general specifications);

(জ) নকশা (drawings);

(ঝ) কার্যের মূল্যযুক্ত পরিমাণগত হিসাব সম্বলিত তফসিল (priced bill of quantities) বা আবশ্যিকীয় পণ্যের মূল্য সম্বলিত তফসিল (priced schedule of requirements); এবং

(ঞ) পত্র যোগাযোগসহ সংশ্লিষ্ট অন্য কোন দলিল।

(১২) চুক্তি স্বাক্ষর:

কৃতকার্য দরপত্রদাতা চুক্তি সম্পাদন নোটিশ গ্রহণের নির্দিষ্ট সময়সীমার মধ্যে ক্রয়কারীর অনুকূলে কার্য সম্পাদন জামানত দাখিল করবেন। দরপত্রদাতা কর্তৃক দাখিলকৃত কার্য সম্পাদন জামানত যথার্থ বলে প্রমাণিত হলে, ক্রয়কারী কর্তৃক যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা এবং কৃতকার্য দরপত্রদাতা বর্ণিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষর করবেন।

সফল দরপত্রদাতার পারফরমেন্স সিকিউরিটি (কার্য সম্পাদন জামানত):

চুক্তি বাস্তবায়নের নিশ্চয়তা প্রদানের জন্য সফল দরদাতা একটি পারফরমেন্স সিকিউরিটি (কার্য সম্পাদন জামানত) প্রদান করবেন। সিকিউরিটির পরিমাণ চুক্তিমূল্যের ১০% - ১৫% এর মধ্যে হতে হবে।

৩.৮.৫ সীমিত দরপত্র পদ্ধতি

নির্দিষ্ট পরিস্থিতিতে পৌরসভা, উন্মুক্ত দরপত্র পদ্ধতির পরিবর্তে সীমিত দরপত্র পদ্ধতি ব্যবহার করতে পারেন।

(১) নিম্নবর্ণিত পরিস্থিতিতে ক্রয়কারী সীমিত দরপত্র পদ্ধতি প্রয়োগ করে ক্রয়কার্য সম্পন্ন করতে পারবেন।

(ক) যে সকল ক্ষেত্রে পণ্য ও সংশ্লিষ্ট সেবা এবং কার্য ও ভৌত সেবা এগুলোর বিশেষ বৈশিষ্ট্যের কারণে কেবল সীমিত সংখ্যক যোগ্যতাসম্পন্ন সম্ভাব্য সরবরাহকারী বা ঠিকাদারের নিকট হতে পাওয়া সম্ভব (যথা: বিমান, রেল ইঞ্জিন, বিশেষায়িত চিকিৎসা সরঞ্জাম, গর্ভনিরোধক সামগ্রী, টেলি-যোগাযোগ সরঞ্জামাদি, খাদ্য-গুদাম, বন্দর, পোতাশ্রয়, ইত্যাদি); বা

(খ) জরুরী প্রয়োজনে পণ্য, কার্য বা সেবা ক্রয়ের ক্ষেত্রে উন্মুক্ত অভ্যন্তরীণ অথবা আন্তর্জাতিক প্রতিযোগিতামূলক দরপত্র প্রক্রিয়া গ্রহণ বাস্তবসম্মত নয় বলে প্রতীয়মান হলে; বা

(গ) যে পরিস্থিতির কারণে উপ-দফা (খ) এ বর্ণিত জরুরী অবস্থার উদ্ভব হয়েছে, ক্রয়কারী কর্তৃক তা পূর্বানুমান সম্ভব ছিল না অথবা ক্রয়কারীর দীর্ঘসূত্রতার কারণেও তা সূচিত হয় নি; বা

(ঘ) যে সকল ক্ষেত্রে রক্ষণাবেক্ষণ ব্যয় হ্রাস এবং খুচরা যন্ত্রাংশের মজুদ সীমিতকরণের লক্ষ্যে সরকার নির্দিষ্ট কতিপয় ব্র্যান্ডের (যথা: কম্পিউটার, গবেষণাগারের যন্ত্রপাতি, গবেষণার যন্ত্রপাতি ইত্যাদি) প্রমীতকরণ সংক্রান্ত নীতিমালা প্রবর্তন করেছে।

(২) উন্মুক্ত দরপত্র পদ্ধতির মাধ্যমে ক্রয়ে প্রয়োজনীয় সময় এবং প্রশাসনিক ব্যয় ক্রয়ের জন্য নির্ধারিত পণ্যের মূল্যের তুলনায় অধিক হলে, ক্রয়কারী, তফসিল-২ এ বর্ণিত মূল্যসীমা সাপেক্ষে, তালিকাভুক্ত সরবরাহকারী বা ঠিকাদারদের নিকট হতে দরপত্র আহ্বান করতে পারবেন।

(৩) মূল্যায়িত সর্বনিম্ন দর যদি উপ-বিধি (২) এ বর্ণিত মূল্যসীমার অধিক হয়, তা হলে পরবর্তী উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট হতে উক্ত ক্ষেত্রে চুক্তি সম্পাদনের অনুমোদন গ্রহণ করতে হবে।

(৪) সীমিত দরপত্র পদ্ধতি ব্যবহারের ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধান অথবা তার নিকট হতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।

(৫) এই পদ্ধতির অধীন দরপত্র জামানত প্রদান বাধ্যতামূলক করা যাবে না, তবে কার্যসম্পাদন জামানত গ্রহণ করতে হবে।

সীমিত দরপত্র ক্রয় পদ্ধতি ব্যবহারের ক্ষেত্রে অনুসরণীয় কার্যপ্রণালী:

(১) বিশেষায়িত পণ্য এবং সংশ্লিষ্ট সেবা ক্রয়ের প্রয়োজনে ক্রয়কারী যদি সরবরাহকারীর সংখ্যালঘুতা সম্পর্কে অবহিত থাকেন, তা হলে সরাসরি সম্ভাব্য সরবরাহকারীদের নিকট হতে দরপত্র আহ্বান করতে পারবেন।

(২) বিধি ৫২ এর অধীন ক্রয়কারী কর্তৃক সম্ভাব্য সরবরাহকারী অথবা ঠিকাদারদের হালনাগাদকৃত তালিকা সংরক্ষণ করা হলে, সে ক্ষেত্রে বিধি ৬৩ (২) এর অধীন ক্রয়ের ক্ষেত্রে উক্ত তালিকাভুক্ত সরবরাহকারী বা ঠিকাদারদের কাছ থেকে দরপত্র আহ্বান করা যেতে পারে।

- (৩) উপ-বিধি (২) এর আওতায় দরপত্র আহ্বান ছাড়াও প্রতিযোগিতা ও স্বচ্ছতা বৃদ্ধির লক্ষ্যে ক্রয়কারীর ওয়েবসাইটে, (যদি থাকে) এবং প্রযোজ্য ক্ষেত্রে, স্থানীয় সংবাদপত্রেও সংক্ষিপ্ত আকারে যুগপৎ বিজ্ঞাপন প্রদান বাঞ্ছনীয় হবে, যদি এইরূপ বিজ্ঞাপনের কারণে এই ক্রয় পদ্ধতি প্রয়োগের উদ্দেশ্য অর্থাৎ সময় ও অর্থ সাশ্রয়ের উদ্দেশ্য ব্যাহত না হয়।
- (৪) সম্ভাব্য সরবরাহকারী বা ঠিকাদারগণের হালনাগাদকৃত তালিকা সংরক্ষণ করে না, এমন ক্রয়কারী অন্যান্য গুরুত্বপূর্ণ ক্রয়কারী কর্তৃক সংরক্ষিত অথবা এতদুদ্দেশ্যে সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) এর ওয়েবসাইটে প্রকাশিত সরবরাহকারী ও ঠিকাদারগণের তালিকা ব্যবহার করতে পারবেন।
- (৫) দরপত্র দাখিলের জন্য প্রদেয় সময় তফসিল-২ অনুযায়ী নির্ধারিত হবে।

তালিকাভুক্ত সরবরাহকারী বা ঠিকাদারদের কাছ থেকে সীমিত দরপত্র পদ্ধতির অধীনে ক্রয়ের ক্ষেত্রে মূল্যসীমা:

- অনধিক ২৫ (পঁচিশ) লক্ষ টাকা মূল্যের পণ্য ও সংশ্লিষ্ট সেবা এবং সেবাদানমূলক চুক্তি;
- অনধিক ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা মূল্যের কার্য ও ভৌত সেবা।

৩.৮.৬ বিবিধ: কিছু গুরুত্বপূর্ণ তথ্য

টেন্ডার সংক্রান্ত কিছু গুরুত্বপূর্ণ তথ্য নিচে ব্যাখ্যা করা হ'ল:

সিপিটিইউ (CPTU) এর ওয়েবসাইটে চুক্তি সম্পাদন নোটিশ প্রকাশ

১ (এক) কোটি টাকা এবং তদূর্ধ্ব মূল্যের পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে এবং কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে; ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা এবং তদূর্ধ্ব মূল্যের বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে।

সিপিটিইউ (CPTU) এর ওয়েবসাইটে চুক্তি সম্পাদন নোটিশ প্রকাশের সময়কাল:

চুক্তি সম্পাদন নোটিশ জারীর ৭ (সাত) দিনের মধ্যে এবং কমপক্ষে ১ (এক) মাসের জন্য।

দরপত্রের বৈধ মেয়াদ

দরপত্রের বৈধতার মেয়াদ দরপত্রের ভিন্নতায় বিভিন্ন রকম হতে পারে। এই মেয়াদ সাধারণত: ৬০ দিন থেকে ১২০ দিন হতে পারে। তবে বৈধতার মেয়াদ অবশ্যই দরপত্রের নোটিশে উল্লেখ থাকতে হবে।

দরপত্র বাতিলকরণ

নিম্নরূপ ত্রুটি থাকলে সংগ্রহকারী প্রতিষ্ঠান দরপত্র বাতিল করতে পারবেন:

- দরপত্রদাতার পূর্ব অভিজ্ঞতার প্রমাণ চাওয়া হলে তা যদি না দেওয়া হয়।
- দাখিলকৃত দরপত্রের গাণিতিক ভুল থাকলে উক্ত ভুল সংশোধন করার পর দরপত্রদাতা যদি এতে সম্মতি প্রদান না করে।
- দরপত্র দলিলে বর্ণিত চাহিদার সাথে দাখিলকৃত দরপত্র যদি যোগ্যতা, স্পেসিফিকেশন, অর্থনৈতিক ও বাণিজ্যিকভাবে সঙ্গতিপূর্ণ না হয়।

দরপত্র জামানত

অহেতুক অংশগ্রহণকারী দরপত্রদাতাদের নিরুৎসাহিত করার জন্য দরপত্র জামানতের অংক পর্যাণ্ডভাবে নির্ধারণ করতে হবে এবং উহা দরপত্র দলিলে স্থির অংকে (rounded fixed amount) উল্লেখ করতে হবে। এই অংক কখনও প্রাক্কলিত চুক্তিমূল্যের শতকরা হারে উল্লেখ করা যাবে না এবং স্থির অংক মোট প্রাক্কলিত চুক্তিমূল্যের অনধিক ৩% হারে নির্ধারণ করতে হবে।

উদাহরণ: যদি কোন দরপত্রের প্রাক্কলিত চুক্তি মূল্য ৫ (পাঁচ) লক্ষ টাকা হয়, তা হলে উক্ত চুক্তিমূল্যের ৩% হারে দরপত্র জামানত হবে ১৫ (পনের) হাজার টাকা, ২% হারে ১০ (দশ) হাজার টাকা এবং ১% হারে ৫ (পাঁচ) হাজার টাকা এবং দরপত্রদাতা যাতে প্রাক্কলিত চুক্তিমূল্যের পরিমাণ সম্পর্কে কোন নির্ভরযোগ্য ধারণা লাভ করতে না পারে, সেই জন্য দরপত্র জামানত উল্লিখিত হারের ভিত্তিতে উপনীত টাকার পরিমাণ হতে কিছুটা কম পরিমাণ নির্ধারণ করতে হবে।

এই ক্ষেত্রে ৩% হারে ১৪ (চৌদ্দ) হাজার টাকা, ২% হারে ৯ (নয়) হাজার টাকা ও ১% হারে ৬ (ছয়) হাজার টাকা নির্ধারণ করা যেতে পারে।

- উচ্চ দরপত্র মূল্যের ক্ষেত্রে দরপত্র জামানতের পরিমাণ ২% এমনকি ১% হারে নির্ধারণ করা যেতে পারে।

ঠিকাদারকে মূল্য পরিশোধ করার সময়

প্রতিটি সনদ (certificate) ইস্যুর তারিখের ২৮ (আটাশ) দিনের মধ্যে।

দরপত্র বা প্রস্তুতকারকের বৈধতার মেয়াদ বৃদ্ধির অনুরোধ জ্ঞাপনের সময়

দরপত্র বা প্রস্তুতকারকের বৈধতার মেয়াদ উত্তীর্ণের ন্যূনতম ১০ (দশ) দিন আগে।

দরপত্র জামানতের পরিমাণ

লট-বাই-লট বা আইটেম-বাই-আইটেমভিত্তিক দরপত্রের ক্ষেত্রে ৫ (পাঁচ)-টির কম লট বা আইটেমের ক্ষেত্রে ব্যতিরেকে, সর্বক্ষেত্রেই দাপ্তরিক প্রাক্কলিত মূল্যের ৩% (শতকরা তিন ভাগ) এর মধ্যে নির্দিষ্ট পরিমাণে।

অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক চুক্তি সংশোধন

‘variations’ জনিত কারণে অনুমোদিত চুক্তিমূল্যের ১৫% (শতকরা পনের ভাগ) পর্যন্ত, তবে তা ১ (এক) কোটি টাকার অধিক হবে না {বিধি ৩৯(১৮)}।

ক্রয়কারী কর্তৃক ক্রয় সংক্রান্ত রেকর্ডপত্র সংরক্ষণ কাল

কমপক্ষে ৫ (পাঁচ) বৎসর;

বিশেষ ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদন গ্রহণক্রমে ৫ (পাঁচ) বছরের অধিক।

কৃতকার্য দরদাতা কর্তৃক চুক্তি সম্পাদন নোটিশ (NOA) গ্রহণের লিখিত সম্মতিপত্র প্রদানের সময়

চুক্তি সম্পাদন নোটিশ জারীর ৭ (সাত) কার্যদিবসের মধ্যে।

কৃতকার্য দরদাতা কর্তৃক সম্পাদন জামানত (Performance Security) দাখিলের সময়

জাতীয় পর্যায়ের দরপত্রের ক্ষেত্রে, চুক্তি সম্পাদন নোটিশ প্রাপ্তির তারিখ থেকে ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে, কিন্তু চুক্তি সম্পাদন নোটিশে নির্দিষ্ট করা তারিখের পরে নয়;

আন্তর্জাতিক প্রতিযোগিতার ক্ষেত্রে, চুক্তি সম্পাদন নোটিশ জারীর ২৮ (আটাশ) দিনের মধ্যে।

কৃতকার্য দরদাতা কর্তৃক চুক্তি স্বাক্ষরের সময় সীমা

চুক্তি সম্পাদন নোটিশ জারীর তারিখ থেকে ২৮ (আটাশ) দিনের মধ্যে।

৩.৮.৭ ক্রয় আইন ও বিধিমালা সংশ্লিষ্ট বিভিন্ন সংজ্ঞা

পরিভাষা (Terms)	সংজ্ঞা (Definition)
সিপিটিইউ (CPTU)	“সিপিটিইউ (CPTU)” অর্থ আইন ও এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে স্থাপিত সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট;
ক্রয় (Procurement)	“ক্রয় (Procurement)” অর্থ কোন চুক্তির অধীন পণ্য সংগ্রহ বা ভাড়া করা বা সংগ্রহ ও ভাড়ার মাধ্যমে পণ্য আহরণ এবং কার্য বা সেবা সম্পাদন। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসারে “সংগ্রহ” (Procurement) হলো কোন চুক্তিভিত্তিক পদ্ধতিতে পণ্য, কার্য ও সেবা ক্রয়, ভাড়া ও প্রাপ্তি।
সরকারি ক্রয় (Public Procurement)	“সরকারি ক্রয় (Public Procurement)” অর্থ এই আইনের অধীন সরকারি তহবিল ব্যবহারের মাধ্যমে কোন ক্রয়কারী কর্তৃক ক্রয়;
প্রশাসনিক কর্তৃপক্ষ	“প্রশাসনিক কর্তৃপক্ষ” অর্থ যথাক্রমে সংশ্লিষ্ট ক্রয়কারী, ক্রয়কারী কার্যালয় প্রধান, মন্ত্রণালয় বা বিভাগের সচিব;
অনুমোদনকারী কর্তৃপক্ষ	“অনুমোদনকারী কর্তৃপক্ষ” অর্থ আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ অনুযায়ী পণ্য, কার্য বা সেবা ক্রয়ের জন্য চুক্তি সম্পাদনের অনুমোদনকারী কর্তৃপক্ষ;
সরকারি তহবিল (Government Fund)	“সরকারি তহবিল (Government Fund)” অর্থ সরকারি বাজেট থেকে ক্রয়কারীর অনুকূলে বরাদ্দকৃত অর্থ অথবা কোন উন্নয়ন সহযোগী বা বিদেশী রাষ্ট্র বা সংস্থা কর্তৃক সরকারের মাধ্যমে ক্রয়কারীর অনুকূলে ন্যস্ত অনুদান ও ঋণ;
আর্থিক ক্ষমতা অর্পণ	“আর্থিক ক্ষমতা অর্পণ” অর্থ সরকারি ক্রয়কার্য পরিচালনার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ;
কার্য (Works)	“কার্য (Works)” অর্থ রেলপথ, রাস্তা, সড়ক, মহাসড়ক বা কোন ভবন, অবকাঠামো বা কাঠামো বা স্থাপনা নির্মাণ, পুনর্নির্মাণ, সাইট প্রস্তুতকরণ, অপসারণ, মেরামত, রক্ষণাবেক্ষণ বা নবরূপদান সংক্রান্ত সকল কাজ, অথবা খননকার্য, যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সংস্থাপন, ডেকোরেশনসহ যে কোন প্রকারের নির্মাণ কাজ এবং এর সঙ্গে সংশ্লিষ্ট ভৌত সেবা যদি এর মূল্য কার্যের অপেক্ষা অধিক না হয়;
বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা	“বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা” অর্থ পরামর্শক কর্তৃক সম্পাদিতব্য পরামর্শ প্রদান বা ডিজাইন প্রণয়ন, বা কাজের তত্ত্বাবধান বা ব্যবহারিক জ্ঞান হস্তান্তর বিষয়ক বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা;
পরামর্শক (Consultant)	“পরামর্শক (Consultant)” অর্থ বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা প্রদানের জন্য ক্রয়কারীর সহিত চুক্তিবদ্ধ ব্যক্তি;
ক্রয়কারী কার্যালয় প্রধান (Head of Procurement Entity: HOPE)	“ক্রয়কারী কার্যালয় প্রধান” (Head of Procurement Entity: HOPE) অর্থ কোন মন্ত্রণালয় বা বিভাগের সচিব, সরকারি অধিদপ্তর বা পরিদপ্তরের প্রধান বা পদনাম নির্বিশেষে কোন স্থানীয় সরকার প্রতিষ্ঠান, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা কর্পোরেশন অথবা কোম্পানী আইনের অধীন নিগমিত (incorporated) কোন সংস্থার প্রধান নির্বাহী;
ক্রয়কারী (Procurement Entity: PE)	“ক্রয়কারী” (Procurement Entity: PE) অর্থ সরকারি তহবিলের অর্থ দ্বারা কোন পণ্য, কার্য বা সেবা ক্রয়ের জন্য প্রশাসনিক ও আর্থিক ক্ষমতাসম্পন্ন কোন ক্রয়কারী;
প্রকল্প ব্যবস্থাপক (Project Manager)	“প্রকল্প ব্যবস্থাপক (Project Manager)” অর্থ চুক্তি পরিচালনা এবং কার্য সম্পাদন তদারক করার জন্য ক্রয়কারী কর্তৃক নিযুক্ত ব্যক্তি অথবা উক্ত দায়িত্ব পালনের জন্য ঠিকাদারকে অবহিত করে নিযুক্ত অন্য কোন যোগ্য ব্যক্তি;
কোটেশন (Quotation)	“কোটেশন (Quotation)” অর্থ বিধি দ্বারা নির্ধারিত আর্থিক সীমা সাপেক্ষে সহজলভ্য প্রমিত পণ্য কার্য বা ভৌত সেবাক্রয়ের জন্য দরপত্রদাতাগণের কাছ থেকে লিখিতভাবে প্রাপ্তমূল্য জ্ঞাপক প্রস্তাব; প্রাতিষ্ঠানিক পর্যায়ে স্বল্পমূল্যের পণ্য, কার্য বা সেবা ক্রয়ের ক্ষেত্রে (যার পরিমাণ সাধারণত ঐ প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত হয়) সংবাদপত্রে বিজ্ঞপ্তি প্রচার না করে স্থানীয় নির্দিষ্ট বিক্রেতা, ঠিকাদার বা সরবরাহকারীর কাছ থেকে সংগৃহীত দরপত্রের নামই কোটেশন। অতএব কোটেশন হল সীমিত সংখ্যক নির্দিষ্ট বিক্রেতা বা ঠিকাদার বা সরবরাহকারী কর্তৃক প্রস্তাবিত দরপত্র।
দরপত্র (Tender) বা প্রস্তাব (Proposal)	“দরপত্র (Tender) বা প্রস্তাব (Proposal)” অর্থ দরপত্র দাখিলের আহ্বান বা, ক্ষেত্রমত, প্রস্তাব দাখিলের অনুরোধের পরিপ্রেক্ষিতে কোন দরপত্রদাতা বা কোন পরামর্শক কর্তৃক পণ্য, কার্য বা সেবা

পরিভাষা (Terms)	সংজ্ঞা (Definition)
	সরবরাহের জন্য ক্রয়কারীর নিকট দাখিলকৃত দরপত্র বা প্রস্তাব; এবং এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, কোটেশনও দরপত্রের অন্তর্ভুক্ত হবে;
দরপত্র দলিল (Tender Document) বা প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (Request for Proposal)	“দরপত্র দলিল (Tender Document) বা প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল (Request for Proposal)” অর্থ দরপত্র বা প্রস্তাব প্রস্তুত করার ভিত্তি হিসেবে ক্রয়কারী কর্তৃক কোন দরপত্রদাতা বা পরামর্শককে সরবরাহকৃত দলিল;
দরপত্র দাতা (Tenderer)	“দরপত্র দাতা (Tenderer)” অর্থ দরপত্র দাখিলকারী ব্যক্তি
দরদাতা (Tenderer)	“দরদাতা (Tenderer)” বলতে সরকারি খাতে ক্রয়ে অংশগ্রহণের উদ্দেশ্যে আমন্ত্রণ লাভকারী বা আমন্ত্রণ প্রত্যাশী ব্যক্তি বা টেন্ডার আস্থানের পরিপ্রেক্ষিতে টেন্ডার দাখিলকারী বা বিজ্ঞাপিত মূল্য দাখিলের অনুরোধের পরিপ্রেক্ষিতে টেন্ডার দাখিলকারী অথবা প্রস্তাব দাখিলের অনুরোধের পরিপ্রেক্ষিতে প্রস্তাব দাখিলকারীকে বুঝাবে।
ইলেকট্রনিক পরিচালন পদ্ধতিতে সরকারি ক্রয় (e-Government Procurement: e-GP)	“ইলেকট্রনিক পরিচালন পদ্ধতিতে সরকারি ক্রয় (e-Government Procurement- e-GP)” অর্থ কোন ক্রয়কারী কর্তৃক ইলেকট্রনিক পরিচালন পদ্ধতি প্রয়োগের মাধ্যমে ক্রয়;
তফসিল	“তফসিল” অর্থ এই বিধিমালার কোন তফসিল;
বিজ্ঞাপন (Advertisement)	“বিজ্ঞাপন (Advertisement)” অর্থ ব্যাপক প্রচারের উদ্দেশ্যে সংবাদপত্র, ওয়েবসাইট বা অন্য কোন গণমাধ্যমে আইনের ধারা ৪০ এর অধীন প্রকাশিত বিজ্ঞাপন;
ঠিকাদার (Contractor)	“ঠিকাদার (Contractor)” অর্থ আইনের অধীন কোন কার্য সম্পাদনের উদ্দেশ্যে ক্রয়কারীর সহিত চুক্তি সম্পাদনকারী ব্যক্তি;
উন্মুক্তকরণ (Opening) কমিটি	“উন্মুক্তকরণ (Opening) কমিটি” অর্থ আইনের ধারা ৬ এর অধীন গঠিত দরপত্র উন্মুক্তকরণ বা প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি।
মূল্যায়ন কমিটি (Tender Evaluation Committee)	“মূল্যায়ন কমিটি (Tender Evaluation Committee)” অর্থ আইনের ধারা ৭ এর অধীন গঠিত দরপত্র প্রস্তাব মূল্যায়ন কমিটি;
গ্রহণযোগ্য (Responsive)	“গ্রহণযোগ্য (Responsive)” দরপত্র দলিল বা প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিলে ঘোষিত ও নির্দিষ্টকৃত মূল্যায়ন নির্ণায়কের ভিত্তিতে বিবেচিতব্য;
চুক্তি-মূল্য (Contract price)	“চুক্তি-মূল্য (Contract price)” অর্থ চুক্তিপত্রে উল্লেখিত মূল্য এবং অতঃপর চুক্তির সংস্থান অনুযায়ী সমন্বয়কৃত মূল্য বুঝাবে;
ত্রুটি (defect)	“ত্রুটি (defect)” অর্থ চুক্তিপত্রের শর্তানুযায়ী কোন কার্যের অনিষ্পন্ন অংশ বুঝাবে;
ত্রুটি সংশোধন সংক্রান্ত সনদপত্র (defects correction certificate)	“ত্রুটি সংশোধন সংক্রান্ত সনদপত্র (defects correction certificate)” অর্থ ঠিকাদার কর্তৃক ত্রুটি সংশোধনের পর প্রকল্প ব্যবস্থাপক কর্তৃক জারীকৃত সনদ;
ত্রুটিজনিত দায়ের মেয়াদ (defects liability period)	“ত্রুটিজনিত দায়ের মেয়াদ (defects liability period)” অর্থ চুক্তির বিশেষ শর্তাদিতে (particular conditions of contract) উল্লিখিত মেয়াদ যা কার্যসম্পাদনের তারিখ হতে হিসাব করা হয়;
প্রাক-যোগ্যতা (Pre-Qualification)	“প্রাক-যোগ্যতা (Pre-Qualification)” অর্থ দরপত্রে অংশগ্রহণের পূর্বশর্ত হিসেবে যোগ্যতা প্রদর্শনের জন্য আস্থান জানানোর প্রক্রিয়া
ডব্বি	“বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;
মান (Quality)	“মান (Quality)” অর্থ পণ্য, কার্য বা সেবার গুণগত মান;
রিভিউ প্যানেল	“রিভিউ প্যানেল (Review Panel)” অর্থ বিশেষজ্ঞদের সমন্বয়ে গঠিত পরিষদ বা প্যানেল;

পরিভাষা (Terms)	সংজ্ঞা (Definition)
(Review Panel)	
ফ্রেমওয়ার্ক চুক্তি (Framework Contract)	“ফ্রেমওয়ার্ক চুক্তি (Framework Contract)” অর্থ পণ্য ও সংশ্লিষ্ট সেবার মূল্য এবং ক্ষেত্রমত, পরিমাণ বা অনুমিত পরিমাণ সম্পর্কিত শর্তাধীন কোন পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের জন্য এক বা একাধিক ক্রয়কারীর সঙ্গে এক বা একাধিক সরবরাহকারীর একটি নির্দিষ্ট সময়ের জন্য সম্পাদিত চুক্তি;
দৈব দুর্ঘটনা (Force Majeure)	“দৈব দুর্ঘটনা (Force Majeure)” অর্থ ঠিকাদারের বা সরবরাহকারী বা পরামর্শকের নিয়ন্ত্রণ বহির্ভূত এমন কোন ঘটনা বা পরিস্থিতি, যা তাদের অবহেলা বা অযত্নের কারণে উদ্ভূত নয়, বা যা অদৃষ্টপূর্ব ও অবশ্যম্ভাবী; সরকার সার্বভৌম ক্ষমতা প্রয়োগের মাধ্যমে সম্পাদিত কোন কাজ, যুদ্ধ, বা বিপণ্ডন, অগ্নিকাণ্ড, বন্যা, মহামারী, সংক্রামক রোগ নিয়ন্ত্রণের জন্য আরোপিত বিধি নিষেধ, এবং মালামাল পরিবহনের ক্ষেত্রে আরোপিত নিষেধাজ্ঞা (freight embargoes) এর অন্তর্ভুক্ত হবে, তবে কেবল এর মধ্যেই সীমিত থাকবে না;
প্রতিশ্রুত সাম (Provisional sum)	“প্রতিশ্রুত সাম (Provisional sum)” অর্থ কার্যের পরিমাণগত হিসাব সম্বলিত বিবরণীতে ক্রয়কারী কর্তৃক উল্লিখিত অর্থের পরিমাণ বুঝাবে, যা ক্রয়কারী কর্তৃক, স্বেচ্ছাধীন বিবেচনায়, মনোনীত সহ-ঠিকাদার (Sub-Contractor) এর জন্য অর্থ পরিশোধ বা প্রয়োজনীয় অন্যান্য ব্যয় নির্বাহের উদ্দেশ্যে ব্যয়িত হবে;
ফোর্স একাউন্ট (Force Account)	“ফোর্স একাউন্ট (Force Account)”: <ul style="list-style-type: none"> ● তফসিল-২ এ বর্ণিত মূল্যসীমার মধ্যে ব্যয় সীমিত থাকা সাপেক্ষে, বিভাগীয় প্রয়োজনে মজুরীর বিনিময়ে সরাসরি শ্রমিক নিয়োগের ক্ষেত্রে Force Account প্রয়োগ করা যেতে পারে। ● ফোর্স একাউন্ট এর অধীন বিভাগীয় কার্য সম্পাদনের লক্ষ্যে উপকরণ ও যন্ত্রপাতি ক্রয় এবং অতিরিক্ত সরঞ্জামাদি ভাড়া করার ক্ষেত্রে অন্যান্য ক্রয় পদ্ধতি যথা: কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি বা ধারা ৭৬ এর অধীন সরাসরি চুক্তি পদ্ধতি ব্যবহার করা যেতে পারে। <p>ফোর্স একাউন্ট (Force Account) এর অধীন বাৎসরিক মোট ক্রয়ের পরিমাণ: প্রতিটি ক্ষেত্রে অনধিক ২ (দুই) লক্ষ টাকা।</p>

৩.৯ সম্পত্তি নিবন্ধন ও ব্যবস্থাপনা

৩.৯.১ পৌরসভার সম্পত্তি

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৪৪ উপধারা ২ অনুযায়ী পৌরসভা স্থাবর ও অস্থাবর সম্পত্তি অর্জন, মালিকানা বজায় রাখা এবং হস্তান্তরের ক্ষমতা রাখে। উক্ত আইনের কতিপয় ধারায় পৌরসভার সম্পত্তি ব্যবস্থাপনায় পৌরসভা এবং সরকার উভয়কে কতিপয় ক্ষমতা দেওয়া হয়েছে।

পৌরসম্পত্তি ব্যবস্থাপনায় পৌরসভার ক্ষমতা:	
ধারা ৪৪ (২)	<ul style="list-style-type: none">নিজস্ব অথবা সরকার অথবা অন্য কোন কর্তৃপক্ষ হতে প্রাপ্ত সম্পত্তির সার্বিক ব্যবস্থাপনা করতে পারবে।দান, ক্রয় অথবা অন্য কোন পন্থায় স্থাবর এবং অস্থাবর সম্পত্তি অর্জন করতে পারবে।পৌরসভার সীমানার বাইরের কোন সম্পত্তির আবশ্যিক হলে সরকারের অনুমোদনক্রমে তা অর্জন করতে পারবে।
ধারা ৪৫ (১)	<ul style="list-style-type: none">জনস্বার্থে রাস্তার নিকটবর্তী কোন জমি অধিগ্রহণের প্রয়োজন হলে সরকারের পূর্বানুমোদনক্রমে তা অর্জন করতে পারবে।
ধারা ৪৬ (১)	<ul style="list-style-type: none">পরিষদ সভার সিদ্ধান্ত অনুযায়ী উন্মুক্ত প্রতিযোগিতার ভিত্তিতে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে স্থাবর সম্পত্তি ইজারা প্রদান এবং অস্থাবর সম্পত্তি ইজারা অথবা ভাড়া ব্যবহার করতে পারবে।সরকারের অনুমোদনক্রমে কোন সম্পত্তি বিক্রয় ও হস্তান্তর করতে পারবে।

পৌরসম্পত্তি নিয়ন্ত্রণে সরকারের ক্ষমতা	
ধারা ৪৪ (১)	<ul style="list-style-type: none">সরকার পৌরসভার মালিকানাধীন অথবা পৌরসভার অধীনে ন্যস্ত সম্পত্তির ব্যবস্থাপনা, রক্ষণাবেক্ষণ ও উন্নয়নের জন্য বিধান করতে পারবে;পৌরসভার মালিকানাধীন অথবা পৌরসভার অধীনে ন্যস্ত সম্পত্তির হস্তান্তর নিয়ন্ত্রণ করতে পারবে;সরকার পৌরসভার প্রয়োজনে স্থাবর সম্পত্তির অধিগ্রহণের ব্যবস্থা করতে পারবে ;প্রয়োজনে সম্পত্তি সমাজ উন্নয়নমূলক কাজে লাগাতে পারবে।

পৌরসভার সম্পত্তি অর্জন

পৌরসভা প্রধানত: তিনটি পদ্ধতিতে সম্পত্তি অর্জন করতে পারে:


ক) অধিগ্রহণ; {স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা: ৪৪ (২-ঘ), ৪৫ (১)}

খ) ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে দান সূত্রে প্রাপ্ত {ধারা: ৪৫ (২-গ)}

গ) সরাসরি ক্রয়ের মাধ্যমে {ধারা: ৪৫ (২-গ)}।

এ ছাড়া পৌর এলাকার মধ্যে সরকার বা অন্য কোন সংস্থার কোন সম্পত্তি যদি পৌরসভার অধীনে ন্যস্ত করা হয়, সেক্ষেত্রে পৌরসভা তা পরিচালনা, ব্যবস্থাপনা ও সংরক্ষণ করবে {ধারা: ৪৫ (২-ক)}।

ব্যবহার ও প্রকৃতি অনুসারে পৌরসভার সম্পত্তির শ্রেণিবিভাগ নিম্নরূপ



সম্পত্তি রেজিস্টারভুক্তকরণ

পৌর নাগরিকদের স্বাচ্ছন্দময় জীবনযাপনের লক্ষ্যে যে সকল সেবা প্রদান করা হয় পৌরসভা মূলত: তা নিজ অধিকারভুক্ত বিভিন্ন সম্পত্তি হতে সংস্থান করে থাকে। পৌরসভার সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তির যথাযথ হিসাব ও কার্যকর ব্যবহার নিশ্চিত করার প্রথম ও প্রধান পদক্ষেপ হ'ল সকল সম্পত্তির জন্য যথাযথ রেজিস্টার সংরক্ষণ নিশ্চিত করা। সম্পত্তি রেজিস্টারে সকল সম্পত্তির বিবরণ, মালিকানা স্বত্ব এবং ব্যবহার সম্পর্কিত বিবিধ হালনাগাদ তথ্য থাকে। রেজিস্টার থেকে প্রাপ্ত তথ্যের সঠিক ব্যবহারের মাধ্যমে পৌরসভা সকল সম্পত্তির উপর যথাযথ নিয়ন্ত্রণ আরোপসহ সম্পত্তির দক্ষ ও কার্যকর ব্যবহার নিশ্চিত করে নাগরিকদেরকে অধিক দক্ষতা ও পরিকল্পনা মাফিক সেবা প্রদানে সামর্থ্য অর্জন করে।

সম্পত্তির আগমন ও বহির্গমন সাপেক্ষে প্রতিটি সম্পত্তির রেজিস্টার নিয়মিত হালনাগাদ করতে হয়। পৌরসভাকে প্রতি আর্থিক বৎসারান্তে সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তির একটি তালিকা প্রস্তুত করতে হয়। এই সম্পত্তি রেজিস্টারটি নিরীক্ষা চলাকালীন সময়ে নিরীক্ষকগণ সম্পত্তির বাস্তব মজুদ ও যথাযথ ব্যবহারের বিষয়ে নিরীক্ষা করে কোন অনিয়ম থাকলে সে ব্যাপারে অভিমত দেবেন।

৩.৯.২ পৌরমার্কেট, বাস টার্মিনাল, যানবাহন, যন্ত্রপাতি এবং অন্যান্য সম্পত্তি ব্যবস্থাপনা

পৌরসম্পত্তি ব্যবস্থাপনার গুরুত্ব

সম্পত্তি ব্যবস্থাপনা হ'ল পৌরসভার সম্পত্তি অর্জন, পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও উন্নয়নের জন্যে সিদ্ধান্ত গ্রহণ এবং বাস্তবায়নের একটি প্রক্রিয়া যার চূড়ান্ত লক্ষ্য হ'ল পৌর এলাকার নাগরিকদেরকে সম্ভাব্য সকল প্রকার নাগরিক সেবা-

সুবিধা প্রদান করা। পৌরসভার সম্পত্তি একদিকে যেমন উক্ত এলাকার অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখে, অন্যদিকে তা নাগরিক সেবা-উপকরণ হিসেবে কাজ করে। পৌরসভা অবকাঠামো ও যন্ত্রপাতি ব্যবহারের মাধ্যমে নাগরিকদের নানা ধরনের সেবা প্রদান করে এবং বিনিময়ে নির্ধারিত কর, ফি ইত্যাদি আদায় করে। যে সকল সম্পত্তির মাধ্যমে পৌরসভা নাগরিকদের সেবা প্রদান করে তার গুণগত মানের উপর পৌরসেবার মান নির্ভরশীল। একই সাথে মানসম্মত পৌরসেবা নিশ্চিত হলে নাগরিকগণ পৌরকর, ফিস ইত্যাদি পরিশোধে আগ্রহী হয় বিধায় পৌর অবকাঠামো ও যন্ত্রপাতি/উপকরণ ব্যবহার ও রক্ষণাবেক্ষণ বিষয়টি পৌরসভার জন্য খুবই গুরুত্বপূর্ণ।

বিভিন্ন সেবাখাতভিত্তিক পৌরসম্পত্তি ব্যবস্থাপনার প্রক্রিয়া:

মূলত সম্পত্তি ব্যবস্থাপনা হ'ল সম্পত্তি পরিচালনা ও রক্ষণাবেক্ষণ। পৌরসম্পত্তি ব্যবস্থাপনার শুরুতে গুরুত্বপূর্ণ কাজ হলো সম্পত্তিগুলোকে ব্যবহার ও প্রয়োজনীয়তা অনুযায়ী শ্রেণীবিন্যাস করা এবং সে অনুযায়ী কার্যকর ব্যবস্থা গ্রহণ করা। ব্যবহার ও প্রয়োজনীয়তাভিত্তিক পৌরসম্পত্তি ব্যবস্থাপনার ধারণাটি সংক্ষেপে নিম্নরূপ:

সেবা খাত	সম্পত্তির নাম	সম্পত্তি ব্যবস্থাপনার বিভিন্ন প্রক্রিয়া
নগর যাতায়ত	রাস্তা/ফুটপাথ, ব্রীজ/কালভার্ট, পার্কিং এলাকা, বাস টার্মিনাল/ট্রাক টার্মিনাল ও সড়ক বাতি।	<ul style="list-style-type: none"> অর্থ-বছর ভিত্তিক অবকাঠামোর ব্যবহার ও রক্ষণাবেক্ষণের কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করা। রাস্তার ভারবহন ক্ষমতা, প্রশস্ততা ও ধরন (পাকা/আধা-পাকা/কাঁচা) অনুযায়ী রাস্তার শ্রেণি নির্ধারণ করে তালিকা প্রণয়নপূর্বক পৌরসভা কার্যালয়ে সংরক্ষণ করা এবং সে অনুযায়ী যানবাহন চলাচল নিয়ন্ত্রণ করা। সংশ্লিষ্ট স্থায়ী কমিটি কর্তৃক নিয়মিত তদারক, পরিবীক্ষণ, মূল্যায়ন/সমস্যা চিহ্নিতকরণ ও পৌরপরিষদ সভায় আলোচনা করা। অবকাঠামোসমূহ রেজিস্টারভুক্ত করা এবং তালিকা সংরক্ষণ করা।
পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন	পানি সরবরাহ লাইন, উৎপাদন নলকূপ, ট্রিটমেন্ট প্লান্ট, সুউচ্চ পানির আধার, হস্তচালিত নলকূপ, পাবলিক স্ট্যান্ড পাইপ, পানির মিটার, কমিউনিটি ল্যান্ড্রিন/পাবলিক টয়লেট, ওয়াশ স্টেশন, সেপটিক ট্যাংক।	<ul style="list-style-type: none"> পানি সরবরাহ নিয়মিত রাখতে, পানির অপচয় রোধ ও পয়ঃ নিষ্কাশনজনিত সকল অবকাঠামো পরিদর্শনে পরিকল্পনা প্রণয়ন ও পরিদর্শক নিয়োজিত রাখা। সংশ্লিষ্ট স্থায়ী কমিটি কর্তৃক নিয়মিত তদারক, পরিবীক্ষণ, মূল্যায়ন/সমস্যা চিহ্নিতকরণ ও পৌরপরিষদ সভায় আলোচনা করা।
পানি নিষ্কাশন ও পরিচ্ছন্নতা	নর্দমা ও আউটফল, ডাস্টবিন ও ময়লা ফেলার জায়গা, ডাম্পিং গ্রাউন্ড।	<ul style="list-style-type: none"> আবাসিক এলাকায় কোন নর্দমায় যেন ময়লা ফেলা না হয় সেজন্য বার্ষিক কর্মসূচি অনুযায়ী জন সচেতনতা সৃষ্টি করা। বড় বড় নর্দমা আবৃত রাখা ও প্রতি তিন মাস অন্তর নর্দমা পরিষ্কার করা। সংশ্লিষ্ট স্থায়ী কমিটি কর্তৃক নিয়মিত তদারক, পরিবীক্ষণ, মূল্যায়ন/ সমস্যা চিহ্নিতকরণ ও পৌরপরিষদ সভায় আলোচনা করা।
পৌর-স্থাপনা সুবিধা	পৌরভবন, পৌর মিলনায়তন, পৌর মার্কেট, স্কুল-পাঠাগার, পৌর পার্ক ও উদ্যান, কমিউনিটি সেন্টার, কাঁচা বাজার ও কসাইখানা, কবরস্থান/শ্মশান ঘাট, পুকুর ও জলাশয়।	<ul style="list-style-type: none"> পৌরভবন ও আশেপাশের এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা ও আসবাব-পত্র ব্যবহারযোগ্য কিনা প্রতি তিন মাস পর পর নিয়মিত পরীক্ষা করা। আসবাবপত্র ব্যবহারের অবস্থান অনুযায়ী সংখ্যা চিহ্নিত করা। পৌর-স্থাপনাসমূহ রেজিস্টারভুক্ত করা এবং ভূমি রেকর্ড সংরক্ষণ করা ও উন্নয়ন কর প্রদান করা। নিয়মিত রক্ষণাবেক্ষণ ও মেরামত করা। সংশ্লিষ্ট স্থায়ী কমিটি কর্তৃক নিয়মিত তদারক, পরিবীক্ষণ, মূল্যায়ন/ সমস্যা চিহ্নিতকরণ ও পৌরপরিষদ সভায় আলোচনা করা।

সেবা খাত	সম্পত্তির নাম	সম্পত্তি ব্যবস্থাপনার বিভিন্ন প্রক্রিয়া
পৌরসভার অফিস পরিচালন যন্ত্রপাতি	কম্পিউটার ও আনুষঙ্গিক, ফটোকপি মেশিন, ফ্যাক্স, প্রজেক্টর, টেলিফোন, ক্যালকুলেটর, জেনারেটর, এয়ারকুলার, বৈদ্যুতিক পাখা, ফ্রীজ, জরিপ যন্ত্রপাতি।	<ul style="list-style-type: none"> যন্ত্রপাতির তালিকা সংরক্ষণ করা। পৌর যন্ত্রপাতির ব্যবহার ও রক্ষণাবেক্ষণের জন্য সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক অর্থ-বছরভিত্তিক কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা। প্রতি তিন মাস পর পর যন্ত্রপাতির ব্যবহার ও রক্ষণাবেক্ষণ কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পৌর-পরিষদের মাসিক সভায় পর্যালোচনা করা।
পৌরসভার যানবাহন ও যন্ত্রপাতি	জীপ, পিকআপ, মোটরবাইক, সাইকেল, গার্বের্জ ট্রাক, গার্বের্জ ভ্যান, পানির লরি, রোড রোলার, ভাইব্রেটর, বীম লিফটার, ভ্যাকুয়াম ট্যাকার।	<ul style="list-style-type: none"> সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক পৌর যানবাহন ও যন্ত্রপাতির হালনগাদ তালিকা প্রণয়ন করে পৌরসভা কার্যালয়ে সংরক্ষণ করা। উপযুক্ত জনবল দ্বারা যন্ত্রপাতি পরিচালনা করা। যন্ত্রপাতির ব্যবহার ও রক্ষণাবেক্ষণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা। সংশ্লিষ্ট স্থায়ী কমিটি কর্তৃক নিয়মিত তদারক, পরিবীক্ষণ, মূল্যায়ন/সমস্যা চিহ্নিতকরণ ও পৌরপরিষদ সভায় আলোচনা করা।

৩.৯.৩ পৌরসম্পত্তির ইজারা প্রদান

পৌরসভার ইজারা প্রদানকৃত সম্পত্তির মধ্যে,

- ১) হাট/বাজার;
- ২) পুকুর/জলমহাল;
- ৩) দোকানপাট;
- ৪) দালানকোঠা;
- ৫) বাস টার্মিনাল;
- ৬) পাবলিক টয়লেট;
- ৭) রাস্তার পার্শ্ববর্তী জমি;
- ৮) ফেরীঘাট/লঞ্চঘাট বিশেষভাবে উল্লেখযোগ্য।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৪৬ ধারার উপধারা ১ (ক) অনুযায়ী পরিষদের সভায় গৃহীত সিদ্ধান্ত সাপেক্ষে পৌরসভা সকল ইজারায়োগ্য স্থাবর ও অস্থাবর সম্পত্তি উনুক্ত প্রতিযোগিতার ভিত্তিতে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে ইজারা দিয়ে থাকে।

সম্পত্তি ইজারা দেওয়ার সিদ্ধান্ত গ্রহণে পৌরসভা, স্থানীয় সরকার বিভাগ এর পত্র নং-৪৬.০৪১.০৩০. ০২.০০. ২০১১.৮৭০ তারিখ ২১/০৯/২০১১ এর মাধ্যমে জারিকৃত “সরকারি হাট বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে আয় বন্টন সম্পর্কিত নীতিমালা ২০১১” অনুসরণ করে। সম্পত্তির ইজারা প্রদানের ক্ষেত্রে পৌরপরিষদকে নিম্নোক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে হয়:

- ক) ইজারাকৃত সম্পত্তির ভৌগোলিক অবস্থান ও ইজারামূল্যের ভিত্তিতে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ নির্ধারণ;
- খ) ইজারা প্রদানে নির্ধারিত টেন্ডার পদ্ধতি যথাযথভাবে অনুসরণ;
- গ) টেন্ডার কমিটি গঠন;
- ঘ) ইজারা প্রদান সংক্রান্ত অভিযোগ/আপিল নিষ্পত্তি;
- ঙ) টোল/ভাড়ার হার নির্ধারণ;
- চ) ইজারা সম্পত্তির ব্যবস্থাপনা কমিটি গঠন;
- ছ) ইজারালব্ধ আয় বন্টন;

৩.১০ দপ্তর ও তথ্য ব্যবস্থাপনা

৩.১০.১ পৌরসভার যৌক্তিক জনবল কাঠামো

যে কোন প্রতিষ্ঠানের দপ্তর ব্যবস্থাপনা কার্যক্রম যথাযথ ও সঠিকভাবে সম্পাদনের জন্য একটি নির্দিষ্ট সংখ্যক জনবল প্রয়োজন। পৌরসভা এর ব্যতিক্রম নয়। সরকার অনুমোদিত প্রত্যেক শ্রেণির পৌরসভার জন্য পৃথক জনবল বা সাংগঠনিক কাঠামো রয়েছে। কিন্তু এই সাংগঠনিক কাঠামো অনুযায়ী প্রত্যেকটি পদের বিপরীতে সকল পৌরসভায় কাজের সুযোগ না ও থাকতে পারে। আবার পৌরসভার কর্মকাণ্ডের পরিধি এবং সঙ্গতির সাথে কর্মরত জনবলের সংখ্যানুপাত কোন কোন ক্ষেত্রে প্রয়োজনের তুলনায় বেশি বা কম হতে পারে, যার কোনটিই কাম্য নয়। এমতাবস্থায়, সরকার অনুমোদিত সাংগঠনিক কাঠামোর আওতায় থেকে প্রতিটি পৌরসভা তার নিজ কর্মকাণ্ড ও সঙ্গতি বিবেচনা করে জনবল চাহিদা বিশেষত্বের মাধ্যমে একটি যৌক্তিক জনবল কাঠামো তৈরীর উদ্যোগ গ্রহণ করতে পারে।

অর্থাৎ যৌক্তিক জনবল কাঠামো হ'ল সরকার অনুমোদিত নির্ধারিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী প্রত্যেকটি পদের বিপরীতে প্রয়োজনীয় জনবল যার মাধ্যমে পৌরসভা তার কাজ সঠিকভাবে সম্পাদন করতে সক্ষম হবে।

যৌক্তিক জনবল কাঠামো থেকে পৌরসভা প্রধানত: তিনটি সুবিধা পাবে,

- যৌক্তিক জনবল কাঠামোর ফলে পৌরসভার মানব সম্পদের সঠিক ব্যবহার নিশ্চিত হবে;
- পৌরসভার বেতন ও ভাতাদি সংক্রান্ত অপ্রয়োজনীয় ব্যয় সংকোচন করা সম্ভব হবে;
- যৌক্তিক জনবল কাঠামো তৈরির মাধ্যমে পৌরসভা শূন্য পদে লোক নিয়োগে উদ্যোগী হবে এবং নাগরিক সেবা প্রদানে পৌরসভার সামর্থ্য বৃদ্ধি পাবে।

যৌক্তিক জনবল কাঠামো প্রণয়ন প্রক্রিয়া

পৌর মেয়র তাঁর নিজ পৌরসভার জন্য একটি যৌক্তিক জনবল কাঠামো তৈরির উদ্যোগ গ্রহণ করবেন। এক্ষেত্রে, তিনি “সংস্থাপন ও অর্থ বিষয়ক” স্থায়ী কমিটির সার্বিক তত্ত্বাবধানে নির্বাহী কর্মকর্তার নেতৃত্বে বিভাগীয় প্রধানগণের সমন্বয়ে গঠিত কমিটিকে দায়িত্ব দিতে পারেন। স্থায়ী কমিটির তত্ত্বাবধানে গঠিত কমিটি বাস্তবতার নিরীখে পৌরসভার কাজের সাথে বর্তমান চলমান কাজ ও নিকট ভবিষ্যতে সম্ভাব্য কাজের বিবেচনায় কোন্ কোন্ পদমর্যাদার কতজন জনবল যৌক্তিকভাবে প্রয়োজন তা নির্ধারণ করবেন। অতঃপর স্থায়ী কমিটির সদস্যগণ অত্র বিষয়ে তাঁদের প্রস্তাবনা ও সুপারিশমালা তৈরি করে পৌরপরিষদ সভায় আলোচনার জন্য উপস্থাপন করবেন। জনবল নিয়োগের প্রয়োজনীয়তা পরিলক্ষিত হলে, পৌরপরিষদ তা সরকার অনুমোদিত নির্ধারিত সাংগঠনিক কাঠামো এবং নিয়োগের যথাযথ প্রক্রিয়া অনুযায়ী সম্পন্ন করবেন।

৩.১০.২ পৌরসভার দপ্তর ব্যবস্থাপনা ও দাপ্তরিক পরিবেশ

দপ্তর কি?

একটি প্রতিষ্ঠানের প্রশাসনিক কার্যাবলী সম্পাদনের উপাদান ও প্রক্রিয়া যে স্থানে সম্পন্ন করা হয় তাকে দপ্তর বা অফিস বলে।


দপ্তরে প্রতিষ্ঠানের নীতি নির্ধারণ ও পরিকল্পনা প্রণয়ন করে কার্যসম্পাদনের যথাযথ নির্দেশনা প্রদান করা হয়।

পরিকল্পনা অনুযায়ী যাবতীয় কার্যাবলী সম্পাদিত হচ্ছে কি না তা দপ্তর থেকে পর্যবেক্ষণ করা হয়।

দপ্তর একটি প্রতিষ্ঠানের বর্তমান ও ভবিষ্যত কার্যাবলী পরিচালনার জন্য সকল কার্যক্রমের যাবতীয় নথিপত্র ও দলিল-দস্তাবেজ সংগ্রহ ও সংরক্ষণ করে। দপ্তর সংশ্লিষ্ট সকলের জন্যে একটি যোগাযোগ কেন্দ্র হিসেবে কাজ করে।

দপ্তর ব্যবস্থাপনা

প্রতিষ্ঠান কার্যালয়ের কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য করণীয় বিষয়গুলো সুশৃঙ্খলভাবে পরিচালনা করাই হ'ল দপ্তর বা দপ্তর ব্যবস্থাপনা। অন্যভাবে বলা যায়, সর্বোত্তম ফল অর্জনের জন্য কর্মী, পদ্ধতি, যন্ত্রপাতি এবং দ্রব্যাদির নিয়ন্ত্রণ ও এর সঠিক ব্যবহার নিশ্চিত করাকে অফিস ব্যবস্থাপনা বলে। প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জনে অফিস ব্যবস্থাপনার গুরুত্ব ও প্রয়োজনীয়তা অনেক।



দাপ্তরিক পরিবেশ ব্যবস্থাপনা

যে পারিপার্শ্বিক অবস্থার মধ্যে অফিসের দৈনন্দিন কার্যক্রম পরিচালনা করা হয় তা হ'ল অফিস পরিবেশ। মনোরম বা উন্নত কর্ম উপযোগী অফিস পরিবেশ উন্নয়নে গৃহীত সকল কার্যক্রমকে অফিস পরিবেশ ব্যবস্থাপনা বলা যেতে পারে। পৌরসভার মেয়র ও কাউন্সিলরগণ যদি অফিসের অভ্যন্তরীণ এবং বাইরের পরিবেশ উন্নত করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেন তাহলে, পৌরসভার সংশ্লিষ্ট সকলের মধ্যে ইতিবাচক মনোভাব তৈরি হতে পারে। দাপ্তরিক মনোরম পরিবেশ, কর্মকর্তা ও কর্মচারীদের আচার-আচরণ, ব্যবহার, কর্মদক্ষতা ও মনোবল উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করে।

অফিস পরিবেশের উপাদান হ'ল

- পর্যাপ্ত আলো-বাতাসের ব্যবস্থা
- পর্যাপ্ত পানির ব্যবস্থা
- দেয়ালের রং
- শীতাতপ নিয়ন্ত্রণ
- সাজসজ্জা
- আসবাবপত্র
- কম্পিউটার/ইন্টারনেট সুবিধা
- সভাকক্ষ
- সাউন্ড সিস্টেম/শব্দযন্ত্রের ব্যবস্থা
- অফিসের অবস্থান
- যোগাযোগ ব্যবস্থা
- ধুলিবালি মুক্ত বাতাস
- হৈ-চৈ মুক্ত নিরিবিলি পরিবেশ
- দালানের গঠন প্রকৃতি।
- যথাযথভাবে কক্ষ বরাদ্দ

৩.১০.৩ পৌরসভার সভা ও সভার কার্যবিবরণী তৈরি

পৌরসভার সভা

পৌরসভার সকল কার্য নিষ্পন্ন এবং এতদসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য মেয়র ও কাউন্সিলরগণ সাধারণ অথবা বিশেষ সভায় অংশগ্রহণ করেন। সভায় পৌরসভার সকল গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা হয় (এই হ্যাণ্ডবুকের ৩.২.২ অধ্যায়ে বিস্তারিত দেখুন)। তাছাড়া, মেয়র ও কর্মকর্তাগণ এবং কর্মকর্তাগণ নিজেদের

मध्ये पौरसभार दैनन्दिन कर्मकाण्ड परिचालना सम्पर्कित विभिन्न विषये आलोचना ओ सिद्धान्त ग्रहणेर जन्य अभ्युत्तरीण सभा आह्वान करते पारैन ।

पौरसभार अफिस व्यवस्थापनाय सभासमूहः

सभार धरण	अंशग्रहणकारी	सभार उद्देश्य	कखन एवं कत वार
परिषद सभा	मेयर, काउंसिलरगण, प्रधान निर्वाही कर्मकर्ता/सचिव	पौरसभार दैनन्दिन कार्य परिचालना, व्यवस्थापना ओ कान समस्यार समाधानेर जन्य सिद्धान्त ग्रहण ।	प्रति मासे १टि । प्रयोजने विशेष सभा करा येते पारे ।
कमिटी (स्थायी कमिटी/अन्यान्य कमिटी) सभा	कमिटीर सदस्यगण	संश्लिष्ट स्थायी कमिटीर उपर अर्पित दायित्व ओ कार्यावली सम्पर्कित आलोचना ओ सिद्धान्त ग्रहण ।	प्रति मासे १टि । प्रयोजने विशेष सभा करा येते पारे ।
समन्वय सभा	मेयर, प्रधान निर्वाही कर्मकर्ता, विभागीय प्रधानगण	पौरसभार विभिन्न व्यवस्थापना ओ प्रशासनिक विषये सिद्धान्त ग्रहण ।	प्रति मासे १टि । प्रयोजने विशेष सभा करा येते पारे ।
निर्वाही कर्मकर्तार नेतृत्वे विभागीय प्रधानगणेर सभा	निर्वाही कर्मकर्ता, विभागीय प्रधानगण	पौरसभार दैनन्दिन अफिस कार्यक्रम परिचालना ओ प्रशासनिक विषये सिद्धान्त ग्रहण ।	प्रयोजन अनुयायी ।
विभागीय प्रधानेर नेतृत्वे स्व-स्व शाखा प्रधानगणेर सभा	विभागीय प्रधान, शाखा प्रधानगण, संश्लिष्ट कर्मकर्ता/कर्मचारीगण	पौरसभार दैनन्दिन अफिस कार्यक्रम परिचालना ओ प्रशासनिक विषये सिद्धान्त ग्रहण ।	प्रयोजन अनुयायी ।

सभार आवशियक शर्तावली

१. उपयुक्त कर्तृपक्ष कर्तृक सभा आह्वान ।
२. दिन, तारिख, समय, आलोच्यसूचि ओ स्थान निर्धारण करे यथा समये सठिकभावे सभार नोटिष प्रेरण करा ।
३. प्रासङ्गिक नियम अनुयायी निर्धारित संख्यक सदस्येर उपस्थितिसे सभार कोराम पूर्ण हवे ।
४. सभाय सठिक व्यक्तिएर उपस्थिति থাকवे ।
५. सभार आलोचना आलोच्यसूचिर मध्ये सीमावद्ध राखा ।

सभार कार्यविवरणीर विषयवस्तुः

- सभापतिर अनुमोदनक्रमे सचिव सभार कार्यविवरणी लिपिवद्ध करवेन ।
- कार्यविवरणीटि परवर्ती सभाय अनुमोदनेर जन्य सदस्येदेर मावे वितरण करते हवे । एर फले गृहीत सिद्धान्त सम्पर्के संश्लिष्ट सकले अवहित हते पारवेन एवं सिद्धान्त वास्तुवायने दायित्वप्राप्त कर्मकर्ता/व्यक्ति निर्धारित समयेर मध्ये तार उपर अर्पित दायित्व पालने तत्पर हते पारवेन ।
- सभार कार्यविवरणीते ये सकल विषय अंतर्भूक्त থাকे ता निम्नरूपः

सभार नाम :
तारिख ओ समय :
सभार स्थान :
सभापतिर नाम :
उपस्थित सदस्येदेर नाम :
क्रमिक नम्बरसह आलोच्यसूचि
अनुसारे आलोचनार सार
संक्षेप :
सभार सिद्धान्त :
अनुपस्थित सदस्येदेर नाम :
उपांतु लिपिवद्धकरण :
सभापतिर स्वाक्षर :

৩.১০.৪ নথি ব্যবস্থাপনা ও দলিলপত্র সংরক্ষণ

নথি ব্যবস্থাপনা

নথি বলতে কোন সুনির্দিষ্ট বিষয়ের সমুদয় চিঠিপত্র নোট আদেশ এবং অন্যান্য সংশ্লিষ্ট কাগজপত্রের সমষ্টিকে বুঝায়। কার্যপত্র ধারাবাহিকভাবে ক্রমানুসারে সাজানো থাকে এবং একটি কভারের মধ্যে রক্ষিত থাকে। প্রতিটি নথির একটি নম্বর থাকে। যে প্রক্রিয়ার মাধ্যমে প্রতিষ্ঠানের যাবতীয় নথিপত্র সংরক্ষণ এবং সেগুলোর সঠিক ব্যবহার নিশ্চিত করা হয় তাকে নথিপত্র ব্যবস্থাপনা বলে।

নথি দুটি শ্রেণিতে বিভক্ত করা যেতে পারে: নিষ্পত্তিকৃত নথি ও চলতি নথি। যে নথির উপর ব্যবস্থা গ্রহণ সমাপ্ত হয়েছে তাকে “নিষ্পত্তিকৃত নথি” এবং যে নথির বিষয়ে ব্যবস্থা গ্রহণ শেষ হয় নি তাকে “চলতি নথি” বলা হয়।

নথির দুইটি অংশ থাকে। একটি পত্রাংশ ও অন্যটি নোট অংশ।

পত্রাংশ: নথির ডান দিকের কাগজপত্রকে পত্রাংশ বলা হয়। পত্রাংশে পত্রাদি ও অন্যান্য প্রয়োজনীয় কাগজ পত্রাদি থাকে। পত্রাংশের প্রতিটি পত্র এবং কাগজপত্রাদি পৃষ্ঠাঙ্কিত করা হয়।

নোট: নোট নথির বাম দিকে থাকে। ফুলস্কেপ আকারের সাদা কাগজে বা নোট সীটের উপর মার্জিন রেখে নোট লেখা বা টাইপ করা হয়। নোট হ'ল কোন বিষয়ের উপর ব্যবস্থা গ্রহণের জন্য উক্ত বিষয়ে সংক্ষিপ্ত বিবরণ, পর্যালোচনা ও বিবেচনার জন্য যুক্তি প্রদান। নোট সীটের প্রত্যেক পাতায় ও অনুচ্ছেদ নম্বর থাকে।

দলিলপত্র সংরক্ষণ:

তথ্য অধিকার আইন, ২০০৯ এবং সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুসারে সংরক্ষণের উদ্দেশ্যে সরকারি দলিলপত্র সমূহকে নিম্নলিখিত চারটি শ্রেণিতে বিভক্ত করা হয়েছে:

‘ক’ শ্রেণির দলিল	স্থায়ী দলিলপত্র যার স্থান অন্য কিছু দ্বারা পূরণীয় নয় এবং যা ভবিষ্যতে দীর্ঘদিন যাবত প্রতিনিয়ত ব্যবহৃত হবে যেমন: নীতি, আইন, বিধি, প্রবিধান, বরাতসূত্র, রাষ্ট্রীয় দলিলপত্র, বিদেশের সহিত চুক্তিপত্র এই শ্রেণির অন্তর্ভুক্ত।
‘খ’ শ্রেণির দলিল	অর্ধ স্থায়ী দলিলপত্র যা ১০ বছর অথবা তদুর্ধ্ব সময়ের জন্য রক্ষিত হবে। কর্মচারীদের চাকুরী বই/চাকুরী বৃত্তান্ত, উন্নয়ন প্রকল্প, বাজেট, কমিটির গুরুত্বপূর্ণ প্রতিবেদন, সরকারের বিভিন্ন নির্বাহী আদেশ এই শ্রেণির অন্তর্ভুক্ত।
‘গ’ শ্রেণির দলিল	সাধারণ ধরনের তথ্য যা ৩ থেকে ৫ বছরের জন্য সংরক্ষণ করতে হবে এ সকল তথ্য ‘গ’ শ্রেণির দলিলে সংরক্ষিত করা হয়। এ সমস্ত দলিলপত্রাদির উপযোগিতা সীমিত। নির্দিষ্ট সময়ের জন্য দপ্তরে রক্ষিত হওয়ার পর বিনষ্টযোগ্য, কর্মকর্তা বদলি এবং প্রশিক্ষণ সংক্রান্ত বিষয় এই শ্রেণির অন্তর্ভুক্ত।
‘ঘ’ শ্রেণির দলিল	রুটিন তথ্য যা ১ বছরের জন্য সংরক্ষিত হবে তা ‘ঘ’ শ্রেণির দলিলে সংরক্ষিত করা হয়। এক বছরের পর এ সকল দলিলের আর প্রয়োজনীয়তা থাকে না। যেমন ছুটি সংক্রান্ত তথ্যাদির দলিল এই শ্রেণির অন্তর্ভুক্ত।

৩.১০.৫ পৌরসভা পরিদর্শনে সরকারের ক্ষমতা

নথিপত্র তলব ও পরিদর্শন

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৮৩ ধারার ক্ষমতা বলে সরকার যে কোন সময় পৌর কর্তৃপক্ষের নিকট থেকে কোন দলিল বা অন্য কোন নথিপত্র; বিবরণী, পরিকল্পনা, প্রাক্কলন, লিখিত বক্তব্য, হিসাব অথবা পরিসংখ্যান এবং অন্য কোন প্রতিবেদন তলব করতে পারবে এবং পৌরকর্তৃপক্ষ সেই নির্দেশ পালন করতে বাধ্য থাকবেন।

এছাড়া, এই আইনের ৮৪ ধারার ক্ষমতা বলে সরকার, পৌরসভার কোনো বিভাগ, সেবামূলক ও উন্নয়ন কার্যক্রম, নির্মাণ কাজ অথবা সম্পত্তি তার কর্মকর্তা দ্বারা পরিদর্শন করতে পারবেন।

মূলত ক্ষমতা বিকেন্দ্রীকরণের মাধ্যমে কেন্দ্রীয় বা জাতীয় সরকারের কতিপয় কার্যাবলী পৌরসভার নিকট হস্তান্তর করা হয় যাতে তা অধিকতর সহজে সম্পাদন করা যায় এবং যার ফলাফল খুব সহজেই স্থানীয় জনগণের কাছে পৌঁছাতে পারে। এই লক্ষ্যে পৌরসভার বিভিন্ন কার্যক্রমের সঠিক বাস্তবায়ন নিশ্চিত করা তথা এর পরিবীক্ষণ ও মূল্যায়ন করার জন্য বিধি দ্বারা নির্ধারিত সরকারি কর্মকর্তাকে পৌরসভার নথিপত্র তলব ও পৌরসভা পরিদর্শনের ক্ষমতা অর্পণ করা হয়েছে যা

পৌরসভা (পরিদর্শন) বিধিমালা, ২০০২ নামে অভিহিত। উক্ত বিধানাবলী অনুসরণে পৌরসভা পরিদর্শনে দায়িত্বপ্রাপ্ত সরকারি কর্মকর্তাদের বিবরণ নিচের ছকে দেয়া হ'ল:

পৌরসভা পরিদর্শনকারী সরকারি কর্মকর্তা

পরিদর্শনকারী কর্মকর্তা	পৌরসভা	পরিদর্শন সময়
স্থানীয় সরকার বিভাগের কোন কর্মকর্তা	যে কোন পৌরসভা পরিদর্শন করতে পারবেন।	যে কোন সময়ে
বিভাগীয় কমিশনার বা তাঁর অধীনস্থ কমিশনার বা জেলা প্রশাসক বা তাঁদের নিকট হতে ক্ষমতা প্রাপ্ত ব্যক্তি	নিজ স্থানীয় অধিক্ষেত্রের মধ্যে অবস্থিত যে কোন পৌরসভা	যে কোন সময়ে
উপপরিচালক-স্থানীয় সরকার (ডিডিএলজি)	নিজ স্থানীয় অধিক্ষেত্রের মধ্যে অবস্থিত 'ক' শ্রেণির পৌরসভা এবং প্রয়োজনে যে কোন পৌরসভা	বছরে অনূন্য ২ বার
সরকার কর্তৃক নিযুক্ত যে কোন কর্মকর্তা, কর্মকর্তাবৃন্দ বা কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত টিম	সংশ্লিষ্ট জেলার 'খ' এবং 'গ' শ্রেণির পৌরসভা	যে কোন সময়ে

এই বিধিমালা মোতাবেক, উপরে উল্লেখিত পরিদর্শনকারী কর্মকর্তার পরিদর্শন কাজে সকল প্রকার সহায়তা করা পৌরসভার কর্তব্য। এতদুদ্দেশ্যে পৌরসভার মেয়র অথবা মেয়রের দায়িত্ব পালনকারী ব্যক্তি তাঁর অধীনস্থ যে কোন বা সকল কর্মকর্তা ও কর্মচারীকে তদ্রূপ আদেশ প্রদান করবেন।

পরিদর্শনের সময় পরিদর্শনকারী কর্মকর্তা যে সকল বিষয় এবং নথিপত্র পরীক্ষা করতে পারবেন,

- পৌরসভার সকল বহি, রেজিস্টার, সভার কার্যবিবরণী ও রেকর্ডপত্র;
- পৌরসভার নগদ তহবিল;
- পৌরসভার তহবিল যাচাইয়ের জন্য ব্যাংক জমার স্লিপ ও ব্যাংকের হাল নাগাদ বিবরণী;
- পৌরসভার আয়-ব্যয় সংশ্লিষ্ট যে কোন নথিপত্র;
- পৌরসভার কার্যাবলী সরকার কর্তৃক প্রণীত আইন, বিধিমালা এবং অন্যান্য আদেশ, নির্দেশ ও পরিপত্র অনুসারে সম্পাদিত হচ্ছে কি না;
- পৌরসভার সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরী বৃত্তান্ত;
- বিধি বহির্ভূতভাবে কোন কর্মচারী নিয়োগ করা হয়েছে কি না;
- পৌরসভার সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি;
- পৌরসভা কর্তৃক বাস্তবায়িত অথবা বাস্তবায়নাধীন সকল প্রকার কাজ;

এছাড়া, পরিদর্শনকারী কর্মকর্তা পরিদর্শনকালে প্রয়োজনে যে কোন বিষয় তাৎক্ষণিকভাবে সরকারের গোচরে আনতে পারবেন এবং যথাযথ সুপারিশ করবেন।

৩.১০.৬ পৌর নাগরিকদের তথ্যের অধিকার

তথ্য অধিকার কি?

বাংলাদেশের সংবিধানের ৭ (১) অনুচ্ছেদে বলা হয়েছে, প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ। তাই সরকারের কাছে যে তথ্য রয়েছে তার মালিকও জনগণ। তথ্য অধিকার বলতে কোন প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষের কাছ থেকে নাগরিকদের তথ্য প্রাপ্তির অধিকারকে বুঝায়। তথ্যের অধিকার জনগণের অংশগ্রহণ ও ক্ষমতায়ন, দুর্নীতি রোধ, স্বচ্ছতা ও জবাবদিহিতা সৃষ্টির মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ১১২ অনুযায়ী বাংলাদেশের যে কোন নাগরিকের পৌরসভা সংক্রান্ত যে কোন তথ্য নির্ধারিত পদ্ধতিতে পাওয়ার অধিকার রয়েছে।


তথ্য অধিকার আইন, ২০০৯

তথ্য প্রাপ্তির অধিকার একটি মৌলিক মানবিক অধিকার। এ লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার তথ্য অধিকার আইন, ২০০৯ প্রণয়ন করেছে। এই আইন দ্বারা যেমন কর্তৃপক্ষের কাছ থেকে নাগরিকদের তথ্য প্রাপ্তির অধিকারকে একটি

আইনগত অধিকার হিসাবে স্বীকৃতি দেয়া হয়েছে, তেমনি তথ্য প্রদানে সরকারি কর্মকর্তা বা প্রতিষ্ঠানের আইনগত বাধ্যবাধকতা সৃষ্টি হয়েছে।

এই আইনের মূল বিষয়বস্তু হ'ল:

- ✓ প্রত্যেক ব্যক্তির সরকারি প্রতিষ্ঠান এবং ক্ষেত্র বিশেষে ব্যক্তিমালিকানাধীন প্রতিষ্ঠানের কাছ থেকে তথ্য প্রাপ্তির আবেদন করার অধিকার রয়েছে।
- ✓ সরকারি প্রতিষ্ঠান, যে সকল ক্ষেত্রে তথ্য প্রকাশ বা প্রদান হতে অব্যাহতি দেয়া হয়েছে তা ব্যতিরেকে, সকল তথ্য জনসাধারণের চাহিদা অনুযায়ী প্রদান করবে।
- ✓ কিছু তথ্য আছে যা সরকারি প্রতিষ্ঠান নিজ থেকে প্রকাশ করবে, নাগরিকদের নিকট হতে চাহিদার প্রয়োজন হবে না।



পৌর নাগরিকদের যে সকল তথ্য প্রাপ্তির অধিকার রয়েছে

তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় নাগরিকদের পৌরসভা থেকে নিম্নবর্ণিত তথ্য পাওয়ার অধিকার রয়েছে
সরবরাহভিত্তিক তথ্য: নাগরিকদের দাবী বা চাহিদা ছাড়াই পৌরসভা নিজ থেকেই যে তথ্য প্রকাশ করে:

যেমন:

- পৌরসভার সাংগঠনিক কাঠামো;
- সকল কর্মকর্তা-কর্মচারীর দায়িত্ব ও কার্যাবলী;
- পৌরসভার সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার বিবরণ বা পদ্ধতি;
- পৌরসভার কাছে সংরক্ষিত সকল তথ্য;
- পৌরসভা থেকে প্রাপ্ত বিভিন্ন সেবা/সুবিধা পাওয়ার প্রক্রিয়া ও শর্তাবলী;
- দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, মোবাইল ফোন নম্বর ও ঠিকানা (ই-মেইলসহ)।
- পৌরসভার বাজেট, আয়-ব্যয় হিসাব, প্রকল্প বিবরণী ইত্যাদি;

চাহিদাভিত্তিক তথ্য: নাগরিকদের আবেদনের পরিপ্রেক্ষিতে যে তথ্য সরবরাহ করা হয়।

যেমন:

- অন্য যে কোন তথ্য (যে তথ্য প্রকাশের ক্ষেত্রে কোনো নিষেধাজ্ঞা নেই)।

৩.১০.৭ নাগরিক সনদ (সিটিজেন চার্টার)

নাগরিক সনদ হচ্ছে একটি গণযোগাযোগ বিষয়ক উপকরণ-যার মাধ্যমে পৌরসভা সেবা গ্রহণকারী নাগরিকদের জন্য প্রদত্ত সেবার নাম ও সেবা প্রাপ্তির প্রক্রিয়া, সেবার মূল্য, সেবা প্রদানে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি, সেবা প্রদানে নির্ধারিত সময়সীমা ইত্যাদি সম্পর্কে সংক্ষিপ্ত তথ্য তুলে ধরে। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৫৩ অনুসারে পৌরসভার জন্য নাগরিক সনদ প্রণয়ন ও প্রকাশ করার বিধান রাখা হয়েছে। নাগরিক সনদ সাধারণত সাইনবোর্ড বা বিলবোর্ড আকারে প্রদর্শন করা হয়। তবে বহুল প্রচারের জন্য এটি লিফলেট আকারে বিতরণ করা যেতে পারে।

প্রধানত: নিচে উল্লেখ করা দুটি কারণে নাগরিক সনদ হালনাগাদের প্রয়োজন হয়:

- পৌরসভা গতিশীল সেবা প্রদানকারী একটি প্রতিষ্ঠান। সময়ের সাথে সাথে এর সেবার ক্ষেত্র, সেবাদানের প্রক্রিয়া, সেবার মূল্য, সেবা প্রদানে নিয়োজিত কর্মকর্তা ইত্যাদির পরিবর্তন ও নতুন সেবার সংযোজন হয়। নাগরিক সনদে প্রদর্শিত সেবা বিষয়ক তথ্যাদির ক্রমাগত হালনাগাদকরণ পৌরসভার জন্য অপরিহার্য হয়ে পড়ে।
- সেবার তথ্য সম্বলিত নাগরিক সনদ বিভিন্ন কারণে নাগরিকদের সেবা প্রাপ্তির ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন না-ও করতে পারে। সেজন্য বছরে অন্তত একবার নাগরিক সনদের ব্যবহার ও প্রায়োগিক মান পরিবীক্ষণ করে যদি নাগরিক সনদের প্রদর্শন/প্রচারে দুর্বলতা বা ঘাটতি কিংবা পৌর সেবা সংশ্লিষ্ট তথ্যাদির সংশোধন/সংযোজন/ বিয়োজনের প্রয়োজনীয়তা সম্পর্কে সঠিক তথ্য পাওয়া যায়, সেক্ষেত্রেও নাগরিক সনদ হালনাগাদকরণ পৌরসভার জন্য অপরিহার্য হয়ে পড়ে।

৩.১০.৮ পৌরসভা তথ্য ও সেবা কেন্দ্র/পৌর ডিজিটাল সেন্টার

পৌরসভা তথ্য ও সেবাকেন্দ্র, যার বর্তমান নাম পৌর ডিজিটাল সেন্টার, তা হ'ল, একটি পাবলিক সার্ভিস ডেলিভারি চ্যানেল। এটি নাগরিকদের তথ্য ও সেবা প্রদানের ক্ষেত্রে নতুন যুগের সূচনা করেছে। এই তথ্য ও সেবাকেন্দ্র থেকে কম্পিউটার ও ইন্টারনেটের মাধ্যমে কম সময়ে এবং সুলভে সরকারি-বেসরকারি বিভিন্ন বিষয়ে বাণিজ্যিক ভিত্তিতে বিভিন্ন তথ্য ও সেবা দেয়া হয়।

স্থানীয় সরকার বিভাগ এর পত্র নং- ৪৬.০৬৩.০৩১.০৮.০০.০০৫.২০১২ (অংশ-১)-৬৮৪, তারিখ: ২৮ মে ২০১৪ এর মাধ্যমে জারিকৃত “পৌরসভা তথ্য ও সেবাকেন্দ্র (পিআইএসসি) স্থাপন ও পরিচালনা বিষয়ক নির্দেশিকা-২০১৪” অনুযায়ী দুজন বিনিয়োগকারী উদ্যোক্তা (একজন পুরুষ ও একজন নারী) পৌরসভা থেকে লাইসেন্স গ্রহণ সাপেক্ষে এই কেন্দ্র স্থাপন ও পরিচালনা করবেন।

জনগণের চাহিদা মারফিক পৌর সেবাকে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়াই পৌরসভা তথ্য ও সেবাকেন্দ্র প্রতিষ্ঠার মূল উদ্দেশ্য। তথ্য ও সেবাকেন্দ্রের মাধ্যমে স্থানীয় সরকার শক্তিশালীকরণ, জনগণের কাছে ই-সেবা পৌঁছানো নিশ্চিতকরণ এবং আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

পৌরসভা তথ্য ও সেবাকেন্দ্র থেকে প্রাপ্ত সেবাসমূহ

অফলাইন (ইন্টারনেট ছাড়া) সেবা	অনলাইন (ইন্টারনেটের মাধ্যমে) সেবা
<ul style="list-style-type: none">● কম্পিউটার কম্পোজ (টাইপিং)● জন্ম, মৃত্যু ও অন্যান্য নিবন্ধন● ছবি তোলা● স্ক্যান করা● লেমিনেটিং● কম্পিউটার প্রশিক্ষণ● জনগণের মৌলিক অধিকার সংক্রান্ত তথ্য● পৌরসভার বিভিন্ন সেবা প্রসঙ্গে তথ্য● মাল্টিমিডিয়া প্রজেক্টর ভাড়া ইত্যাদি।	<ul style="list-style-type: none">● পাবলিক পরীক্ষার ফলাফল● দেশে-বিদেশে কথা বলা● বিভিন্ন রকমের সরকারি ফরম সংগ্রহ● ই-মেইল আদান-প্রদান ও ই-মেইল আইডি খোলা● সরকারি বিভিন্ন বিজ্ঞাপন ও কর্মসংস্থান বিষয়ক তথ্য● কৃষি, স্বাস্থ্য, শিক্ষা, আইন ও মানবাধিকার বিষয়ক তথ্য● বিভিন্ন সংবাদপত্র, পাসপোর্ট ও ভিসা সংক্রান্ত তথ্য ইত্যাদি।

চতুর্থ অধ্যায়: সুশাসন

৪.১ সুশাসন ও নেতৃত্ব সম্পর্কে ধারণা

৪.১.১ সুশাসনের ধারণা

‘শাসন’ এমন একটি প্রাতিষ্ঠানিক প্রক্রিয়া ও পদ্ধতি যার মাধ্যমে যে কোন সংগঠন সম্পদের যথাযথ ব্যবহার করে সংগঠনের উদ্দেশ্য সাধন কিংবা সর্বোচ্চ জনকল্যাণ নিশ্চিত করতে পারে। রাষ্ট্র সরকারি সংস্থা, বেসরকারি প্রতিষ্ঠান, অন্যান্য সঙ্ঘ-সমিতি-প্রতিষ্ঠান, বাজার সমিতি ইত্যাদি প্রতিষ্ঠানের জন্য সুশাসন অত্যাাবশ্যিক।

গণতান্ত্রিক ব্যবস্থায় নির্বাচিত সরকার রাষ্ট্র পরিচালনা করে। একই ব্যবস্থায় একটি নগর বা শহর পরিচালনা করে একটি স্থানীয় সরকার, যা জনগণের সম্মতিতে অভিষিক্ত হয়। প্রতিনিধিত্বশীল গণতন্ত্রে শাসন-কার্য পরিচালনায় জনগণের অংশগ্রহণ সুশাসন প্রতিষ্ঠার প্রচেষ্টাকে গতিশীল করে। সুশাসন কিছু মৌল নীতির ভিত্তিতে পরিচালিত এবং বৈশিষ্ট্যমণ্ডিত, যে মূলনীতি বা স্তম্ভসমূহ সুশাসনের রক্ষাকবচ হিসেবে কাজ করে। যেমন: আইনের শাসন (Rule of Law), জবাবদিহিতা (Accountability), স্বচ্ছতা (Transparency), অংশগ্রহণ (Participation), ন্যায্যতা (Equity), সংবেদনশীলতা (Responsiveness) এবং কার্যকারিতা ও দক্ষতা (Effectiveness and efficiency) ইত্যাদি।

- আইনের শাসন (Rule of Law):

যে শাসন ব্যবস্থায় আইনের নিরপেক্ষ প্রয়োগের উপযুক্ত পরিমন্ডল ও ব্যবস্থা নিশ্চিত হয়েছে অর্থাৎ প্রশাসনের কর্মকাণ্ড আইনের দ্বারা পরিচালিত হয়, তাকে আইনের শাসন বলা হয়। আইনের শাসন মানবিক মর্যাদা, মানব অধিকার এবং মৌলিক মানবাধিকারের নিশ্চয়তা বিধান করে। আইনের শাসন প্রতিষ্ঠার জন্য কেন্দ্রীয় বা স্থানীয় সরকার পর্যায়ে এবং যে কোন প্রাতিষ্ঠানিক পর্যায়ে একটি আইনি কাঠামো গড়ে তোলা প্রয়োজন এবং কার্যক্ষেত্রে সর্বত্র আইনের যথাযথ বাস্তবায়নের ব্যবস্থা থাকা দরকার।

- জবাবদিহিতা (Accountability):

সরকারি প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা, ব্যক্তিগত খাত, নাগরিক সমাজ-সংগঠন বা যে কোন প্রতিষ্ঠান যখন প্রাতিষ্ঠানিক বা সাংগঠনিকভাবে তাদের সঙ্ঘ-সমিতি-প্রতিষ্ঠানের লক্ষ্য-উদ্দেশ্য ও দায়িত্ব-কর্তব্য সম্পর্কে এবং কর্মসম্পাদনের ব্যাপারে জনগণ কিংবা তাদের সাধারণ সদস্য ও অংশীজনদের কাছে দায়বদ্ধ থাকেন, জবাবদিহি হন-তখন তাকে জবাবদিহিতা বলা হয়।

- স্বচ্ছতা (Transparency):

স্বচ্ছতা মানে যে অবস্থা বা পরিস্থিতিতে সবকিছু দেখা যায় বা সব বিষয় সম্পর্কে জানা যায়। অন্যভাবে বলা যায়, যে অবস্থা বা পরিস্থিতিতে রাষ্ট্র কিংবা রাষ্ট্রীয় সংস্থা, সরকার বা সরকারি প্রতিষ্ঠান; কিংবা বেসরকারি সংঘ-সমিতি, ব্যবসা প্রতিষ্ঠান অথবা যে কোন প্রতিষ্ঠান সম্পর্কে দেশবাসী, নাগরিক, সদস্য, অংশীজনরা যাবতীয় বিষয়ে পরিষ্কারভাবে জানতে, বুঝতে, দেখতে পারেন তাই স্বচ্ছতা। স্বচ্ছতা হচ্ছে তথ্য বা কোন কিছু জানার ব্যাপারে সকলের/সংশ্লিষ্টদের অবাধ প্রবেশাধিকার। সংশ্লিষ্ট আইন এবং বিধি-বিধান মেনে সিদ্ধান্ত গৃহীত ও বাস্তবায়িত হলে কাজের ক্ষেত্রে স্বচ্ছতা নিশ্চিত হয়। স্বচ্ছতার অপরিহার্য শর্ত হ'ল গৃহীত সিদ্ধান্তসমূহ জনগণকে বা জনগণের যে অংশকে প্রভাবিত করে তাদেরকে জানানো। একই সঙ্গে কোন সহজবোধ্য মাধ্যমে প্রয়োজনীয় তথ্যাবলী জনসমক্ষে উপস্থাপন করা। অর্থাৎ অবাধে তথ্য পাওয়ার সুযোগ থাকাই স্বচ্ছতা।

- অংশগ্রহণ (Participation):

অংশগ্রহণ মূলত সমাজের সর্বস্তরের মানুষের ক্ষমতায়নের একটি উত্তম পদ্ধতি। সেবাদানকারী প্রতিষ্ঠানের কাজে ও সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় সেবাপ্রার্থীদের অংশগ্রহণ জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিত করার ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করে।

- **ন্যায্যতা (Equity):**

ন্যায্য, নীতি, যুক্তি, সুবিচার, সত্য, ঔচিত্য, যথার্থতার ধারণা থেকে ন্যায্যতা শব্দের উদ্ভব। মানুষের মধ্যে ন্যায্য-নীতিবোধ বা শ্রেয়তার বোধ থেকেও ন্যায্যতার ধারণার উদ্ভব বলা যেতে পারে। ন্যায্যতা হলো সকলের জন্য সমান আচরণ। প্রাকৃতিক, সামাজিক এবং রাষ্ট্রীয়ভাবে ন্যায্য ও শ্রেয়তার ভিত্তিতে বিচার-বিবেচনাকে ন্যায্যতা বলা যায়।

সমাজ-রাষ্ট্রীয় সম্পদ ও ক্ষমতায় জনগণের মালিকানার এমন বোধ তৈরি করা, যখন জনগণ উপলব্ধি করতে পারে যে, শুধু নিয়মের ক্ষেত্রে নয়, যাবতীয় সুযোগ-সুবিধা ও ভোগের ক্ষেত্রেও সমতা প্রতিষ্ঠিত হয়েছে, তখন তাকে ন্যায্যতা বলে। সুশাসনের গুরুত্বপূর্ণ দিক হ'ল, সরকার পরিচালনায় দক্ষতা, সেবা প্রদান ও সম্পদ বণ্টনে ন্যায্যতা। সমাজের সকল শ্রেণির মানুষের, বিশেষ করে, প্রান্তিক জনগোষ্ঠীর জীবন-জীবিকার মানোন্নয়নের মাধ্যমে সমাজে একটি সমতাভিত্তিক ধারা সৃষ্টি করতে পারলে ন্যায্যতার বা সমদর্শিতার ভিত্তি শক্তিশালী হয়।

- **সংবেদনশীলতা (Responsiveness):**

সংবেদনশীলতা (রেসপনসিভনেস) এর অর্থ হচ্ছে, যখন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান অথবা রাষ্ট্র কিংবা আন্তর্জাতিক সঙ্ঘ-সমিতি যখন কোন আবেদন, নিবেদন, দাবী, ইঙ্গিত বা বিশেষ পরিবেশ-পরিষ্টিতির প্রতি দ্রুত সাড়া দেয় এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে। জাতীয় সরকার বা স্থানীয় সরকার অথবা অন্য কোন সেবান্বী প্রতিষ্ঠানের প্রধান অঙ্গীকার হ'ল জনগণের কল্যাণে কাজ করা। যেমন: শহর বা নগর সরকারের অন্যতম কাজ হ'ল নগরবাসীর প্রয়োজনীয় সেবা নিশ্চিত করা, নগরবাসীর আইনত ও ন্যায্য স্বার্থ-সংশ্লিষ্ট কাজে দ্রুত সাড়া দেওয়া। যৌক্তিক সময়সীমার মধ্যে দক্ষতার সঙ্গে প্রয়োজনীয় সেবাদান নিশ্চিত হলে তাকে সংবেদনশীলতা বলা যায়।

- **কার্যকারিতা এবং দক্ষতা (Effectiveness and efficiency):**

যে শাসন ব্যবস্থা, সম্পদের যুক্তিসঙ্গত ব্যবহারের মাধ্যমে এবং পরবর্তী প্রজন্ম ও পরিবেশের ক্ষতিসাধন না করে লক্ষ্যভুক্ত (Targeted) জনগোষ্ঠীর চাহিদা পূরণে সক্ষম, সেই শাসন ব্যবস্থাকে কার্যকর ও দক্ষ শাসন ব্যবস্থা বলা যায়। সাধারণভাবে যে কর্মপ্রক্রিয়া কিংবা শাসন পদ্ধতির মধ্যে কার্যকারিতা ও দক্ষতার সমন্বয় ঘটে তাকে কার্যকর ও দক্ষ শাসন বলা যায়। যদি কোন (সরকারি) প্রতিষ্ঠান তার লক্ষ্য-উদ্দেশ্য অনুযায়ী জনগণের অংশগ্রহণে একটি উপযুক্ত, উন্নত, সমন্বয়পযোগী, পরিবেশসম্মত পরিকল্পনা গ্রহণ করতে পারে এবং জনগণের অংশগ্রহণে পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে জনকল্যাণ নিশ্চিত করতে পারে তখনই তাকে দক্ষ ও কার্যকর শাসন বলা যেতে পারে। কোন প্রতিষ্ঠান তখনই দক্ষ পরিগণিত বা বিবেচিত হবে যখন তা তার প্রাপ্য সম্পদের সর্বোচ্চ সদ্ব্যবহারের মাধ্যমে নাগরিকদের সর্বোত্তম কাঙ্ক্ষিত সেবা দিতে সক্ষম হয়।

রাষ্ট্র ও সমাজে আইনের শাসন, স্বচ্ছতা, জবাবদিহিতা, জনগণের অংশগ্রহণ, ন্যায্যতা, সংবেদনশীলতা এবং দক্ষতা ও কার্যকারিতা নিশ্চিত করা গেলে গণতন্ত্র ও সুশাসনের ভিত্তি মজবুত হবে। গণতন্ত্র ও সুশাসন তাই একই মুদ্রার এপিট-ওপিট। বর্তমান যুগে সুশাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে সরকারই একমাত্র নিয়ামক শক্তি নয়। পৃথিবীর বিভিন্ন দেশের কেন্দ্রীয় ও স্থানীয় সরকারের কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে নাগরিক সমাজ-সংগঠনের সুনির্দিষ্ট ভূমিকা রয়েছে। অন্যান্য কুশীলবরাও (Actors) কেন্দ্রীয় ও স্থানীয় সরকার ব্যবস্থাকে প্রভাবিত করতে পারে। যেমন: রাজনৈতিক দল, আন্তর্জাতিক দাতা সংস্থা, গণমাধ্যম, নাগরিক সমাজ, বুদ্ধিজীবী মহল, বণিক সমিতি, বেসরকারি সংস্থা, কৃষক সঙ্ঘ, ভূস্বামী, ধর্মীয় সঙ্ঘ-সমিতির নেতৃবৃন্দ, পেশাজীবী সংগঠন, শিক্ষক সম্প্রদায় ইত্যাদি।

৪.১.২ পৌরসভার পরিপ্রেক্ষিতে সুশাসনের বৈশিষ্ট্য

সুশাসন অর্জন করতে পেরেছে এমন পৌরসভা যে বৈশিষ্ট্য ধারণ করে, তা নিচের ছকে প্রদর্শন করা হ'ল। নিচের ছকে উল্লেখিত নির্দেশকসমূহ সুশাসনের একমাত্র সূচক নয়, শুধুমাত্র উদাহরণস্বরূপ উপস্থাপন করা হয়েছে।

ক্রম	সুশাসনের বৈশিষ্ট্য/সূচক	নির্দেশক
১.	আইনের শাসন (Rule of Law)	<ul style="list-style-type: none"> • পৌরসভার কার্যাবলী স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ ও সংশ্লিষ্ট বিধি এবং প্রবিধান দ্বারা পরিচালিত হয়। • সরকারি নীতিমালা অনুযায়ী পৌরসভা বিভিন্ন কর, উপ-কর, টোল, ফিস, রেইট ও অন্যান্য কর

ক্রম	সুশাসনের বৈশিষ্ট্য/স্তম্ভ	নির্দেশক
		<p>আরোপ ও আদায়ের হার নির্ধারণ করে।</p> <ul style="list-style-type: none"> ক্রয় (Procurement) কার্যক্রম সরকারি ক্রয় আইন (পিপিএ)-২০০৬ এবং সরকারি ক্রয় বিধিমালা (পিপিআর)-২০০৮ অনুযায়ী পরিচালিত হয়। পৌরসভার হিসাব কার্যক্রম সঠিকভাবে নিরীক্ষিত হয় এবং নিরীক্ষণকৃত আপত্তিসমূহ নিষ্পত্তি করতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়। পৌরসভা থানা পুলিশ ও অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহযোগিতায় অপরাধ নিয়ন্ত্রণ করে। পৌরসভার নিয়োগ প্রক্রিয়া আইনানুগভাবে অবাধ ও সুষ্ঠু প্রক্রিয়ায় সম্পন্ন হয়, যা মেয়র ও কাউন্সিলরদের ব্যক্তি ও রাজনৈতিক দলীয়-স্বার্থকে স্পর্শ করে না।
২.	জবাবদিহিতা (Accountability), স্বচ্ছতা (Transparency) ও অংশগ্রহণমূলক (Participatory)	<ul style="list-style-type: none"> পৌরসভার কর্মকান্ড এবং অর্থ-সংক্রান্ত তথ্য পাওয়ার অধিকার নাগরিকদের রয়েছে। পৌরসভার উন্নয়ন সম্পর্কিত বিষয় এবং কর্মকান্ডসমূহ ওয়ার্ড কমিটি (WC) তে এবং টাউন লেভেল কো-অর্ডিনেশন কমিটি (TLCC) তে নিয়মিত আলোচনা হয়। উন্মুক্ত বাজেট সভার মাধ্যমে পৌরসভা, জনসমক্ষে বার্ষিক বাজেট বিবরণী পেশ করে এবং জনগণের মতামত গ্রহণ করে। পৌরসভা, জনসাধারণের মতামতের জন্য নোটিশ বোর্ডে আর্থিক বিবৃতি স্থাপন করে এবং এ বিষয়ে জনসাধারণের মতামত বিবেচনায় নেয়। পৌরসভা নাগরিক সনদ (সিটিজেন চার্টার) প্রকাশ করে। নাগরিকগণ পৌরসভার সভায় অংশগ্রহণ করতে পারে।
৩.	Equity (ন্যায্যতা)	<ul style="list-style-type: none"> নারী কাউন্সিলরগণ পৌর-পরিষদ, স্থায়ী কমিটিসমূহ এবং অন্যান্য কমিটির সভাগুলোতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে। ওয়ার্ড কমিটি (WC) এবং টাউন লেভেল কো-অর্ডিনেশন কমিটি (TLCC) তে দরিদ্র জনসাধারণ ও নারীদের আইনানুগ প্রতিনিধিত্ব রয়েছে। উন্নয়ন পরিকল্পনা/প্রকল্প বাছাই প্রক্রিয়ায় দরিদ্র মানুষ ও নারীরা অংশগ্রহণ করতে পারে এবং তাদের স্বার্থ সংরক্ষণ করা হয়। বাজেটে নারী ও দরিদ্র জনগোষ্ঠীর ক্ষমতায়নের জন্য বরাদ্দ থাকে। নির্মাণ, মেরামত/রক্ষণাবেক্ষণ এবং অন্যান্য কাজে নারী ও পুরুষ উভয়ের অংশগ্রহণ ও মজুরি প্রদানে সমতা নিশ্চিত করা হয়।
৪.	সংবেদনশীলতা (Responsiveness)	<ul style="list-style-type: none"> সেবা প্রাপ্তিতে নাগরিকগণের মতামত/অভিযোগ গ্রহণের এবং এ বিষয়ে দ্রুত ব্যবস্থা নেয়ার প্রয়োজনীয় প্রস্তুতি থাকে। নাগরিকদের সেবা সম্পর্কিত তথ্য সিটিজেন চার্টারে প্রকাশ করে, যেখানে নাগরিক সেবা প্রদানের বিবরণ, সেবা প্রদানের শর্তসমূহ এবং সময়সীমা উল্লেখ থাকে।
৫.	কার্যকারিতা ও দক্ষতা (Effective and Efficient)	<ul style="list-style-type: none"> আবশ্যিকীয়/বাধ্যতামূলক কার্যাবলী সম্পাদন করে। সকল সেবার গুণগত মানে নাগরিকগণ সন্তুষ্ট। নিয়মমাফিক ও সময়মত পৌরকর আরোপ ও আদায় করে। উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও অন্যান্য উপায়ে পরিকল্পনা-মাফিক পৌরসভার আর্থিক সম্পদ বিনিয়োগ করে। খরচ পরিষদের মাধ্যমে যথাযথভাবে পর্যবেক্ষণ/নিরীক্ষণ করা হয়।

৪.১.৩ নেতৃত্বের ধারণা ও কাজ

ইংরেজী ‘Lead’ (লিড) শব্দের অর্থ পথ দেখানো, চালিত করা বা আদেশ করা। ‘Leader’ (লিডার) মানে নেতা, দলপতি বা অধিনায়ক। যিনি পথ দেখান, পরিচালনা করেন, নেতৃত্ব দেন—তিনিই নেতা (Leader)। নেতৃত্বের সর্বজনগ্রাহ্য কোন সংজ্ঞা নেই, কিন্তু ধারণাটি এভাবে নির্ধারণ করা যেতে পারে, “নেতৃত্ব হচ্ছে লক্ষ্য নির্ধারণ ও অর্জনের

জন্য একটি সংঘবদ্ধ কর্মী বাহিনীকে প্রভাবিত করার প্রক্রিয়া”¹। নেতৃত্ব বিশেষ ধরনের কিছু সক্ষমতার সমষ্টি এবং এর মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি নিম্নরূপ:

- আকর্ষণীয় ব্যক্তিত্ব
- ধারণাসমৃদ্ধ, সৃষ্টিশীল, অবহিত ও তথ্যাভিজ্ঞ
- পরিকল্পনা প্রণয়নে সক্ষম ও লক্ষ্য অর্জনে দৃঢ়
- মানুষকে উদ্দীপ্ত ও উৎসাহী করতে সক্ষম
- অনেককে কাজে লাগানোর ক্ষমতাসম্পন্ন

নেতার কার্যাবলী:

একজন নেতা বিভিন্ন ধরনের কাজ করে থাকেন। নেতার কাজকে প্রধানত তিনটি ভাগে বিভক্ত করা যেতে পারে, যা নিচের ছকে উল্লেখ করা হ’ল:

মৌলিক কাজ	নিয়মিত কাজ	বিশেষ কাজ
<ul style="list-style-type: none"> • প্রাতিষ্ঠানিক বা দলীয় রূপকল্প (Vision) এবং ব্রত (Mission) ঠিক করা • দল বা সংস্থার উদ্দেশ্য নির্ধারণ • পরিকল্পনা প্রণয়ন • প্রাতিষ্ঠানিক নীতিমালা নির্ধারণ • অধিকারভিত্তিক কার্যক্রম সাজানো • বাজেট প্রস্তুতি • জনবল সংগঠন • কর্ম বিভাজন • স্থায়ী সম্পদ সংগ্রহ 	<ul style="list-style-type: none"> • অংশগ্রহণমূলকভাবে সিদ্ধান্ত গ্রহণ; • কর্মী পরিচালনায় প্রয়োজনীয় নির্দেশনাদান/সহযোগিতা প্রদান; • সহকর্মীদের সাথে জরুরী বিষয় নিয়ে মতবিনিময় করা; • নীতিমালা অনুযায়ী দল বা সংস্থার কার্যক্রম পর্যবেক্ষণ; • কর্মকর্তা-কর্মচারীদের অনুপ্রাণিত করা; • অভিযোগ নিষ্পত্তিতে ভূমিকা পালন করা; • প্রশাসনিক যোগাযোগ রক্ষা; • কাজ ও কর্মী নিয়ন্ত্রণ; • মানব সম্পদ উন্নয়নের উদ্যোগ গ্রহণ এবং • সমন্বয় সাধন। 	<ul style="list-style-type: none"> • সভায় অংশ গ্রহণ করা; • জেডার সংবেদনশীল পরিবেশ তৈরি করা; • প্রাতিষ্ঠানিক শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিত করা; • সহকর্মীদের জীবন-বৃত্তান্ত ও অন্যান্য রেকর্ড সংরক্ষণ করা; • সহকর্মীদের আস্থা/বিশ্বাস অর্জনে কাজ করা; • দলীয় কাজে গতিশীলতা তৈরি করা।

উৎস: ডেভেলপমেন্ট ম্যানেজমেন্ট সোর্স/ডিএমসি, ০৯-২১ সেপ্টেম্বর ১৯৯৫, সিডিএম/ব্র্যাক।

৪.১.৪ মেয়র, সাধারণ আসনের কাউন্সিলর ও সংরক্ষিত আসনের কাউন্সিলরের প্রত্যাশিত গুণাবলী

নেতার বিশেষ কিছু গুণাবলী থাকা আবশ্যিক। একজন নেতার মধ্যে তিন ধরনের গুণ থাকা অত্যাবশ্যিক। যেমন: বিশেষ কাজের প্রতি গভীর ভালবাসা (Passion), দায়িত্ববোধ সম্পন্ন (A sense of responsibilities); বিচার-বিবেচনার যথাযথ ক্ষমতা (Good judgment) [ম্যাক্ ওয়েবার]।

- কাজের প্রতি গভীর ভালবাসা (Passion):

একজন নেতা তার সংগঠন ও সাংগঠনিক কাজকে একান্তভাবে পছন্দ করেন এবং অত্যন্ত দায়িত্বশীলতার সাথে সংগঠনের উদ্দেশ্য সাধনে ব্রতী হন। যৌক্তিক মতাদর্শ এবং নিয়ন্ত্রিত আবেগের অধিকারী নেতা শুধুমাত্র সংগঠনের জন্য নয়, বৃহত্তর জনগোষ্ঠীর জন্যও দীর্ঘস্থায়ী কল্যাণ সাধনে সক্ষম।

¹ Stogdill, R. M. (1950). "Leadership, membership and organization". Psychological bulletin. 47, pp 1-14

• দায়িত্ববোধ সম্পন্ন হওয়া (A sense of responsibilities):

দায়িত্বহীন মানুষ সমাজ, এমনকি নিজের জন্যেও যথার্থ কোন কাজে সফল হতে পারেন না। স্থানীয় সরকার প্রতিষ্ঠানের একজন নেতা জনসেবার শপথ নিয়ে দায়িত্ব গ্রহণ করেন। প্রাতিষ্ঠানিক পর্যায়ে একজন প্রশাসনিক নেতার হাতে প্রতিষ্ঠানের লক্ষ্য-উদ্দেশ্য অর্জনের গুরুদায়িত্ব ন্যস্ত থাকে।

• বিচার-বিবেচনার যথাযথ ক্ষমতা (Good judgment):

আর্থ-সামাজিক, রাজনৈতিক ও পরিবেশগত বিষয় বিবেচনায় একজন নেতাকে নিয়মিতভাবে বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে হয়। পরিবেশ-পরিস্থিতির সঠিক বিচার-বিশ্লেষণের ক্ষমতা না থাকলে নেতার সিদ্ধান্ত গ্রহণে ভুল হতে এবং নেতৃত্ব ব্যর্থ হতে বাধ্য।

মেয়র, সাধারণ ও সংরক্ষিত আসনের কাউন্সিলরের প্রত্যাশিত বৈশিষ্ট্যসমূহ

গুণাবলীর ক্ষেত্রসমূহ	মেয়রের গুণাবলী (নারী/পুরুষ)	সাধারণ আসনের কাউন্সিলরের গুণাবলী	সংরক্ষিত আসনের কাউন্সিলরের গুণাবলী
সাধারণ		<ul style="list-style-type: none"> • ন্যায্যবান • দায়িত্বশীল ও নির্ভরযোগ্য • প্রতিশ্রুতিবদ্ধ • বস্তুনিষ্ঠ • উদ্ভাবনী শক্তি সম্পন্ন • যুক্তিতে বিশ্বাসী • সামঞ্জস্যপূর্ণ • সহনশীল • সহযোগিতার মানসিকতা সম্পন্ন 	
পৌর-প্রশাসনের ব্যবস্থাপক হিসাবে বৈশিষ্ট্য	<ul style="list-style-type: none"> • সঠিক সময়ে যুক্তিসঙ্গত সিদ্ধান্ত নিতে সক্ষম • উন্নত পরিকল্পনাকারী • ভাল কাজের পরিবেশ তৈরি করার ক্ষমতাসম্পন্ন • ভালো দল গঠনে সক্ষম • কর্মকর্তা ও কর্মচারীদের প্রেরণাদানে বিশ্বাসী • কাউন্সিলর, কর্মকর্তা ও কর্মচারীদের বক্তব্য শুনতে আগ্রহী • সংশ্লিষ্ট সচেতন মানুষ এবং সংগঠনের কাজের মধ্যে সমন্বয় সাধনে আগ্রহী ও সক্ষম 		
জনপ্রতিনিধি হিসাবে বৈশিষ্ট্য	<ul style="list-style-type: none"> • পৌরসভার দায়িত্ব ভালভাবে জানেন এবং এগুলো তার নিজ দায়িত্ব বলে মনে করেন; • পৌরসভা সংক্রান্ত 	<ul style="list-style-type: none"> • পৌরসভার পরিকল্পনা ও কার্যক্রম সম্পর্কে সচেতন এবং কোন ধরনের অসঙ্গতি হলে তা উপস্থাপন করার যোগ্যতা সম্পন্ন ও সাহসী; 	<ul style="list-style-type: none"> • পৌরসভার পরিকল্পনা ও কার্যক্রম সম্পর্কে সচেতন এবং কোনো ধরনের অসঙ্গতি হলে তা উপস্থাপন করার যোগ্যতা সম্পন্ন ও সাহসী;

গুণাবলীর ক্ষেত্রসমূহ	মেয়রের গুণাবলী (নারী/পুরুষ)	সাধারণ আসনের কাউন্সিলরের গুণাবলী	সংরক্ষিত আসনের কাউন্সিলরের গুণাবলী
	<p>আইন, বিধি-বিধান ভালোভাবে অবহিত আছেন;</p> <ul style="list-style-type: none"> মানুষের কথা মনোযোগ দিয়ে শুনেন, বিশেষ করে, ঝুঁকিপূর্ণ অবস্থায় থাকা ও প্রান্তিক জনগোষ্ঠীর প্রতি বিশেষভাবে মনোযোগী; পৌরবাসীদের সমস্যা সম্পর্কে সচেতন; 	<ul style="list-style-type: none"> পৌরসভার দায়িত্ব ভালভাবে জানেন এবং এইসব কাজকে নিজ দায়িত্ব বলে মনে করেন; পৌরসভা সংক্রান্ত আইন, বিধি-বিধান ভালভাবে অবহিত আছেন; পৌরবাসী, বিশেষ করে, ওয়ার্ডবাসীর কথা মনোযোগ দিয়ে শুনেন, ঝুঁকিপূর্ণ অবস্থায় থাকা ও প্রান্তিক জনগোষ্ঠীর প্রতি বিশেষভাবে মনোযোগী; নিজ ওয়ার্ডসহ পৌরবাসীদের সমস্যা সম্পর্কে সচেতন; 	<ul style="list-style-type: none"> পৌরসভার দায়িত্ব ভালভাবে জানেন এবং এগুলো তার নিজের দায়িত্ব বলে মনে করেন; পৌরসভা সংক্রান্ত আইন, বিধি-বিধান ভালভাবে অবগত আছেন; পৌরবাসী, বিশেষ করে, তাঁর নিজ ওয়ার্ডের নারী ও শিশু, এবং ঝুঁকিপূর্ণ অবস্থায় থাকা ও প্রান্তিক জনগোষ্ঠীর প্রতি বিশেষভাবে মনোযোগী; পৌরবাসীদের সমস্যা সম্পর্কে সচেতন; তাঁর নিজ ওয়ার্ড এবং পৌর এলাকার নারী-শিশুসহ সকল নাগরিকের সমস্যা সম্পর্কে ওয়াকিবহাল;

৪.২ পৌরসভার কার্যক্রমের মূলধারায় নারী-পুরুষের সমঅধিকার/সমতা নিশ্চিতকরণ (জেন্ডার সম্পৃক্তকরণ)

৪.২.১ জেন্ডার সম্পর্কিত ধারণা

সমাজের ছাঁচে পড়ে প্রায়শই নারী সাংস্কৃতিক ও মনস্তাত্ত্বিক বৈষম্যের শিকার হয়। সামাজিক মূল্যবোধের মাধ্যমে নারী-পুরুষের যে বৈষম্য নির্ধারিত হয় সেটাই জেন্ডার ধারণার বিষয়বস্তু। আপাত দৃষ্টিতে জেন্ডার ও সেক্স শব্দ দুটির পারস্পরিক অর্থ একই রকম মনে হলেও সমাজতাত্ত্বিক ব্যাখ্যা জেন্ডার শব্দটি দিয়ে নারী-পুরুষের সামাজিক সম্পর্ককে তুলে ধরা হয়। তাই জেন্ডার বলতে অবস্থা, অবস্থান ও সুযোগের পরিপ্রেক্ষিতে, সামাজিক দায়িত্ব পালনে এবং নারী-পুরুষের সামাজিক সম্পর্কসহ অন্যান্য সামাজিক ভূমিকা পালনের ক্ষেত্রে নারী ও পুরুষের মধ্যে পার্থক্যকে বোঝায়-যা সমাজ নির্ধারিত এবং সেই সমাজের সংস্কৃতি ও পরিবর্তনের দ্বারা প্রভাবিত। অন্যদিকে, সেক্স (Sex) বা লিঙ্গ হচ্ছে প্রাকৃতিক বা শারীরিক কারণে নারী পুরুষের ভিন্নতা প্রদানকারী বৈশিষ্ট্য যা প্রাকৃতিক বা শারীরিকভাবে নির্ধারিত এবং অপরিবর্তনীয়। দেশের সামাজিক-সাংস্কৃতিক অবস্থার পরিপ্রেক্ষিতে কিছু প্রথা-পদ্ধতি, রীতি-নীতি তৈরি হয়েছে, যা পুরুষ ও নারীর মধ্যে কর্ম, মনোভাব, দায়িত্ব পালন ও বিভিন্ন ভূমিকা পালনে পার্থক্য নির্ধারণ/নির্দেশ করে। বিষয়সমূহ আলোচনার দাবী রাখে।

নারী এবং পুরুষের এক ধরনের বৈশিষ্ট্য রয়েছে যা তারা জনের পর অর্জন করে; মানুষের এ বৈশিষ্ট্য সমাজের তৈরী, ইচ্ছা করলেই যা পরিবর্তন করা যায়। একে বলে নারী ও পুরুষের সামাজিক পরিচিতি বা জেন্ডার।

ইংরেজী জেন্ডার শব্দের সর্বজনগ্রাহ্য কোন বাংলা শব্দ এখনো চালু হয়নি। সামাজিকভাবে গড়ে ওঠা নারী-পুরুষের ধারণা নিয়ে একে ব্যাখ্যা করতে হয়। সমাজে নারী-পুরুষের তুলনামূলক ভূমিকা, দায়িত্ব, সুযোগ, পরিস্থিতি বা ধারণার আলোচনায় জেন্ডার বিষয়টি যুক্ত। ভিন্নভাবে বললে জেন্ডারকে সামাজিক লিঙ্গ বলা যায়, যেটি সামাজিকভাবে সৃষ্ট। সমাজ নারী ও পুরুষকে ভিন্ন ভিন্ন ভূমিকা পালন করতে শেখায়। সেভাবেই নারী ও পুরুষের ভাবনায় ভিন্নতা আসে। সমাজে নারী ও পুরুষের ভূমিকা নির্ধারিত হয় সেই সমাজের সামাজিক ও মানসিক উপাদান দ্বারা। নারী-পুরুষের ভূমিকা নির্ধারণের ক্ষেত্রে সাংস্কৃতিক ঐতিহ্য ও ঐতিহাসিক কার্যকরণ অনুসরণ করা হয়। তাই সকল সমাজে নারী-পুরুষ ভূমিকা একরূপ হয় না।

গহনা, অবলা, আবেগপ্রবণ, মমতাময়ী, কোমল, বড় চুল বিষয়গুলি ভাবলেই নারীর সম্পৃক্ততা চলে আসে। আবার পরিশ্রমী, সাহসী, ক্ষমতাবান, কর্মঠ, নিয়ন্ত্রণকারী ইত্যাদি বিষয়গুলোর সাথে পুরুষের সম্পৃক্ততা ভাবনায় আসে। এগুলো সমাজের তৈরী। সমাজ আমাদেরকে এভাবে ভাবতে শিখিয়েছে। পুরুষও আবেগপ্রবণ, কোমল ও অবলা হতে পারে। বড় চুল রাখতে পারে, গহনা পরতে পারে। আবার নারী পরিশ্রমী, সাহসী ক্ষমতাবান, কর্মঠ হতে পারে। পরিবার ও সমাজ নারী ও পুরুষের কাজ ও দায়িত্ব আলাদা কর দিয়েছে; ইচ্ছে করলেই এবং পরিবেশ পেলে সবাই সব কাজ করতে পারে। অর্থাৎ সামাজিক ভাবনা পুরুষ ও নারীর কর্ম, ভূমিকা, দায়িত্ব, বৈশিষ্ট্য ইত্যাদির যে পার্থক্য সৃষ্টি করেছে সেটিই জেন্ডার বৈষম্য। উন্নয়নের জন্য জেন্ডার বৈষম্য নিরসন হওয়া দরকার। সমাজ নির্ধারিত যে জেন্ডার ভূমিকা আমরা দেখি তা কোন চিরস্থায়ী বিষয় নয়। স্থান, কাল, সময় পরিবেশ জনগণের মানসিক ও মতাদর্শিক পরিবর্তনের সাথে সাথে জেন্ডার ভূমিকার পরিবর্তন ঘটে। প্রচলিত জেন্ডার ভূমিকা আমরা (সমাজ) ইচ্ছা করলেই পরিবর্তন করতে পারি। নারী-পুরুষের সমতার বিষয়টি আদর্শিকভাবে গ্রহণ করলেই অনেক সমস্যার সমাধান হতে পারে।

জেন্ডার ও সেক্স এর মধ্যে পার্থক্য

ক্রম	জেন্ডার	সেক্স
১.	সমাজ কর্তৃক নির্ধারিত পার্থক্য/বৈশিষ্ট্য	প্রাকৃতিকভাবে নির্ধারিত পার্থক্য, জৈবিক বা শারীরিক পার্থক্য
২.	পরিবর্তনযোগ্য	অপরিবর্তনীয়
৩.	ভিন্ন ভিন্ন সমাজে ভিন্ন ভিন্ন রকম	সব সমাজে একই রকম

বৈষম্যের মূল কারণ হ'ল গতানুগতিক বা সাংস্কৃতিক মূল্যবোধ, বিদ্যমান মতাদর্শ এবং সামাজিক কুসংস্কার। সামাজিক এবং সাংস্কৃতিক অবস্থার কারণে সৃষ্ট এমন কিছু রীতি-নীতি আছে, যা নারী ও পুরুষের শ্রমের ভূমিকা, আচার-আচরণ, দায়-দায়িত্ব এবং অবস্থানের মধ্যে পার্থক্য তৈরি করে দেয়। অগ্রসর সমাজ, বিকাশমান সংস্কৃতি, উন্নত অর্থনৈতিক

ব্যবস্থা, জন-বান্ধব রাজনৈতিক পরিমন্ডল, সামাজিক নিরাপত্তা ও পরিবেশ অনুকূল থাকলে জেডার-সম্পর্ক বিষয়ের উপর এর ইতিবাচক প্রভাব পড়ে।

৪.২.২ বাংলাদেশে নারীর অবস্থা (Condition) ও অবস্থান (Status/Position)

অবস্থা ও অবস্থান এক বিষয় নয়। সমাজে অবস্থা ও অবস্থানগত দিক থেকে নারী-পুরুষের মধ্যে পার্থক্য বিদ্যমান। অবস্থা বলতে বুঝায়, যে পারিপার্শ্বিকতার মধ্যে নারী বাস করছে অর্থাৎ তার বাসস্থান, শিক্ষার সুযোগ, স্বাস্থ্যসেবার মান, বিশুদ্ধ পানি ও পয়ঃনিষ্কাশনের সুযোগ ইত্যাদি। অন্যদিকে, অবস্থান বা মর্যাদা সুযোগ গ্রহণ বা সম্পদ নিয়ন্ত্রণে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতার সাথে সম্পর্কিত। বর্তমানে বাংলাদেশ সরকারের অনেক পদক্ষেপ নারীর অবস্থা ও অবস্থানের উন্নয়নে যথেষ্ট সহায়ক হলেও বাংলাদেশে নারীরা পুরুষের তুলনায় অবস্থা ও অবস্থানগতভাবে পিছিয়ে রয়েছে।

বাংলাদেশে নারীর অবস্থা এবং অবস্থান

অবস্থা (নারী)	ক্ষেত্র	অবস্থান (নারী)
খাদ্য, পোষাক-পরিচ্ছদ, স্বাস্থ্যসুবিধা ইত্যাদি ক্ষেত্রে নারীরা সাধারণত কম সুবিধা পায়	প রি	পরিবারে নারীর পছন্দ-অপছন্দ, সিদ্ধান্ত, ইচ্ছা/অনিচ্ছার গুরুত্ব কম
পরিবারে নারীরা গৃহস্থালী কাজের দায়িত্ব বহন করে	বা র	পারিবারিক সম্পদে নিয়ন্ত্রণ ও অভিগম্যতা সীমিত
রাজনীতিতে কম অংশগ্রহণ	রা	আইন প্রণয়নে সীমিত ভূমিকা
অনেক ক্ষেত্রে নারী নিজের ইচ্ছায় ভোট দিতে পারে না	ঐ	নারীরা বৈষম্যের শিকার
সামাজিক আচার-অনুষ্ঠানে অংশগ্রহণের সুযোগ কম	স	বিচার-সালিশে নারীর ভূমিকা ও অংশগ্রহণ নেই
সমাজসেবামূলক কর্মকাণ্ডে নারীর অংশগ্রহণ সীমিত	মা জ	ধর্মীয় প্রতিষ্ঠান পরিচালনা কমিটিতে নারীর অংশগ্রহণ ও ভূমিকা নেই

রাজনৈতিক ও প্রশাসনিক ক্ষেত্রে নারীর অবস্থান

জাতীয় সংসদে নারী-পুরুষ সংসদ সদস্যদের অবস্থানগত চিত্র

ক্রম	কততম সংসদ/সাল	নারী সাংসদ	পুরুষ সাংসদ	মোট	সংরক্ষিত নারী আসন
১.	১০ম/২০১৪	২০	২৮০	৩০০	৫০
২.	৯ম/২০০৮	২০	২৮০	৩০০	৪৫
৩.	৮ম/২০০১	০৬	২৯৪	৩০০	৪৫
৪.	৭ম/১৯৯৬	১১	২৮৯	৩০০	৩০

(তথ্য: জাতীয় সংসদ ওয়েবসাইট)


সরকারি কর্মে (সিভিল সার্ভিস) নারী-পুরুষের অবস্থানগত চিত্র

ক্রম	পদবী/অবস্থান	ইরী	পুরুষ	মোট	কত সালের তথ্য
১.	সচিব	০৪	৬৬	৭০	২০১৪
২.	জেলা প্রশাসক	০১	৬৩	৬৪	২০১৪
৩.	ইউএনও	৬৭	৩৬৮	৪৩৫	২০১৪

(তথ্য: পিএসসি কম্পিউটার সেন্টার, জনপ্রশাসন মন্ত্রণালয়।)

নারীর রাজনৈতিক প্রতিনিধিত্ব, এমনকি পৌরসভাতেও কম। দেশে বর্তমানে ১১টি সিটি কর্পোরেশনে মাত্র ০১ জন এবং মোট ৩২৪টি পৌরসভার মধ্যে মাত্র একটিতে নারী মেয়র রয়েছেন। তবে প্রাথমিক শিক্ষায় একটি ভিন্ন চিত্র আমরা দেখতে পারি, যেখানে সংখ্যার দিক থেকে নারীর অবস্থান পুরুষের সমান:

প্রাথমিক শিক্ষাক্ষেত্রে শিক্ষক/শিক্ষার্থী চিত্রে নারীর অবস্থান:



৪.২.৩ পৌরসভা ও জেডার ইস্যু (নারী-পুরুষের সমতা)

১৯৩৫ সালে নিখিল ভারতে নারী সর্বজনীন ভোটাধিকার প্রাপ্ত হয়। পূর্ব পাকিস্তান অর্থাৎ বর্তমান বাংলাদেশ ভূখণ্ডে স্থানীয় সরকার ব্যবস্থায় নারীরা ১৯৫৬ সালের আগ পর্যন্ত সর্বজনীন ভোটাধিকার লাভ করেনি। ১৯৭৭ সালের আগে সংরক্ষিত নারী আসনের জন্য সরাসরি ভোট কার্যকর করা যায়নি। ১৯৯৭ সালে পৌরসভা অধ্যাদেশ, ১৯৭৭ সংশোধনীর মাধ্যমে নগর স্থানীয় সরকারে নারীর জন্য ০৩টি করে আসন সংরক্ষিত করা হয়, যার ধারাবাহিকতায় ১৯৯৮ সালে স্থানীয় সরকারে নারীর আসন সংরক্ষণ ও সরাসরি ভোটে নির্বাচনের ব্যবস্থা করা হয়। বর্তমানে সব স্থানীয় সরকার নির্বাচনে সংরক্ষিত আসনের পাশাপাশি সাধারণ আসনেও নারীরা প্রার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারেন। বর্তমানে সরকারের অন্যতম অঙ্গীকার হ'ল, নারী-পুরুষের সমান অংশগ্রহণে জনগণের আর্থিক অবস্থার সার্বিক উন্নয়ন ও শাসন ব্যবস্থার বিকেন্দ্রীকরণ। নগর সরকারের কর্মকাণ্ডে জেডার ইস্যু সম্পৃক্তকরণ তাই বিবেচ্য বিষয়ে পরিণত হয়েছে।

পৌরসভার কার্যক্রমে জেডার ইস্যুসমূহ

জেডার সমতা অর্জন ও জেডার সংবেদনশীলতা বাড়ানোর জন্য পৌরসভা বিভিন্ন কার্যক্রম হাতে নিতে পারে। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৫০ (২) -এ উল্লিখিত কার্যাবলী বিবেচনায় রেখে এ ধরনের কিছু কার্যক্রম/উদ্যোগের উদাহরণ:

ক্রম	পৌরসভার মূল দায়িত্ব/কার্যাবলী	সম্ভাব্য কার্যক্রম
১.	আবাসিক, শিল্প ও বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য পানি সরবরাহ	<ul style="list-style-type: none"> সাধারণত গৃহস্থালীর নানান কাজে পানি সংগ্রহ ও ব্যবহার সংক্রান্ত ব্যাপারে নারীরা জড়িত থাকেন। তাই নিরাপদ পানি সরবরাহ, অপচয় রোধ ও পানির স্বাস্থ্যসম্মত ব্যবহারে নারীদের সংশ্লিষ্ট করা ও গুরুত্ব দেওয়া।
২.	পানি ও পয়ঃনিষ্কাশন	<ul style="list-style-type: none"> পৌরসভার উচিত যথাসময়ে পয়ঃনিষ্কাশনের ব্যবস্থা করা। এ সংক্রান্ত নির্মাণ, মেরামত ও অপসারণ কাজে মজুরির বিনিময়ে নারীশ্রমিক যুক্ত করা।
৩.	বর্জ্য ব্যবস্থাপনা	<ul style="list-style-type: none"> আবাসিক বর্জ্য অপসারণের পরিকল্পনায় নারীদের যুক্ত করা।
৪.	অর্থনৈতিক ও সামাজিক ন্যায় বিচার প্রতিষ্ঠার জন্য পরিকল্পনা প্রণয়ন	<ul style="list-style-type: none"> নারীর প্রতি সংবেদনশীল পরিকল্পনা প্রণয়ন ও জেডার বৈষম্য হ্রাসে কর্মসূচি গ্রহণ করা। নারী নির্যাতন বন্ধে জনসচেতনতা বৃদ্ধি ও আইনি সহায়তা প্রদান।
৫.	যোগাযোগ ব্যবস্থার উন্নয়নকল্পে রাস্তা, ফুটপাথ, জনসাধারণের চলাচল, যাত্রী ও মালামাল উঠানামার সুবিধার্থে টার্মিনাল নির্মাণ	<ul style="list-style-type: none"> নির্মাণ ও মেরামত সংক্রান্ত ব্যবস্থাপনা ও পরিচালনা কমিটিতে নারী কাউন্সিলর ও নারী কর্মকর্তাদের জড়িত রাখা। রাস্তা, ফুটপাথ ও অন্যান্য নির্মাণ কাজে নারী শ্রমিক নিয়োগদান। বাস টার্মিনালে নারীর জন্য পৃথক টয়লেট তৈরি ও নারীর নিরাপত্তা বিধান করা।

ক্রম	পৌরসভার মূল দায়িত্ব/কার্যাবলী	সম্ভাব্য কার্যক্রম
৬.	জন্ম, মৃত্যু নিবন্ধন আইনে প্রদত্ত কার্যাবলী	<ul style="list-style-type: none"> শিশুর জন্ম নিবন্ধন নিশ্চিত করা এবং বিয়েতে বর-কণের জন্ম সনদ দেখে বিয়ে নিবন্ধন করা। তাহলে বাল্যবিবাহ হ্রাস পাবে এবং নারীর আইনগত ভিত্তি মজবুত হবে।
৭.	ট্রাফিক ব্যবস্থাপনা, সড়ক বাতি, যাত্রী ছাউনী, পার্কিং স্থান ও বাস স্ট্যান্ড নির্মাণ	<ul style="list-style-type: none"> বাস-স্ট্যান্ড ও যাত্রী ছাউনীতে নারীর জন্য আসন সংরক্ষণের ব্যবস্থা করা। প্রয়োজনীয় সড়ক বাতি ও ট্রাফিক ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে, বিশেষত চলাচলের (Mobility) ক্ষেত্রে নারীর নিরাপত্তা বিধান।
৮.	নাগরিক স্বাস্থ্য, পরিবেশ, বৃক্ষরোপণ ও ব্যবস্থাপনা	<ul style="list-style-type: none"> স্বাস্থ্যকেন্দ্রসমূহে নারী-বান্ধব পরিবেশ তৈরি করা, নারী ও কিশোরীদের প্রজনন স্বাস্থ্যসেবার বিশেষ যত্ন নেওয়া। স্বাস্থ্যকেন্দ্রসমূহে (হাসপাতাল, ক্লিনিক) নারীদের জন্য বসার ব্যবস্থা, পৃথক টয়লেট, পৃথক লাইন, ঔষধ সরবরাহ ও পরিষ্কার পরিচ্ছন্ন পরিবেশে সেবা প্রদান নিশ্চিতকরণ। সামাজিক বনায়ন কর্মসূচিতে নারীর অংশগ্রহণের সুযোগ বৃদ্ধি।
৯.	বাজার, কসাইখানা স্থাপন ও ব্যবস্থাপনা	<ul style="list-style-type: none"> ক্ষুদ্র ও মাঝারী ব্যবসায় উৎসাহী নারীদের পৌরসভার দোকান বরাদ্দ দেওয়া এবং সুদমুক্ত ঋণের ব্যবস্থা করা।
১০.	শিক্ষা, খেলাধুলা, আমোদ-প্রমোদ, চিত্তবিনোদন, সাংস্কৃতিক সুযোগ প্রসার এবং পৌর এলাকার সৌন্দর্য-বর্ধন	<ul style="list-style-type: none"> প্রাথমিক ও অন্যান্য স্কুল কমিটিতে নারী নেতৃত্ব প্রতিষ্ঠা করা এবং কন্যা-শিশুর বাবে পড়া রোধে সরকারী পদক্ষেপে সহযোগিতা করা। সহপাঠক্রমিক কার্যক্রমে সকল শিক্ষার্থীকে সমান দৃষ্টিতে দেখা, জেডার-বান্ধব পরিবেশ সৃষ্টি করে খেলাধুলায় সবার সমান অংশগ্রহণ নিশ্চিত করা। ক্রীড়া সংস্থা, শিশু একাডেমী ও বিভিন্ন সাংস্কৃতিক ফোরামে নারী নেতৃত্ব প্রতিষ্ঠা করা এবং বিনোদন কেন্দ্রসমূহে নারীর প্রবেশাধিকার ও নিরাপত্তা নিশ্চিত করা।
১১.	সরকারের অনুমোদনক্রমে প্রাথমিক শিক্ষা, স্বাস্থ্য, অগ্নি নিরাপত্তা, পরিবহন ও দারিদ্র্য দূরীকরণে ভূমিকা রাখা	<ul style="list-style-type: none"> উপরে উল্লেখিত অবকাঠামোগত উন্নয়ন কাজে জেডার বৈষম্য নির্মূল করা। নারীর আয়বৃদ্ধিমূলক প্রশিক্ষণের জন্য বাজেটে পর্যাপ্ত বরাদ্দ রাখা। নারী ও কন্যা-শিশু বিষয়ে নেতিবাচক দৃষ্টিভঙ্গি রোধে সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করা, নারীর আর্থিক ক্ষমতায়নে শিল্প স্থাপনসহ ও সমমজুরি নিশ্চিত করা।

৪.২.৪ নারী-পুরুষের বৈষম্য হ্রাসে জাতীয় অঙ্গীকারসমূহ

নারীকে পুরুষের সমান অধিকার সম্পন্ন মানুষ হিসেবে স্বীকৃতি দেওয়ার দাবি দীর্ঘদিনের। রাষ্ট্রের সর্বোচ্চ আইন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে নারী-পুরুষের সমান অধিকারের কথা বলা হয়েছে। এ বিষয়ে জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রের বিভিন্ন বিধিমালা ও দলিল তৈরি হয়েছে। আন্তর্জাতিক পর্যায়ে সরকার গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক দলিলসমূহে স্বাক্ষর করেছে, যেমন: ১৯৪৮ সালে জাতিসংঘের মানবাধিকারের সর্বজনীন ঘোষণাপত্র ও ১৯৭৯ সালের নারীর প্রতি সকল প্রকার বৈষম্য বিলোপ সনদ। সংবিধানের পাশপাশি, নারী-পুরুষের মধ্যে বৈষম্য দূরীকরণে প্রণীত বাংলাদেশ সরকারের গৃহীত অন্যতম উল্লেখযোগ্য দলিল হ'ল জাতীয় নারী উন্নয়ন নীতি।

জেডার সমতা বিধানে জাতীয় অঙ্গীকারসমূহ


সংশ্লিষ্ট সনদ/দলিলাদি	জেডার ইস্যু সম্পর্কিত অঙ্গীকারসমূহ
জাতীয় পর্যায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান, ১৯৭২	<p>অনুচ্ছেদ-২৭: সকল নাগরিক আইনের দৃষ্টিতে সমান এবং আইনের সমান আশ্রয়লাভের অধিকারী।</p> <p>অনুচ্ছেদ-২৮(১): কেবল ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারী-পুরুষভেদ বা জন্মস্থানের কারণে কোন নাগরিকের প্রতি রাষ্ট্র বৈষম্য প্রদর্শন করবে না।</p> <p>অনুচ্ছেদ-২৮(২): রাষ্ট্র ও গণজীবনের সর্বস্বত্রে নারী পুরুষের সমান অধিকার লাভ করবেন।</p> <p>অনুচ্ছেদ-২৮(৩): কেবল ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারী পুরুষভেদ বা জন্মস্থানের কারণে জনসাধারণের কোন বিনোদন বা বিশ্রামের স্থানে প্রবেশের কিংবা কোন শিক্ষা-প্রতিষ্ঠানে ভর্তির বিষয়ে কোন নাগরিককে কোনরূপ অক্ষমতা, বাধ্যবাধকতা, বাধা বা শর্তের অধীন করা যাবে না।</p>

সংশ্লিষ্ট সনদ/দলিলাদি	জেভার ইস্যু সম্পর্কিত অঙ্গীকারসমূহ
	<p>অনুচ্ছেদ-২৮ (৪): নারী বা শিশুদের অনুকূলে কিংবা নাগরিকদের যে কোনো অনগ্রসর অংশের অগ্রগতির জন্য বিশেষ বিধান প্রণয়ন করা যাবে।</p> <p>অনুচ্ছেদ-১০: জাতীয় জীবনের সর্বস্তরে মহিলাদের অংশগ্রহণ নিশ্চিত করা।</p> <p>অনুচ্ছেদ-১৫: দুঃস্থ ও বিধবাদের সামাজিক নিরাপত্তা ও সরকারি সাহায্য লাভের অধিকার নিশ্চিত করা।</p>
<p>জাতীয় পর্যায়</p> <p>জাতীয় নারী উন্নয়ন নীতি, ২০১১ (দ্বিতীয় ভাগের ১৬-২৯ নং পর্যন্ত ১৬টি মূলনীতি)</p>	<p>নীতি-১৬.৩: নারীর অর্থনৈতিক, রাজনৈতিক, সামাজিক, প্রশাসনিক ও আইনগত ক্ষমতায়ন নিশ্চিত করা।</p> <p>নীতি-১৬.৮: নারী-পুরুষের বিদ্যমান বৈষম্য নিরসন করা।</p> <p>নীতি-১৭.৩: নারীর মানবাধিকার নিশ্চিতকরণে বিদ্যমান আইন সংশোধন ও নতুন আইন প্রণয়ন।</p> <p>নীতি-১৯.১: পারিবারিক ও সামাজিক পর্যায়ে ও কর্মক্ষেত্রে নারীর প্রতি শারীরিক, মানসিক ও যৌন নিপীড়ন, ধর্ষণ, যৌতুক ইত্যাদি সহিংসতা দূর করা।</p> <p>নীতি-২১.১: নারীশিক্ষা বৃদ্ধি ও নারী-পুরুষের মধ্যে শিক্ষা ও সুযোগের বৈষম্য দূর করা।</p> <p>নীতি-২৪.৩: দরিদ্র নারীকে উৎপাদনশীল কর্মে ও অর্থনীতির মূলধারায় সম্পৃক্ত করা।</p>

৪.২.৫ পৌর-কর্মকাণ্ডের মূলধারায় (Mainstream) জেভার ইস্যু সম্পৃক্তকরণ কৌশল

পৌরসভার কাজের মূলধারায় নারীর অংশগ্রহণ মানে অপরাপর গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে সমানুপাতিকভাবে নারীদের প্রতিনিধিত্ব করা ও কর্মকাণ্ড বাস্তবায়নে নারীদের যুক্ত করা।

মূলধারায় জেভার ইস্যু সম্পৃক্তকরণের মৌলিক কৌশলসমূহ নিম্নরূপ:



৪.২.৬ মূলধারায় জেডার ইস্যু সম্পৃক্তকরণে মেয়র, নারী কাউন্সিলর ও অন্যান্য কাউন্সিলরদের ভূমিকা

মূলধারায় জেডার ইস্যু সম্পৃক্তকরণে মেয়রের ভূমিকা:

ক্রম	ভূমিকা পালনের প্রধান ক্ষেত্রসমূহ	বর্ণনা
১.	জেডার-বান্ধব পরিকল্পনা প্রণয়নে	<ul style="list-style-type: none"> উন্নয়ন পরিকল্পনায় নারীদের সম্পৃক্ত করা এবং জেডার-সংবেদী পরিকল্পনা তৈরিতে সরাসরি দিক-নির্দেশনা দেওয়া।
২.	পৌরসভার বাজেট বরাদ্দে	<ul style="list-style-type: none"> নারীর ক্ষমতায়ন বিষয়ক কার্যক্রম, যেমন: নারীদের জন্য আয়বর্ধক কার্যক্রম, নারী কল্যাণমূলক ও গৃহস্থালীর কাজে পানি সরবরাহের জন্য বাজেট বরাদ্দ দেওয়া।
৩.	সংশ্লিষ্ট স্থায়ী কমিটি প্রতিষ্ঠায়	<ul style="list-style-type: none"> নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি গঠন করা। পৌরসভার জেডার বিষয়ক, যেমন: নারী উন্নয়ন বিষয়ক পৃথক স্থায়ী কমিটি গঠন করা।
৪.	সিদ্ধান্ত গ্রহণ কাঠামোতে নারীদের সম্পৃক্তকরণে	<ul style="list-style-type: none"> সভায় নারীর মত প্রকাশের ও সিদ্ধান্ত গ্রহণের স্বাধীনতা দেওয়া, বিভিন্ন কমিটিতে নারীদের যুক্ত রাখা ও নারী কাউন্সিলরকে সংখ্যানুপাতে কমিটির প্রধান করা।
৫.	সম্পদে অভিজ্ঞতা ও নিয়ন্ত্রণে	<ul style="list-style-type: none"> নারী-পুরুষের সমান মজুরি প্রদান। নারীর সম্পদ সংরক্ষণ ও পরিচালনায় সহযোগিতা করা।
৬.	বিচার-সালিশি পরিচালনায়	<ul style="list-style-type: none"> বিচার সালিশি নারীর অংশগ্রহণের সহায়ক পরিবেশ সৃষ্টি করা। শুধু পুরুষরাই বিচার করবে-এই মূল্যবোধ দূর করা।
৭.	নারী নির্যাতন প্রতিরোধে	<ul style="list-style-type: none"> পৌর পুলিশ গঠনের কার্যক্রম গ্রহণ করা এবং পারিবারিক নির্যাতন, যৌন নির্যাতন, যৌতুক, বাল্যবিবাহ, ধর্ষণ, পাচার ইত্যাদি প্রতিরোধে পুলিশকে সক্রিয় রাখার উদ্যোগ নেওয়া। সর্বক্ষেত্রে উপরোল্লিখিত বিষয়ে সহযোগিতা করা। নারীর প্রতি সহিংসতা প্রতিহত করতে প্রচারণা চালানো।
৮.	পৌর কর্মচারী নিয়োগে	<ul style="list-style-type: none"> নিয়োগে নিরপেক্ষভাবে ও অসাম্য দূর করে জেডার সমতা বিধান।
৯.	নারীর নেতৃত্ব প্রতিষ্ঠায়	<ul style="list-style-type: none"> নারীর চলাচলের (Mobility) স্বাধীনতা ও নিরাপত্তা নিশ্চিত করা। সুযোগ তৈরী করে সংশ্লিষ্ট ক্ষেত্রে নারীকে সভা প্রধান করা এবং প্রধান অতিথি হিসেবে ভূমিকা পালনে সহযোগিতা করা। প্রয়োজনে নারী কাউন্সিলর ও অন্যান্য নারী কর্মীদের নেতৃত্ব উন্নয়নে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা।
১০.	নারীর শিক্ষা ও স্বাস্থ্যসুবিধা অর্জনে	<ul style="list-style-type: none"> বিদ্যালয় থেকে কন্যা-শিশুর বারে পড়া রোধ ও নারীর উচ্চ শিক্ষার জন্য প্রচারাভিযান চালানো। স্কুল পরিচালনা কমিটিগুলোতে নারী প্রতিনিধিদের সম্পৃক্ত করা। স্বাস্থ্যসেবায় নারীর অভিজ্ঞতা নিশ্চিত করার উদ্যোগ নেওয়া এবং পৌর পরিষদে এ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় প্রস্তাব উত্থাপন করা।

মূলধারায় জেডার ইস্যু সম্পৃক্তকরণে সাধারণ ও সংরক্ষিত আসনের কাউন্সিলরদের ভূমিকা:

ক্রম	ভূমিকা পালনের প্রধান ক্ষেত্রসমূহ	সাধারণ আসনের কাউন্সিলর	সংরক্ষিত আসনের নারী কাউন্সিলর
১.	জেডার-বান্ধব পরিকল্পনা প্রণয়নে	<ul style="list-style-type: none"> উন্নয়ন পরিকল্পনাসহ ও অন্যান্য পরিকল্পনা প্রণয়নে নারীদের অন্তর্ভুক্ত করা। 	<ul style="list-style-type: none"> সক্রিয়ভাবে পরিকল্পনা প্রণয়নে অংশগ্রহণ করা এবং উন্নয়ন পরিকল্পনাসহ ও অন্যান্য পরিকল্পনা প্রণয়নে নারীর ক্ষমতায়নের এবং জেডার সংবেদনশীল বিষয়ে প্রয়োজনীয় উপকরণ প্রদান করা।
২.	বার্ষিক বাজেট প্রস্তুতি	<ul style="list-style-type: none"> নারীর ক্ষমতায়ন বিষয়ক কার্যক্রম, যেমন: নারীদের জন্য আয়বর্ধক কার্যক্রম, অন্যান্য কল্যাণমূলক কাজ ও পানি সরবরাহের জন্য 	<ul style="list-style-type: none"> নারীর ক্ষমতায়ন বিষয়ক কার্যক্রম খুঁজে বের করার ব্যবস্থা শুরু করা এবং এই কার্যক্রমের জন্য আর্থিক বরাদ্দ নিশ্চিত

ক্রম	ভূমিকা পালনের প্রধান ক্ষেত্রসমূহ	সাধারণ আসনের কাউন্সিলর	সংরক্ষিত আসনের নারী কাউন্সিলর
		বাজেট বরাদ্দ রাখা।	করা।
৩.	সংশ্লিষ্ট স্থায়ী কমিটি প্রধান	<ul style="list-style-type: none"> নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি গঠন করার কার্যক্রমে সহায়তা করা। পৌরসভার জেডার বিষয়ক, যেমন: নারী উন্নয়ন বিষয়ক পৃথক স্থায়ী কমিটি গঠন করার কার্যক্রমে সহায়তা করা। 	<ul style="list-style-type: none"> নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি গঠন করার পদক্ষেপ গ্রহণ করা এবং নিয়মিত যোগাযোগ/আলোচনা করা। পৌরসভার জেডার বিষয়ক, যেমন: নারী উন্নয়ন বিষয়ক পৃথক স্থায়ী কমিটি গঠন করার পদক্ষেপ গ্রহণ করা এবং নিয়মিত যোগাযোগ/আলোচনা করা।
৪.	সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে নারীকে সম্পৃক্তকরণ	<ul style="list-style-type: none"> সভায় নারীর মত প্রকাশে স্বাধীনতা প্রদান ও সিদ্ধান্ত গ্রহণে অংশগ্রহণ করার পরিবেশ তৈরীতে সহায়তা করা। বিভিন্ন কমিটিতে নারীদের সম্পৃক্ত করতে সহায়তা করা। 	<ul style="list-style-type: none"> পৌর পরিষদ এবং পরিষদের বিভিন্ন কমিটি ও এর বিবিধ কার্যক্রমে জেডার সংবেদনশীল নীতি প্রবর্তন এবং নারীর ক্ষমতায়নে কাজ করা। পৌরসভা আয়োজিত বিভিন্ন পর্যায়ের সভায় নারীর অংশগ্রহণ উৎসাহিত করা।
৫.	সম্পদ সংরক্ষণ ও ব্যবহার	<ul style="list-style-type: none"> নারীর অর্জিত সম্পদ সংরক্ষণ ও ব্যবহারে সহায়তা করা। নারী ও পুরুষের সমান মজুরি প্রবর্তন করা। 	
৬.	বিচার-সালিশি পরিচালনায়	<ul style="list-style-type: none"> বিচার-সালিশি নারীর অংশগ্রহণের জন্য সহায়ক পরিবেশ সৃষ্টি করা। শুধু পুরুষরাই বিচার করবে-এই মূল্যবোধ দূর করা। 	
৭.	নারী নির্যাতন প্রতিরোধে	<ul style="list-style-type: none"> নারীর উপর পারিবারিক নির্যাতন, যৌতুক, বাল্যবিবাহ, অপহরণ, ধর্ষণ, এসিড নিক্ষেপ, ইত্যাদি প্রতিরোধে পৌরসভা ও থানা পুলিশের সক্রিয়তা নিশ্চিত করা। নারীর প্রতি সহিংসতা প্রতিহত করতে প্রচারণা চালানো। 	
৮.	নারীর নেতৃত্ব প্রতিষ্ঠায়	<ul style="list-style-type: none"> নারীকে সংশ্লিষ্ট ক্ষেত্রে সভা প্রধান/প্রধান অতিথি করা এবং ভূমিকা পালনে সহায়তা করা। 	<ul style="list-style-type: none"> উপযুক্ত বলে মনে হয় সেখানে চেয়ারপারসন বা প্রধান অতিথির ভূমিকা পালন করা।
৯.	পৌরসভায় বিভিন্ন কর্মী নিয়োগে	<ul style="list-style-type: none"> কর্মী নিয়োগের ক্ষেত্রে জেডার-সমতা বাস্তবায়নে কাজ করা। 	
১০.	নারীর শিক্ষা-বিস্তার ও স্বাস্থ্য সুরক্ষা।	<ul style="list-style-type: none"> নিজ ওয়ার্ডে বিদ্যালয় থেকে কন্যা-শিশুর বারে পড়া রোধ ও শিশুদের স্কুলে পাঠাতে প্রচারাভিযান চালানো, ওয়ার্ডে বিনামূল্যে স্বাস্থ্য-ক্যাম্প পরিচালনা করা। স্কুল পরিচালনা কমিটিতে নারীদের অন্তর্ভুক্ত করতে সহায়তা করা। স্বাস্থ্যসেবায় নারীর সহজ অভিগম্যতা/প্রবেশাধিকার নিশ্চিত করার উদ্যোগ নেওয়া এবং পৌর পরিষদে এ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় প্রস্তাব উত্থাপন করা। 	
১১.	উন্নয়ন প্রকল্প চিহ্নিতকরণে ও প্রকল্প প্রস্তাবনা প্রণয়নে।	<ul style="list-style-type: none"> নারীর ক্ষমতায়নের জন্য এবং নারীর জন্য আবশ্যিক প্রকল্প চিহ্নিতকরণে সহায়তা করা। 	<ul style="list-style-type: none"> নারীর ক্ষমতায়ন এবং নারীর জন্য আবশ্যিক প্রকল্প চিহ্নিতকরণে সরাসরি উদ্যোগ গ্রহণ করা।

Orientation Course on the Basics of Paurashava Administration

Under Strengthening Paurashava Governance Project (SPGP)

Course Guide

Course coordinator:

A Jihad Sarker

Duration: 13-16 March, 2016

Venue: National Institute of Local Government, 29 Agargaon, Sher-e-Bangla Nagar, Dhaka.

1. Introduction

“Orientation course on the basics of Paurashava administration” is a pilot training program which is provided to the participants from pilot Paurashavas of Strengthening Paurashava Governance Project (SPGP) of the Local Government Division (LGD), the Ministry of Local Government, Rural Development and Cooperatives. The training aims at enhancing the capacity of pilot Paurashavas, as well as having feedback from participants to establish standardized training programs of the Government of Bangladesh for Paurashavas.

The training program was developed reviewing many existing training programs and materials in order to build on the past efforts of the government and development partners to support Paurashavas’ capacity development. Those training materials include various training materials of National Institute of Local Government (NILG) and training guidelines/handbooks prepared under different projects for Local Government Institutions (LGIs) including, but not limited to Local Government Institutions Capacity Building Project for Water Supply and Sanitation Sector (WSSPS-2), Urban Governance and Infrastructure Improvement Project 2 (UGIIP-2), Upazila Governance Project (UZGP), and Local Governance Support Project 2 (LGSP-2).

The information collected by the SPGP project team through field visits to Paurashavas is also reflected in this training program. In addition, the completion process of the training materials includes careful review by NILG faculty members and local experts as well as the LGD officials.

2. Course objectives

The objective of the training is to equip elected representatives of Paurashavas with basic knowledge required to administer a Paurashava. At the end of the course, the participants will be able to understand: 1) the local government system, the role of Paurashava and the essence of the Local Government (Paurashava) Act 2009; 2) the workings of Paurashava administration and their responsibilities; and 3) important concepts to run a local government body and deliver services to the citizens.

There are 15 sessions in the four-day course. The title and main objectives of each session are described in the table below:

Session No. and title	Main objectives
1. Inaugural session	<ul style="list-style-type: none">• To understand the context and objectives of the course
2. Paurashava in the local government system of Bangladesh	<ul style="list-style-type: none">• To grasp the local government system of Bangladesh and history of Paurashava’s development• To learn Paurashava’s relations with other institutions
3. Local Government (Paurashava) Act 2009 and functions of Paurashava	<ul style="list-style-type: none">• To be provided with the overview of the Local Government (Paurashava) Act• To understand the functions of Paurashava determined by law
4. Administrative structure of Paurashava and responsibilities of elected representatives and officers	<ul style="list-style-type: none">• To learn the organizational structure of Paurashava and responsibilities of major actors
5. Role of the Council in decision-making	<ul style="list-style-type: none">• To learn the decision-making process of Paurashava and role of the Council• To learn how to conduct the council meetings
6. Role of standing committees	<ul style="list-style-type: none">• To learn the formation and functions of standing committees

7. Citizen participation	<ul style="list-style-type: none"> • To understand the importance of citizen participation • To learn the prescribed system of citizen participation
8. Financial management, taxation and budget formulation	<ul style="list-style-type: none"> • To understand the purpose of financial management and financial mechanism of Paurashava • To learn about the taxation system • To learn about the annual budget formulation process
9. Accounting and audit	<ul style="list-style-type: none"> • To understand the basic rules and procedures regarding accounts keeping and financial reporting • To understand the audit process and responsibilities of Paurashava in audit
10. Procurement	<ul style="list-style-type: none"> • To be informed about government procurement management and Public Procurement Act 2006 and Public Procurement Rules 2008 • To understand various concepts regarding procurement • To grasp the overall process and basic procedures of procurement
11. Property registration and asset management	<ul style="list-style-type: none"> • To be informed about different properties of Paurashava • To learn about the basic process of property management
12. Office and information management	<ul style="list-style-type: none"> • To be sensitized about the importance of rational manpower structure • To be informed about basic requirement for office management • To learn about minutes preparation and file management • To be informed about the right of the citizens and the power of the government to access Paurashava's information • To understand the purposes of Citizen Charter and Paurashava Information and Service Centre
13. Concept of good governance and leadership	<ul style="list-style-type: none"> • To understand principles underlying good governance • To understand qualities expected of elected representatives to run a Paurashava
14. Gender mainstreaming in Paurashava's activities	<ul style="list-style-type: none"> • To understand the concept of gender and international and national context about gender mainstreaming • To learn about gender mainstreaming in Paurashava's activities and role of elected representatives
15. Closing session	<ul style="list-style-type: none"> • To review and evaluate the course for improvement

3. Participants of the training course

The training is participated by new Councilors of three of the seven pilot Paurashavas of SPGP.

4. Training schedule and trainers

The schedule and trainers of the training are provided in the table below. There are one or two trainers responsible for each session. They are NILG faculty members and a local consultant who has extensive experience in supporting the capacity development of Paurashavas under various projects.

DAY 1

Date	Time	Sessi on No.	Subject	Trainer	Assistant Trainer
March 13 th Sunday	9:00 - 10:20	1	Course registration and inaugural session	<ul style="list-style-type: none"> • Mr. Mustafa Kamal Hider, Director General, NILG • Mr. Hiroki Watababe, Program Advisor (Governance), JICA Bangladesh Office • Dr. Md. Golam Yahia, Director (Training & consultancy), NILG (Course Director) • Ms. Rie Fusamae, SPGP team 	
	10:20 - 10:40	-	Tea break		
	10:40 - 12:00	2	Paurashava in the local government system of Bangladesh	Mr. Mustafa Kamal Hider, Director General	Mr. A Jehad Sarkar, Research Officer
	12:00 - 13:00	3	Local Government (Paurashava) Act 2009 and functions of Paurashava	Dr. Md. Golam Yahia, Director (Training & Consultancy)	Mr. A Jehad Sarkar, Research Officer
	13:00 - 14:00	-	Prayer and lunch break		
	14:00 - 15:00	3	Local Government (Paurashava) Act 2009 and functions of Paurashava (<i>Continued</i>)	Dr. Md. Golam Yohia	Mr. A Jehad Sarkar
	15:00 - 17:00	4	Administrative structure of Paurashava and responsibilities of elected representatives and officers	Mr. Md. Ilias, Director (Research & Planning)	Mr. Md. Moinul Hossain, Assistant Director
	17:00 - 17:30		Tea break & review of the day		

DAY 2

Date	Time	Ses sion No.	Subject	Trainer	Assistant Trainer
March 14 th Monday	9:00 - 11:00	5	Role of the Council in decision-making	Mr. Md. Arif, Joint Director	Mr. Md. Omor Faruk Parvez, Statistics Officer
	11:00 - 11:30		Tea break		
	11:30 - 12:30	6	Role of standing committees	Mr. Shekh Mofizul Islam, Director (Program & Monitoring)	Ms, Monika Mitra, Research Officer
	12:30 - 13:15	7	Citizen participation	Mr. Md. Abdul Khalek, Deputy Director	Ms. Kamrun Nahar, Assistant Director
	13:15 - 14:15		Prayer and lunch break		

	14:15 - 15:00	7	Citizen participation (Continued)	Mr. Md. Abdul Khalek	Ms. Kamrun Nahar
	15:00 - 17:00	8	Financial management, taxation and budget formulation	Mr. Md. Abdul Quddus, Consultant, SPGP	Mr. Md. Moinul Hossain, Assistant Director, NILG
	17:00 - 17:30		Tea break & review of the day		

DAY 3

Date	Time	Session No.	Subject	Trainer	Assistant Trainer
March 15 th Tuesday	9:00 – 10:30	9	Accounting and audit	Mr. Md. Abdul Quddus, Consultant, SPGP	Mr. Md. Nurul Islam, Research officer
	10:30 - 11:00		Tea break		
	11:00 - 13:00	10	Procurement	Mr. Md. Arif, Joint Director	Mr. Md. Omor Faruk Parvez, Statistics Officer
	13:00 - 14:00	-	Prayer and lunch break		
	14:00 - 15:30	11	Property registration and management	Mr. Md. Vuian Aatur Rahman, Director (Administration & Coordination)	Mr. Md. Imranur Rahman, Assistant Research Officer
	15:30 - 17:00	12	Office and information management	Mr. Md. Ilias, Director (Research & Planning)	Mr. Md. Najim Uddin, Documentation Officer
	17:00 - 17:30	-	Tea break & review of the day		

DAY 4

Date	Time	Session No.	Subject	Trainer	Assistant Trainer
March 16 th Wednesday	9:00 – 11:30	13	Concept of good governance and leadership	Dr. Md. Golam Yahia, Director (Training and Consultancy)	A Jihad Sarkar, Research Officer
	11:30 – 11:50		Tea break		
	11:50 - 13:20	14	Gender mainstreaming in Paurashava's activities	Mr. Mustafa Kamal Hider, Director General	Ms. Kamrun Nahar, Assistant Director
	13:20 - 14:00	15	Closing session		
	14:00 - 15:00	-	Prayer and lunch		

Orientation Course on the Basics of Paurashava Administration

Under Strengthening Paurashava Governance Project (SPGP)

Course Guide

Course coordinator:

A Jihad Sarker

Duration: 25-28 April, 2016

Venue: National Institute of Local Government, 29 Agargaon, Sher-e-Bangla Nagar, Dhaka.

1. Introduction

“Orientation course on the basics of Paurashava administration” is a pilot training program which is provided to the participants from pilot Paurashavas of Strengthening Paurashava Governance Project (SPGP) of the Local Government Division (LGD), the Ministry of Local Government, Rural Development and Cooperatives. The training aims at enhancing the capacity of pilot Paurashavas, as well as having feedback from participants to establish standardized training programs of the Government of Bangladesh for Paurashavas.

The training program was developed reviewing many existing training programs and materials in order to build on the past efforts of the government and development partners to support Paurashavas’ capacity development. Those training materials include various training materials of National Institute of Local Government (NILG) and training guidelines/handbooks prepared under different projects for Local Government Institutions (LGIs) including, but not limited to Local Government Institutions Capacity Building Project for Water Supply and Sanitation Sector (WSSPS-2), Urban Governance and Infrastructure Improvement Project 2 (UGIIP-2), Upazila Governance Project (UZGP), and Local Governance Support Project 2 (LGSP-2).

The information collected by the SPGP project team through field visits to Paurashavas is also reflected in this training program. In addition, the completion process of the training materials includes careful review by NILG faculty members and local experts as well as the LGD officials.

2. Course objectives

The objective of the training is to equip elected representatives of Paurashavas with basic knowledge required to administer a Paurashava. At the end of the course, the participants will be able to understand: 1) the local government system, the role of Paurashava and the essence of the Local Government (Paurashava) Act 2009; 2) the workings of Paurashava administration and their responsibilities; and 3) important concepts to run a local government body and deliver services to the citizens.

There are 15 sessions in the four-day course. The title and main objectives of each session are described in the table below:

Session No. and title	Main objectives
1. Inaugural session	<ul style="list-style-type: none">• To understand the context and objectives of the course
2. Paurashava in the local government system of Bangladesh	<ul style="list-style-type: none">• To grasp the local government system of Bangladesh and history of Paurashava’s development• To learn Paurashava’s relations with other institutions
3. Local Government (Paurashava) Act 2009 and functions of Paurashava	<ul style="list-style-type: none">• To be provided with the overview of the Local Government (Paurashava) Act• To understand the functions of Paurashava determined by law
4. Administrative structure of Paurashava and responsibilities of elected representatives and officers	<ul style="list-style-type: none">• To learn the organizational structure of Paurashava and responsibilities of major actors
5. Role of the Council in decision-making	<ul style="list-style-type: none">• To learn the decision-making process of Paurashava and role of the Council• To learn how to conduct the council meetings
6. Role of standing committees	<ul style="list-style-type: none">• To learn the formation and functions of standing committees

7. Citizen participation	<ul style="list-style-type: none"> • To understand the importance of citizen participation • To learn the prescribed system of citizen participation
8. Concept of good governance and leadership	<ul style="list-style-type: none"> • To understand principles underlying good governance • To understand qualities expected of elected representatives to run a Paurashava
9. Financial management, taxation and budget formulation	<ul style="list-style-type: none"> • To understand the purpose of financial management and financial mechanism of Paurashava • To learn about the taxation system • To learn about the annual budget formulation process
10. Accounting and audit	<ul style="list-style-type: none"> • To understand the basic rules and procedures regarding accounts keeping and financial reporting • To understand the audit process and responsibilities of Paurashava in audit
11. Procurement	<ul style="list-style-type: none"> • To be informed about government procurement management and Public Procurement Act 2006 and Public Procurement Rules 2008 • To understand various concepts regarding procurement • To grasp the overall process and basic procedures of procurement
12. Property registration and asset management	<ul style="list-style-type: none"> • To be informed about different properties of Paurashava • To learn about the basic process of property management
13. Office and information management	<ul style="list-style-type: none"> • To be sensitized about the importance of rational manpower structure • To be informed about basic requirement for office management • To learn about minutes preparation and file management • To be informed about the right of the citizens and the power of the government to access Paurashava's information • To understand the purposes of Citizen Charter and Paurashava Information and Service Centre
14. Gender mainstreaming in Paurashava's activities	<ul style="list-style-type: none"> • To understand the concept of gender and international and national context about gender mainstreaming • To learn about gender mainstreaming in Paurashava's activities and role of elected representatives
15. Closing session	<ul style="list-style-type: none"> • To review and evaluate the course for improvement

3. Participants of the training course

The training is participated by new Councilors of two of the seven pilot Paurashavas of SPGP.

4. Training schedule and trainers

The schedule and trainers of the training are provided in the table below. There are one or two trainers responsible for each session. They are NILG faculty members and a local consultant who has extensive experience in supporting the capacity development of Paurashavas under various projects.

DAY 1

Date	Time	Ses sion No.	Subject	Trainer	Assistant Trainer
April 25 th Monday	9:00 - 10:20	1	Course registration and inaugural session	<ul style="list-style-type: none"> • Mr. Mustafa Kamal Hider, Director General, NILG • Dr. Md. Golam Yahia, Director (Training & consultancy), NILG (Course Director) • Mr. Ryujiro Sasao, Chief Advisor, SPGP 	
	10:20 - 10:40	-	Tea break		
	10:40 - 12:00	2	Paurashava in the local government system of Bangladesh	Mr. Mustafa Kamal Hider, Director General	
	12:00 - 13:00	3	Local Government (Paurashava) Act 2009 and functions of Paurashava	Mr. Md. Abdul Khalek, Deputy Director	Mr. A Jehad Sarkar, Research Officer
	13:00 - 14:00	-	Prayer and lunch break		
	14:00 - 15:00	3	Local Government (Paurashava) Act 2009 and functions of Paurashava (<i>Continued</i>)	Mr. Md. Abdul Khalek,	Mr. A Jehad Sarkar
	15:00 - 17:00	4	Administrative structure of Paurashava and responsibilities of elected representatives and officers	Mr. Md. Illias, Director (Research & Planning)	Mr. Md. Moinul Hossain, Assistant Director
	17:00 - 17:20		Tea break & review of the day		

DAY 2

Date	Time	Ses sion No.	Subject	Trainer	Assistant Trainer
April 26 th Tuesday	9:00 - 11:00	5	Role of the Council in decision-making	Mr. Md. Arif, Joint Director	Mr. Md. Omor Faruk Parvez, Statistics Officer
	11:00 - 11:30		Tea break		
	11:30 - 12:45	6	Role of standing committees	Mr. Shekh Mofizul Islam, Director (Program & Monitoring)	Ms, Monika Mitra, Research Officer
	12:45 - 13:30	7	Citizen participation	Ms. Kamrun Nahar, Assistant Director	Mr. A Jehad Sarkar, Research Officer
	13:30 - 14:30		Prayer and lunch break		
	14:30 - 15:15	7	Citizen participation (<i>Continued</i>)	Ms. Kamrun Nahar	Mr. Jehad A Sarkar

	15:15 - 17:15	8	Concept of good governance and leadership	Dr. Md. Golam Yahia, Director (Training)	Mr. A Jehad Sarkar, Research Officer
	17:15 - 17:35		Tea break & review of the day		

DAY 3

Date	Time	Ses sion No.	Subject	Trainer	Assistant Trainer
April 27 th Wednes- day	9:00 – 11:00	9	Financial management, taxation and budget formulation	Mr. Md. Abdul Quddus, Consultant, SPGP	Mr. Md. Moinul Hossain, Assistant Director
	11:00 – 11:30		Tea break		
	11:30 – 13:00	10	Accounting and audit	Mr. Md. Abdul Quddus, Consultant, SPGP	Mr. Md. Nurul Islam, Research officer
	13:00 - 14:00		Prayer and lunch break		
	14:00 - 16:00	11	Procurement	Mr. Md. Arif, Joint Director	Ms. Kamrun Nahar, Assistant Director
	16:00 - 17:30	12	Property registration and management	Mr. Md. Vuian Aatur Rahman. Director (Administration & Coordination)	Mr. Md. Imranur Rahman, Assistant Research Officer
	17:30 - 17:50	-	Tea break & review of the day		

DAY 4

Date	Time	Ses sion No.	Subject	Trainer	Assistant Trainer
April 28 th Thurs- day	9:00 - 10:30	13	Office and information management	Mr. Md. Illias, Director (Research & Planning)	Mr. Md. Nadim Uddin, Documentation Officer
	10:30 - 11:00		Tea break		
	11:00 - 12:30	14	Gender mainstreaming in Paurashava's activities	Mr. Mustafa Kamal Hider, Director General	Ms. Kamrun Nahar, Assistant Director
	12:30 - 13:20	15	Closing session		
	13:20 - 14:20	-	Prayer and lunch break		

পৌরসভা পরিচালন সম্পর্কিত মৌলিক বিষয়ের উপর অবহিতকরণ সহায়িকা

স্ট্রেন্ডেনিং পৌরসভা গভর্নেন্স প্রজেক্ট (এসপিজিপি) এর অধীনে

কোর্স নির্দেশিকা

কোর্স সমন্বয়কারী :

এ জেহাদ সরকার

গবেষণা কর্মকর্তা

মোবাইল: ০১৯১৫৭১১৭১৩

ই-মেইল: jehad_eco@yahoo.com

সময় : ১৩ - ১৬ মার্চ ২০১৬

স্থান : জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ২৯ আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

১. ভূমিকা

“পৌরসভা প্রশাসনের মৌলিক বিষয়সমূহের উপর অবহিতকরণ কোর্স” একটি পাইলট প্রশিক্ষণ কার্যক্রম যা স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ (এলজিডি) এর স্ট্রেন্ডেনিং পৌরসভা গভর্নেন্স প্রজেক্ট (এসপিজিপি) প্রকল্পের পাইলট পৌরসভাগুলো থেকে অংশগ্রহনকারীগনকে দেয়া হচ্ছে। এই প্রশিক্ষণের উদ্দেশ্য হল পাইলট পৌরসভাগুলোর সক্ষমতা বৃদ্ধি এবং একই সাথে অংশগ্রহনকারীদের মতামত গ্রহন করা যার ভিত্তিতে বাংলাদেশ সরকার পৌরসভার জন্য একটি উন্নততর প্রশিক্ষণ কার্যক্রম প্রনয়ন করতে পারেন।

এই প্রশিক্ষণ কার্যক্রম তৈরী করা হয়েছে চলমান অনেকগুলো প্রশিক্ষণ কার্যক্রম এবং বিভিন্ন প্রশিক্ষণ উপকরণ পর্যালোচনা করে এবং সরকার ও উন্নয়ন সহযোগীদের বিগত দিনের প্রচেষ্টার উপর ভিত্তি করে পৌরসভার সক্ষমতা উন্নয়নে সহায়তার জন্য। এই প্রশিক্ষণ উপকরণ গুলোর মধ্যে রয়েছে জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) এর বিভিন্ন প্রশিক্ষণ উপকরণ এবং সেই সঙ্গে স্থানীয় সরকার প্রতিষ্ঠান (এলজিআই) এর বিভিন্ন প্রকল্পের প্রশিক্ষণ নির্দেশিকা/হ্যান্ডবুক, যা শুধু স্থানীয় সরকার প্রতিষ্ঠানের ওয়াটার সাপ্লাই এন্ড স্যানিটেশন সেক্টর, (ডব্লিউএসএসপিএস-২), নগর শাসন এবং অবকাঠামো উন্নয়ন প্রকল্প ২ (ইউজিআইআইপি-২), উপজেলার শাসন প্রকল্প (ইউজেডজিপি) এবং স্থানীয় সরকার সহায়ক প্রকল্প ২ (এলজিএসপি-২) এর মধ্যেই সীমাবদ্ধ নয়।

এসপিজিপি প্রকল্প টিমের বিভিন্ন পৌরসভার মাঠ পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদিও এই কোর্স কার্যক্রমে প্রতিফলিত হয়েছে। এছাড়াও প্রশিক্ষণ উপকরণ সম্পন্ন প্রক্রিয়ার মধ্যে রয়েছে এনআইএলজি অনুষদের (ফ্যাকাল্টি) সদস্যবৃন্দ এবং স্থানীয় অভিজ্ঞজন সহ এলজিডি কর্মকর্তাগনের সতর্ক পর্যালোচনা।

২. কোর্সের উদ্দেশ্য

এই প্রশিক্ষণ কোর্সের উদ্দেশ্যের মধ্যে রয়েছে পৌরসভার নির্বাচিত জনপ্রতিনিধিদের পৌরসভা পরিচালনায় মৌলিক জ্ঞান প্রদান। এই কোর্স শেষে, অংশগ্রহনকারীগন নিম্নলিখিত বিষয় সম্পর্কে বুঝতে সমর্থ হবেনঃ ১) স্থানীয় সরকার ব্যবস্থা, পৌরসভার ভূমিকা এবং স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯ এর সারাংশ; ২) পৌরসভা প্রশাসনের কর্মকাণ্ড এবং তাদের দায়িত্বসমূহ; এবং ৩) স্থানীয় সরকার পরিচালনার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ধারণাসমূহ এবং জনগনকে সেবা প্রদান।

চার দিনের কোর্সে মোট সেশন সংখ্যা ১৫টি। নিচের টেবিলে প্রত্যেক সেশনের শিরোনাম এবং প্রধান উদ্দেশ্যসমূহ বর্ণনা করা হয়েছে।

সেশন নং এবং শিরোনাম	প্রধান উদ্দেশ্যসমূহ
১. উদ্বোধনী সেশন	■ কোর্সের বিষয় ও উদ্দেশ্যসমূহ বুঝতে পারা
২. বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থায় পৌরসভা	■ বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থা এবং পৌরসভার উন্নয়নের ইতিহাস উপলব্ধি করা ■ পৌরসভার সঙ্গে অন্যান্য প্রতিষ্ঠানসমূহের সম্পর্ক বুঝতে শেখা
৩. স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এবং পৌরসভার কার্যাবলী	■ স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর সারাংশ বুঝতে পারা ■ পৌরসভার আইন দ্বারা নির্ধারিত কার্যাবলী বুঝতে পারা
৪. পৌরসভার প্রশাসনিক কাঠামো এবং নির্বাচিত প্রতিনিধি এবং কর্মকর্তাগনের দায়িত্ব	■ পৌরসভার সাংগঠনিক কাঠামো এবং প্রধান কর্তা ব্যক্তিদের দায়িত্ব সম্পর্কে জানা
৫. সিদ্ধান্ত গ্রহনে পরিষদের ভূমিকা	■ পৌরসভার সিদ্ধান্ত গ্রহন প্রক্রিয়া এবং পরিষদের ভূমিকা সম্পর্কে জানা ■ পরিষদের সভা কিভাবে আয়োজন করতে হবে সে সম্পর্কে জানা
৬. স্থায়ী কমিটিসমূহের ভূমিকা	■ স্থায়ী কমিটিসমূহের গঠন ও কার্যাবলী সম্পর্কে জানা
৭. জনগনের অংশগ্রহন	■ জনগনের অংশগ্রহনের গুরুত্ব সম্পর্কে বুঝা ■ জনগনের অংশগ্রহনের নির্ধারিত নিয়ম সম্পর্কে জানা

সেশন নং এবং শিরোনাম	প্রধান উদ্দেশ্যসমূহ
৮. আর্থিক ব্যবস্থাপনা, করারোপন এবং বাজেট তৈরী	<ul style="list-style-type: none"> আর্থিক ব্যবস্থাপনার উদ্দেশ্য এবং পৌরসভার আর্থিক প্রক্রিয়া সম্পর্কে বুঝতে পারা করারোপন পদ্ধতি সম্পর্কে জানা বার্ষিক বাজেট প্রণয়ন পদ্ধতি সম্পর্কে জানা
৯. হিসাব ও নিরীক্ষা	<ul style="list-style-type: none"> হিসাব রক্ষণ ও আর্থিক প্রতিবেদন সম্পর্কিত সাধারণ নিয়ম এবং পদ্ধতি বুঝতে পারা নিরীক্ষা কাজে নিরীক্ষা প্রক্রিয়া এবং পৌরসভার দায়িত্ব সম্পর্কে বুঝতে পারা
১০. প্রকিউরমেন্ট	<ul style="list-style-type: none"> সরকারের ক্রয় ব্যবস্থাপনা এবং পাবলিক ক্রয় আইন ২০০৬ এবং পাবলিক প্রোকিউরমেন্ট রুলস ২০০৮ সম্পর্কে অবগত হওয়া ক্রয় সম্পর্কিত বিভিন্ন বিষয়াদি সম্পর্কে ধারণা লাভ করা সার্বিক ক্রয় প্রক্রিয়া এবং মৌলিক ক্রয় ব্যবস্থা সম্পর্কে অবগত হওয়া
১১. সম্পদ নিবন্ধন এবং ব্যবস্থাপনা	<ul style="list-style-type: none"> পৌরসভার বিবিধ সম্পদ সম্পর্কে অবগত হওয়া সম্পদ ব্যবস্থাপনার মৌলিক বিষয় সম্পর্কে অবগত হওয়া
১২. অফিস এবং তথ্য ব্যবস্থাপনা	<ul style="list-style-type: none"> যুক্তিসংগত জনবল কাঠামোর গুরুত্ব সম্পর্কে সংবেদনশীল হওয়া অফিস ব্যবস্থাপনার মৌলিক বিষয়াদি সম্পর্কে অবগত হওয়া কার্য বিবরণী প্রস্তুতকরণ এবং ফাইল ব্যবস্থাপনা সম্পর্কে জানা পৌরসভার তথ্যাদি জানার বিষয়ে জনগণের অধিকার এবং সরকারের ক্ষমতা সম্পর্কে অবগত হওয়া নাগরিক সনদ এবং পৌরসভা তথ্য ও সেবা কেন্দ্র সম্পর্কে বুঝা
১৩. সুশাসন এবং নেতৃত্ব সম্পর্কে ধারণা	<ul style="list-style-type: none"> সুশাসনের অন্তর্নিহিত নীতি সম্পর্কে বোঝা পৌরসভা পরিচালনায় নির্বাচিত জনপ্রতিনিধিদের প্রত্যাশিত গুণাবলী সম্পর্কে বোঝা
১৪. পৌরসভার কার্যক্রমের মূলধারায় জেডার সম্পৃক্তকরণ	<ul style="list-style-type: none"> লিঙ্গ সম্পর্কিত ধারণা এবং জাতীয় ও আন্তর্জাতিক শ্রেণিতে লিঙ্গের মূলশ্রোত সম্পর্কে বোঝা পৌরসভার কার্যক্রমে লিঙ্গের মূলশ্রোত এবং নির্বাচিত প্রতিনিধিদের ভূমিকা সম্পর্কে জানা
১৫. সমাপনী সেশন	<ul style="list-style-type: none"> কোর্সের উন্নতির ব্যাপারে পর্যালোচনা এবং মূল্যায়ন করা

৩. প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহনকারীগন

প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহনকারীগন হলেন স্ট্রেন্দেরিং পৌরসভা গভর্নেন্স প্রোজেক্ট (এসপিজিপি) এর সাতটি পাইলট পৌরসভার মধ্যে তিনটি পৌরসভার মেয়র এবং কাউন্সিলরগন।

৪. প্রশিক্ষণ সময়সূচী এবং প্রশিক্ষকগ

নিচের টেবিলে প্রশিক্ষণ সময়সূচী এবং প্রশিক্ষকগনের তালিকা দেয়া হল। প্রতি সেশনে দুইজন প্রশিক্ষক দায়িত্বে থাকবেন। তাঁরা হলেন, এনআইএলজি ফ্যাকাল্টির সদস্য বৃন্দ এবং একজন স্থানীয় পরামর্শক যাদের পৌরসভার স্বক্ষমতা উন্নয়নের বিষয়ে বিভিন্ন প্রকল্পের ব্যাপক অভিজ্ঞতা রয়েছে।

দিন - ০১

তারিখ	সময়	সেশন/ অধিবেশন	বিষয়	প্রশিক্ষক	সহকারী প্রশিক্ষক
১৩ ই মার্চ রবিবার	৯:০০- ১০:২০	১	কোর্স নিবন্ধন এবং উদ্বোধনী সেশন	<ul style="list-style-type: none"> জনাব মোস্তফা কামাল হায়দার, মহা পরিচালক, এনআইএলজি ড. মোঃ গোলাম ইয়াহিয়া, পরিচালক, প্রশিক্ষণ ও পরামর্শ, এনআইএলজি (কোর্স পরিচালক) 	

তারিখ	সময়	সেশন/ অধিবেশন	বিষয়	প্রশিক্ষক	সহকারী প্রশিক্ষক
১৩ ই মার্চ রবিবার				<ul style="list-style-type: none"> জনাব হিরোকি ওয়াতানাবে, প্রজেক্ট ফর্মুলেশন এডভাইজর, জাইকা, বাংলাদেশ অফিস। জনাব রিয়ে ফুসামায়ে, এসপিজিপি। 	
	১০:২০-১০:৪০	-	চা বিরতি	-	-
	১০:৪০-১২:০০	২	বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থায় পৌরসভা	<ul style="list-style-type: none"> জনাব মোস্তফা কামাল হায়দার, মহাপরিচালক, এনআইএলজি. 	<ul style="list-style-type: none"> এ জেহাদ সরকার, গবেষণা কর্মকর্তা এনআইএলজি
	১২:০০-১৩:০০	৩	স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯ এবং পৌরসভার কার্যাবলি	<ul style="list-style-type: none"> ড. মোঃ গোলাম ইয়াহিয়া, পরিচালক (প্রশিক্ষণ ও পরামর্শ), এনআইএলজি 	<ul style="list-style-type: none"> জনাব মোঃ শাহ্ নাজিম উদ্দৌলা, উপ পরিচালক, এনআইএলজি
	১৩:০০- ১৪:০০	-	নামাজ ও মধ্যাহ্ন ভোজের বিরতি		
	১৪:০০- ১৫:০০	৩	স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯ এবং পৌরসভার কার্যাবলি (চলমান)	<ul style="list-style-type: none"> ড. মোঃ গোলাম ইয়াহিয়া, পরিচালক, প্রশিক্ষণ ও পরামর্শ, এনআইএলজি 	<ul style="list-style-type: none"> জনাব মোঃ শাহ্ নাজিম উদ্দৌলা, উপ পরিচালক, এনআইএলজি
	১৫:০০ - ১৭:০০	৪	পৌরসভার প্রশাসনিক কাঠামো এবং নির্বাচিত প্রতিনিধি ও কর্মকর্তাগণের দায়িত্বসমূহ	<ul style="list-style-type: none"> জনাব মোঃ ইলিয়াস, পরিচালক (গবেষণা ও পরিকল্পনা), এনআইএলজি 	<ul style="list-style-type: none"> জনাব মোহাম্মদ মঈনুল হোসেন, সহকারী পরিচালক, এনআইএলজি
১৭:০০- ১৭:৩০	-	চা বিরতি			

দিন - ০২

তারিখ	গময়	সেশন/অধিবেশন	বিষয়	প্রশিক্ষক	সহকারী প্রশিক্ষক
১৪ ই মার্চ সোমবার	৯:০০ - ১১:০০	৫	সিদ্ধান্ত গ্রহণে পরিষদের ভূমিকা	<ul style="list-style-type: none"> জনাব মোঃ আরিফ, যুগ্ম পরিচালক, (গবেষণা ও পরিকল্পনা), এনআইএলজি 	<ul style="list-style-type: none"> জনাব মোঃ ওমর ফারুক পারভেজ, পরিসংখ্যান কর্মকর্তা, এনআইএলজি
	১১:০০ - ১১:৩০	-	চা বিরতি		
	১১:৩০- ১২:৩০	৬	স্থায়ী কমিটি সমূহের ভূমিকা	<ul style="list-style-type: none"> জনাব শেখ মফিজুল ইসলাম, পরিচালক (কর্মসূচী ও মূল্যায়ন), এনআইএলজি 	<ul style="list-style-type: none"> জনাব মনিকা মিত্র, গবেষণা কর্মকর্তা, এনআইএলজি
	১২:৩০ -১৩:১৫	৭	জনগণের অংশগ্রহণ	<ul style="list-style-type: none"> জনাব মোঃ আব্দুল খালেক, উপপরিচালক, এনআইএলজি 	<ul style="list-style-type: none"> জনাব কামরুন্নাহা, সহকারী পরিচালক, এনআইএলজি

তারিখ	গময়	সেশন/অধিবেশন	বিষয়	প্রশিক্ষক	সহকারী প্রশিক্ষক
১৪ ই মার্চ সোমবার	১৩:১৫ - ১৪:১৫	-	নামাজ ও মধ্যাহ্ন ভোজের বিরতি		
	১৪:১৫ - ১৫:০০	৭	জনগণের অংশগ্রহণ (চলমান)	● জনাব মোঃ আব্দুল খালেক, উপপরিচালক, এনআইএলজি	● জনাব কামরুন নাহার, সহকারী পরিচালক, এনআইএলজি
	১৫:০০ - ১৭:০০	৮	আর্থিক ব্যবস্থাপনা, কর আরোপ এবং বাজেট তৈরী	● জনাব এম. এ. কুদ্দুস, কনসালট্যান্ট, এসপিজিপি	● জনাব মোহাম্মদ মঈনুল হোসেন সহকারী পরিচালক, এনআইএলজি
	১৭:০০ - ১৭:৩০	-	চা বিরতি	-	-

দিন - ০৩

তারিখ	সময়	সেশন/অধিবেশন	বিষয়	প্রশিক্ষক	সহকারী প্রশিক্ষক
১৫ই মার্চ মঙ্গলবার	৯:০০ - ১০:৩০	৯	হিসাব ও নিরীক্ষা	● জনাব এম. এ. কুদ্দুস, কনসালট্যান্ট, এসপিজিপি	● জনাব মোঃ নুরুল ইসলাম, গবেষণা কর্মকর্তা, এনআইএলজি
	১০:৩০ - ১১:০০	-	চা বিরতি		
	১১:০০ - ১৩:০০	১০	প্রকিউরমেন্ট	● জনাব মোঃ আরিফ যুগ্ম পরিচালক (গবেষণা ও পরিকল্পনা), এনআইএলজি	● জনাব মোঃ ওমর ফারুক পারভেজ, পরিসংখ্যান কর্মকর্তা, এনআইএলজি
	১৩:০০ - ১৪:০০	-	নামাজ ও মধ্যাহ্ন ভোজের বিরতি		
	১৪:০০ - ১৫:৩০	১১	সম্পদ নিবন্ধন এবং ব্যবস্থাপনা	● জনাব ভুঁইয়া মোঃ আতাউর রহমান, পরিচালক (প্রশাসন ও সমন্বয়), এনআইএলজি	● জনাব মোঃ ইমরানুর রহমান, সহকারী গবেষণা কর্মকর্তা, এনআইএলজি
	১৫:৩০-১৭:০০	১২	অফিস এবং তথ্য ব্যবস্থাপনা	● জনাব মোঃ ইলিয়াস, পরিচালক (গবেষণা ও পরিকল্পনা), এনআইএলজি	● জনাব মোঃ নাজিম উদ্দিন, ডকুমেন্টেশন কর্মকর্তা, এনআইএলজি
	১৭:০০ - ১৭:৩০	-	চা বিরতি		

দিন - ০৪

তারিখ	সময়	সেশন/অধিবেশন	বিষয়	প্রশিক্ষক	সহকারী প্রশিক্ষক
১৫ই মার্চ বুধবার	৯:০০ - ১১:৩০	১৩	সুশাসন এবং নেতৃত্ব সম্পর্কে ধারণা	● ড. মোঃ গোলাম ইয়াহিয়া, পরিচালক (প্রশিক্ষণ ও পরামর্শ), এনআইএলজি	● এ জেহাদ সরকার, গবেষণা কর্মকর্তা এনআইএলজি
	১১:৩০ - ১১:৫০	-	চা বিরতি		
	১১:৫০ - ১৩:২০	১৪	পৌরসভার কার্যক্রমের মূলধারায় জেডার সম্পৃক্তকরণ	● জনাব মোস্তফা কামাল হায়দার, মহাপরিচালক, এনআইএলজি	● জনাব কামরুন নাহার, সহকারী পরিচালক, এনআইএলজি
	১৬:৩০ - ১৭:৩০	১৫	সমাপনী সেশন	-	-

পৌরসভা পরিচালন সম্পর্কিত মৌলিক বিষয়ের উপর অবহিতকরণ সহায়িকা

স্ট্রেন্ডেনিং পৌরসভা গভর্নেন্স প্রজেক্ট (এসপিজিপি) এর অধীনে

কোর্স নির্দেশিকা

কোর্স সমন্বয়কারী : এ জেহাদ সরকার

গবেষণা কর্মকর্তা

মোবাইল: ০১৯১৫৭১১৭১৩

ই-মেইল: jehad_eco@yahoo.com

তারিখ : ২৫ - ২৮ এপ্রিল ২০১৬

স্থান : শ্রেণী কক্ষ নং: ৩০৬, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ২৯ আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

১. ভূমিকা

“পৌরসভা প্রশাসনের মৌলিক বিষয়সমূহের উপর অবহিতকরণ কোর্স” একটি পাইলট প্রশিক্ষণ কার্যক্রম যা স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ (এলজিডি) এর স্ট্রেন্ডেনিং পৌরসভা গভর্নেন্স প্রজেক্ট (এসপিজিপি) প্রকল্পের পাইলট পৌরসভাগুলো থেকে অংশগ্রহণকারীগণকে দেয়া হচ্ছে। এই প্রশিক্ষণের উদ্দেশ্য হল পাইলট পৌরসভাগুলোর সক্ষমতা বৃদ্ধি এবং একই সাথে অংশগ্রহণকারীদের মতামত গ্রহণ করা যার ভিত্তিতে বাংলাদেশ সরকার পৌরসভার জন্য একটি উন্নততর প্রশিক্ষণ কার্যক্রম প্রণয়ন করতে পারেন।

এই প্রশিক্ষণ কার্যক্রম তৈরী করা হয়েছে চলমান অনেকগুলো প্রশিক্ষণ কার্যক্রম এবং বিভিন্ন প্রশিক্ষণ উপকরণ পর্যালোচনা করে এবং সরকার ও উন্নয়ন সহযোগীদের বিগত দিনের প্রচেষ্টার উপর ভিত্তি করে পৌরসভার সক্ষমতা উন্নয়নে সহায়তার জন্য। এই প্রশিক্ষণ উপকরণ গুলোর মধ্যে রয়েছে জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) এর বিভিন্ন প্রশিক্ষণ উপকরণ এবং সেই সঙ্গে স্থানীয় সরকার প্রতিষ্ঠান (এলজিআই) এর বিভিন্ন প্রকল্পের প্রশিক্ষণ নির্দেশিকা/হ্যান্ডবুক, যা শুধু স্থানীয় সরকার প্রতিষ্ঠানের ওয়াটার সাপ্লাই এন্ড স্যানিটেশন সেক্টর, (ডব্লিউএসএসপিএস-২), আর্বাণ গভর্নেন্স ইনফ্রাস্ট্রাকচার ইম্প্রুভমেন্ট প্রজেক্ট-২ (ইউজিআইআইপি-২), উপজেলার গভর্নেন্স প্রজেক্ট (ইউজেডজিপি) এবং লোকাল গভর্নমেন্ট সাপোর্ট প্রজেক্ট-২ (এলজিএসপি-২) এর মধ্যেই সীমাবদ্ধ নয়।

এসপিজিপি প্রকল্প টিমের বিভিন্ন পৌরসভার মাঠ পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদিও এই কোর্স কার্যক্রমে প্রতিফলিত হয়েছে। এছাড়াও প্রশিক্ষণ উপকরণ সম্পন্ন প্রক্রিয়ার মধ্যে রয়েছে এনআইএলজি অনুযায়ী সদস্যবৃন্দ এবং স্থানীয় অভিজ্ঞজনসহ এলজিডি কর্মকর্তাগণের সতর্ক পর্যালোচনা।

২. কোর্সের উদ্দেশ্য

এই প্রশিক্ষণ কোর্সের উদ্দেশ্যের মধ্যে রয়েছে পৌরসভার নির্বাচিত জনপ্রতিনিধিদের পৌরসভা পরিচালনায় মৌলিক জ্ঞান প্রদান। এই কোর্স শেষে, অংশগ্রহণকারীগণ নিম্নলিখিত বিষয় সম্পর্কে বুঝতে পারবেনঃ ১) স্থানীয় সরকার ব্যবস্থা, পৌরসভার ভূমিকা এবং স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯ এর সারসংক্ষেপ; ২) পৌরসভা প্রশাসনের কর্মকাণ্ড এবং তাদের দায়িত্বসমূহ; এবং ৩) স্থানীয় সরকার পরিচালনার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ধারণাসমূহ এবং জনগণকে সেবা প্রদান।

চার দিনের কোর্সে মোট সেশন সংখ্যা ১৫টি। নিচের টেবিলে প্রত্যেক সেশনের শিরোনাম এবং প্রধান উদ্দেশ্যসমূহ বর্ণনা করা হয়েছে।

সেশন নং এবং শিরোনাম	প্রধান উদ্দেশ্যসমূহ
১. উদ্বোধনী সেশন	কোর্সের বিষয় ও উদ্দেশ্যসমূহ বুঝতে পারা
২. বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থায় পৌরসভা	<ul style="list-style-type: none">বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থা এবং পৌরসভার উন্নয়নের ইতিহাস উপলব্ধি করাপৌরসভার সঙ্গে অন্যান্য প্রতিষ্ঠানসমূহের সম্পর্ক সম্পর্কে জানা
৩. স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এবং পৌরসভার কার্যাবলী	<ul style="list-style-type: none">স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর সারসংক্ষেপ বুঝতে পারাপৌরসভার আইন দ্বারা নির্ধারিত কার্যাবলী বুঝতে পারা
৪. পৌরসভার প্রশাসনিক কাঠামো এবং নির্বাচিত প্রতিনিধি এবং কর্মকর্তাগণের দায়িত্ব	<ul style="list-style-type: none">পৌরসভার সাংগঠনিক কাঠামো এবং প্রধান কর্তা ব্যক্তিদের দায়িত্ব সম্পর্কে জানা
৫. সিদ্ধান্ত গ্রহণে পরিষদের ভূমিকা	<ul style="list-style-type: none">পৌরসভার সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া এবং পরিষদের ভূমিকা সম্পর্কে জানাপরিষদের সভা কিভাবে আয়োজন করতে হবে সে সম্পর্কে জানা
৬. স্থায়ী কমিটিসমূহের ভূমিকা	<ul style="list-style-type: none">স্থায়ী কমিটিসমূহের গঠন ও কার্যাবলী সম্পর্কে জানা
৭. জনগণের অংশগ্রহণ	<ul style="list-style-type: none">জনগণের অংশগ্রহণের গুরুত্ব সম্পর্কে বুঝাজনগণের অংশগ্রহণের নির্ধারিত নিয়ম সম্পর্কে জানা
৮. সুশাসন এবং নেতৃত্ব সম্পর্কে ধারণা	<ul style="list-style-type: none">সুশাসনের অন্তর্নিহিত নীতি সম্পর্কে বুঝাপৌরসভা পরিচালনায় নির্বাচিত জনপ্রতিনিধিদের প্রত্যাশিত গুণাবলী সম্পর্কে বুঝা
৯. আর্থিক ব্যবস্থাপনা, করারোপণ এবং বাজেট তৈরী	<ul style="list-style-type: none">আর্থিক ব্যবস্থাপনার উদ্দেশ্য এবং পৌরসভার আর্থিক প্রক্রিয়া সম্পর্কে বুঝতে পারাকর নরুপণ ও আদায় পদ্ধতি সম্পর্কে জানাবার্ষিক বাজেট প্রণয়ন পদ্ধতি সম্পর্কে জানা
১০. হিসাব ও নিরীক্ষা	<ul style="list-style-type: none">হিসাবরক্ষণ ও আর্থিক প্রতিবেদন সম্পর্কিত সাধারণ নিয়ম এবং পদ্ধতি বুঝতে পারা

সেশন নং এবং শিরোনাম	প্রধান উদ্দেশ্যসমূহ
	<ul style="list-style-type: none"> নিরীক্ষা কাজে নিরীক্ষা প্রক্রিয়া এবং পৌরসভার দায়িত্ব সম্পর্কে বুঝতে পারা
১১. ক্রয় (প্রকিউরমেন্ট)	<ul style="list-style-type: none"> সরকারী ক্রয় ব্যবস্থাপনা এবং পাবলিক ক্রয় আইন ২০০৬ এবং সরকারী ক্রয় নীতি মালা ২০০৮ সম্পর্কে অবগত হওয়া ক্রয় সম্পর্কিত বিভিন্ন বিষয়াদি সম্পর্কে ধারণা লাভ করা সার্বিক ক্রয় প্রক্রিয়া এবং মৌলিক ক্রয় ব্যবস্থা সম্পর্কে অবগত হওয়া
১২. সম্পদ নিবন্ধন এবং ব্যবস্থাপনা	<ul style="list-style-type: none"> পৌরসভার বিবিধ সম্পদ সম্পর্কে অবগত হওয়া সম্পদ ব্যবস্থাপনার মৌলিক বিষয় সম্পর্কে অবগত হওয়া
১৩. অফিস এবং তথ্য ব্যবস্থাপনা	<ul style="list-style-type: none"> যুক্তিসংগত জনবল কাঠামোর গুরুত্ব সম্পর্কে সংবেদনশীল হওয়া অফিস ব্যবস্থাপনার মৌলিক বিষয়াদি সম্পর্কে অবগত হওয়া কার্যবিবরণী প্রস্তুতকরন এবং নথি ব্যবস্থাপনা সম্পর্কে জানা পৌরসভার তথ্যাদি জানার বিষয়ে জনগনের অধিকার এবং সরকারের ক্ষমতা সম্পর্কে অবগত হওয়া নাগরিক সনদ এবং পৌরসভা তথ্য ও সেবা কেন্দ্র সম্পর্কে বুঝা
১৪. পৌরসভার কার্যক্রমের মূলধারায় জেডার সম্পৃক্তকরণ	<ul style="list-style-type: none"> জেডারসম্পর্কিত ধারণা এবং জাতীয় ও আন্তর্জাতিক প্রেক্ষিতে জেডারের মূলশ্রোত সম্পর্কে বোঝা পৌরসভার কার্যক্রমে জেডারের মূলশ্রোত এবং নির্বাচিত প্রতিনিধিদের ভূমিকা সম্পর্কে জানা
১৫. সমাপনী সেশন	<ul style="list-style-type: none"> কোর্সের উন্নতির ব্যাপারে পর্যালোচনা এবং মূল্যায়ন করা

৩. প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহনকারীগণ

প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহনকারীগণ হলেন স্ট্রেন্ডেনিং পৌরসভা গভর্নেন্স প্রোজেক্ট (এসপিজিপি) এর সাতটি পাইলট পৌরসভার মধ্যে দু'টি পৌরসভার নব নির্বাচিত কাউন্সিলরগণ।

৪. প্রশিক্ষণ সময়সূচী এবং প্রশিক্ষকগণ

নিচের টেবিলে প্রশিক্ষণ সময়সূচী এবং প্রশিক্ষকগণের তালিকা দেয়া হল। প্রতি সেশনে এক অথবা দুইজন প্রশিক্ষক দায়িত্বে থাকবেন। তাঁরা হলেন, এনআইএলজি অনুসদ সদস্যবৃন্দ এবং একজন স্থানীয় পরামর্শক যার পৌরসভার স্বক্ষমতা উন্নয়নের বিষয়ে বিভিন্ন প্রকল্পের ব্যাপক অভিজ্ঞতা রয়েছে।

দিন - ০১

তারিখ	সময়	সেশন/ অধিবেশন	বিষয়	প্রশিক্ষক	সহকারী প্রশিক্ষক
২৫ শে এপ্রিল সোমবার	৯:০০- ১০:২০	১	কোর্স নিবন্ধন এবং উদ্বোধনী সেশন	<ul style="list-style-type: none"> জনাব মোস্তফা কামাল হায়দার, মহাপরিচালক, এনআইএলজি মোঃ গোলাম ইয়াহিয়া, পরিচালক (যুগ্ম সচিব), প্রশিক্ষণ ও পরামর্শ, এনআইএলজি (কোর্স পরিচালক) জনাব রায়ুজিরো সাসাও, চীফ এডভাইজার, এসপিজিপি। 	
	১০:২০-১০:৪০	-	চা বিরতি	-	-
	১০:৪০-১২:০০	২	বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থায় পৌরসভা	জনাব মোস্তফা কামাল হায়দার, মহাপরিচালক, এনআইএলজি.	
	১২:০০-১৩:০০	৩	স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯ এবং পৌরসভার কার্যাবলী	জনাব মোঃ আব্দুল খালেক, উপপরিচালক, এনআইএলজি	এ জেহাদ সরকার, গবেষণা কর্মকর্তা এনআইএলজি

তারিখ	সময়	সেশন/ অধিবেশন	বিষয়	প্রশিক্ষক	সহকারী প্রশিক্ষক
২৫ শে এপ্রিল সোমবার	১৩:০০-১৪:০০	-	নামাজ ও মধ্যাহ্ন ভোজের বিরতি	-	-
	১৪:০০- ১৫:০০	৩	স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯ এবং পৌরসভার কার্যাবলী (চলমান)	জনাব মোঃ আব্দুল খালেক, উপপরিচালক, এনআইএলজি	এ জেহাদ সরকার, গবেষণা কর্মকর্তা এনআইএলজি
	১৫:০০ -১৭:০০	৪	পৌরসভার প্রশাসনিক কাঠামো এবং নির্বাচিত প্রতিনিধি ও কর্মকর্তাগণের দায়িত্বসমূহ	জনাব মোঃ ইলিয়াস, পরিচালক (গবেষণা ও পরিকল্পনা), এনআইএলজি	জনাব মোহাম্মদ মঈনুল হোসেন, সহকারী পরিচালক, এনআইএলজি
	১৭:০০- ১৭:২০	-	চা বিরতি ও পর্যালোচনা	-	-

দিন - ০২

তারিখ	সময়	সেশন/ অধিবেশন	বিষয়	প্রশিক্ষক	সহকারী প্রশিক্ষক
২৬ শে এপ্রিল মঙ্গলবার	৯:০০ - ১১:০০	৫	সিদ্ধান্ত গ্রহণে পরিষদের ভূমিকা	জনাব মোঃ আরিফ, যুগ্ম পরিচালক, (গবেষণা ও পরিকল্পনা), এনআইএলজি	জনাব মোঃ ওমর ফারুক পারভেজ, পরিসংখ্যান কর্মকর্তা, এনআইএলজি
	১১:০০ - ১১:৩০	-	চা বিরতি	-	-
	১১:৩০- ১২:৪৫	৬	স্থায়ী কমিটি সমূহের ভূমিকা	জনাব শেখ মফিজুল ইসলাম, পরিচালক (কর্মসূচী ও মূল্যায়ন), এনআইএলজি	জনাব মনিকা মিত্র, গবেষণা কর্মকর্তা, এনআইএলজি
	১২:৪৫ -১৩:৩০	৭	জনগণের অংশগ্রহণ	জনাব কামরুন নাহার, সহকারী পরিচালক, এনআইএলজি	এ জেহাদ সরকার, গবেষণা কর্মকর্তা এনআইএলজি
	১৩:৩০ - ১৪:৩০	-	নামাজ ও মধ্যাহ্ন ভোজের বিরতি	-	-
	১৪:৩০ - ১৫:১৫	৭	জনগণের অংশগ্রহণ (চলমান)	জনাব কামরুন নাহার, সহকারী পরিচালক, এনআইএলজি	এ জেহাদ সরকার, গবেষণা কর্মকর্তা এনআইএলজি
	১৫:১৫ - ১৭:১৫	৮	সুশাসন এবং নেতৃত্ব সম্পর্কে ধারণা	ড. মোঃ গোলাম ইয়াহিয়া, পরিচালক (যুগ্ম সচিব), প্রশিক্ষণ ও পরামর্শ, এনআইএলজি	এ জেহাদ সরকার, গবেষণা কর্মকর্তা এনআইএলজি
	১৭:১৫ - ১৭:৩৫	-	চা বিরতি ও পর্যালোচনা	-	-

দিন - ০৩

তারিখ	সময়	সেশন/অধিবেশন	বিষয়	প্রশিক্ষক	সহকারী প্রশিক্ষক
২৭ শে এপ্রিল বুধবার	৯:০০ - ১১:০০	৯	আর্থিক ব্যবস্থাপনা, কর আরোপণ এবং বাজেট তৈরী	জনাব এম. এ. কুদ্দুস, কনসালট্যান্ট, এসপিজিপি	জনাব মোহাম্মদ মঈনুল হোসেন সহকারী পরিচালক, এনআইএলজি
	১১:০০ - ১১:৩০	-	চা বিরতি	-	-
	১১:৩০ - ১:০০	১০	হিসাব ও নিরীক্ষা	জনাব এম. এ. কুদ্দুস, কনসালট্যান্ট, এসপিজিপি	জনাব মোঃ নুরুল ইসলাম, গবেষণা কর্মকর্তা, এনআইএলজি
	১৩:০০ - ১৪:০০	-	নামাজ ও মধ্যাহ্ন ভোজের বিরতি	-	-
	১৪:০০ - ১৬:০০	১১	ক্রয় (প্রকিউরমেন্ট)	জনাব মোঃ আরিফ যুগ্ম পরিচালক (গবেষণা ও পরিকল্পনা), এনআইএলজি	জনাব কামরুন নাহার, সহকারী পরিচালক, এনআইএলজি
	১৬:০০ - ১৭:৩০	১২	সম্পদ নিবন্ধন এবং ব্যবস্থাপনা	জনাব ভূঁইয়া মোঃ আতাউর রহমান, পরিচালক (প্রশাসন ও সমন্বয়), এনআইএলজি	জনাব মোঃ ইমরানুর রহমান, সহকারী গবেষণা কর্মকর্তা, এনআইএলজি
	১৭:৩০ - ১৭:৫০	-	চা বিরতি ও পর্যালোচনা	-	-

দিন - ০৪

তারিখ	সময়	সেশন/অধিবেশন	বিষয়	প্রশিক্ষক	সহকারী প্রশিক্ষক
২৮ শে এপ্রিল বৃহঃবার	৯:০০ - ১০:৩০	১৩	অফিস এবং তথ্য ব্যবস্থাপনা	জনাব মোঃ ইলিয়াস, পরিচালক (গবেষণা ও পরিকল্পনা), এনআইএলজি	জনাব মোঃ নাজিম উদ্দিন, ডকুমেন্টেশন কর্মকর্তা, এনআইএলজি
	১০:৩০ - ১১:০০	-	চা বিরতি	-	-
	১১:০০ - ১২:৩০	১৪	পৌরসভার কার্যক্রমের মূলধারায় জেডার সম্পৃক্তকরণ	জনাব মোস্তফা কামাল হায়দার, মহাপরিচালক, এনআইএলজি	জনাব কামরুন নাহার, সহকারী পরিচালক, এনআইএলজি
	১২:৩০ - ১৩:২০	১৫	সমাপনী সেশন ও পর্যালোচনা	-	-
	১৩:২০ - ১৪:২০	-	নামাজ ও মধ্যাহ্ন ভোজের বিরতি	-	-

বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থায় পৌরসভা

মোস্তফা কামাল হায়দার

মহাপরিচালক

এ জেহাদ সরকার

গবেষণা কর্মকর্তা

এনআইএলজি, ঢাকা।

স্থানীয় সরকার ব্যবস্থা ও বাংলাদেশের সংবিধান অনুযায়ী স্থানীয় সরকার প্রতিষ্ঠানের ভূমিকা

- সংবিধানে স্থানীয় সরকার ব্যবস্থা

অনুচ্ছেদ ৫৯: স্থানীয় শাসন

১. আইনানুযায়ী নির্বাচিত ব্যক্তিদের সমন্বয়ে গঠিত প্রতিষ্ঠানসমূহের উপর প্রজাতন্ত্রের প্রত্যেক প্রশাসনিক এককাংশের স্থানীয় শাসনের ভার প্রদান করা হবে;
২. সংবিধান ও অন্য কোন আইন সাপেক্ষে সংসদ আইনের দ্বারা উল্লিখিত প্রতিষ্ঠানসমূহে দায়িত্ব প্রদান করবে এবং নিম্নোক্ত দায়িত্ব অন্তর্ভুক্ত হতে পারবে।

স্থানীয় সরকার ব্যবস্থা ও বাংলাদেশের সংবিধান

অনুযায়ী স্থানীয় সরকার প্রতিষ্ঠানের ভূমিকা

- সংবিধানে স্থানীয় সরকার ব্যবস্থা

অনুচ্ছেদ ৫৯: স্থানীয় শাসন

২. সংবিধান ও অন্য কোন আইন সাপেক্ষে সংসদ আইনের দ্বারা উল্লিখিত প্রতিষ্ঠানসমূহে দায়িত্ব প্রদান করবে এবং নিম্নোক্ত দায়িত্ব অন্তর্ভুক্ত হতে পারবে:

ক) প্রশাসন ও সরকারী কর্মচারীদের কার্য;

খ) জনশৃঙ্খলা রক্ষা;

গ) জনসাধারণের কার্য ও অর্থনৈতিক উন্নয়ন সম্পর্কিত পরিকল্পনা-প্রণয়ন ও বাস্তবায়ন

স্থানীয় সরকার ব্যবস্থা ও বাংলাদেশের সংবিধান

অনুযায়ী স্থানীয় সরকার প্রতিষ্ঠানের ভূমিকা

- সংবিধানে স্থানীয় সরকার ব্যবস্থা

অনুচ্ছেদ ৬০: স্থানীয় শাসন সংক্রান্ত প্রতিষ্ঠানের ক্ষমতা

অনুচ্ছেদ ৫৯ এর বিধানাবলীকে কার্যকরী করার লক্ষ্যে স্থানীয় শাসন সংক্রান্ত প্রতিষ্ঠানসমূহকে করারোপ করার ক্ষমতাসহ বাজেট তৈরী ও নিজস্ব তহবিল রক্ষণাবেক্ষনের ক্ষমতা প্রদান করবে।

স্থানীয় সরকার ব্যবস্থা ও বাংলাদেশের সংবিধান অনুযায়ী স্থানীয় সরকার প্রতিষ্ঠানের ভূমিকা

- বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থা

ভৌগলিক এলাকা	স্থানীয় সরকার	
	গ্রামীণ	শহর
বিভাগ		সিটি কর্পোরেশন
জেলা	জেলা পরিষদ	সিটি কর্পোরেশন/ পৌরসভা
উপজেলা	উপজেলা পরিষদ	পৌরসভা
ইউনিয়ন	ইউনিয়ন পরিষদ	

পৌরসভার ঐতিহাসিক বিবর্তন

• বৃটিশ আমল

পৌর প্রশাসন বিষয়ক প্রথম আইন, ১৭৯৩	<ol style="list-style-type: none">১. কলিকাতা, মাদ্রাজ ও মুম্বাই শহরে পৌর প্রশাসনের সূচনা হয়।২. জাস্টিস অফ পিস নিয়োগ করা হয়।৩. পৌর প্রশাসনকে বসতবাড়ির উপর করারোপ এবং চৌকিদার ও ঝাড়ু দার নিয়োগের ক্ষমতা দেয়া হয়।
বেঙ্গল এ্যাক্ট, ১৮৪২	<ol style="list-style-type: none">১. পৌর প্রতিষ্ঠান গঠনের উদ্যোগ নেয়া হয়।২. শহরের বাড়ির মালিকদের আবেদনের প্রেক্ষিতে শহর কমিটি গঠনের বিধান করা হয়।
টাইন পুলিশ এ্যাক্ট, ১৮৫৬	<ol style="list-style-type: none">১. জেলা ম্যাজিস্ট্রেটকে পঞ্চায়েত গঠন ও বসতবাড়ির উপর সর্বোচ্চ ৫% হারে করারোপের ক্ষমতা দেয়া হয়।
বেঙ্গল কাউন্সিল ডিস্ট্রিক্ট মিউনিসিপ্যাল ইমপ্রুভমেন্ট এ্যাক্ট, ১৮৬৪	<ol style="list-style-type: none">১. এ আইন শুধুমাত্র বড় শহরগুলোর জন্য প্রযোজ্য ছিল।২. সাতজন মনোনীত শহরবাসীকে নিয়ে একটি শহর কমিটি গঠনের বিধান রাখা হয়।

পৌরসভার ঐতিহাসিক বিবর্তন

• বৃটিশ আমল

ডিস্ট্রিক্ট টাউন এ্যাক্ট, ১৮৬৮	<ol style="list-style-type: none">১. অধিক সংখ্যক শহরকে পৌর প্রতিষ্ঠানের আওতায় আনা হয়।২. পাঁচ সদস্য বিশিষ্ট পৌর কমিটি গঠনের বিধান রাখা হয় যেখানে কমপক্ষে এক তৃতীয়াংশ সরকারি কর্মকর্তা ছিলেন।৩. কমিটি প্রতিবছর একজন চেয়ারম্যান ও একজন ভাইস- চেয়ারম্যান নিয়োগ করতো।
স্থানীয় সরকার আইন, ১৮৭৩	<ol style="list-style-type: none">১. ১৮৬৪ সালের আইনের আওতাভুক্ত শহরগুলোতে সর্বপ্রথম মোট সদস্য সংখ্যার দুই-তৃতীয়াংশ কমিশনারের নির্বাচন ও একজন ভাইস- চেয়ারম্যান নির্বাচনের ব্যবস্থা করা হয়।
এ্যাক্ট ৪, ১৮৭৬	<ol style="list-style-type: none">১. পৌর প্রতিষ্ঠানগুলোকে পুনর্গঠিত করে চার শ্রেণীতে বিভক্ত করা হয়: প্রথম শ্রেণী, দ্বিতীয় শ্রেণী, ইউনিয়ন এবং স্টেশন।২. কমিশনার সরকার কর্তৃক মনোনীত হতেন। জেলা ম্যাজিস্ট্রেট, মহকুমা প্রশাসক ও মেডিকেল অফিসারগণ পদাধিকারবলে কমিশনার হতেন।৩. সরকার কর্তৃক চেয়ারম্যান নিযুক্ত হতেন।৪. কমপক্ষে এক তৃতীয়াংশ করদাতার আবেদনের প্রেক্ষিতে কমিশনার নির্বাচন করা যেত।

পৌরসভার ঐতিহাসিক বিবর্তন

• বৃটিশ আমল

বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট, ১৮৮৪	<ol style="list-style-type: none">১. লর্ড রিপনের আমলে পূর্বের সকল আইন একত্র করে এই আইন অনুমোদন দেয়া হয়।২. প্রথম ও দ্বিতীয় শ্রেণির পৌরসভার মর্যাদা বাদ দেয়া হয়।৩. চেয়ারম্যান, ভাইচ- চেয়ারম্যান ও পৌরসভার মোট সদস্য সংখ্যার দুই-তৃতীয়াংশ কমিশনার নির্বাচনের ব্যবস্থা করা হয়।
বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট, ১৯৩২	<ol style="list-style-type: none">১. ১৮৮৪ সালের আইন ও পরবর্তী সংশোধনীসমূহকে একত্র কণ্ডে এই আইন অনুমোদন করা হয়।২. দ্বিতীয় বিশ্বযুদ্ধ, দাঙ্গা, ভারত বিভাগ ইত্যাদিও কারণে পৌরপ্রশাসন ও এর আর্থিক ব্যবস্থাপনার অবনতি ঘটে।

পৌরসভার ঐতিহাসিক বিবর্তন

• পাকিস্তান আমল

বেসিক ডেমোক্রেসি অর্ডার, ১৯৫৯	<ol style="list-style-type: none">১. গ্রামীণ স্থানীয় সরকার ছাড়াও ইউনিয়ন ও টাউন কমিটি গঠন করা হয়।২. ৫৬টি মিউনিসিপ্যাল বোর্ডের মধ্যে ২৮টি মিউনিসিপ্যাল বোর্ডে টাউন কমিটি গঠন করা হয়।
মিউনিসিপ্যাল এ্যাডমিনিস্ট্রেশন অর্ডিন্যান্স, ১৯৬০	<ol style="list-style-type: none">১. অবশিষ্ট ২৮টি মিউনিসিপ্যাল বোর্ডে মিউনিসিপ্যাল কমিটি গঠন করা হয়।

পৌরসভার ঐতিহাসিক বিবর্তন

• বাংলাদেশ আমল

প্রেসিডেন্ট অর্ডার নং ৭, ১৯৭২	<p>১. সকল স্থানীয় পরিষদ বাতিল করে প্রশাসক নিয়োগ করা হয় এবং স্থানীয় সংস্থাসমূহের নাম পরিবর্তন করা হয়:</p> <table><tr><td>☞ ইউনিয়ন কাউন্সিল</td><td>~</td><td>ইউনিয়ন পঞ্চায়েত</td></tr><tr><td>☞ থানা কাউন্সিল</td><td>~</td><td>থানা উন্নয়ন কমিটি</td></tr><tr><td>☞ জেলা কাউন্সিল</td><td>~</td><td>জেলা বোর্ড</td></tr><tr><td>☞ টাউন কমিটি</td><td>~</td><td>শহর কমিটি</td></tr><tr><td>☞ মিউনিসিপ্যাল কমিটি</td><td>~</td><td>পৌরসভা</td></tr></table>	☞ ইউনিয়ন কাউন্সিল	~	ইউনিয়ন পঞ্চায়েত	☞ থানা কাউন্সিল	~	থানা উন্নয়ন কমিটি	☞ জেলা কাউন্সিল	~	জেলা বোর্ড	☞ টাউন কমিটি	~	শহর কমিটি	☞ মিউনিসিপ্যাল কমিটি	~	পৌরসভা
☞ ইউনিয়ন কাউন্সিল	~	ইউনিয়ন পঞ্চায়েত														
☞ থানা কাউন্সিল	~	থানা উন্নয়ন কমিটি														
☞ জেলা কাউন্সিল	~	জেলা বোর্ড														
☞ টাউন কমিটি	~	শহর কমিটি														
☞ মিউনিসিপ্যাল কমিটি	~	পৌরসভা														
প্রেসিডেন্ট অর্ডার নং ২২, ১৯৭৩	<p>১. শহর কমিটিকে পৌরসভা হিসেবে আখ্যা দেয়া হয়। পৌরসভাসমূহে নাগরিকদের সরাসরি ভোটে চেয়ারম্যান ও ভাইচ- চেয়ারম্যান নির্বাচনের বিধান করা হয়।</p>															
পৌরসভা অধ্যাদেশ, ১৯৭৭	<p>১. ভাইচ-চেয়ারম্যান পদ বিলুপ্ত করা হয়।</p> <p>২. নির্বাচনী এলাকার উপর নির্ভর করে কমিশনারের সংখ্যা নির্ধারণ করা হয়। তবে কমপক্ষে ৯জন কমিশনারের সমন্বয়ে পৌরসভা গঠনের বিধান করা হয়।</p> <p>৩. প্রথমে মহিলা কমিশনার নির্বাচিত কমিশনারের এক-দশমাংশ ছিল। পরবর্তীতে প্রত্যেক পৌরসভায় ৩জন মহিলা কমিশনার নিয়োগের বিধান করা হয়। ১৯৯৭ সালে প্রতি ৩ ওয়ার্ডে ১টি সংরক্ষিত আসন সৃষ্টি ও সরাসরি মহিলা কমিশনার নির্বাচনের বিধান করা হয়।</p>															
স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯	<p>১. পৌরসভার জন্য সর্বশেষ আইন যা দ্বারা দেশের সকল পৌরসভা পরিচালিত হচ্ছে।</p>															

পৌরসভার সাথে জাতীয় সরকারের সম্পর্ক

- প্রাতিষ্ঠানিক

(ক) পৌর এলাকা বিস্তৃতি বা পুনর্বিন্যাস ও বিলুপ্ত ঘোষণা

(খ) নির্বাচন না হওয়া পর্যন্ত সরকার প্রশাসক নিয়োগ করতে পারবে।

(গ) সরকার পৌরসভার প্রথম ও দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা নিয়োগ, পদোন্নতি, বদলি, অব্যাহতি, অপসারণ ও চাকুরিচ্যুত করতে পারবে।

(ঘ) সরকার, সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা মেয়র বা কাউন্সিলরদের অপসারণ করতে পারবে।

পৌরসভার সাথে জাতীয় সরকারের সম্পর্ক

• অর্থনৈতিক

- (ক) স্থানীয় আয়ের উৎস অন্বেষণ, কর নির্ধারণ এবং নিজস্ব তহবিল ব্যবহার সংক্রান্ত নির্দেশনা প্রদান
- (খ) পৌরসভাসমূহ অনুমোদিত বাজেটের অনুলিপি বিভাগীয় কমিশনার অথবা সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবে।
- (গ) কোন পৌরসভা বাজেট অনুমোদন করতে না পারলে সরকার তা প্রস্তুত পূর্বক প্রত্যায়ন করবে।
- (ঘ) প্রণীত বাজেটের অনুলিপি প্রাপ্তির ৩০ কার্য দিবসের মধ্যে সরকার তা সংশোধন করতে পারবে যা মূলত: অনুমোদিত বাজেট বলে গণ্য হবে।
- (ঙ) পৌরসভা তহবিলের জমাকৃত অর্থ সরকার নির্ধারিত পদ্ধতিতে জমা রাখতে হবে।
- (চ) সরকার প্রতিটি পৌরসভার বরাদ্দকৃত মঞ্জুরীর পরিমাণ নির্ধারণ করবে।
- (ছ) সরকার হিসাব সংরক্ষণের জন্য বিভিন্ন প্রকার পদ্ধতি নির্ধারণ/নির্দেশিকা প্রদান করবে।

পৌরসভার সাথে জাতীয় সরকারের সম্পর্ক

- পৌরসভার বিভিন্ন কার্যাবলীর উপর জাতীয় সরকারের নিয়ন্ত্রণ
 - (ক) সরকার পৌরসভার কোন দলিল বা নথিপত্র তলব ও পরিদর্শন করতে পারবে।
 - (খ) কোন সরকারি কর্মকর্তার পরিদর্শনের মাধ্যমে সরকার পৌরসভার কোন বিভাগ, সেবামূলক ও উন্নয়ন কার্যক্রম, নির্মাণ কাজ অথবা সম্পত্তি সম্পর্কে প্রতিবেদন গ্রহণ করতে পারবে।
 - (গ) পৌরসভা কর্তৃক গৃহীত কোন কার্যক্রমে আইনের ব্যত্যয় ঘটলে সরকার উক্তরূপ আইন বর্হিভূত কাজ হতে বিরত থাকার জন্য নির্দেশ দিতে পারবে।

পৌরসভার সাথে জাতীয় সরকারের সম্পর্ক

- পৌরসভার বিভিন্ন কার্যাবলীর উপর জাতীয় সরকারের নিয়ন্ত্রণ
- (ঘ) পৌরসভা কর্তৃক গৃহীত কোন কার্যক্রম পৌরসভা আইনের পরিপন্থী অথবা জনসার্থের পরিপন্থী হলে, তা সরকার আদেশ দ্বারা-
উক্ত কার্য বাতিল করতে পারবে;
১. পৌরসভা কর্তৃক গৃহীত কোন প্রস্তাব বাস্তবায়ন বা প্রদত্ত আদেশ মূলত বি করতে পারবে।
 ২. প্রস্তাবিত কোন কার্যেও বাস্তবায়ন নিষিদ্ধ করতে পারবে
 ৩. পৌরসভাকে এই সকল ক্ষেত্রে নির্দিষ্ট পদক্ষেপ গ্রহণের নির্দেশ দিতে পারবে।
- (ঙ) পৌরসভাসমূহের জন্য বিভিন্ন নির্দেশ জারি করতে পারবে।

পৌরসভার সাথে জাতীয় সরকারের সম্পর্ক

- অন্যান্য ক্ষেত্র

১. স্থানীয় সরকার ও স্থানীয় কর্তৃপক্ষের মধ্যে সম্পর্ক নির্ধারণ
২. পৌরসভা ও সরকারী দপ্তরসমূহের মধ্যে সমন্বয় সাধন
৩. পৌরসভাকে আর্থিক সহায়তা প্রদান
৪. এক পৌরসভা কর্তৃক অন্য পৌরসভাকে অথবা স্থানীয় অন্য কোন কর্তৃপক্ষকে চাঁদা প্রদানের ব্যবস্থা
৫. পৌরসভা আইনের উদ্দেশ্য পূরনকল্পে পৌরসভাকে সাধারণ নির্দেশনা প্রদান করা

পরিসেবা দানকারী সরকারী প্রতিষ্ঠানসমূহের সাথে পৌরসভার সম্পর্ক

সরকারী প্রতিষ্ঠান/সংস্থা	পরিসেবার বিবরণ/সম্পর্কেও ক্ষেত্র
এলজিইডি	<ol style="list-style-type: none">১. অবকাঠামো উন্নয়ন, উন্নয়ন প্রকল্পে অর্থায়ন, যৌথভাবে প্রকল্প বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন২. দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ, টেন্ডার মূল্যায়ন ও সকল প্রকার কারিগরি সহায়তা প্রদান
ডিপিএইচই	<ol style="list-style-type: none">১. পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন প্রকল্পের জন্য অর্থায়ন, পরিকল্পনা গ্রহণ, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন২. সংশ্লিষ্ট বিষয়ে পৌরসভাকে কারিগরি সহায়তা প্রদান

পরিসেবা দানকারী সরকারী প্রতিষ্ঠানসমূহের সাথে পৌরসভার সম্পর্ক

সরকারী প্রতিষ্ঠান/সংস্থা	পরিসেবার বিবরণ/সম্পর্কেও ক্ষেত্র
স্বাস্থ্য অধিদপ্তর	১. ইপিআই কর্মসূচিসহ পৌরসভা পরিচালিত কিছু কাজ পৌরসভাসমূহ স্বাস্থ্য অধিদপ্তরের স্থানীয় প্রশাসনের সাথে সমন্বিতভাবে করে থাকে।
স্থানীয় পুলিশ প্রশাসন	১. স্থানীয় পুলিশ প্রশাসন ও পৌরসভা নাগরিক নিরাপত্তা ও জনশৃঙ্খলা রক্ষার কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ২. পরিবহন ও যানবাহন চলাচলে উভয়ে একত্রে কাজ করার বিধান আছে। ৩. বকেয়া কর আদায়ে আইন শৃঙ্খলা পরিস্থিতি অবনতির আশঙ্কা দেখা দিলে পুলিশের সহায়তা নেয়ার বিধান আছে।

পরিসেবা দানকারী সরকারী প্রতিষ্ঠানসমূহের সাথে পৌরসভার সম্পর্ক

সরকারী প্রতিষ্ঠান/সংস্থা	পরিসেবার বিবরণ/সম্পর্কেও ক্ষেত্র
স্থানীয় জেলা প্রশাসন	<ol style="list-style-type: none">১. ডিসি'র নেতৃত্বে জেলা আইন শৃঙ্খলা কমিটি ও জেলা উন্নয়ন সমন্বয় কমিটিতে সদস্য হিসেবে মেয়রগণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।২. পৌরসভা ও পৌরসভার অনুরূপ পরিসেবা প্রদানকারী প্রতিষ্ঠানের কাজের দ্বৈততা পরিহার ও সমন্বিত উন্নয়ন কার্যক্রম গ্রহণে সহায়ক হয়।৩. জেলা উন্নয়ন কমিটিতে আলোচনার মাধ্যমে সংশ্লিষ্ট সরকারী প্রতিষ্ঠানসমূহের সাথে বিরোধ মীমাংসা

পরিসেবা দানকারী সরকারী প্রতিষ্ঠানসমূহের সাথে পৌরসভার সম্পর্ক

সরকারী প্রতিষ্ঠান/সংস্থা	পরিসেবার বিবরণ/সম্পর্কেও ক্ষেত্র
অন্যান্য স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সাথে সম্পর্ক	১. পৌরসভা স্থানীয় অন্যান্য প্রতিষ্ঠানের সাথে অভিন্ন স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে যৌথ কমিটি গঠন করতে পারবে
বেসরকারি সংস্থা ও ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের সাথে সম্পর্ক	১. পৌরসভা বেসরকারি সংস্থা ও ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের সাথে বিভিন্ন ক্ষেত্রে যৌথভাবে কাজ করতে পারে। যেমন: অবকাঠামো নির্মাণ, বাজার, গণ-শৌচাগার, বাস টার্মিনাল পরিচালনা, পানি সরবরাহ ব্যবস্থাপনা, বর্জ্য সংগ্রহ, নলকূপ ও পানির পাম্প স্থাপন এবং জনসচেতনামূলক কার্যক্রম, ইত্যাদি।

প্রশ্ন ও উত্তর পর্ব

স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯ এবং পৌরসভার কার্যাবলী

মো. আব্দুল খালেক
উপপরিচালক
প্রশিক্ষণ ও পরামর্শ
এ জেহাদ সরকার
গবেষণা কর্মকর্তা
এনআইএলজি, ঢাকা।

এক নজরে পৌরসভা আইন

শিরোনাম	স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯
ভাগ	৫টি ভাগে বিভক্ত
ধারা	১৩১ টি
তফসিল	৮টি

**স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর অধীনে
তফসিলসমূহ**

তফসিল	বিবরণ
১ম তফসিল শপথ বা ঘোষণা	মেয়র ও কাউন্সিলরগণের শপথ গ্রহণের জন্য শপথ বা ঘোষণা সম্পর্কিত
২য় তফসিল পৌরসভার কার্যাবলী	পৌরসভার ৬৪টি কার্যাবলী বিশদভাবে বর্ণনা করা হয়েছে
৩য় তফসিল পৌরসভা কর্তৃক আরোপিত কর, রেট, টোল ও ফিসহ টোল ও ফিসহ অন্যান্য আয়ের উৎস	পৌরসভা কর্তৃক আরোপিত কর, রেট, টোল ও ফিসহ অন্যান্য আয়ের উৎস সম্পর্কে বলা হয়েছে
৪র্থ তফসিল আইনের অধীনে অপরাধসমূহ	৬১টি বিভিন্ন ধরনের অপরাধ উল্লেখ করা হয়েছে
৫ম তফসিল পৌর পুলিশের কার্যাবলী	পৌর পুলিশের কার্যাবলী সুস্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে

**স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর অধীনে
তফসিলসমূহ**

তফসিল	বিবরণ
ষষ্ঠ তফসিল বিধি প্রণয়ন সম্পর্কিত বিষয়সমূহ	সরকার যে সকল বিষয়ে বিধি প্রণয়ন করতে পারবে সে বিষয়ে উল্লেখ করা হয়েছে
৭ম তফসিল প্রবিধান প্রণয়ন সংক্রান্ত বিষয়াদি	পৌরসভা যে সকল বিষয়ে প্রবিধান প্রণয়ন করতে পারবে সে বিষয়ে উল্লেখ করা হয়েছে
৮ম তফসিল উপ-আইন সম্পর্কিত বিষয়সমূহ	পৌরসভা যে সকল বিষয়ে উপ-আইন প্রণয়ন করতে পারবে সে বিষয়ে উল্লেখ করা হয়েছে

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর এর গুরুত্বপূর্ণ ধারাসমূহ

পৌরসভা প্রতিষ্ঠা, ঘোষণা এবং মেয়াদ

- সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা সরকার যে কোন পল্লী এলাকাকে শহর এলাকা ঘোষণা করতে পারবে (ধারা ৩)।
- সরকার ক্যান্টমেন্ট এলাকা ব্যতীত অন্যান্য শহর এলাকাকে পৌরসভা ঘোষণা করতে পারবে (ধারা ৪)। এছাড়া সরকার পৌর এলাকার সীমানা সংকোচন, সম্প্রসারণ বা অন্যরূপে পরিবর্তন বা সংশোধন করতে পারবে।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর এর গুরুত্বপূর্ণ ধারাসমূহ

পৌরসভা প্রতিষ্ঠা, ঘোষণা এবং মেয়াদ

- প্রাপ্ত বয়স্ক ভোটারদের দ্বারা নির্বাচিত মেয়র ও কাউন্সিলরগণের সমন্বয়ে পৌরসভা গঠিত হবে। প্রতিটি পৌরসভায় নির্ধারিত সংখ্যক ওয়ার্ড থাকবে। নির্ধারিত সংখ্যক ওয়ার্ডের এক তৃতীয়াংশ নারীদের জন্য সংরক্ষিত থাকবে (ধারা ৬ এবং ৭)।
- পৌরসভার মেয়াদ হবে প্রথম সভার তারিখ হতে পাঁচ বছর অথবা পরবর্তী পরিষদের প্রথম সভা অনুষ্ঠিত না হওয়া পর্যন্ত (ধারা ৮)।
- সরকার কাউন্সিলর নির্বাচনের উদ্দেশ্যে পৌর এলাকাকে প্রয়োজনীয় সংখ্যক ওয়ার্ডে বিভক্ত করবেন (ধারা ১৩)।
- পরিষদের অনুমোদনক্রমে প্রতিটি ওয়ার্ডে ১০ সদস্য বিশিষ্ট ওয়ার্ড কমিটি গঠন করতে হবে যার সভাপতি হবেন সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর। উক্ত কমিটির ৪০% সদস্য হবে নারী (ধারা ১৪)।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর এর গুরুত্বপূর্ণ ধারাসমূহ

মেয়র ও কাউন্সিলরগণের শপথ গ্রহণ, নৈতিক ও আইনগত বাধ্যবাধকতা এবং অবস্থান

- সরকারী গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে নির্বাচিত মেয়র ও কাউন্সিলরগণের নাম প্রকাশের তারিখ হতে ৩০ দিনের মধ্যে সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নিকট শপথ গ্রহণ করবেন। একই সাথে কার্যভার গ্রহণ এবং শপথপত্রে স্বাক্ষর করবেন।
- মেয়র ও কাউন্সিলরগণের পদত্যাগ, সাময়িক বরখাস্ত এবং অপসারণ (ধারা ৩০-৩২)।
- কাউন্সিলরগণ ৩ সদস্য বিশিষ্ট প্যানেল মেয়র নির্বাচন করবেন যার মধ্যে অবশ্যই একজন সদস্য হবেন সংরক্ষিত আসনের কাউন্সিলর (ধারা ৪০)।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর এর গুরুত্বপূর্ণ ধারাসমূহ

পৌরসভার সম্পত্তি ও চুক্তি

- পৌরসভা নিজস্ব সম্পত্তির পাশাপাশি এর উপর ন্যাস্ত সম্পত্তি এবং সরকার বা অন্য কোন কর্তৃপক্ষ প্রদত্ত সম্পদ ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ করতে পারবে (ধারা ৪৪)।
- জনসার্থে রাস্তার নিকটবর্তী জমি সরকারের অনুমোদনসাপেক্ষে এবং আইনের বিধান অনুসরণ করে অধিগ্রহণ করতে পারবে (ধারা ৪৫)।
- পৌরসভা পরিষদের সিদ্ধান্তক্রমে তার স্থাবর সম্পত্তি যথাযথ প্রক্রিয়া অনুসরণ পূর্বক ইজারা প্রদান অথবা বিক্রয় করতে পারবে। একই প্রক্রিয়ায় অস্থাপর সম্পত্তি ইথারা অথবা ভাড়া দিতে পারবে। যদি কোন স্থাবর সম্পত্তি পৌরসভার কোন প্রয়োজনে না আসে কিন্তু বিক্রয় করলে পৌরসভা অধিক লাভবান হবে তবে সরকারে পূর্বানুমোদনক্রমে তা বিক্রয় অথবা হস্তান্তর করতে পারবে (ধারা ৪৬)।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর এর গুরুত্বপূর্ণ ধারাসমূহ

পৌর পরিষদ বাতিল

- সরকার গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে নিম্নোক্ত কারণে পৌর পরিষদ বাতিল করতে পারবে (ধারা ৪৯):
 - চলতি অর্থবছর শেষ হওয়ার পূর্বে পরবর্তী অর্থবছরের বাজেট প্রদানে ব্যর্থ হয়; অথবা
 - ৭৫% নির্বাচিত কাউন্সিলর পদত্যাগ করে; অথবা
 - ৭৫% কাউন্সিলর আইনানুযায়ী অযোগ্য হওয়ার অপসারিত; অথবা
 - যৌক্তিক কারণ ছাড়া ধার্যকৃত করের কমপক্ষে ৭৫% আদায়ে ব্যর্থ হলে।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর এর গুরুত্বপূর্ণ ধারাসমূহ

পৌরসভা এবং কমিটির দায়িত্ব ও কার্যাবলী

- পৌরসভার মূল দায়িত্ব ও অন্যান্য কার্যাবলী ধারা ৫০ এ উল্লেখ করা হয়েছে।
- ৫১ ধারায় পৌরসভার উপর সরকার প্রদত্ত কার্যাবলীর কথা উল্লেখ রয়েছে।
- ৩০ মেপ্টেম্বর এর মধ্যে নির্ধারিত ফরমে ও পদ্ধতিতে বার্ষিক প্রতিবেদন প্রকাশ এবং নির্ধারিত প্রক্রিয়া অনুসরণ পূর্বক নাগরিক সনদ প্রকাশের কথা রয়েছে (ধারা ৫২-৫৩)।
- পৌরসভা গঠিত হওয়ার পর প্রথম সভায় অথবা পরবর্তী কোন সভায় কার্যপরিধিসহ আড়াই বছর মেয়াদি ১০ স্থায়ী কমিটি গঠন করবে (ধারা ৫৫)।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর এর গুরুত্বপূর্ণ ধারাসমূহ

পৌরসভা এবং কমিটির দায়িত্ব ও কার্যাবলী

- পরিষদ বা স্থায়ী কমিটি কিংবা অন্য কোন কমিটির সভায় কোন বিশেষজ্ঞ ব্যক্তির বা নাগরিকের আবেদনের প্রেক্ষিতে তাকে সভায় উপস্থিতির অনুমতি প্রদান ও তার মতামতের ভিত্তিতে সুপারিশ গ্রহণ করতে পারবে (ধারা ৫৭)।
- পৌরসভার কার্যাবলীর সব নথিপত্র সংরক্ষণ, মেয়াদী প্রতিবেদন ও বিবরণী প্রণয়ন ও প্রকাশ করবে। সরকারী নির্দেশ মোতাবেক পৌর কার্যাবলী সম্পর্কিত তথ্য প্রকাশ করবে (ধারা ৬১)।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর এর গুরুত্বপূর্ণ ধারাসমূহ

পৌরসভার নির্বাহী ক্ষমতা, প্রশাসনিক কার্যক্রম এবং কার্যপরিচালনা

- পৌরসভার নির্বাহী ক্ষমতা পরিষদেও নিকট হতে ক্ষমতা প্রাপ্ত মেয়র বা কাউন্সিলর বা অন্য কোন কর্মকর্তার মাধ্যমে প্রযুক্ত হবে। দৈনন্দিন সেবামূলক কার্যক্রম পরিচালনার জন্য নির্বাহী ক্ষমতা বিভাজনের প্রস্তাব পৌরসভা কর্তৃক অনুমোদিত হবেএবং প্রয়োজনে সময়ে তা সংশোধনের এখতিয়ার পৌরসভার বিশেষ সভার মাধ্যমে চূড়ান্ত হবে (ধারা ৬২)।
- সভা অনুষ্ঠান ও পরিচালনা, সভা আহ্বান, সভায় সভাপতিত্ব, কোরাম গঠন ইত্যাদি ধারা ৬৩ এ উল্লিখ রয়েছে।
- প্রত্যেক কাউন্সিলর পৌরসভার উন্নয়ন কার্যক্রম ও প্রশাসন সংক্রান্ত বিষয়ে তথ্য জানতে পারবেন। এক্ষেত্রে সভার অনুষ্ঠানের কমপক্ষে ২৪ ঘন্টা পূর্বে সচিব বা সিইও বরাবর নোটিশ পাঠাবেন (ধারা ৬৮)।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর এর গুরুত্বপূর্ণ ধারাসমূহ

পৌরসভার কর্মকর্তা ও কর্মচারী

- নির্ধারিত কর্তৃপক্ষ পৌরসভার জনবল কাঠামো অনুযায়ী একজন সচিব ও প্রয়োজনীয় সংখ্যক ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তা নিয়োগ করতে পারবে। পৌরসভা অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী নিয়োগ করতে পারবে (ধারা ৭৩)।
- সরকার নির্দিষ্ট পৌরসভার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা নিয়োগ করতে পারবে (ধারা ৭৪)।
- সরকারি কর্মকর্তা/কর্মচারীগণকে নির্ধারিত সময়ের জন্য পৌরসভার তত্ত্বাবধানে সারারণ নিয়ন্ত্রণে দায়িত্ব পালনে ন্যস্ত করতে পারবে (ধারা ৭৫)।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর এর গুরুত্বপূর্ণ ধারাসমূহ

পৌরসভার উপর সরকারি কার্যক্রম (নথিপত্র তলব ও পরিদর্শন)

- সরকার যে কোন সময় পৌরসভার সকল প্রকার দলিল, নথিপত্র, বিবরণী, প্রকল্পন, পরিকল্পনা, পরিসংখ্যান, লিখিত বক্তব্য ও বিভিন্ন প্রতিবেদন তলব করতে পারবে (ধারা ৮৩)।
- সরকার যদি মনে করে পৌরসভার কর্মকাণ্ড আইনের সংঙ্গে সংগতিপূর্ণ নয় অথবা জনস্বার্থ পরিপন্থী ক্ষেত্রে সরকারের নির্ধারিত কর্তৃপক্ষের মাধ্যমে কার্য বাতিল, মূলতবি, কার্য বাস্তবায়ন নিষিদ্ধ করতে পারবে এবং এসকল ক্ষেত্রে সরকার পৌরসভাকে নির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করতে নির্দেশ দিতে পারবে (ধারা ৮৬)

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর এর গুরুত্বপূর্ণ ধারাসমূহ

আর্থিক ব্যবস্থাপনা, বাজেট ও হিসাব

- প্রত্যেক পৌরসভায় পৌর তহবিল নামে একটি তহবিল থাকবে (ধারা ৮৯)।
- পৌরসভা তহবিলের উপর আরোপিত বিভিন্ন ধরনের ব্যয় সংক্রান্ত বিষয় ধারা ৯০ এ উল্লেখ করা হয়েছে।
- তহবিলে জমাকৃত অর্থ সরকারি ট্রেজারি কার্য পরিচালনাকারী ব্যাংকে অথবা সরকার নির্দেশিত কোন পদ্ধতিতে জমা রাখতে হবে। জমাকৃত অর্থ বিধি অনুযায়ী বিনিয়োগ করতে পারবে। পৌরসভা বিশেষ উদ্দেশ্য বিধিমোতাবেক পৃথক তহবিল গঠন ও পরিচালনা করতে পারবে (ধারা ৯১)।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর এর গুরুত্বপূর্ণ ধারাসমূহ

আর্থিক ব্যবস্থাপনা, বাজেট ও হিসাব

- অর্থ বছর শুরু পূর্বে পরবর্তী অর্থবছরের সম্ভাব্য আয়-ব্যয়ের প্রাক্কলিত বাজেট প্রকাশ করবে এবং অনুমোদিত বাজেট নির্ধারিত কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবে (ধারা ৯২)।
- পৌরসভার আয় ও ব্যয়ের হিসাব নির্ধারিত ফরম ও পদ্ধতিতে রক্ষিত ও পরিচালিত হবে (ধারা ৯৩)।
- পৌরসভার সকল হিসাব অনুমোদিত কর্তৃপক্ষ কর্তৃক নিরীক্ষা করা হবে (ধারা ৯৪)।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর এর গুরুত্বপূর্ণ ধারাসমূহ

অবকাঠামোগত সেবা

- পৌরসভা কোন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের সাথে অংশীদারিত্ব চুক্তির মাধ্যমে কোন প্রকল্পে অর্থায়ন, বাস্তবায়ন, রক্ষণাবেক্ষণ ও পরিচালনা বিষয়ে সেবামূলক কার্যক্রম পরিচালনা করতে পারবে (ধারা ৯৫)।
- পৌরসভা পানি সরবরাহ, নিষ্কাশন ও পয়ঃনিষ্কাশন, ড্রেনেজ, বর্জ্য ব্যবস্থাপনা, রাস্তাঘাট এবং বানিজ্যিক অবকাঠামো সংক্রান্ত প্রকল্প পৌরসভা নিজস্ব অথবা সরকারি/বেসরকারি অংশীদারিত্বমূলক চুক্তির মাধ্যমে সম্পাদন করতে পারবে (ধারা ৯৭)।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর এর গুরুত্বপূর্ণ ধারাসমূহ

পৌরকর আরোপ

- সরকারের অনুমোদন সাপেক্ষে আইনের ৩য় তফসিলে বর্ণিত সকল অথবা যে কোন কর, উপ-কর, রেইট, টোল ও ফিস আরোপ করতে পারবে (ধারা ৯৮)।
- সরকার আদর্শ কর তফসিল প্রণয়ন করতে পারবে (ধারা ১০০)।
- কর, উপ-কর, রেইট, টোল ও ফিস নির্ধারিত পদ্ধতিতে সংগ্রহ করতে হবে (ধারা ১০৩)।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর এর গুরুত্বপূর্ণ ধারাসমূহ

নাগরিকদের তথ্য প্রাপ্তির অধিকার

- দেশের যে কোন নাগরিকের পৌরসভা সংক্রান্ত যে কোন তথ্য নির্ধারিত পদ্ধতিতে পাওয়ার অধিকার আছে (ধারা ১১২)।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর এর গুরুত্বপূর্ণ ধারাসমূহ

আইন শৃঙ্খলা ও নিরাপত্তা

- সংশ্লিষ্ট থানার ওসি ও তার অধস্তন কর্মকর্তা পৌর এলাকার আইন শৃঙ্খলা রক্ষা ও ৫ম তফসিলে বর্ণিত বিধান অনুযায়ী পৌরসভাকে সহযোগীতা করবে। এছাড়া, এই আইনের বিধান অনুযায়ী নিয়োগকৃত কোন ম্যাজিস্ট্রেটের নির্দেশ পালনের জন্য পৌরসভাকে সহযোগীতা করবে।
- পুলিশ কর্মকর্তা এই আইনে বর্ণিত কোন অপরাধ সংঘটন বা অপরাধ সংঘটনের চেষ্টা করলে মেয়র এবং সচিব বা ক্ষেত্রমত প্রধান নির্বাহী কর্মকর্তাকে অবহিত করবে। এছাড়া, তারা মেয়র, সচিব বা প্রধান নির্বাহী কর্মকর্তার লিখিত অনুরোধের ভিত্তিতে আইন সঙ্গত দায়িত্ব পালনে সহায়তা করবে (ধারা ১১৩)

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর এর গুরুত্বপূর্ণ ধারাসমূহ

আইন শৃঙ্খলা ও নিরাপত্তা

- সরকার কোন পৌর এলাকায় পৌর পুলিশ গঠন করতে পারবে ও তাদের নিয়োগ, প্রশিক্ষণ, শৃঙ্খলা এবং চাকরির শর্তাবলী বিধি দ্বারা নিয়ন্ত্রণ করতে পারবে।
- পৌর পুলিশ পরিচালনায় সরকার একজন উপযুক্ত পদমর্যাদার কর্মকর্তা প্রেষণে নিয়োগ করবে। ৫ম তফসিলে পৌর পুলিশের কার্যক্রম বর্ণনা করা হয়েছে। তারা স্থানীয় পুলিশ বাহিনীর সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করবে। (ধারা ১১৪)।

পৌরসভার কার্যাবলী

জনস্বাস্থ্য

আবশ্যিক	ঐচ্ছিক
বর্জ্য অপসারণ, গণ শৌচাগার পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, ব্যক্তিগত শৌচাগার তদারক, জন্ম-মৃত্যু ও বিবাহ নিবন্ধন, সংক্রামক ব্যাধি নিয়ন্ত্রণ ও প্রতিরোধ	জনস্বাস্থ্য উন্নয়নে তদারক, অস্বাস্থ্যকর ইমারত তদারক, বর্জ্য ব্যবস্থাপনা, জনস্বাস্থ্যের উন্নয়ন, হাসপাতাল ও ঔষধ বিতরণ কেন্দ্র নির্মাণ ও রক্ষণাবেক্ষণ, চিকিৎসা সেবা উন্নয়ন, স্বাস্থ্য শিক্ষা

পৌরসভার কার্যাবলী

পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন

আবশ্যিক	ঐচ্ছিক
পানি সরবরাহ কার্যক্রম পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, ব্যক্তিগত পানি সরবরাহের উৎসসমূহ তদারক, নালা নর্দমা নির্মাণ ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম, স্নান ও ধৌত করার স্থান সুরক্ষা কার্যক্রম, সাধারণ খেয়া পারাপার ব্যবস্থাপনা।	পানি সরবরাহ কার্যক্রম কার্যকরকরণ, ব্যক্তিগত নর্দমা সম্পর্কিত বিধি প্রণয়ন, নর্দমা নির্মাণ প্রকল্প কার্যকর করা, ধোপাদের জন্য ধোপী ঘাটের ব্যবস্থা, খেয়া পারাপার/ফেরী চলাচল ও রক্ষণাবেক্ষণ, মৎস্য ক্ষেত্রে তৈরী ও রক্ষণাবেক্ষণ, পানির উৎস রক্ষণাবেক্ষণ, জলজানের লাইসেন্স প্রদান, মৎস্য সম্পদ সম্পর্কে নিয়ম-কানুন প্রবর্তন ও তদারক করা।

পৌরসভার কার্যাবলী

খাদ্য ও পানীয় দ্রব্যাদি সংক্রান্ত কার্যক্রম

আবশ্যিক	ঐচ্ছিক
বাজার প্রতিষ্ঠা, এর উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ, বেসরকারি বাজারের লাইসেন্স প্রদান ও তদারক, কসাইখানার ব্যবস্থা ও রক্ষণাবেক্ষণ	খাদ্য ও পানীয় দ্রব্যাদি উৎপাদন, বিপণন ও প্রস্তুতকরণ সংক্রান্ত বিধিমালা প্রণয়ন ও বাস্তবায়ন, দুধ সরবরাহ প্রকল্প বাস্তবায়ন

পৌরসভার কার্যাবলী

পশু

আবশ্যিক	ঐচ্ছিক
	পৌরসভা পশু হাসপাতাল প্রতিষ্ঠা ও রক্ষণাবেক্ষণ, প্রবিধান দ্বারা পশুর মধ্যে সংক্রামক রোগের বিস্তার রোধে টিকাদান, বেওয়ারিশ পশু আটক ও খোয়াড়ে আবদ্ধ রাখা, পশুশালা ও খামার নির্মাণ ও রক্ষণাবেক্ষণ, পিপাজনক পশু নিয়ন্ত্রণ, পশুসম্পদ বিষয়ক প্রকল্প কার্যকর করা, গবাদি পশু বিক্রয়ে নিবন্ধন করা, গবাদি পশু প্রদর্শনী, প্রাণী জাদুঘর নির্মাণ ও রক্ষণাবেক্ষণ, চিড়িয়াখানা নির্মাণ ও রক্ষণাবেক্ষণ

পৌরসভার কার্যাবলী

শহর পরিকল্পনা সংক্রান্ত কার্যক্রম

আবশ্যিক	ঐচ্ছিক
মহাপরিকল্পনা প্রণয়ন করা	শহরের মধ্যে কোন এলাকার জমির উন্নতি সাধন

পৌরসভার কার্যাবলী

ইমারত নিয়ন্ত্রণ

আবশ্যিক	ঐচ্ছিক
এলাকা ও ইমারতের নকশা অনুমোদন, নির্মিত ইমারত পরিদর্শন	ইমারত সম্পর্কিত প্রবিধান প্রণয়ন

পৌরসভার কার্যাবলী

রাস্তা

আবশ্যিক	ঐচ্ছিক
জনপথ নির্মাণ ও রক্ষণাবেক্ষণ, সড়ক রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন কর্মসূচি কার্যকর করা, নতুন সড়ক উন্নয়ন প্রকল্প অনুমোদন, প্রয়োজনীয় রাস্তা ও অন্যান্য যোগাযোগের ব্যবস্থা রক্ষণাবেক্ষণ, সড়ক বাতির ব্যবস্থা, রাস্তা ধোয়ার ব্যবস্থা, যানবাহন নিয়ন্ত্রণ প্রবিধান প্রণয়ন করা, যানবাহনের লাইসেন্স প্রদান, জানবাহনের ভাড়া নির্ধারণ করা	সড়কসমূহের নামকরণ, নম্বর ও হোল্ডিং প্রদান সম্পর্কিত বিধি প্রণয়ন ও বাস্তবায়ন, সড়ক বাতি সম্পর্কিত প্রকল্প কার্যকর করা, জনপথে পানি সরবরাহ করা

পৌরসভার কার্যাবলী

জন নিরাপত্তা

আবশ্যিক	ঐচ্ছিক
জননিরাপত্তা বিষয়ক কার্যাবলী নির্দিষ্টকরণ, বন্যাদূর্গত এলাকা হতে জনগনকে উদ্ধারের জন্য নৌকা ও প্রয়োজনীয় উপকরণসহ প্রস্তুতি, ক্ষতিকর ও অবৈধ ব্যবসা প্রতিরোধে নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন, গোরস্থান ও শ্মশান ঘাট নির্মাণ ও রক্ষণাবেক্ষণ এবং পরিচালনা	

পৌরসভার কার্যাবলী

বৃক্ষ, উদ্যান, বাগান ও বনায়ন

আবশ্যিক	ঐচ্ছিক
জনপথে ও উন্মুক্ত স্থানে বৃক্ষরোপণ ও পরিচর্যা, উদ্যান উন্নয়ন পরিকল্পনা কার্যকর করা, উন্মুক্ত স্থান এর বিধান ও রক্ষণাবেক্ষণ, উন্মুক্ত স্থান ব্যবহারের বিধান প্রণয়ন করা	বৃক্ষরোপন পরিকল্পনা কার্যকর করা, গণ উদ্যানসমূহ নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনা করা, বনায়ন কার্যকর করা, বৃক্ষের পোকামাকড় নিধন, আগাছা পরিষ্কার, ক্ষতিকর বৃক্ষ নিধন, পুকুর খনন ও পুনঃখনন এবং নিম্নাঞ্চলসমূহ পুনরুদ্ধারের ব্যবস্থা

পৌরসভার কার্যাবলী

শিক্ষা ও সংস্কৃতি

আবশ্যিক	ঐচ্ছিক
কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের রক্ষণাবেক্ষণ, পৌর এলাকাতে বাধ্যতামূলক শিক্ষা প্রবর্তন	প্রয়োজনের নতুন শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণে উদ্যোগ গ্রহণ, পৌরসভা পৌর এলাকায় অবস্থিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের বাজেট বরাদ্দ সাপেক্ষে অর্থ সাহায্য প্রদান, যোগ্যতাসম্পন্ন এবং মেধাবী ছাত্রদের বৃত্তি প্রদান, বয়স্ক শিক্ষা উন্নয়নের ব্যবস্থা, শিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা, বিদ্যালয়ে পুস্তক ও স্টেশনারী বিক্রয় কেন্দ্র স্থাপন, কর্মপক্ষের অনুমোদনক্রমে শিক্ষা সমিতির উন্নয়নে সহায়তাদান, শিক্ষা সম্প্রসারণে অন্যান্য ব্যবস্থা গ্রহণ ও বাস্তবায়ন

পৌরসভার কার্যাবলী

সমাজ কল্যাণ

আবশ্যিক	ঐচ্ছিক
	দুঃস্থদের জন্য জনকল্যাণ প্রতিষ্ঠান ও রক্ষণাবেক্ষণ করা, পৌরসভার নিজ খরচে পৌর এলাকায় নিঃস্ব ব্যক্তিদের মৃতুদেহ দাফন বা দাহের ব্যবস্থা, ভিক্ষাবৃত্তি, পতিতাবৃত্তি, জুয়া, মাদকদ্রব্য সেবন, মদ্যপান, কিশোর অপরাধ ও অন্যান্য সামাজিক অনাচার প্রতিরোধের ব্যবস্থা গ্রহণ, সমাজসেবার জন্য স্বেচ্ছাসেবক সংগঠন গঠন, নারী, শিশু ও পশ্চাৎপদ শ্রেণির কল্যাণসাধনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ, সমাজকল্যাণ ও সমাজ উন্নয়নমূলক অন্যান্য ব্যবস্থা গ্রহণ

পৌরসভার কার্যাবলী

উন্নয়ন

আবশ্যিক	ঐচ্ছিক
	পৌরসভা নির্দিষ্ট মেয়াদের জন্য উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, কমিউনিটি উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন, বাণিজ্যিক প্রকল্পে বিনিয়োগ

প্রশ্ন ও উত্তর পর্ব

পৌরসভার প্রশাসনিক কাঠামো এবং নির্বাচিত প্রতিনিধি ও কর্মকর্তাগণের দায়িত্বসমূহ

মো: ইলিয়াস

পরিচালক (গবেষণা ও পরিকল্পনা), এনআইএলজি

প্রশাসনিক ইউনিট হিসেবে পৌরসভা

- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৫৯ (১) অনুচ্ছেদ অনুযায়ী পৌরসভা একটি প্রশাসনিক একাংশ বা ইউনিট হিসেবে গণ্য হবে। {স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯-এর ৫নং ধারা}। উক্ত পৌরসভা আইনের ধারা ৪ অনুযায়ী পৌরসভা হবে একটি সংবিধিবদ্ধ সংস্থা এবং স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সিলমোহর থাকবে এবং প্রতিটি পৌরসভার স্থাবর-অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করার, অধিকারে রাখার ও হস্তান্তর করার ক্ষমতা থাকবে।

পৌরসভার প্রশাসনিক কাঠামো

পৌরসভার গঠন

নিম্নবর্ণিত ব্যক্তিগণের সমন্বয়ে পৌরসভা গঠিত হবে

- ❖ মেয়র ১ জন
- ❖ কাউন্সিলর (সাধারণ আসন)
- ❖ প্রতি ওয়ার্ড থেকে ১জন করে
- ❖ কাউন্সিলর (সংরক্ষিত আসন)
- ❖ প্রতি তিন ওয়ার্ডের জন্য সংরক্ষিত আসনে একজন করে
- ❖ পৌরসভার মেয়র এবং কাউন্সিলরগণ প্রাপ্তবয়স্ক ভোটারদের প্রত্যক্ষ ভোট নির্বাচিত হবেন (ধারা-৬ এর উপ-ধারা-৩) এবং পৌরসভার মেয়র পৌরসভার একজন কাউন্সিলর হিসেবে গণ্য হবেন (ধারা-৬ এর উপ-ধারা-৪)। পৌরসভার মেয়র ও কাউন্সিলরগণ সমন্বয়ে গঠিত হবে পৌরসভার পরিষদ এবং তাঁদের (মেয়র ও কাউন্সিলরগণের) দায়িত্ব, কার্যাবলী ও সুযোগ-সুবিধা বিধি দ্বারা নির্ধারিত হবে (ধারা ৬ এর উপ-ধারা ৫)।

পৌরসভার সাংগঠনিক কাঠামো

- পূর্বে বিশেষ শ্রেণির পৌরসভা ছিল যা সিটি কর্পোরেশনে উন্নীত হওয়ার বর্তমানে তিন শ্রেণির (ক, খ, এবং গ) পৌরসভা রয়েছে। সরকার সুনির্দিষ্ট পদ্ধতি ও মানদণ্ডের ভিত্তিতে পৌরসভার শ্রেণিবিন্যাস করতে পারবে। সরকার কর্তৃক নির্ধারিত পৌরসভার শ্রেণিবিন্যাস অনুযায়ী সরকার জনবল কাঠামো নির্ধারণ এবং চাকুরীর পদসমূহ নির্দিষ্ট করে দিবে যা সরকারের পৌরসভা সার্ভিস এ অন্ডর্ডুক্ত ব্যক্তিবর্গ দ্বারা পূরণ করা হবে (ধারা-৭২)।
- প্রত্যেক শ্রেণির পৌরসভার জন্য সরকার অনুমোদিত সাংগঠনিক কাঠামো (অর্গানোগ্রাম) বিদ্যমান রয়েছে। শ্রেণিভিত্তিক সাংগঠনিক কাঠামোতে বিভাগ ও শাখাভিত্তিক জনবলের সংখ্যা ও পদমর্যাদার ভিন্নতা থাকলেও বিভাগ ও শাখাসমূহ সকল শ্রেণির পৌরসভার জন্য অভিন্ন। উলেখ্য, প্রতিটি পৌরসভা, প্রয়োজনের উপর ভিত্তি করে, স্ব-স্ব শ্রেণির প্রাতিষ্ঠানিক কাঠামো অনুসারে মোট জনবলের সীমার মধ্যে প্রকৃত জনবলের সংখ্যা নির্ধারণে এবং তদনুযায়ী নিয়োগ করতে পারে।
- পৌরসভার সাংগঠনিক কাঠামোতে (অর্গানোগ্রামে) কর্মকর্তা ও কর্মচারীদের পদ অনুযায়ী প্রতিটি পদে কর্মকর্তা ও কর্মচারীদের সংখ্যার উলেখ্য থাকে। তিনটি শ্রেণিতে বিভক্ত পৌরসভার, বিভাগ অনুযায়ী অর্গানোগ্রাম উলেখিত কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা নিচে সারণিতে দেখানো হয়েছে।

মেয়র ও কাউন্সিলরগণের অধিকার ও দায়বদ্ধতা

- পৌরসভার মেয়র এবং প্রত্যেক কাউন্সিলর, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা -৭৭ ও
- বিধানাবলী সাপেক্ষে, পৌর পরিষদের সভায় সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার অংশগ্রহণের অধিকার রাখে। এছাড়া পরিষদের প্রত্যেক সদস্য বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মেয়র অথবা সংশ্লিষ্ট স্থায়ী কমিটির সভাপতির নিকট পরিষদের বা স্থায়ী কমিটির প্রশাসনিক এখতিয়ারভুক্ত বিষয়ে প্রশ্ন উত্থাপন বা ব্যাখ্যা দাবী করতে পারবেন।
- এছাড়া পৌরসভা আইনের ৬২ ধারা অনুযায়ী পৌরসভার যাবতীয় কার্যাবলী যথাযথভাবে সম্পাদনের জন্য প্রয়োজনীয় সব কিছু করার ক্ষমতা পরিষদের থাকবে এবং পৌরসভার নির্বাহী ক্ষমতা পরিষদের নিকট হতে ক্ষমতা প্রাপ্ত মেয়র, কাউন্সিলর বা কোন কর্মকর্তার মাধ্যমে প্রযুক্ত হবে।

মেয়র ও কাউন্সিলর এর পদত্যাগ

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩০ অনুযায়ী, কোন কাউন্সিলর পৌরসভার মেয়র বরাবর তাঁর পদত্যাগ করার অভিপ্রায় লিখিতভাবে ব্যক্ত করে পদত্যাগ করতে পারবেন এবং এরূপ পদত্যাগপত্র মেয়র দ্বারা গ্রহণ করার সাথে সাথে উক্ত কাউন্সিলরের পদ শূন্য হয়েছে বলে বিবেচনা করা হবে।

মেয়র ও কাউন্সিলরের সাময়িক বরখাস্ত

- স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১, উপ-ধারা-১ এর বিধান মতে কোন পৌরসভার মেয়র অথবা কোন কাউন্সিলর অপসারণের কার্যক্রম অমুম্ব হয়েছে বা তাঁর বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র আদালত দ্বারা গৃহীত হয়েছে, সেক্ষেত্রে নির্ধারিত কর্তৃপক্ষের বিবেচনায় সেই মেয়র অথবা কাউন্সিলর কর্তৃক ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থী অথবা প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন না হলে, সরকার লিখিত আদেশের মাধ্যমে মেয়র অথবা কাউন্সিলরকে সাময়িকভাবে বরখাস্ত করতে পারে।
- মেয়র ও কাউন্সিলর অপসারণ

মেয়র ও কাউন্সিলর অপসারণ

- স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২ অনুযায়ী মেয়র অথবা কাউন্সিলর তার পদ হতে অপসারণযোগ্য হবেন, যদি তিনি-
- (ক) পৌরসভার নোটিশ প্রাপ্তি সত্ত্বেও যুক্তিসঙ্গত কারণ ছাড়া পরিষদের পর পর তিনটি সভায় অনুপস্থিত থাকেন।
- (খ) পৌরসভা বা রাষ্ট্রের হানিকর কোন কার্যকলাপে জড়িত থাকেন অথবা নৈতিক স্বলনজনিত অপরাধে আদালত কর্তৃক দণ্ডিত হন।
- (গ) দায়িত্ব পালন করতে অস্বীকার করেন অথবা শারীরিক বা মানসিক অসামর্থ্যের কারণে দায়িত্ব পালনে অক্ষম হন।
- (ঘ) অসদারণ বা ক্ষমতার অপব্যবহারের দায়ে দোষী সাবস্‌ড হন।

মেয়র ও কাউন্সিলগণের বিরুদ্ধে অনাস্থা প্রস্ভাব

- স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৮ অনুযায়ী, মেয়র বা কাউন্সিলয়ের বিরুদ্ধে অনাস্থা প্রস্ভাব আনা যাবে যদি,
- ১) তাদের বিরুদ্ধে উক্ত আইন লংঘন বা গুরুতর অসদাচরণের অভিযোগ বা শারীরিক ও মানসিক
- অসামর্থ্যের কারণ চিহ্নিত করা যায়।
- ২) যে কোন একজন কাউন্সিলর ব্যক্তিগতভাবে উপ-ধারা (১) এর অধীন অনাস্থা প্রস্ভাব আনয়নের ক্ষেত্রে পৌরসভার মোট সদস্যের সংখ্যাগরিষ্ঠ কাউন্সিলরের স্বাক্ষরিত নোটিশ, বিধি দ্বারা নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক নিয়োগকৃত একজন প্রথম শ্রেণীর কর্মকর্তার নিকট দাখিল করবেন।
- ৩) অনাস্থা প্রস্ভাব প্রাপ্তির পর উক্ত কর্মকর্তা এক মাসের মধ্যে অভিযোগসমূহ তদন্ত করবেন এবং তদন্তে অভিযোগ প্রমানিত হলে ১০ কার্যদিবসের সময় দিয়ে তিনি কারণ দর্শানোর নোটিশ দিবেন।
- ৪) উপ-ধারা (৩) এর অধীন প্রদত্ত কারণ দর্শানোর জবাব সন্তোষজনক বিবেচিত না হলে নিয়োগকৃত কর্মকর্তা নোটিশ প্রাপ্তির অনধিক পনের কার্যদিবসের মধ্যে অনাস্থা প্রস্ভাবটি বিবেচনার জন্য এতদুদ্দেশ্যে নির্বাচিত কাউন্সিলরগণের নিকট সভার নোটিশ প্রেরণ নিশ্চিত করবেন।

মেয়র ও কাউন্সিলরের অনুপস্থিতির ছুটি

- ধারা ৩৯ এর উপ-ধারা (১) অনুযায়ী মেয়র অথবা কাউন্সিলরকে পরিষদ যুক্তিসঙ্গত কারণে এক বৎসরে সর্বোচ্চ তিন মাস ছুটি মঞ্জুর করতে পারে। উপ-ধারা (২) অনুযায়ী কোন কাউন্সিলর ছুটিতে থাকলে বা অন্য কোন কারণে অনুপস্থিত থাকলে উক্ত অনুপস্থিতকালীন সময়ের জন্য পৌরসভারি মেয়র পার্শ্ববর্তী যে কোন ওয়ার্ডের কাউন্সিলরকে দায়িত্ব প্রদান করতে পারবেন। উপ-ধারা (৩) অনুযায়ী কোন মেয়র অথবা কাউন্সিলরের এক বৎসরে তিন মাসের অধিক সময়ের জন্য ছুটির প্রয়োজন হলে সরকার উক্ত অতিরিক্ত সময়ের ছুটি মঞ্জুর করতে পারবে।

পৌরসভার মেয়র ও কাউন্সিলরগণের আর্থিক সুবিধা

ক্রমিক নং	পৌরসভার শ্রেণি	মেয়র	কাউন্সিলর
১	'ক' শ্রেণি	২০,০০০/- (কুড়ি হাজার টাকা)	৫,০০০/- (পাঁচ হাজার টাকা)
২	'খ' শ্রেণি	১৫,০০০/- (পনের হাজার টাকা)	৪,০০০/- (চার হাজার টাকা)
৩	'গ' শ্রেণি	১২,০০০/- (বার হাজার টাকা)	৩,০০০/- (তিন হাজার টাকা)

মেয়র ও কাউন্সিলরগণের দায়িত্ব ও কর্তব্য

মেয়র দায়িত্ব ও কর্তব্য (বিধি-৩)

- ১) পৌরসভার দৈনন্দিত প্রশাসনিক কাজ পরিচালনা করা
- ২) পৌরসভার সকল সভার সভাপতিত্ব করা এবং এতে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা।
- ৩) পৌরসভার কর্মকর্তা-কর্মচারীদের তত্ত্বাবধান করা।
- ৪) পৌরসভায় ন্যস্তকৃত সরকারি কর্মকর্তা-কর্মচারী ব্যতীত, পৌরসভার কর্মকর্তা-কর্মচারী নিয়োগ ও তাদের বিরুদ্ধে, প্রয়োজনে, শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা।
- ৫) পৌরসভার বিভিন্ন কার্যাবলী সংক্রান্ত প্রস্তাব এবং প্রকল্প পরিষদের পক্ষে প্রস্তত করার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করা।
- ৬) পৌরসভা সংক্রান্ত যাবতীয় তথ্য সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা।
- ৭) স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯-এর ধারা ৪৮ এর বিধান অনুযায়ী পৌরসভার নামে সম্পাদিত সব চুক্তি স্বাক্ষর করা এবং একই ধারার বিধান অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করা।
- ৮) স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯-এর ধারা ৯৮ এবং তৃতীয় তফসিল-এ উলিখিত কর, রেইট ইত্যাদি সাপেক্ষে, পৌরসভার আওতাধীন বিভিন্ন ব্যবস্থা, বৃত্তি ও পেশার উপর কর আরোপ করা এবং পৌরসভা কর্তৃক প্রদেয় লাইসেন্স ইস্যু করা

পৌরসভার কাউন্সিলরগণের (সাধারণ আসন) দায়িত্ব ও কর্তব্য (বিধি-৪)

- ১) পৌরসভার দ্বারা ক্ষমতাপ্রাপ্ত হয়ে পৌরসভার এক বা একাধিক স্থায়ী কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করা এবং সংশ্লিষ্ট স্থায়ী কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা।
- ২) স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯-এর ধারা ৪০ এর বিধান অনুযায়ী প্যানেলের অগ্রাধিকার অনুসারে মেয়র এর অনুপস্থিতিতে পৌরসভার মেয়র হিসেবে দায়িত্ব পালন করা।
- ৩) স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ দ্বিতীয় তফসিলে নির্ধারিত বিভিন্ন দায়িত্ব ও কার্যাবলীর মাধ্যমে পৌরসভার কাছে, সময়ে সময়ে, নিম্নবর্ণিত বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি বা, ক্ষেত্রমত, সুপারিশ প্রদান করা, যথা:
 - ক) শিক্ষা প্রসারের জন্য জনগণকে উদ্বুদ্ধ করা এবং উক্ত শিক্ষা বিষয়ক কর্মসূচিতে সহায়তা প্রদান করা।
 - খ) মাধ্যমিক শিক্ষা এবং মাদ্রাসা শিক্ষা কার্যক্রমের মান উন্নয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলির কার্যক্রম তদারক ও এগুলোকে সহায়তা প্রদান করা।
 - গ) সন্ত্রাস, জঙ্গিবাদ, চুরি, ডাকাতি, চোরাচালান, মাদকদ্রব্য ব্যবহার ইত্যাদি অপরাধ সঙ্কটিত হওয়ার বিরুদ্ধে জনমত সৃষ্টিসহ জননিরাপত্তা সংক্রান্ত অন্যান্য প্রতিরোধমূলক কার্যক্রম গ্রহণ করা।
 - ঘ) পরিবেশ সংরক্ষণ ও উন্নয়নের লক্ষ্যে সামাজিক বনায়নসহ অন্যান্য কার্যক্রম

পৌরসভার কাউন্সিলরগণের (সংরক্ষিত আসন) দায়িত্ব ও কর্তব্য (বিধি-৫)

- ১) পৌরসভা কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত হয়ে এক বা একাধিক স্থায়ী কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করা এবং সংশ্লিষ্ট স্থায়ী কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা।
- ২) স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯-এর ধারা ৪০ এর বিধান অনুযায়ী প্যানেলের অগ্রাধিকার অনুসারে মেয়র এর অনুপস্থিতিতে পৌরসভার মেয়র হিসেবে দায়িত্ব পালন করা।
- ৩) স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯-এর দ্বিতীয় তফসিলে নির্ধারিত বিভিন্ন দায়িত্ব ও কার্যাবলীর মধ্য থেকে পৌরসভার কাছে, সময়ে সময়ে, নিম্ন উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি বা, ক্ষেত্রমত, সুপারিশ প্রদান করা, যথা:
 - স্বাস্থ্য, পুষ্টি, পরিবার পরিকল্পনা ও মাতৃমঙ্গল সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে
 - করণীয় ব্যবস্থা নিশ্চিত করা।
 - স্যানিটেশন ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থার উন্নতি সাধন এবং সুপেয় পানীয়
 - জলের সরবরাহ ব্যবস্থা সংক্রান্ত।
 - নারী ও শিশুদের সার্বিক অবস্থা উন্নয়নের লক্ষ্যে করণীয় চিহ্নিত করা,
 - প্রয়োজনীয় সহায়তা প্রদান এবং বাস্তবায়ন করা।

পৌরসভা কর্মকর্তা ও কর্মচারীর নিয়োগ, বদলি ও অপসারণ

- স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯-এর ধারা-৭২, ৭৩ ও ৭৪ অনুসরণে নির্ধারিত কর্তৃপক্ষ বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পৌরসভার কার্যাবলী সুচারু পে সম্পন্ন করার জন্য অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ করতে পারবে এবং চাকুরীবিধি অনুযায়ী তাদের বদলী ও অপসারণ করা যাবে। সরকার প্রণীত এ সংক্রান্ত 'পৌরসভার কর্মচারী বিধিমালা, ১৯৯২' এখনও পর্যন্ত কার্যকর রয়েছে-যা অনুসরণ করতে হবে।

পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা

- স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৭৪ উপধারা ১ অনুযায়ী নির্ধারিত শর্তে নির্দিষ্ট পৌরসভা জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা নিয়োগ করতে পারবেন এবং উক্ত ধারার উপধারা ৩ অনুযায়ী পৌরসভার অন্যান্য কর্মকর্তা কর্মচারী প্রধান নির্বাহী কর্মকর্তার অধীনস্থ হবেন।
- উল্লেখ্য, কোন পদের কর্মপরিধি পৌরসভার বিদ্যমান কার্যাবলীর আলোকে নির্ধারিত হবে এবং প্রয়োজনে
- এর পরিবর্তন ও পরিবর্ধন হতে পারে। সরকারের স্থানীয় সরকার বিভাগ হতে ২০০৫ সালে পৌরসভার কর্মকর্তা/কর্মচারীদের কর্মবিবরণী প্রস্তুত করে সরবরাহ করা হয়েছে যা পৌরসভার বিদ্যমান কার্যাবলীর
- আলোকে কর্মকর্তা/কর্মচারীদের কর্মবিবরণী প্রস্তুতিতে বেশ সহায়ক। উক্ত কর্মবিবরণীতে পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তাসহ ৩টি বিভাগের প্রধানগণের দায়িত্ব ও কর্তব্য উল্লেখ করা হয়েছে। উক্ত কর্মবিবরণীতে পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তার দায়িত্ব ও কর্তব্য নিম্নে উল্লেখ করা হ'ল।

প্রধান নির্বাহী কর্মকর্তার দায়িত্ব দায়িত্ব ও কর্তব্য

- প্রধান নির্বাহী কর্মকর্তা পৌরসভার মুখ্য নির্বাহী কর্মকর্তা। অন্যান্য সকল কর্মকর্তা-কর্মচারী তাঁর
- অধীনে ন্যস্ত থাকবেন।
- পৌরসভার আর্থিক লেনদেনসহ সকল নথি-পত্র তাঁর মাধ্যমে মেয়রের নিকট উপস্থাপিত হবে।
- তিনি পৌরসভার আয় ও আর্থিক ক্ষমতা বৃদ্ধিকল্পে মেয়রের সাথে যৌথভাবে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।
- তিনি পৌরসভার সকল বিভাগের কাজ তদারক করবেন এবং কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে
- প্রয়োজনীয় প্রশাসনিক নির্দেশনা প্রদান করবেন, শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ এবং গৃহীত ব্যবস্থাদি মেয়রকে অবহিত করবেন। তবে বিভাগীয় মামলার ক্ষেত্রে মেয়রের পূর্বনুমতি গ্রহণ করতে হবে
- তিনি সকল বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের কর্মক্ষমতা বৃদ্ধিকল্পে প্রয়োজনীয় প্রশিক্ষণের

পৌরসভার ৩টি বিভাগের সকল কার্যাবলী

- প্রশাসনিক বিভাগের কার্যাবলী
- পৌরসভার সচিব প্রশাসন বিভাগের প্রধান হিসেবে নির্বাহী কর্মকর্তার অধীনে থেকে দায়িত্ব পালন করবেন এবং প্রশাসন বিভাগের সকল শাখার সকল কর্মচারী পদ অনুযায়ী সচিবের তত্ত্বাবধানে থেকে এ বিভাগে দায়িত্ব পালন করবেন। সচিব প্রশাসন বিভাগের আওতাধীন শাখাসমূহের দৈনন্দিন কার্যক্রম পরিদর্শন, তদারক ও মূল্যায়ন করবে এবং কাজের গুণগত মান উন্নত করতে প্রয়োজনীয় পরামর্শপ্রদানসহ অগ্রগতি নিশ্চিত করেন। তিনি প্রশাসন বিভাগের শাখাসমূহের কর্মকর্তা-কর্মচারীদের পরবর্তী বছরের বার্ষিক গোপনীয় অনুবেদন লিখবেন এবং প্রতিবছরের জন্য নির্বাহী কর্মকর্তার কাছে পেশ করবেন। তাছাড়া সরকার প্রশাসনিক বিভাগের অধীনস্থ কর্মচারীদের কর্মক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের প্রয়োজনীয় যাচাই করবেন এবং তদনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করবেন। তিনি প্রধান নির্বাহী কর্মকর্তার অবর্তমানে প্রতিবছরের জন্য সরাসরি পৌরসভার মেয়রের নিকট পেশ করবেন। এ বিভাগের নমুনা কার্যাবলী নিচে উল্লেখ করা হ'ল:

- পৌরসভার সকল সম্পত্তির তালিকা (ইনভেন্টরী) সহ দলিলাদি সংরক্ষণ করা।
- পৌর পরিষদের সভার আলোচ্যসূচি প্রস্তুত, আমন্ত্রণপত্র তৈরি (নোটিশ ইস্যু) ও বিতরণ এবং কার্যবিবরণী প্রস্তুত, বিতরণ ও সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা।
- আর্থিক কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন, বিবরণী, প্রস্তুত ইত্যাদি উক্ত বিভাগ হতে সরাসরি প্রধান নির্বাহী কর্মকর্তার নিকট উপস্থাপন করা।
- পৌরসভার আওতাধীন ইজারায়োগ্য হাট-বাজার, জল-মহাল ইত্যাদি সংশ্লিষ্ট নীতিমালা
- অনুসারে যথাসময়ে ইজারা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করা।
- পৌরসভার কর ইত্যাদি আদায় কার্যক্রমসহ বিভিন্ন কার্যক্রমকে গতিশীলকরণের ব্যবস্থা
- নেয়া এবং সকল ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা।
- সকল কর্মকর্তা-কর্মচারীর চাকুরীর রেকর্ডসমূহ, ব্যক্তিগত নথি ইত্যাদি সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা।
- পৌরসভার সকল বিভাগের কর্মচারীর অফিসে উপস্থিতি তদারক করা এবং সময়ে সময়ে প্রধান নির্বাহী কর্মকর্তাকে অবহিত করা।

প্রকৌশল বিভাগের কার্যাবলী

- তত্ত্বাবধায়ক প্রকৌশলী অথবা নির্বাহী প্রকৌশলী, নির্বাহী কর্মকর্তার অধীনে প্রকৌশল বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব পালন করবেন এবং অন্যরূপ কোন নির্দেশনা না থাকলে পৌরসভার সকল টেন্ডার কমিটির সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।
প্রকৌশল বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে পরবর্তী বছরের প্রথম তিন মাসের মধ্যে তাঁর অধীনস্থ সকল কর্মকর্তা-কর্মচারীর পূর্ববর্তী বছরের বার্ষিক গোপনীয় অনুবেদন লিখবেন এবং প্রতিস্বাক্ষরের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তার নিকট পেশ করবেন।
- এ বিভাগের নমুনা কার্যাবলী নিচে উল্লেখ করা হ'ল:

- পৌরসভার অককাঠামো ও সার্ভিসসমূহের নির্মাণ ও রক্ষণাবেক্ষণের উপর প্রচলিত ম্যনুয়েল, নির্দেশিকা সংগ্রহ করা এবং তদনুসারে ব্যবস্থা গ্রহণ করা।
- পৌরসভার বিভিন্ন উন্নয়ন প্রকল্পের ডিজাইন ও প্রাক্কলন প্রস্তুতপূর্বক পরীক্ষা-নিরীক্ষা করে তা যথাযথ কর্তৃপক্ষের কাছে অনুমোদনের জন্য উপস্থাপন করা।
- দরপত্রসমূহ যথাসময়ে খোলা, তুলনামূলক বিবরণী প্রস্তুতপূর্বক দরপত্র (টেডার) মূল্যায়ন কমিটিতে পেশ করা এবং দরপত্র মূল্যায়ন কমিটির সভার সুপারিশ প্রস্তুতপূর্বক অনুমোদনের জন্য যথাসময়ে উপস্থাপন করা।
- পৌরসভার সকল অবকাঠামোর তালিকা (ইনভেন্টরী), ডাটাবেজ, ম্যাপ, মহাপরিকল্পনা (মাস্টারপ্ল্যান), নালা, নর্দমা (ড্রেনেজ প্ল্যান) ও পয়ঃনিষ্কাশন পরিকল্পনা ইত্যাদি প্রস্তুত করা।
- পৌরসভার পঞ্চবার্ষিক ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রস্তুত করা ও অনুমোদনের জন্য পেশ করা

স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পরিচ্ছন্নতা বিভাগের কার্যাবলী

- পৌরসভার স্বাস্থ্য কর্মকর্তা পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তার তত্ত্বাবধানে থেকে পৌরসভার স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পরিচ্ছন্নতা বিভাগের প্রধান কর্মকর্তা হিসেবে তাঁর দায়িত্ব পালন করবেন। তিনি তাঁর নিয়ন্ত্রণাধীন শাখাসমূহের কর্মচারীদের পূর্ববর্তী বছরের বার্ষিক গোপনীয় অনুবেদন লিখে প্রধান নির্বাহী কর্মকর্তার নিকট পেশ করবেন। এ বিভাগের নমুনা কার্যাবলী নিচে উল্লেখ করা হ'ল:

- ১) স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পরিচ্ছন্নতা বিভাগের কর্মচারীদের নিয়ন্ত্রণ, দায়িত্ব বন্টন, তত্ত্বাবধান ও প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা।
- ২) জেলায়/উপজেলায় কর্মরত স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাদের সাথে সমন্বয় সাধনক্রমে কর্মপরিকল্পনা প্রনয়ন করা এবং উক্ত পরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা।
- ৩) পৌর এলাকায় সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই)সহ প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যার কর্মসূচি বাস্তবায়নে উদ্যোগ গ্রহণ করা।
- ৪) পৌর এলাকায় পরিবেশ ও পরিচ্ছন্নতা সংরক্ষণ এবং হোটেল, রেসেডার্স, হাট-বাজারের খাদ্যের মান নিয়ন্ত্রণের জন্য ব্যবস্থা নিশ্চিত করা।
- ৫) স্যানিটেশন কর্মসূচি বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ এবং স্থানীয় জনসাধারণকে এ কাজে উদ্বুদ্ধ করা।
- ৬) স্বাস্থ্যসম্মত পায়খানা উৎপাদন ও বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ এবং মাসিক প্রতিবেদন পৌর কর্তৃপক্ষসহ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও অন্যান্য সমজাতীয় সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নিকট প্রেরণ করা।
- ৭) কসাইখানা পরিদর্শন করা এবং জবাইকৃত পশুর মাংসের মান নিয়ন্ত্রণের ব্যবস্থা করা।

পৌরসভার নির্বাচিত প্রতিনিধি ও কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যকার সম্পর্ক

- স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৭৮নং ধারায় পৌরসভার নির্বাচিত প্রতিনিধি ও কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যকার সম্পর্ক বিষয়ে দিক-নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনা অনুযায়ী পরিষদের নিয়ন্ত্রণাধীন কর্মকর্তা/কর্মচারীগণের আইনগত অধিকার ও পেশাগত স্বাধীনতা নিশ্চিত করার লক্ষ্যে সরকার, নির্বাচিত প্রতিনিধি এবং পরিষদের নিয়ন্ত্রণাধীন বা পরিষদের উপর ন্যস্ত কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যে সম্পর্ক নির্ধারণ বিষয়ক একটি আচরণ-বিধি প্রণয়ন করবে। পরিষদের যেকোন সভায় উপস্থিত কর্মকর্তাদের মতামত সভার কার্যবিবরণীতে উলেখ্যকাবে। এছাড়া পরিষদের নির্বাচিত প্রতিনিধি এবং পরিষদের ন্যস্ত কর্মকর্তা/কর্মচারীগণ একে অপরের প্রতি সম্মান প্রদর্শন করবেন এবং যেকোন প্রকার অশোভন আচরণ পরিহার করবেন। আরও উলেখ্যকাবে যে, সরকার নির্বাচিত প্রতিনিধিদের আচরণবিধি-বর্হিভূত যেকোন অভিযোগ বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। সর্বোপরি পৌরসভায় নির্বাচিত কোন জনপ্রতিনিধি কোন কর্মকর্তা/কর্মচারীকে কোন কাজ সম্পাদনের জন্য মৌখিক নির্দেশ দিলে উক্ত কাজটি বাস্তবায়নের পূর্বে লিখিতভাবে জানাতে হবে।

ধন্যবাদ

পৌরসভার স্থায়ী কমিটিসমূহের ভূমিকা

উপস্থাপনায়

শেখ মফিজুল ইসলাম
পরিচালক (কর্মসূচী ও মূল্যায়ন)

এবং
মনিকা মিত্র
গবেষণা কর্মকর্তা

1

পৌরসভার বিভিন্ন স্থায়ী কমিটি ও তাদের কার্যাবলী

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৫৫ (১) নং ধারা অনুযায়ী ১০টি স্থায়ী কমিটি এবং ধারা ৫৫ (২) অনুযায়ী অতিরিক্ত স্থায়ী কমিটি গঠনের বিধান রাখা হয়েছে।

(১) পৌরসভা গঠন হবার পর প্রথম সভায় অথবা তৎপরবর্তী কোন সভায় কর্মপরিধি ও আড়াই বৎসর মেয়াদ নির্ধারণ করে বিধি অনুযায়ী নিম্নবর্ণিত স্থায়ী কমিটি গঠন করবে, যথা :

- (ক) সংস্থাপন ও অর্থ;
- (খ) কর নিরূপণ ও আদায়;
- (গ) হিসাব ও নিরীক্ষা;
- (ঘ) নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন;

2

পৌরসভার বিভিন্ন স্থায়ী কমিটি ও তাদের কার্যাবলী

- (ঙ) আইন-শৃঙ্খলা ও জননিরাপত্তা;
- (চ) যোগাযোগ ও ভৌত অবকাঠামো;
- (ছ) মহিলা ও শিশু;
- (জ) মৎস্য ও পশু সম্পদ;
- (ঝ) তথ্য ও সংস্কৃতি; এবং
- (ঞ) বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ

3

(২) উপরোক্ত স্থায়ী কমিটি ব্যতীত পৌরসভা প্রয়োজনে অতিরিক্ত নিম্নোক্ত স্থায়ী কমিটি গঠন করতে পারবে [ধারা ৫৫ (২)]। যথা :-

- বেসরকারী সংস্থার সহিত সমন্বয় কমিটি;
- দুর্যোগ ব্যবস্থাপনা;
- বাজার ব্যবস্থাপনা;
- নারী উন্নয়ন;
- দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন
- স্বাস্থ্য, পানি ও স্যানিটেশন;
- আবর্জনা অপসারণ ও হস্তান্তর ইত্যাদি।

4

- (১) পরিষদের স্থায়ী কমিটিতে সর্বাধিক ৫ জন সদস্য থাকবেন এবং উক্ত কমিটির সভাপতি ও অন্য তিন (৩) জন সদস্য কাউন্সিলরগণের মধ্য হতে নির্বাচিত হবেন।
- (২) কোন কাউন্সিলর পরিষদের সিদ্ধান্ত ব্যতীত একের অধিক কমিটির সভাপতি হতে পারবে না।
- (৩) প্রতিটি স্থায়ী কমিটিতে অনূ্যন শতকরা ৪০ ভাগ মহিলা সদস্য রাখা যাবে।

5

- (৪) যে সকল পৌরসভার নির্বাচিত সদস্য সংখ্যার স্বল্পতাহেতু এ ধারায় প্রণীত সকল বিষয়ে পৃথক পৃথক স্থায়ী কমিটি কার্যকর করা সম্ভব হবে না, সে সকল পৌরসভার ক্ষেত্রে একাধিক বিষয়ে একটি স্থায়ী কমিটি গঠন করা যাবে [ধারা ৫৫ (৪)]। যেমন :- (ক) মৎস্য ও পশু সম্পদ এবং দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী কমিটি (খ) বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ এবং বাজার ব্যবস্থাপনা স্থায়ী কমিটি (গ) মহিলা ও শিশু, নারী উন্নয়ন এবং দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন স্থায়ী কমিটি ইত্যাদি [ধারা ৫৫ (৪)]।

6

(৫) সকল স্থায়ী কমিটিতে মেয়র পদাধিকার বলে সদস্য থাকবেন এবং মেয়র আইন-শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি থাকবেন।

(৬) স্থায়ী কমিটির সভাপতি অথবা সদস্য লিখিতভাবে কমিটির পদ হইতে পদত্যাগ করতে পারবেন এবং এই সংক্রান্ত পদত্যাগপত্র মেয়রকে সম্বোধন করে দিতে হবে এবং এইরূপ পত্র প্রাপ্তির তারিখ হতেই পদত্যাগ কার্যকর হবে।

7

(৭) কোন স্থায়ী কমিটির সভাপতি বা সদস্য অনিবার্য কারণবশত: দুই মাসের অধিক অনুপস্থিত থাকবার সম্ভাবনা থাকলে পরিষদ উহার সভায় অন্য কোন কাউন্সিলরকে উক্ত স্থায়ী কমিটির সংশ্লিষ্ট পদের দায়িত্ব প্রদানের জন্য সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।

(৮) স্থায়ী কমিটি ইহার কাজের সুবিধার্থে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ কোন একজন ব্যক্তিকে কমিটির সদস্য হিসাবে অন্তর্ভুক্ত (CO-OPT) করতে পারবেন।

8

(৯) স্থায়ী কমিটির বৈঠকের সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে কমিটিতে অন্তর্ভুক্ত সদস্য (co-opt member) এর কোন ভোটাধিকার থাকবে না।

9

পৌরসভার স্থায়ী ও অতিরিক্ত স্থায়ী কমিটিসমূহের কার্যাবলী

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৫৬(১)
নং ধারা অনুযায়ী পৌরসভার স্থায়ী কমিটির কার্যাবলী
নিম্নরূপঃ

(১) স্থায়ী কমিটির কার্যাবলী উপ-আইন দ্বারা নির্ধারিত হবে, তবে উপ-আইন প্রণীত না হওয়া পর্যন্ত পরিষদের সাধারণ সভায় স্থায়ী কমিটির কার্যাবলী নির্ধারণ করা যাবে।

10

(২) স্থায়ী কমিটির সুপারিশ পরিষদের পরবর্তী সভায় বিবেচিত হবে এবং কোন সুপারিশ পৌর পরিষদে গৃহীত না হলে তার যথার্থতা ও কারণ লিখিতভাবে স্থায়ী কমিটিকে জানাতে হবে।

(৩) স্থায়ী কমিটির সকল কার্যধারা পরিষদের সাধারণ সভার অনুমোদন সাপেক্ষে চূড়ান্ত হবে।

11

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৫৭ এবং ৫৮ অনুসারে এবং এ সংক্রান্ত উপ আইনের বিধান অথবা পৌর পরিষদের সিদ্ধান্ত অনুসরণ পূর্বক স্থায়ী কমিটি যথাসময়ে সভা অনুষ্ঠান, কার্যবিবরণী প্রণয়ন ও সংরক্ষণ করবে। এজন্য নিম্নোক্ত বিধানাবলী অনুসরণ করতে হবে :

- কোন বিশেষজ্ঞ ব্যক্তি বা নাগরিক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে স্থায়ী কমিটির সভায় উপস্থিত হয়ে মতামত প্রদান করতে পারবেন।

12

- কমিটির কোন সদস্যের আর্থিক বা লাভজনক কর্মকাণ্ডে সংশ্লিষ্টতা থাকলে ঐ সকল বিষয়ে উক্ত সদস্য স্থায়ী কমিটির সভায় অংশ গ্রহণ করতে পারবে না।
- স্থায়ী কমিটির সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ কার্যবিবরণী আকারে লিপিবদ্ধ ও সংরক্ষণ করতে হবে।
- স্থায়ী কমিটির সভায় উপস্থিত প্রত্যেক কাউন্সিলর অথবা সদস্যের স্বাক্ষর গ্রহণ করে সংরক্ষণ করতে হবে এবং লিপিবদ্ধ কার্যবিবরণী মেয়র বা সভাপতি কর্তৃক স্বাক্ষরিত হবে।
- সভা অনুষ্ঠানের পরবর্তী অনধিক চৌদ্দ কার্যদিবসের মধ্যে কার্যবিবরণী লিপিবদ্ধ করে সংরক্ষণ করতে হবে এবং যে কোন ব্যক্তি নির্ধারিত ফিস পরিশোধ সাপেক্ষে কার্যবিবরণীর কপি সংগ্রহ করতে পারবেন।

13

ধন্যবাদ

14



স্ট্রেন্ডেনিং পৌরসভা গভার্নেন্স প্রজেক্ট (এসপিজিপি)

পৌরসভা পরিচালন সম্পর্কিত মৌলিক বিষয়ের উপর ওরিয়েন্টেশন কোর্স
সেশনঃ ৮ আর্থিক ব্যবস্থাপনা, কর আরোপ ও বাজেট প্রণয়ন

সময়কাল: ২৭ এপ্রিল, ২০১৬

স্থান: ৪ জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ২৯ আপারপাও, শের-ই-বাংলা নগর, ঢাকা

আর্থিক ব্যবস্থাপনা

আর্থিক ব্যবস্থাপনা হলো অর্থ ও সম্পদ সংগ্রহ ও ব্যবহারের সুষ্ঠু পরিকল্পনা, পরিচালনা, পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ করা।

আর্থিক ব্যবস্থাপনার উদ্দেশ্য এবং মেয়র ও কাউন্সিলরের ভূমিকা

আর্থিক ব্যবস্থাপনার উদ্দেশ্য

- ▶ পৌরসম্পদের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে নাগরিক সেবা প্রদান করা।
- ▶ লেনদেনে স্বচ্ছতা জবাবদিহিতা নিশ্চিতকরণ।
- ▶ সর্বোপরি প্রতিষ্ঠানের অংশীজনদের আস্থা সুদৃঢ় করা।

আর্থিক ব্যবস্থাপনায় করণীয়

করণীয় বিষয়াবলী:

- ১) সম্পদ সংগ্রহ করা: নিজস্ব ও সরকারী, উন্নয়ন সংস্থা/প্রকল্প, ঋণ গ্রহণ ইত্যাদি এজেন্টের পরিকল্পনা গ্রহণ (বাজেট প্রণয়ন)
- ২) বিনিয়োগ করা: অবকাঠামো ও সেবা প্রদান সংক্রান্ত বিষয়। কর্ম পরিবেশ নিশ্চিত করে নিয়মাবলী/নির্দেশিকা অনুসরণ করা ; সময়মত এবং ক্রমানুযায়ী ব্যবস্থাপনা করা
- ৩) কাজের অগ্রগতি পর্যালোচনা করা (মনিটরিং)
- ৪) নিয়ন্ত্রণ করা (কন্ট্রোলিং)

আর্থিক ব্যবস্থাপনা

- ▶ আর্থিক ব্যবস্থাপনার উদ্দেশ্য এবং মেয়র ও কাউন্সিলরের ভূমিকা
- ▶ আর্থিক ব্যবস্থাপনা এবং পৌরকর নিরূপনে “কর নিরূপন ও আদায় ” এবং “হিসাব ও নিরীক্ষা” বিষয়ক স্থায়ী কমিটির ভূমিকা
- ▶ পৌরসভার আর্থিক কাঠামো
- ▶ অর্থের উৎস
- ▶ পৌরকর নির্ধারণ ও আদায় পদ্ধতি
- ▶ অন্যান্য উৎস খাতে কর/রেট/ফিস/টোল নির্ধারনে বিধি ও পদ্ধতি

আর্থিক ব্যবস্থাপনার উদ্দেশ্য এবং মেয়র ও কাউন্সিলরের ভূমিকা

- ▶ মেয়রের ভূমিকা
 - ▶ সকল ট্যাক্স, রেইট, টোল, ফিস ও অন্যান্য পাওনা সংগ্রহ ও আদায়ের ব্যবস্থা গ্রহণ;
 - ▶ পৌরসভা কর্তৃক নির্ধারিত সীমার অনুমোদিত বাজেটের যে কোন বিষয়ের ব্যয় নির্বাহ;
 - ▶ পৌরসভার পক্ষে লাইসেন্স, পারমিট এবং নোটিশ ইস্যুকরণ;
- কাউন্সিলরের ভূমিকা
- ▶ পরিষদের মাসিক সভায় আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত সকল বিষয় অবগতির পরে মতামত প্রদান;
 - ▶ “কর নিরূপণ ও আদায় ” এবং “হিসাব ও নিরীক্ষা” সংক্রান্ত স্থায়ী কমিটিতে অন্তর্ভুক্ত কাউন্সিলরগণ তাদের কার্যপরিধি অনুযায়ী কার্য সম্পাদন করবেন;
 - ▶ কমিটির সদস্য হিসেবে আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত সকল বিষয় তদারকি করবেন;

আর্থিক ব্যবস্থাপনা এবং পৌরকর নিরূপনে “কর নিরূপন ও আদায় ” এবং “হিসাব ও নিরীক্ষা” বিষয়ক স্থায়ী কমিটির ভূমিকা

কর নিরূপন ও আদায় বিষয়ক স্থায়ী কমিটির ভূমিকা

- ▶ পৌরকর, রেইট, টোল, ফিস ও অন্যান্য কর আরোপের কৌশল নির্ধারণ করা;
- ▶ আদায়ের কৌশল নির্ধারণ করা;
- ▶ কর আরোপের ও আদায়ের কৌশল নির্ধারনে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের উৎসাহ প্রদান করা;
- ▶ জনসাধারণকে কর প্রদানে উদ্বুদ্ধ করা;

হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির ভূমিকা

- ▶ আয়-ব্যয়ের হিসাবপত্র সংরক্ষণে বিধি বিধান অবলম্বনে পরিচালনার কাজে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের উৎসাহ প্রদান করা;
- ▶ আয়-ব্যয়ের হিসাবপত্র যথাযথভাবে সংরক্ষণে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের উৎসাহ প্রদান করা ।

আর্থিক ব্যবস্থাপনা এবং পৌরকর নিরূপনে “কর নিরূপন ও আদায় ” এবং “হিসাব ও নিরীক্ষা” বিষয়ক স্থায়ী কমিটির ভূমিকা

কর নিরূপন ও আদায় বিষয়ক স্থায়ী কমিটির ভূমিকা

- ১) কর, উপ-কর, রেইট, টোল, ফিস ও অন্যান্য কর আরোপ এবং আদায়ের ক্ষেত্রে বিভিন্ন কৌশল অবলম্বনের সুপারিশ করা;
- ২) সরকারি নীতিমালার সাথে সঙ্গতিবিধান করিয়া কর আরোপ বিধিমালা প্রয়োগ করার জন্য সংশ্লিষ্টদের পরামর্শ প্রদান করা;
- ৩) কর অব্যাহতি, কর রহিতকরণ ও কর চূড়ান্তকরণের বিষয়ে মতামত প্রদান করা;
- ৪) কর আদায় এবং কর নির্ধারণ কাজে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের উৎসাহ প্রদান করা;
- ৫) সময়মত কর পরিশোধে জনসাধারণকে উদ্বুদ্ধ করা;

আর্থিক ব্যবস্থাপনা এবং পৌরকর নিরূপনে “কর নিরূপন ও আদায় ”
এবং “হিসাব ও নিরীক্ষা” বিষয়ক স্থায়ী কমিটির ভূমিকা

কর নিরূপন ও আদায় বিষয়ক স্থায়ী কমিটির ভূমিকা

- ৬) অন্তর্বর্তী কর নির্ধারণ কার্যক্রম অব্যাহত রাখার কাজে সংশ্লিষ্ট ব্যক্তিদের সহায়তা করা ও দিক নির্দেশনা প্রদান করা;
- ৭) কর সংক্রান্ত ডাটাবেইজ তৈরী ও হালনাগাদ করার কাজে সংশ্লিষ্ট ব্যক্তিদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা;
- ৮) কর আদায় কার্যক্রম মনিটরিং করা এবং আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণ ও আদায় পরিস্থিতি পর্যালোচনা করা;
- ৯) কর সংক্রান্ত আপত্তি শুনানি গ্রহণপূর্বক দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করা;
- ১০) কর প্রদান ও সেবা গ্রহণ বিষয়ে পৌরসভা ও জনগনের মাঝে সেতুবন্ধন হিসাবে কাজ করা;

আর্থিক ব্যবস্থাপনা এবং পৌরকর নিরূপনে “কর নিরূপন ও আদায় ”
এবং “হিসাব ও নিরীক্ষা” বিষয়ক স্থায়ী কমিটির ভূমিকা

কর নিরূপন ও আদায় বিষয়ক স্থায়ী কমিটির ভূমিকা

- ১১) রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে করের নতুন নতুন উৎস খোঁজকরণ;
- ১২) কর নিরূপণ ও আদায় কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ করা;
- ১৩) পৌরসভার নিজস্ব তহবিল দ্বারা কর আদায়ের বিষয়ে কম্পিউটার সফটওয়্যার চালু করা এবং অব্যাহত রাখা;
- ১৪) কমিটি বিশেষজ্ঞ সদস্য হিসাবে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে কো-অপ্ট করিতে পারিবে;
- ১৫) অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি।

আর্থিক ব্যবস্থাপনা এবং পৌরকর নিরূপনে “কর নিরূপন ও আদায়” এবং “হিসাব ও নিরীক্ষা” বিষয়ক স্থায়ী কমিটির ভূমিকা

কর নিরূপন ও আদায় বিষয়ক স্থায়ী কমিটির ভূমিকা

- ▶ পৌরকর, রেইট, টোল, ফিস ও অন্যান্য কর আরোপের কৌশল নির্ধারণ করা;
- ▶ আদায়ের কৌশল নির্ধারণ করা;
- ▶ কর আরোপের ও আদায়ের কৌশল নির্ধারনে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের উৎসাহ প্রদান করা;
- ▶ জনসাধারণকে কর প্রদানে উদ্বুদ্ধ করা;

হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির ভূমিকা

- ▶ আয়-ব্যয়ের হিসাবপত্র সংরক্ষণে বিধি বিধান অবলম্বনে পরিচালনার কাজে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের উৎসাহ প্রদান করা;
- ▶ আয়-ব্যয়ের হিসাবপত্র যথাযথভাবে সংরক্ষণে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের উৎসাহ প্রদান করা।

পৌরসভা তহবিলের উৎস

অভ্যন্তরীণ উৎস	সরকারী উৎস	অন্যান্য উৎস
পৌরকর, উপকর, রেইট, টোল, ফিস ও অন্যান্য অর্থ	বার্ষিক উন্নয়ন কর্মসূচী	ঋণ গ্রহণ
সম্পত্তির খাজনা বা তা থেকে প্রাপ্ত অর্থ	প্রকল্প অনুদান	
পৌরসভার কার্য সম্পাদনের জন্য সমুদয় অর্থ	প্রকল্প সহায়তা	
কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত দানের অর্থ		
পৌরসভার অধীনে পরিচালিত ট্রাস্ট হইতে (যদি থাকে) জমাকৃত সমুদয় অর্থ		
বিনিয়োগ হইতে প্রাপ্ত লভ্যাংশ		

পৌরসভার তহবিলের সংরক্ষণ

পৌরসভা তহবিলের জমাকৃত টাকা সরকারি ট্রেজারির অর্থ পরিচালনাকী ব্যাংকে জমা রাখিতে পারিবে।

তহবিলের জমাকৃত অর্থ ব্যয়

পৌরসভার তহবিলে সময়ে সময়ে জমাকৃত অর্থ নিম্নরূপ অগ্রাধিকার ভিত্তিতে প্রয়োগ করিতে হইবে:-

- ▶ পৌরসভার কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ও ভাতা প্রদান
- ▶ পৌরসভার তহবিলের উপর আরোপিত ব্যয় মিটানো
- ▶ পূর্ব অনুমোদনক্রমে, পৌরসভা তহবিলের উপর আরোপিত যথোপযুক্ত ব্যয় মিটানো
- ▶ সরকার কর্তৃক ঘোষিত পৌরসভা তহবিলের উপর আরোপিত ব্যয় মিটানো।

পৌরসভার সম্পত্তি

- ▶ পৌরসভার মালিকানাধীন অথবা উহার উপর ন্যস্ত সম্পত্তির ব্যবস্থাপনা, রক্ষণাবেক্ষণ, উন্নয়নের জন্য বিধান করিতে পারিবে ;
- ▶ (সম্পদের তালিকা/রেজিস্টার, নাম্বারিং ইত্যাদি রাখা)

দায়দেনা আদায়

- ▶ পৌরসভার মেয়র, কাউন্সিলর, পৌরসভার সচিবসহ অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী এবং পৌরসভার প্রশাসনিক কাজে দায়িত্বপ্রাপ্ত অথবা পৌরসভার পক্ষে কর্মরত প্রত্যেক ব্যক্তি তাহার অবহেলা অথবা অসদাচরণের প্রত্যক্ষ পরিণামে পৌরসভার কোন অর্থ অথবা ইহার মালিকানাধীন সম্পত্তির ক্ষতি, অপচয় অথবা অপব্যবহারের জন্য দায়ী বলিয়া প্রমাণিত হইলে তাহা সরকারি দাবি হিসাবে আদায়যোগ্য হইবে।
- ▶ বকেয়া কর আদায়ের ব্যবস্থা গ্রহণ
- ▶ বকেয়া বিল পরিশোধের ব্যবস্থা নেয়া

চুক্তি

পৌরসভা কর্তৃক অথবা ইহার পক্ষে সম্পাদিত সকল চুক্তি—

(ক) লিখিত হইবে এবং পৌরসভার নামে সম্পাদিত হইয়াছে বলিয়া প্রকাশিত হইবে ;

(খ) সম্পাদনের পূর্বে পরিষদ কর্তৃক অনুমোদিত হইবে ; এবং

(গ) চুক্তি সম্পাদনের পর অনুষ্ঠিত পরবর্তী সভায় মেয়র কর্তৃক তাহা পরিষদকে অবহিত করিতে হইবে ।

তহবিল পরিচালনা

পৌরসভা কর্তৃক গঠিত তহবিল :—

(ক) কর্মকর্তা কর্মচারীদের জন্য ভবিষ্যৎ তহবিল

(খ) কর্মকর্তা কর্মচারীদের জন্য আনুতোষিক তহবিল

(গ) স্থায়ী সম্পদের জন্য অবচয় তহবিল, ইত্যাদি ।

আর্থিক মনিটরিং (চলমান)

আর্থিক কার্যক্রম (অর্থ সংগ্রহ সংক্রান্ত)		মনিটরিং
ক্রমিক	নাম	সময়
১	বাজেট প্রণয়ন	মার্চ থেকে জুন এর মধ্যে প্রণয়ন ও অনুমোদন
	বাজেট পর্যালোচনা	প্রতি ৩ (তিন) মাস পর পর
২	কর নিরূপণ	প্রতি ৫ (পাঁচ) বছর পর পূর্ণ:মূল্যায়ন
২.১	পূর্ণ:মূল্যায়ন	প্রতি ৫ (পাঁচ) বছর পর
২.২	অন্তর্বর্তী মূল্যায়ন	তিন মাস/ছয় মাস/ নয় মাস/ বছর
৩	কর আদায়	তিন মাস/ছয় মাস/ নয় মাস/ বছর
৪	ফিস আদায়	তিন মাস/ছয় মাস/ নয় মাস/ বছর
৫	ইজারা প্রদান	তিন মাস/ছয় মাস/ নয় মাস/ বছর
৬	ভাড়া প্রদান	তিন মাস/ছয় মাস/ নয় মাস/ বছর
৭	অনুদান সংগ্রহ	তিন মাস/ছয় মাস/ নয় মাস/ বছর
৮	অন্যান্য	তিন মাস/ছয় মাস/ নয় মাস/ বছর
৯	কর/ফিস হার নির্ধারণ	কর হার প্রতি পাঁচ বছর পর/ প্রতি বছর
১০	সরকারী অনুদান সংগ্রহ	তিন মাস/ছয় মাস/ নয় মাস/ বছর
১১	প্রকল্প সহায়তা	তিন মাস/ছয় মাস/ নয় মাস/ বছর
১২	বিশেষ অনুদান সংগ্রহ	তিন মাস/ছয় মাস/ নয় মাস/ বছর
১৩	ঋণ গ্রহণ	তিন মাস/ছয় মাস/ নয় মাস/ বছর

আর্থিক মনিটরিং(চলমান)

আর্থিক কার্যক্রম (অর্থ ব্যবহার সংক্রান্ত)		মনিটরিং
ক্রমিক	নাম	সময়
১	বাজেট প্রণয়ন	মার্চ থেকে জুন এর মধ্যে প্রণয়ন ও অনুমোদন
	বাজেট পর্যালোচনা	প্রতি ৩ (তিন) মাস পর পর
২	সংস্থাপন ব্যয়	তিনমাস/ছয় মাস/ নয় মাস/ বছর
৩	শিক্ষা ব্যয়	তিনমাস/ছয় মাস/ নয় মাস/ বছর
৪	কর আদায় সংক্রান্ত খরচ	তিনমাস/ছয় মাস/ নয় মাস/ বছর
৫	অনুদান	তিনমাস/ছয় মাস/ নয় মাস/ বছর
৬	ত্রাণ	তিনমাস/ছয় মাস/ নয় মাস/ বছর
৭	অন্যান্য	তিনমাস/ছয় মাস/ নয় মাস/ বছর
	উন্নয়ন খাতে ব্যয়	
৮	(অবকাঠামো উন্নয়ন ব্যয়)	তিনমাস/ছয় মাস/ নয় মাস/ বছর
৯	তহবিল সংক্রান্ত	তিনমাস/ছয় মাস/ নয় মাস/ বছর
১০	ঋণ পরিশোধ	তিনমাস/ছয় মাস/ নয় মাস/ বছর
১১	বেকয়া বিল পরিশোধ (বিদ্যুৎ)	তিনমাস/ছয় মাস/ নয় মাস/ বছর

আর্থিক মনিটরিং

আর্থিক দক্ষতা :		
১৩	গড় হোল্ডিং কর নির্ণয়	প্রতি হোল্ডিং /প্রতি বছর
১৪	কর আদায়ের হার নির্ণয়	প্রতি বছর
১৫	উন্নয়ন খরচের হার	
	নিজস্ব : সরকারি	প্রতি বছর

আর্থিক নিয়ন্ত্রন

- ▶ বিধি/নিয়মাবলী অনুসরণ
- ▶ কর্মমূল্যায়ন :শান্তি/পুরস্কার
- ▶ তদন্ত
- ▶ নিরীক্ষা/অডিট



ধন্যবাদ



স্ট্রেন্ডেনিং পৌরসভা গভার্নেন্স প্রজেক্ট (এসপিজিপি)

পৌরসভা পরিচালন সম্পর্কিত মৌলিক বিষয়ের উপর ওরিয়েন্টেশন কোর্স
সেশনঃ ৮ কর আরোপ

সময়কাল: ২৭ এপ্রিল, ২০১৬
স্থান : জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ২৯ আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা

পৌর কর নির্ধারণ ও আদায় পদ্ধতি

পৌর কর নির্ধারণ ও আদায় পদ্ধতি

২.২.১ হোল্ডিং কর পূর্ণ:নির্ধারণের সার্বিক প্রক্রিয়া নিম্নরূপ

- ১) পূর্ণ:নির্ধারণের একটি প্রস্তাব পেশ ও সরকারের অনুমোদন গ্রহণ;
- ২) পূর্ণ:নির্ধারণ সম্পর্কে প্রচার চালানো;
- ৩) হোল্ডিং সম্পর্কিত তথ্য সংগ্রহের জন্য অধিবাসীদের মধ্যে তথ্য সংগ্রহ ফরম বিতরণ করা;
- ৪) অধিবাসীদের নিকট থেকে হোল্ডিং সম্পর্কিত তথ্য সংগ্রহ করা;
- ৫) ওয়ার্ড ভিত্তিক কর নির্ধারণ তালিকায় প্রতিটি হোল্ডিং এর তথ্য অন্তর্ভুক্ত করা;
- ৬) কর নির্ধারণ তালিকা পর্যালোচনা করে দেখা;
- ৭) পূর্ণ:নির্ধারণ এর ফলাফল চূড়ান্তকরণ;
- ৮) ওয়ার্ড ভিত্তিক কর নির্ধারণ তালিকায় চূড়ান্ত কর নির্ধারণের ফলাফল অন্তর্ভুক্তকরণ।

3

পৌরকর নির্ধারণ ও আদায় পদ্ধতি

পৌরকর নির্ধারণ

কর নির্ধারণ/ পূর্ণ: কর নির্ধারণ(Assessment/Re-Assessment) প্রতি পাঁচ বছর অন্তর;
অন্তর্বর্তীকালীন কর নির্ধারণ (Interim assessment) প্রতি বছর
বার্ষিক মূল্যায়ন নির্ণয়ের জন্য দুটি পদ্ধতি অনুসরণ করা হয়

(ক) ভাড়া (Rental)

(খ) নিজ ব্যবহার (Self use)

(ক) ভাড়ার ভিত্তিতে (Rental)

ক-১ ভাড়া-অবাণিজ্যিক (Rental -Non commercial)

ক-২ ভাড়া- বাণিজ্যিক (Rental-Commercial)

(খ) নিজ ব্যবহার ভিত্তিতে (Self use)


খ-১ নিজ ব্যবহার- অবাণিজ্যিক (Self use-Non commercial)

খ-২ নিজ ব্যবহার - বাণিজ্যিক (Self use- Commercial)

(গ) মিশ্র (Mixed use) ব্যবহার: (ক-১, ক-২, খ-১ ও খ-২ এর যে কোন মিশ্র ব্যবহার)

কর মূল্যায়নের

কর নির্ধারণ ফ্লো চার্ট



5

২.৪ কর মূল্যায়নের পদ্ধতি

মূল পরিমাণ ও বাদ দেওয়া টাকার পরিমাণ ভিন্ন, যা নিম্নলিখিত উপায়ে ব্যাখ্যা করা যেতে পারে:

	ক-১	ক-২	খ-১	খ-২	গ
	ভাড়া অবাণিজ্যিক	ভাড়া বাণিজ্যিক	নিজস্ব ব্যবহার অবাণিজ্যিক	নিজস্ব ব্যবহার বাণিজ্যিক	মিশ্র
বার্ষিক মূল্য	ভাড়ার পরিমাণ (১২ মাস)	ভাড়ার পরিমাণ (১২ মাস)	(i) একই ধরনের ভবনের ভাড়ার পরিমাণ (১২ মাস) ও (ii) মোট নির্মাণ ব্যয়ের ৭.৫% (ভবনের জমির জমি উন্নয়ন কর সহ) এর মধ্যে যেটা পরিমাণে কম	(i) একই ধরনের ভবনের ভাড়ার পরিমাণ (১২ মাস) ও (ii) মোট নির্মাণ ব্যয়ের ৭.৫% (ভবনের জমির জমি উন্নয়ন কর সহ) এর মধ্যে যেটা পরিমাণে কম	ক-১, ক-২, খ-১ ও খ-২ এর মিশ্রণ
বাদ:					
রক্ষণাবেক্ষণ	রক্ষণাবেক্ষণ ব্যয় (২ মাসের ভাড়ার সমপরিমাণ অর্থে)	রক্ষণাবেক্ষণ ব্যয় (২ মাসের ভাড়ার সমপরিমাণ অর্থে)	রক্ষণাবেক্ষণ ব্যয় (বার্ষিক মূল্যের ১/৬ অংশের সমপরিমাণ অর্থে)	রক্ষণাবেক্ষণ ব্যয় (বার্ষিক মূল্যের ১/৬ অংশের সমপরিমাণ অর্থে)	
মাগিকানার ধরনের ভিত্তিতে বাদ	-----	-----	[বার্ষিক মূল্য] - [রক্ষণাবেক্ষণ ব্যয়] x ১/৬	[বার্ষিক মূল্য] - [রক্ষণাবেক্ষণ ব্যয়] x ১/৬	
ব্যাংক সুদ	বার্ষিক সুদ বাবদ ব্যয়	বার্ষিক সুদ বাবদ ব্যয় x ১/৬	বার্ষিক সুদ বাবদ ব্যয়	বার্ষিক সুদ বাবদ ব্যয় x ১/৬	

6

কর ও রেইট এর হার

কর এবং রেইটের সর্বোচ্চ হার পৌরসভা আদর্শ কর তফসিল, ২০১৪ তে বিস্তারিত ভাবে প্রদান করা হয়েছে, যা নিম্নরূপ।

কর/ রেইট	সর্বোচ্চ হার
হোল্ডিং কর	৭ %
বাতির রেইট	৩ %
কনজারভেন্স রেইট	৭ %
পয়ঃনিষ্কাশন রেইট	১২ %
পানির রেইট	১০ %
বার্ষিক মোট কর দাবি	৩৯ %

7

কর নির্ধারণ তালিকা

ওয়ার্ড ভিত্তিক কর নির্ধারণ তালিকায় প্রতিটি হোল্ডিং এর তথ্য অন্তর্ভুক্তিকরণ কর নির্ধারণ তালিকা

ক্রমিক নং	টাওয়ার ইয়ার্ডের অনুষ্ঠিত করে নাম	ইয়ার্ডের পরিমাণ, ম ^২			ইয়ার্ডের পার্শ্বের দুর্গাভাস	মালিকের নাম	মাগে কর বা গেটের নং	আবাসিক এলাকা এর জন্য নির্ধারিত পরিমাণ						উন্নয়নিক নির্ধারিত মূল্য	মূল্য বিবেশ	মোট	
		সড়ক	কমলা	পল্লী				মেইন	পল্লী	অন্য	সড়ক/মেইন	পল্লী	সড়ক				মেইন
১	২	০	৪	০	৩	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮
১৯																	
২০																	
২১																	
২২																	
২৩																	
২৪																	
২৫																	
২৬																	
২৭																	
২৮																	
২৯																	
৩০																	

8

২.৩ কর নির্ধারণ তালিকার সার-সংকলন ও প্রতিবেদন প্রণয়ন (প্রস্তাবিত)

কর নির্ধারণ তালিকা সার-সংকলন

অর্থ বছর	বিবরণ	হোষ্টিং এর সংখ্যা	মোট দাবির পরিমাণ	গড় দাবির পরিমাণ
২০০৯ - ১০	পূর্ববর্তী বছরের পূণঃমূল্যায়ন	-----	-----	-----
২০১০ - ১১	অর্ন্তবর্তীকালীণ মূল্যায়ন	-----	-----	-----
২০১১ - ১২	অর্ন্তবর্তীকালীণ মূল্যায়ন	-----	-----	-----
২০১২ - ১৩	অর্ন্তবর্তীকালীণ মূল্যায়ন	-----	-----	-----
২০১৩ - ১৪	অর্ন্তবর্তীকালীণ মূল্যায়ন	-----	-----	-----
২০১৪ - ১৫	পূণঃমূল্যায়ন এর প্রস্তাবনা	-----	-----	-----
	চূড়ান্ত	-----	-----	-----

বিবরণ	০ বছর (পূর্ববর্তী বছরের পূণঃমূল্যায়ন)	১ ম বছর	২ য় বছর	৩ য় বছর	৪ র্থ বছর	৫ ম বছর (চলতি পূণঃমূল্যায়ন)
বার্ষিক মূল্যায়ন	১০,০০০	১০,৭০০	১১,৪৪৯	১২,২৫০	১৩,১০৮	১৪,০২৬
বার্ষিক বৃদ্ধির হার		৭.০০%	৭.০০%	৭.০০%	৭.০০%	৭.০০%

9

পৌরকর আদায়

পৌরকর আদায়

- ▶ বাৎসরিক ও মাসিক আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ;
- ▶ কর নিরূপণ ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটি ও পৌর পরিষদ কর্তৃক মাসিক ভিত্তিতে আদায়ের অবস্থা পর্যালোচনা করা;
- ▶ আদায়ের হার বৃদ্ধির লক্ষ্যে প্রতি কোয়ার্টারে কম্পিউটার পদ্ধতির বিল প্রণয়ন ও বিতরণ;
- ▶ ব্যাংকের মাধ্যমে বিল গ্রহণ;
- ▶ সময় অথবা পরিমানের ভিত্তিতে বড় বড় কর খেলাপীদের নিয়মানুযায়ী তাগাদা প্রদান;
- ▶ তাগাদায় উল্লেখিত সময় পরে কর খেলাপীদের অস্থাবর সম্পত্তি ক্রোক বা বিক্রয়ের মাধ্যমে আদায় নিশ্চিত করণ;
- ▶ কর প্রদানে উদ্বুদ্ধকরণ কর্মসূচি গ্রহণ;

অন্যান্য উৎস খাতে কর/রেট/ফিস/টোল নির্ধারনে বিধি ও পদ্ধতি

অন্যান্য উৎস খাতে কর/রেট/ফিস/টোল নির্ধারনে বিধি ও পদ্ধতি

- ▶ পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩ মোতাবেক;
- ▶ পৌরসভা আদর্শ কর তফসিল, ২০১৪

কর আদায়

- ▶ কর বিল প্রনয়ন ও বিতরণ করা
- ▶ কর বিল আদায় করা ও আদায় রশিদ দেয়া (সারচার্জ/রিবেট দেয়া)
- ▶ কর বিল আদায়ের পরে ব্যাংকে জমা দেয়া ও কর দাবি ও আদায় রেজিস্টারে লিপিবদ্ধ করা
- ▶ মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক কর আদায় হিসাব তৈরী করা (ওয়ার্ড ভিত্তিক)
- ▶ বছর শেষে হিসাবের জের টানা ও পরবর্তী বছরের হিসাব শুরু করা

কর রেয়াত

কর রেয়াত এবং কর পরিশোধের সময়কাল		
কর পরিশোধের সময়কাল	প্রদান	কর রেয়াত
১ম ত্রৈমাসিক সময়কালের মধ্যে	১ম, ২য়, ৩য় এবং ৪র্থ ত্রৈমাসিকের দাবির অর্থ পরিশোধ করা হলে	১০.০০%
	১ম, ২য়, ও ৩য় ত্রৈমাসিকের দাবির অর্থ পরিশোধ করা হলে	৭.৫০%
	১ম ও ২য় ত্রৈমাসিকের দাবির অর্থ পরিশোধ করা হলে	৭.৫০%
	১ম ত্রৈমাসিকের দাবির অর্থ পরিশোধ করা হলে	৫.০০%
২য় ত্রৈমাসিক সময়কালের মধ্যে	২য়, ৩য় এবং ৪র্থ ত্রৈমাসিকের দাবির অর্থ পরিশোধ করা হলে	৭.৫০%
	২য়, ও ৩য় ত্রৈমাসিকের দাবির অর্থ পরিশোধ করা হলে	৭.৫০%
	২য় ত্রৈমাসিকের দাবির অর্থ পরিশোধ করা হলে	৫.০০%
	১ম ত্রৈমাসিকের দাবির অর্থ পরিশোধ করা হলে	--
৩য় ত্রৈমাসিক সময়কালের মধ্যে	৩য় এবং ৪র্থ ত্রৈমাসিকের দাবির অর্থ পরিশোধ করা হলে	৭.৫০%
	৩য় ত্রৈমাসিকের দাবির অর্থ পরিশোধ করা হলে	৫.০০%
	১ম ও ২য় ত্রৈমাসিকের দাবির অর্থ পরিশোধ করা হলে	--
৪র্থ ত্রৈমাসিক সময়কালের মধ্যে	৪র্থ ত্রৈমাসিকের দাবির অর্থ পরিশোধ করা হলে	৫.০০%
	১ম, ২য়, ও ৩য় ত্রৈমাসিকের দাবির অর্থ পরিশোধ করা হলে	--

13

কর রেয়াত নিরূপণ

প্রদানের সময়কাল	কিস্তি নং ও কর দাবির পরিমাণ টাকা		রেয়াতের হার (%)	রেয়াতের পরিমাণ টাকা	নীট প্রদেয় কর, টাকা
	কিস্তি নং	কিস্তিতে কর দাবির পরিমাণ			
১	২	৩	৪	৫ (৩ x ৪)	৬ (৩ - ৫)
১ ^ম কিস্তি (জুন থেকে সেপ্টেম্বর)	১ কিস্তি	১০০	৫%	৫	৯৫
	১ + ২ কিস্তি	২০০	৭.৫০%	১৫	১৮৫
	১ + ২ + ৩ কিস্তি	৩০০	৭.৫০%	২২.৫	২৭৭.৫
	১ + ২ + ৩ + ৪ কিস্তি	৪০০	১০.০০%	৪০	৩৬০
২ ^ম কিস্তি (অক্টোবর থেকে ডিসেম্বর)	১ কিস্তি	১০০	শূন্য	*	১০০
	২ কিস্তি	১০০	৫%	৫	৯৫
	২ + ৩ কিস্তি	২০০	৭.৫০%	১৫	১৮৫
	২ + ৩ + ৪ কিস্তি	৩০০	৭.৫০%	২২.৫	২৭৭.৫
৩ ^ম কিস্তি (জানুয়ারি থেকে মার্চ)	১ কিস্তি	১০০	শূন্য	*	১০০
	২ কিস্তি	১০০	শূন্য	*	১০০
	৩ কিস্তি	১০০	৫%	৫	৯৫
	৩ + ৪ কিস্তি	২০০	৭.৫০%	১৫	১৮৫
৪ ^ম কিস্তি (এপ্রিল থেকে জুন)	১ কিস্তি	১০০	শূন্য	*	১০০
	২ কিস্তি	১০০	শূন্য	*	১০০
	৩ কিস্তি	১০০	শূন্য	*	১০০
	৩ + ৪ কিস্তি	১০০	৫%	৫	৯৫

14

১.২.৩ কর আদায়ের দক্ষতার সংজ্ঞা

হোল্ডিং কর আদায়ের দক্ষতা নিরপণ করা হয় নিম্নোক্ত উপায়ে;

$$\text{হোল্ডিং কর আদায়ের দক্ষতা} = (\text{বকেয়া আদায়} + \text{চলতি আদায়}) / (\text{বকেয়া দাবি} + \text{চলতি দাবি})$$

কর আদায়ের পরিমাণ ও কর আদায়ের দক্ষতা (হার-%) এর সারণী

কর আদায়ের দক্ষতা ও পরিমাণ তত্ত্বাবধানের সারণী

বছর	বকেয়া দাবি	চলতি দাবি	মোট দাবি	বকেয়া আদায়	চলতি আদায়	মোট আদায়	আদায়ের হার
১	২	৩	৪ (২ + ৩)	৫	৬	৭ (৫ + ৬)	৮(৭/৪) X %
২০১১ - ১২	১,২ ০০	২,০ ০০	৩,২ ০০	৩ ০০	১,৬ ০০	১,৯ ০০	৫৯.৩৮ %
২০১২ - ১৩	১,৩ ০০	২,০ ০০	৩,৩ ০০	৪ ০০	১,৭ ০০	২,১ ০০	৬৩.৬৪ %
২০১৩ - ১৪	১,০ ০০	২,০ ০০	৩,০ ০০	৫ ০০	১,৭ ৫০	২,২ ৫০	৭৫.০০ %
২০১৪ - ১৫	৭ ৫০	--	--	--	--	--	--



ধন্যবাদ



স্ট্রেন্ডেনিং পৌরসভা গভার্নেন্স প্রজেক্ট (এসপিজিপি)

পৌরসভা পরিচালন সম্পর্কিত মৌলিক বিষয়ের উপর ওরিয়েন্টেশন কোর্স
সেশনঃ ৮ বাজেট প্রণয়ন

সময়কাল : ২৭ এপ্রিল, ২০১৬

স্থান : জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ২৯ আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা

১

বাজেট


- বাজেট হচ্ছে কোন প্রতিষ্ঠানের আর্থিক পরিকল্পনার বিবরণী, যেখানে একটা নির্দিষ্ট সময়ে ঐ প্রতিষ্ঠানের সম্ভাব্য আয় ও ব্যয়ের পরিকল্পিত অবস্থা প্রতিফলিত হয়ে থাকে। সূত্র: পৌরসভা প্রশিক্ষণ নির্দেশিকা: পৌরসভা হিসাবরক্ষণ ও আর্থিক ব্যবস্থাপনা, জাতীয় স্থানীয় সরকার প্রতিষ্ঠান (এনআইএলজি)।

2

বাজেট প্রণয়নের উদ্দেশ্য

- ▶ পৌরসভার আয় ও ব্যয়ে খাত ও পরিমাণ নির্ণয় করা
- ▶ পৌরসভার সম্পদের ব্যবহার নিয়ন্ত্রণ করা
- ▶ নাগরিকবৃন্দের নিকট স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা।

বাজেট প্রক্রিয়া



বাজেট প্রণয়ন প্রক্রিয়ায় সংশ্লিষ্ট মহলের ভূমিকা

- ▶ মেয়র : বাজেট প্রণয়ন প্রক্রিয়া শুরু করার উদ্যোগ গ্রহণ করেন
- ▶ কাউন্সিলরবৃন্দ : খসড়া বাজেট প্রসঙ্গে মতামত ও পরামর্শ প্রদান করেন এবং পৌর পরিষদের সভায় ইহা অনুমোদন করেন
- ▶ সংস্থাপন ও অর্থ সম্পর্কিত স্থায়ী কমিটি : প্রতিটি পৌরসভার বিধি অনুযায়ী কমিটির কার্যপরিধি নির্ধারণ করা প্রয়োজন;
- ▶ সচিব এবং হিসাবরক্ষক : চূড়ান্ত খসড়া বাজেট প্রস্তুত করেন এবং খসড়া বাজেটে প্রয়োজনীয় সংযোজন বিয়োজন সম্পাদন করেন
- ▶ অন্যান্য কর্মকর্তাবৃন্দ : বাজেট প্রণয়নের জন্য প্রয়োজনীয় তথ্য সরবরাহ করেন
- ▶ টিএলসিসি'র সদস্যবৃন্দ : খসড়া বাজেট প্রসঙ্গে আলোচনা করার জন্য আয়োজিত টিএলসিসি'র সভায় খসড়া বাজেট প্রসঙ্গে মতামত ও পরামর্শ প্রদান করেন

বাজেট এর প্রকার

পৌরসভার বাজেট নথিটি তিনটি বাজেট এর সমন্বয়ে সন্নিবেশিত থাকে :

- ১) রাজস্ব বাজেট (আয় এবং ব্যয়);
- ২) উন্নয়ন বাজেট (আয় এবং ব্যয়); এবং
- ৩) মূলধন বাজেট (আয় এবং ব্যয়);

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা- ১৯৯৯ এর নির্দেশনা অনুসারে বাজেট পদ্ধতিসমূহ সুনির্দিষ্টকৃত

রাজস্ব বাজেট

পৌরসভার নিজস্ব তহবিল এর মাধ্যমে নিয়মিত/দৈনন্দিন ব্যয় মিটানোর জন্য প্রণয়ন করা হয়ে থাকে

- ▶ আয়ঃ কর, রেইট, ফি, ইত্যাদি ।
 - ▶ ব্যয়ঃ সংস্থাপন ব্যয়* (সম্মানী ভাতা, বেতন ও ভাতা, পরিসেবা বিল, ইত্যাদি), শিক্ষা, কর আদায়, স্বাস্থ্য ও সেনিটেশন ব্যয়, বৃক্ষরোপন, ইত্যাদি ।
- *মোট রাজস্ব আয়ের ৫০% এর বেশী নয় ।
- ▶ সমাপনি স্থিতি : সংস্থাপন ব্যয়ের এক দ্বাদশ (১/১২) এর কম নহে ।

উন্নয়ন বাজেট

পৌরসভার উন্নয়ন কার্যক্রম পরিচালনা করার জন্য সরকার, উন্নয়ন সহযোগী সংস্থা, ইত্যাদি এবং পৌরসভার রাজস্ব উদ্বৃত্ত থেকে প্রাপ্ত তহবিলের মাধ্যমে প্রণয়ন করা হয়ে থাকে ।

পৌরসভা যত বেশী রাজস্ব উদ্বৃত্ত লাভ করবে সে তত বেশী উন্নয়ন কার্যক্রম পরিচালনা করতে সক্ষম হবে ।

মূলধন বাজেট

মূলধন বাজেট নিম্ন লিখিত আয় ও ব্যয়ের প্রতিফলন ঘটায়:

আয়:

- ▶ পৌরসভা কর্তৃক গৃহীত ঋণ;
- ▶ পৌরসভা কর্তৃক প্রদেয় ঋণ আদায়;
- ▶ বিভিন্ন প্রকার বিনিয়োগ ও সিকিউরিটিজ থেকে আয়;
- ▶ পৌরসভার কর্মকর্তা ও কর্মচারিবৃন্দের আনুতোমিক তহবিলে স্থানান্তরিত তহবিল;
- ▶ পৌরসভা কর্তৃক অবচয় তহবিলে স্থানান্তরিত তহবিল।

ব্যয়:

- ▶ পৌরসভা কর্তৃক গৃহীত ঋণ পরিশোধ;
- ▶ পৌরসভা কর্তৃক ঋণ প্রদান;
- ▶ সিকিউরিটিজ ক্রয় এবং অন্যান্য বিনিয়োগ;
- ▶ অবচয় তহবিল থেকে কোন প্রকার ব্যয়;
- ▶ পৌরসভার কর্মকর্তা ও কর্মচারিবৃন্দের আনুতোমিক বাবদ প্রকৃত ব্যয়।

সংশোধিত বাজেট

বাস্তবায়নের অবস্থা অনুযায়ী বার্ষিক বাজেট সংশোধিত হতে পারে এবং যদি প্রয়োজন হয় তবে রাজস্ব বছর শেষ হবার পূর্বে যেকোন সময়ে সেটা অনুমোদিত হবে।

বাজেট দলিলের হিসাবসমূহ

- ▶ রাজস্ব বাজেট:
- ▶ উন্নয়ন বাজেট:
- ▶ মূলধন বাজেট:

11

ফরম 'ক' হচ্ছে পৌরসভার বাজেটের সার-সংক্ষেপ

ফরম 'ক' (সেকশন-৩)			
বিবরণ	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা চলতি বছরের সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট
	অর্থ বছর: ২০১৩-১৪	অর্থ বছর: ২০১৪-১৫	অর্থ বছর: ২০১৫-১৬
(ক) রাজস্ব হিসাব এর			
উপাংশ-১ এর আয়	৯৭০,০০০	১,১১৫,০০০	১,২৫০,০০০
উপাংশ-২ এর আয়	৬২৬,৭০০	৭০৯,৫০০	৮০০,০০০
মোট আয় :	১,৫৯৬,৭০০	১,৮২৪,৫০০	২,০৫০,০০০
বাদ: রাজস্ব ব্যয়			
উপাংশ- ১	৫৬৫,০০০	৬৬২,০০০	৭৫০,০০০
উপাংশ- ২	৪৯৯,০০০	৫৫৩,০০০	৬২৬,০০০
মোট ব্যয় :	১,০৬৪,০০০	১,২১৫,০০০	১,৩৭৬,০০০
মোট রাজস্ব উদ্বৃত্ত :	৫৩২,৭০০	৬০৯,৫০০	৬৭৪,০০০

12

ফরম 'ক' হচ্ছে পৌরসভার বাজেটের সার-সংক্ষেপ

ফরম 'ক' (সেকশন-৩) (চলমান)

বিবরণ	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা চলতি বছরের সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট
	অর্থ বছর: ২০১৩-১৪	অর্থ বছর: ২০১৪-১৫	অর্থ বছর: ২০১৫-১৬
(খ) উন্নয়ন হিসাব			
সরকারি মঞ্জুরি	৮০০,০০০	৯০০,০০০	১,০০০,০০০
রাজস্ব উদ্বৃত্ত	৫৩২,৭০০	৬০৯,৫০০	৬৭৪,০০০
মোট :	১,৩৩২,৭০০	১,৫০৯,৫০০	১,৬৭৪,০০০
বাদ: উন্নয়ন ব্যয় :	১,১৭৫,০০০	১,৪৮০,০০০	১,৬৩০,০০০
সার্বিক বাজেট উদ্বৃত্ত/ঘাটতি	১৫৭,৭০০	২৯,৫০০	৪৪,০০০
যোগ: প্রারম্ভিক জের	৪২,৮০০	২০০,৫০০	২৩০,০০০
সমাপ্তি জের :	২০০,৫০০	২৩০,০০০	২৭৪,০০০

13

ফরম 'ক' হচ্ছে পৌরসভার বাজেটের সার-সংক্ষেপ

ফরম 'ক' (সেকশন-৩) (চলমান)

বিবরণ	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা চলতি বছরের সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট
	অর্থ বছর: ২০১৩-১৪	অর্থ বছর: ২০১৪-১৫	অর্থ বছর: ২০১৫-১৬
(গ) মূলধন হিসাব			
মোট আয় :	৪২০০০	৩২০০০	৫০,০০০
মোট ব্যয় :	৩২,০০০	১২,০০০	৪০,০০০
মূলধন হিসাবের সমাপ্তি জের :	১০,০০০	২০,০০০	১০,০০০

14

(ক) রাজস্ব হিসাব-উপাংশ-১

আয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট	ব্যয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট
	অর্থ বছর: ২০১৩-১৪	অর্থ বছর: ২০১৪-১৫	অর্থ বছর: ২০১৫-১৬		অর্থ বছর: ২০১৩-১৪	অর্থ বছর: ২০১৪-১৫	অর্থ বছর: ২০১৫-১৬
				সাধারণ সংস্থাপন			
কর	৫০০,০০০	৫৫০,০০০	৬০০,০০০	মেয়র ও কাউন্সিলরদের সম্মানী ভাতা	১৫০,০০০	১৮০,০০০	২০০,০০০
রেইট	৩০০,০০০	৩৫০,০০০	৪০০,০০০	কর্মকর্তা - কর্মচারীদের বেতন (পানি সরবরাহ শাখা ব্যতিত)	৩০০,০০০	৩৫০,০০০	৩৯০,০০০
ফি	১০০,০০০	১২৫,০০০	১৫০,০০০	আনুতোমিক তহবিলে স্থানান্তর (মূলধন হিসাব)	৭,০০০	৮,০০০	১০,০০০
অন্যান্য	৭০,০০০	৯০,০০০	১০০,০০০	উপ-মোট	৪৫৭,০০০	৫৩৮,০০০	৬০০,০০০
				শিক্ষা খাতে ব্যয়	৪০,০০০	৪৫,০০০	৬০,০০০
				স্বাস্থ্য খাতে ব্যয়	৬০,০০০	৭০,০০০	৮০,০০০
				কর আদায় খরচ	৮,০০০	৯,০০০	১০,০০০
উপ-মোট	৯৭০,০০০	১,১১৫,০০০	১,২৫০,০০০	উপ-মোট	৫৬৫,০০০	৬৬২,০০০	৭৫০,০০০
প্রারম্ভিক জের	১২,০০০	১৭,০০০	১০,০০০	উন্নয়ন হিসাবে স্থানান্তর	৪০০,০০০	৪২০,০০০	৪৬০,০০০
				সমাপ্তি জের	১৭,০০০	৫০,০০০	৫০,০০০
মোট	৯৮২,০০০	১,১৩২,০০০	১,২৬০,০০০	মোট	৯৮২,০০০	১,১৩২,০০০	১,২৬০,০০০

15

(ক) রাজস্ব হিসাব-উপাংশ-২

আয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট	ব্যয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট
	অর্থ বছর: ২০১৩-১৪	অর্থ বছর: ২০১৪-১৫	অর্থ বছর: ২০১৫-১৬		অর্থ বছর: ২০১৩-১৪	অর্থ বছর: ২০১৪-১৫	অর্থ বছর: ২০১৫-১৬
পানির কর	৫২০,০০০	৫৮০,০০০	৬২৫,০০০	পানি শাখার বেতন	২৮৭,০০০	৩২০,০০০	৩৬০,০০০
সংযোগ ফি	৭০,০০০	৭৮,০০০	১০০,০০০	বিদ্যুৎ বিল	১২৫,০০০	১৪০,০০০	১৬০,০০০
পূণঃসংযোগ ফি	২০,০০০	৩০,০০০	৫০,০০০	লাইন স্থাপন খরচ	৪০,০০০	৪৫,০০০	৫০,০০০
সার চার্জ	৮,০০০	৯,০০০	১০,০০০	মেরামত রক্ষনাবেক্ষন	২০,০০০	২২,০০০	২৫,০০০
ফরম বিক্রি	৪,০০০	৪,৫০০	৫,০০০	স্টেশনারি উপকরণ	৯,০০০	১০,০০০	১১,০০০
অন্যান্য	৪,৭০০	৮,০০০	১০,০০০	ডাক ও টেলিফোন	৩,০০০	২,০০০	-
				অব্যয় তহবিল	১৫,০০০	১৪,০০০	২০,০০০
উপ-মোট	৬২৬,৭০০	৭০৯,৫০০	৮০০,০০০	উপ - মোট	৪৯৯,০০০	৫৫৩,০০০	৬২৬,০০০
				উন্নয়ন তহবিলে হস্তান্তর	১২০,০০০	১৩০,০০০	১৫০,০০০
প্রারম্ভিক জের	১৫,৮০০	২৩,৫০০	৬,০০০	সমাপ্তি জের	২৩,৫০০	৫০,০০০	৩০,০০০
মোট	৬৪২,৫০০	৭৩৩,০০০	৮০৬,০০০	মোট	৬৪২,৫০০	৭৩৩,০০০	৮০৬,০০০

16

(ক) রাজস্ব হিসাব

আয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট	আয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট
	অর্থ বছর: ২০১৩-১৪	অর্থ বছর: ২০১৪-১৫	অর্থ বছর: ২০১৫-১৬		অর্থ বছর: ২০১৩-১৪	অর্থ বছর: ২০১৪-১৫	অর্থ বছর: ২০১৫-১৬
সর্বমোট আয় (উপাংশ ১+২)	১,৫৯৬,৭০০	১,৮২৪,৫০০	২,০৫০,০০০	সর্বমোট ব্যয় (উপাংশ ১+২)	১,০৬৪,০০০	১,২১৫,০০০	১,৩৭৬,০০০
প্রারম্ভিক জের	২৭,৮০০	৪০,৫০০	১০০,০০০	সর্বমোট উন্নয়ন হিসাবে স্থানান্তর (উপাংশ ১+২)	৫২০,০০০	৫৫০,০০০	৬১০,০০০
				সর্বমোট সমাপ্তি জের (উপাংশ ১+২)	৪০,৫০০	১০০,০০০	১৬৪,০০০
সর্বমোট:	১,৬২৪,৫০০	১,৮৬৫,০০০	২,১৫০,০০০	সর্বমোট:	১,৬২৪,৫০০	১,৮৬৫,০০০	২,১৫০,০০০

17

(খ) উন্নয়ন হিসাব

আয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট	ব্যয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট
	অর্থ বছর: ২০১৩-১৪	অর্থ বছর: ২০১৪-১৫	অর্থ বছর: ২০১৫-১৬		অর্থ বছর: ২০১৩-১৪	অর্থ বছর: ২০১৪-১৫	অর্থ বছর: ২০১৫-১৬
সরকারি মঞ্জুরি	৮০০,০০০	১,২১৫,০০০	১,৩৭৬,০০০				
রাজস্ব উদ্বৃত্ত				অবকাঠামো নির্মাণ			
উপাংশ- ১ হইতে	৪০০,০০০	৪২০,০০০	৪৬০,০০০	সড়ক/ রাস্তা	৮০০,০০০	৯৫০,০০০	১,০০০,০০০
উপাংশ- ২ হইতে	১২০,০০০	১৩০,০০০	১৫০,০০০	সেতু	২০০,০০০	২৫০,০০০	৩০০,০০০
				কালজার্ট	৫০,০০০	১২০,০০০	১০০,০০০
				ড্রেইন/ নর্দমা	৮০,০০০	৯০,০০০	১০০,০০০
				পানির লাইন সংস্কার	৩০,০০০	৫০,০০০	
				হাট - বাজার	১৫,০০০	২০,০০০	১৩০,০০০
উপ-মোট	১,৩২০,০০০	১,৪৫০,০০০	১,৬১০,০০০	উপ-মোট	১,১৭৫,০০০	১,৪৮০,০০০	১,৬৩০,০০০
প্রারম্ভিক স্থিতি	১৫,০০০	১৬০,০০০	১৩০,০০০	সমাপ্তি জের	১৬০,০০০	১৩০,০০০	১১০,০০০
মোট	১,৩৩৫,০০০	১,৬১০,০০০	১,৭৪০,০০০	মোট	১,৩৩৫,০০০	১,৬১০,০০০	১,৭৪০,০০০

18

(গ) মূলধন হিসাব

আয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট	ব্যয়ের খাত	পূর্ববর্তী বছরের প্রকৃত	চলতি বছরের বাজেট বা সংশোধিত বাজেট	পরবর্তী বছরের বাজেট
	অর্থ বছর: ২০১৩-১৪	অর্থ বছর: ২০১৪-১৫	অর্থ বছর: ২০১৫-১৬		অর্থ বছর: ২০১৩-১৪	অর্থ বছর: ২০১৪-১৫	অর্থ বছর: ২০১৫-১৬
অবচয় তহবিল - উপাংশ- ২	১৫,০০০	১৪,০০০	২০,০০০	ঋণ পরিশোধ (বিএমডিএফ)	১৫,০০০	৫,০০০	২৫,০০০
আনুতোমিক তহবিল - উপাংশ- ১	৭,০০০	৮,০০০	১০,০০০	ঋণ বিতরণ	১৭,০০০	৭,০০০	১৫,০০০
উপ- মোট	২২,০০০	২২,০০০	৩০,০০০	উপ-মোট	৩২,০০০	১২,০০০	৪০,০০০
প্রারম্ভিক জের	২০,০০০	১০,০০০	২০,০০০	সমাপ্তি জের	১০,০০০	২০,০০০	১০,০০০
সর্বমোট	৪২,০০০	৩২,০০০	৫০,০০০	সর্বমোট	৪২,০০০	৩২,০০০	৫০,০০০

19

বাজেট মনিটরিং এর গুরুত্বপূর্ণ নির্দেশনা

- ❑ সংস্থাপন ব্যয়ের সর্বচ্চ সীমা
- ❑ অনুমোদিত বাজেটের অতিরিক্ত ও সংযোজিত ব্যয়ের উপর নিষেধাজ্ঞা
- ❑ সর্বনিম্ন সমাপ্তি জের সম্পর্কিত বিধিমালা
- ❑ চুক্তিভিত্তিক নিয়োগকৃত কর্মচারীদের বেতনভাতা বৃদ্ধি বিষয়ক বিধিমালা

20

মাসিক মনিটরিং এর জন্য নির্দেশিত গুরুত্বপূর্ণ বিষয় সমূহ
নিম্নরূপ;

- ☑ কর আদায় কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুসারে সম্পন্ন হচ্ছে
- ☑ রাজস্ব উদ্বৃত্তের পরিমাণ ইতিবাচক রয়েছে এবং লক্ষ্যমাত্রা অনুসারে অগ্রগতি রয়েছে
- ☑ কোন খাত বা উপ-খাতের ব্যয় বাজেটে সংশ্লিষ্ট খাত বা উপ-খাতের তুলনায় বেশি হচ্ছে না।
- ☑ রাজস্ব হিসাবের সমাপ্তি জের এক মাসের সংস্থাপন ব্যয় অপেক্ষা অধিক বা সমান রয়েছে।
- ☑ পানি সরবরাহ শাখার সমাপ্তি জের পানি সরবরাহ শাখার কর্মকর্তা ও কর্মচারীদের এক মাসের বেতনভাতার সমান বা অধিক রয়েছে।

21

বাজেট পর্যালোচনা

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯

১৪। সংশোধিত বাজেট:

পৌরসভা, প্রয়োজনবোধে, কোন অর্থ বৎসর শেষ হইবার পূর্বে যে কোন সময় বিধিমালা ৬, ৭ ও ৮ অনুসরণে উক্ত অর্থ বৎসরের জন্য উহার সংশোধনী বাজেট প্রণয়ন ও অনুমোদন করিতে পারিবে।

১৫। বিশেষ প্রকল্পের জন্য তহবিল:

সরকার কোন বিশেষ প্রকল্প বাস্তবায়নের জন্য, কোন পৌরসভাকে অর্থ বরাদ্দ করিতে পারিবে এবং কোন পৌরসভা উক্তরূপ অর্থ বরাদ্দপ্রাপ্ত হইলে তাহা সংশ্লিষ্ট অর্থ বৎসরের জন্য প্রণীত বাজেটে কিংবা ক্ষেত্রমতে, সংশোধিত বাজেটে অন্তর্ভুক্ত করিবে।

22

৩.৩ বাজেট রিপোর্টিং

- ▶ অর্থ বছর সমাপ্ত হলে, পৌরসভা সংশ্লিষ্ট অর্থ বছরের আয় ও ব্যয়ের সমন্বয়ে একটি বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করে থাকে।
- ▶ এরপর ঐ আয় ও ব্যয়ের বিবরণ বা প্রতিবেদন পৌরসভা কার্যালয়ের একটি সুবিধাজনক স্থানে টাঙিয়ে দেয় (যেমন পৌরসভা কার্যালয়ের নোটিশ বোর্ড)।

23

ধন্যবাদ



স্ট্রেন্ডেনিং পৌরসভা গভার্নেন্স প্রজেক্ট (এসপিজিপি)

পৌরসভা পরিচালন সম্পর্কিত মৌলিক বিষয়ের উপর ওরিয়েন্টেশন কোর্স
সেশনঃ ৯ হিসাব ও নিরীক্ষা

সময়কাল : ২৭ এপ্রিল, ২০১৬
স্থান : জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ২৯ আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা

হিসাব

- ▶ হিসাব এর উদ্দেশ্য
- ▶ “হিসাব ও নিরীক্ষা” বিষয়ক স্থায়ী কমিটির ভূমিকা
- ▶ হিসাবরক্ষণ ও আর্থিক প্রতিবেদন সংক্রান্ত বিধি পদ্ধতি ও পৌরসভার দায়িত্ব

হিসাব ও নিরীক্ষার উদ্দেশ্য

হিসাব এর উদ্দেশ্য

- ▶ প্রতিষ্ঠানের আর্থিক লেনদেনের তথ্য নিয়মানুযায়ী সঠিকভাবে সংরক্ষণ করা;
- ▶ প্রয়োজন অনুযায়ী বিভিন্ন বিবরণী প্রস্তুত ও বিশ্লেষণ করা।

হিসাবরক্ষণ

- ▶ পৌরসভার আয় ও ব্যয়ের হিসাব নির্ধারিত ফরম এবং পদ্ধতিতে রক্ষিত হইবে
- ▶ প্রতি অর্থবৎসরের শেষে বার্ষিক হিসাব বিবরণী প্রস্তুত করিতে হইবে।
- ▶ বার্ষিক হিসাব বিবরণীর একটি প্রতিলিপি জনসাধারণের দর্শনের জন্য উহার কার্যালয়ের প্রকাশ্য কোন স্থানে প্রদর্শন করিবে এবং জনসাধারণের নিকট হইতে হিসাব সংক্রান্ত সকল আপত্তি অথবা পরামর্শ পৌরসভা কর্তৃক বিবেচিত হইবে।

হিসাব পুস্তক সমূহ

- ▶ ক্যাশিয়ার ক্যাশ বই
- ▶ হিসাবরক্ষকের ক্যাশ বই
- ▶ এ্যাবস্ট্রাক্ট রেজিস্টার- প্রাপ্তি ও প্রদান
- ▶ ত্রৈমাসিক ও বার্ষিক হিসাব বিবরণী (মাসিক/ ত্রৈমাসিক/ বার্ষিক হিসাব)

হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির ভূমিকা

- ▶ আয়-ব্যয়ের হিসাবপত্র সংরক্ষণে বিধি বিধান অবলম্বনে পরিচালনার কাজে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের উৎসাহ প্রদান করা;
- ▶ আয়-ব্যয়ের হিসাবপত্র যথাযথভাবে সংরক্ষণে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের উৎসাহ প্রদান করা ।

হিসাবরক্ষণ ও আর্থিক প্রতিবেদন সংক্রান্ত বিধি, পদ্ধতি ও পৌরসভার দায়িত্ব

হিসাবরক্ষণ ও আর্থিক প্রতিবেদন সংক্রান্ত বিধি সমূহ

- ▶ স্থানীয় সরকার (পৌরসভা আইন-২০০৯, সংশোধিত ২০১০)
- ▶ বেঙ্গল মিউনিসিপাল একাউন্টিং রুলস, ১৯৩৫
- ▶ পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯
- ▶ পৌরসভা পানি সরবরাহ আদর্শ উপ-আইনমালা, ১৯৯৯
- ▶ পৌরসভা পাবলিক মার্কেট আদর্শ উপ-আইনমালা, ২০০৩
- ▶ পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩
- ▶ পৌরসভা আদর্শ কর তফসিল, ২০১৪

হিসাবরক্ষণ ও আর্থিক প্রতিবেদন প্রস্তুতে পৌরসভার দায়িত্ব

- ▶ উপরোল্লিখিত আইন ও বিধি যথাযথ ভাবে পালন করা

নিরীক্ষা

- ▶ নিরীক্ষার উদ্দেশ্য
- ▶ নিরীক্ষা প্রক্রিয়া এবং পৌরসভার দায়িত্ব
- ▶ নিরীক্ষা আপত্তি প্রশমন

নিরীক্ষার উদ্দেশ্য

নিরীক্ষার উদ্দেশ্য

- ▶ আর্থিক লেনদেন নিয়মানুযায়ী হয়েছে কিনা তা যাচাই-বাছাই/পরীক্ষা করা;
- ▶ হিসাব সঠিকভাবে রাখা ও র ভিত মজবুত করা;

নিরীক্ষা প্রক্রিয়া এবং পৌরসভার দায়িত্ব

নিরীক্ষা প্রক্রিয়া

নিরীক্ষা হলো আর্থিক হিসাবরক্ষণ ও আর্থিক ব্যবস্থাপনা সংশ্লিষ্ট আইন, বিধি এবং নিয়মানুযায়ী সঠিক ভাবে করা হচ্ছে কিনা তা যাচাই বা মূল্যায়ন করার অন্যতম একটি প্রক্রিয়া। নিরীক্ষা দু-ভাবে হতে পারে

- (ক) পূর্ব নিরীক্ষা (Pre Audit)
- (খ) উত্তর নিরীক্ষা (Post Audit)

নিরীক্ষা সাধারণত ৩ ধরনের হয়ে থাকে

- (১) অভ্যন্তরীণ নিরীক্ষা
- (২) বাহ্যিক নিরীক্ষা ও
- (৩) সরকারী নিরীক্ষা।

নিরীক্ষা প্রক্রিয়া

- (১) পৌরসভার হিসাব উপযুক্ত নিরীক্ষা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত প্যানেল হইতে নিয়োজিত অন্য কোন কর্তৃপক্ষ কর্তৃক নিরীক্ষিত হইবে।
- (২) সরকার কর্তৃক নির্ধারিত সময়ের ব্যবধানে প্রত্যেক পৌরসভার হিসাব নিরীক্ষিত হইবে।
- (৩) নিরীক্ষা কর্তৃপক্ষ সংশ্লিষ্ট পৌরসভার হিসাব সংক্রান্ত সকল বহি এবং অন্যান্য দলিলাদি দেখিতে পারিবে এবং পৌরসভার মেয়র অথবা কোন কাউন্সিলর অথবা কোন কর্মকর্তা ও কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবে।

নিরীক্ষা প্রক্রিয়া

- (৪) নিরীক্ষা কর্তৃপক্ষ নিরীক্ষা সমাপনান্তে প্রতিবেদন দাখিল করিবেন, যাহাতে অন্যান্য বিষয়ের সহিত উল্লেখ থাকিবে—
 - (ক) তহবিল তসরুফের ঘটনা;
 - (খ) পৌরসভা তহবিলের ক্ষতি, অপচয়, অথবা অপপ্রয়োগের ঘটনা;
 - (গ) হিসাবরক্ষণের ক্ষেত্রে অন্যান্য অনিয়ম;
 - (ঘ) নিরীক্ষা কর্তৃপক্ষের মতে যে সকল ব্যক্তি উপ-ধারায় (ক), (খ) ও (গ) এ বর্ণিত অনিয়মের জন্য প্রত্যক্ষ বা পরোক্ষভাবে দায়ী তাহাদের নাম প্রতিবেদনে উল্লেখ থাকিতে হইবে।

নিরীক্ষা প্রক্রিয়া

- (৫) নিরীক্ষা কর্তৃপক্ষ, নিরীক্ষা প্রতিবেদনের কপি পৌরসভাকে প্রদান করিয়া, তাহার অনুলিপি সরকারের নিকট প্রেরণ করিবে।
- (৬) নিরীক্ষা কর্তৃপক্ষ কর্তৃক চিহ্নিত অনিয়ম সংক্রান্ত সকল বিষয়ে, পৌরসভা দ্রুত যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবে এবং গৃহীত ব্যবস্থা নিরীক্ষা কর্তৃপক্ষ এবং সরকারকে অবহিত করিবে।
- (৭) পৌরসভার আয় ও ব্যয়ের হিসাব ইহার নিরীক্ষা ও হিসাব সংক্রান্ত স্থায়ী কমিটি প্রতি বৎসরে একবার নিরীক্ষা করিবে এবং এতদসংক্রান্ত একটি প্রতিবেদন ইহার সাধারণ সভায় উপস্থাপন করিবে।

নিরীক্ষা প্রক্রিয়া এবং পৌরসভার দায়িত্ব

পৌরসভার দায়িত্ব

- ▶ নিরীক্ষা দলকে পৌরসভার হিসাব সংক্রান্ত সকল বহি এবং অন্যান্য দলিলাদি চাহিদামত সরবরাহ করা;
- ▶ পৌরসভার মেয়র, কাউন্সিলর অথবা কোন কর্মকর্তা ও কর্মচারীর নিকট নিরীক্ষা দল কোন বিষয়ে জিজ্ঞাসাবাদ করলে সে বিষয়ে সঠিক জবাব দেওয়া;
- ▶ নিরীক্ষা কার্যক্রম পরিচালনার সময় পৌরসভায় কর্মরত সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারী নিরীক্ষকের চাহিদানুযায়ী তথ্য সরবরাহ করবেন

নিরীক্ষা আপত্তি প্রশমন

- ▶ সংশ্লিষ্ট বিধিবিধানের আর্থিক বিধির প্রতি যথাযথ সম্মান প্রদর্শন করা;
- ▶ নিরীক্ষা প্রতিবেদন পাওয়ার পর নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রদান করা;
- ▶ নিরীক্ষা আপত্তির যথাযথ এবং আপত্তির সাথে সামঞ্জস্যপূর্ণ জবাব প্রদান করা;
- ▶ আপত্তির জবাবে স্বব্যাখ্যায়িত, তথ্য নির্ভর এবং প্রকৃত অবস্থার প্রতিফলন থাকবে;
- ▶ সরকারী আদেশ-নির্দেশ/ব্যাখ্যা/পর্যালোচনা পূর্বক সম্মানজনক জবাব প্রদান করা;
- ▶ “হিসাব ও নিরীক্ষা” বিষয়ক স্থায়ী কমিটিকে নিরীক্ষা আপত্তি প্রশমনে অন্তর্ভুক্ত করা।

নিরীক্ষা আপত্তি প্রশমন

- ▶ নিরীক্ষা কার্যক্রম যেহেতু একটি উচ্চতর মেধা নিঃসৃত চলমান প্রক্রিয়া সেহেতু এর নিষ্পত্তির সহজ ও সংক্ষিপ্ত উপায় নির্ধারণের কোন অবকাশ নাই। নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির ক্ষেত্রে গাণিতিক উপায় না থাকলেও কিছু কিছু পদ্ধতিগত প্রক্রিয়া নিচে বর্ণনা করা হ'ল:
- ▶ স্বচ্ছতা ও জবাবদিহিতার বিষয় মাথায় রেখে আর্থিক বিষয় সংশ্লিষ্ট বিধিবিধানের প্রতি যথাযথ সম্মান প্রদর্শন করা;
- ▶ নিরীক্ষার সময় এবং নিরীক্ষা আপত্তি প্রাপ্তির পর নিরীক্ষক দলের সাথে ভাল যোগাযোগ ও নিজেদের মধ্যে সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করা;
- ▶ নিরীক্ষা প্রতিবেদন পাওয়ার পর নির্ধারিত সময়ের মধ্যে যথাযথ জবাব প্রদান করা;
- ▶ নিরীক্ষা আপত্তি নিষ্পত্তিতে বিলম্ব করার জন্য সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় কঠোর ব্যবস্থা গ্রহণ করা;
- ▶ দ্বি-পক্ষীয়/ত্রি-পক্ষীয় আলোচনা সভায় সংশ্লিষ্ট বিষয়ে পর্যাপ্ত জ্ঞান সম্পন্ন প্রতিনিধি প্রেরণ এবং গৃহীত সুপারিশ বাস্তবায়নের প্রতি গুরুত্ব আরোপ করা;
- ▶ “হিসাব ও নিরীক্ষা” বিষয়ক স্থায়ী কমিটিকে নিরীক্ষা আপত্তি নিষ্পত্তিতে অন্তর্ভুক্ত করা।



ধন্যবাদ

পৌরসভা পরিচালন সম্পর্কিত মৌলিক বিষয়ের উপর ওরিয়েন্টেশন কোর্স সম্পত্তি রেজিস্ট্রেশন ও ব্যবস্থাপনা

অধিবেশন পরিচালনায়

ভূইয়া মোঃ আতাউর রহমান
পরিচালক প্রশাসন ও সমন্বয়
মোঃ ইমরানুর রহমান
সহকারী গবেষণা কর্মকর্তা
এনআইএলজি



সম্পত্তি রেজিস্ট্রেশন ও ব্যবস্থাপনা



- সম্পত্তি :
- সম্পত্তির প্রকারভেদঃ
- পৌরসভার সম্পত্তি : স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯ এর ধারা ৪ উপধারা ৩ অনুযায়ী পৌরসভা স্থাবর ও অস্থাবর সম্পত্তি অর্জন, ধরে রাখা এবং হস্তান্তরের ক্ষমতা রাখে।

পৌরসম্পত্তি ব্যবস্থাপনায় পৌরসভার ক্ষমতা :

ধারা ৪৪(২)	<ul style="list-style-type: none"> • নিজস্ব অথবা সরকার অথবা অন্য কোন কর্তৃপক্ষ হতে প্রাপ্ত সম্পত্তির সার্বিক ব্যবস্থাপনা করতে পারবে। • দান, ক্রয় অথবা অন্য কোন পন্থায় স্থাবর এবং অস্থাবর সম্পত্তি অর্জন করতে পারবে। • পৌরসভার সীমানার বাহিরের কোন সম্পত্তির আবশ্যিক হলে সরকারের অনুমোদনক্রমে তা অর্জন করতে পারবে।
---------------	--

ধারা ৪৫(১)	<ul style="list-style-type: none"> জনস্বার্থে রাস্তার নিকটবর্তী কোন জমি অধিগ্রহণের প্রয়োজন হলে সরকারের পূর্বঅনুমোদন ক্রমে তা অর্জন করতে পারবে।
ধারা ৪৬(১)	<ul style="list-style-type: none"> পরিষদ সভার সিদ্ধান্ত অনুযায়ী উন্মুক্ত প্রতিযোগিতার ভিত্তিতে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে স্থাবর সম্পত্তি ইজারা প্রদান এবং অস্থাবর সম্পত্তি ইজারা অথবা ভাড়া ব্যবহার করতে পারবে। সরকারের অনুমোদনক্রমে কোন সম্পত্তি বিক্রয় ও হস্তান্তর করতে পারবে।
পৌরসম্পত্তি নিয়ন্ত্রণে সরকারের ক্ষমতা	
ধারা ৪৪(১)	<ul style="list-style-type: none"> সরকার পৌরসভার মালিকানাধীন অথবা পৌরসভার অধীনে ন্যস্ত সম্পত্তির ব্যবস্থাপনা, রক্ষণাবেক্ষণ ও উন্নয়নের জন্য বিধান করতে পারবে ; পৌরসভার মালিকানাধীন অথবা পৌরসভার অধীনে ন্যস্ত সম্পত্তির হস্তান্তর নিয়ন্ত্রণ করতে পারবে; সরকার পৌরসভার প্রয়োজনে স্থাবর সম্পত্তির অধিগ্রহণের ব্যবস্থা করতে পারবে ; প্রয়োজনে সম্পত্তি সমাজ উন্নয়নমূলক কাজে লাগাতে পারবে।

পৌরসভার সম্পত্তি অর্জনের উপায়সমূহ:


K) AwaMÖnY; [স্থানীয় সরকার(পৌরসভা) আইন, ২০০৯ এর ধারাঃ ৪৪(২-ঘ), ৪৫(১)]

L) e`w³ ev cÖwZôv‡bi wbKU n‡Z `vb m~‡Í cÖvß [ধারাঃ ৪৫(২-গ)];

M) mivmwi µ‡qi gva`‡g [ধারাঃ ৪৫(২-গ)]।

এ ছাড়া পৌর এলাকার মধ্যে সরকার বা অন্য কোন সংস্থার কোন সম্পত্তি যদি পৌরসভার অধীনে ন্যস্ত করা হয়, সেক্ষেত্রে পৌরসভা তা পরিচালনা, ব্যবস্থাপনা ও সংরক্ষণ করবে [ধারাঃ ৪৫(২-ক)]।

সম্পত্তি



সম্পত্তি রেজিস্ট্রেশনঃ

পৌর নাগরিকদের স্বাচ্ছন্দময় জীবনযাপনের লক্ষ্যে যে সকল সেবা প্রদান করা হয় পৌরসভা মূলতঃ তা নিজ অধিকারভুক্ত বিভিন্ন সম্পত্তি হতে সংস্থান করে থাকে। পৌরসভার সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তির যথাযথ হিসাব ও কার্যকর ব্যবহার নিশ্চিত করার প্রথম ও প্রধান পদক্ষেপ হলো সকল সম্পত্তির জন্য যথাযথ রেজিস্টার সংরক্ষণ নিশ্চিত করা।



পৌরমার্কেট, বাস টার্মিনাল, যানবাহন, যন্ত্রপাতি এবং অন্যান্য সম্পত্তি ব্যবস্থাপনা

- পৌরসম্পত্তি ব্যবস্থাপনার গুরুত্বঃ যে সকল সম্পত্তির মাধ্যমে পৌরসভা নাগরিকদের সেবা প্রদান করে তার গুণগত মানের উপর পৌরসেবার মান নির্ভরশীল। একই সাথে মানসম্মত পৌরসেবা নিশ্চিত হলে নাগরিকগণ পৌরকর, ফিস ইত্যাদি পরিশোধে আগ্রহী হয় বিধায় পৌর অবকাঠামো ও যন্ত্রপাতি/উপকরণ ব্যবহার ও রক্ষণাবেক্ষণ বিষয়টি পৌরসভার জন্য খুবই গুরুত্বপূর্ণ।
- বিভিন্ন সেবাখাত ভিত্তিক পৌরসম্পত্তি ব্যবস্থাপনার প্রক্রিয়াঃ মূলতঃ সম্পত্তি ব্যবস্থাপনা হলো সম্পত্তি পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য কতিপয় নিয়ম, পদ্ধতি ও ভালো দৃষ্টান্তমূলক কিছু পন্থার সমষ্টি।

পৌরসম্পত্তি ব্যবস্থাপনার প্রক্রিয়াঃ

সেবা খাত	সম্পত্তির নাম	সম্পত্তি ব্যবস্থাপনার বিভিন্ন প্রক্রিয়া
নগর যাতায়ত	রাস্তা/ ফুটপাথ, ব্রীজ/কালভার্ট, পার্কিং এলাকা, বাস টার্মিনাল/ট্রাক টার্মিনাল ও সড়ক বাতি।	<ul style="list-style-type: none"> • অর্থ-বছর ভিত্তিক অবকাঠামোর ব্যবহার ও রক্ষণাবেক্ষণ, কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও যথাযথভাবে বাস্তবায়ন। • রাস্তার শ্রেণী নির্ধারণ করে তালিকা প্রণয়ন এবং যানবাহন চলাচল নিয়ন্ত্রণ করা। • প্রবিধান/উপ-বিধান প্রণয়ন করা। • নিয়মিত তদারক, পরীক্ষণ, মূল্যায়ন/সমস্যা চিহ্নিতকরণ।
পানি সরবরাহ পানি সরবরাহ লাইন, উৎপাদন ও পয়ঃনিষ্কাশন	নলকূপ, ট্রিটমেন্ট প্লান্ট, সুউচ্চ পানির আধার, হস্তচালিত নলকূপ, পাবলিক স্ট্যান্ড পাইপ, পানির মিটার, কমিউনিটি ল্যাট্রিন/ পাবলিক টয়লেট, ওয়াশ স্টেশন, সেপটিক ট্যাংক।	<ul style="list-style-type: none"> • পয়ঃনিষ্কাশন জনিত সকল অবকাঠামো পরিদর্শনে পরিকল্পনা প্রনয়ন ও পরিদর্শক নিয়োজিত রাখা। • দক্ষ জনবল নিয়োগ দেওয়া। • নিয়মিত তদারক, পরীক্ষণ, মূল্যায়ন/সমস্যা চিহ্নিতকরণ।
পানি নিষ্কাশন ও পরিচ্ছন্নতা	নর্দমা ও আউটফল, ডাষ্টবিন ও ময়লা ফেলার জায়গা, ডাম্পিং গ্রাউন্ড।	<ul style="list-style-type: none"> • বার্ষিক কর্মসূচী অনুযায়ী জন সচেতনতা সৃষ্টি করা। • বড় বড় নর্দমা আবৃত রাখা ও নর্দমা পরিষ্কার করা। • নিয়মিত তদারক, পরীক্ষণ, মূল্যায়ন/সমস্যা চিহ্নিতকরণ।

পৌরসম্পত্তি ব্যবস্থাপনার প্রক্রিয়াঃ

সেবা খাত	সম্পত্তির নাম	সম্পত্তি ব্যবস্থাপনার বিভিন্ন প্রক্রিয়া
পৌর-স্থাপনা সুবিধা	পৌরভবন, পৌর মিলনায়তন, পৌর মার্কেট, স্কুল-পাঠাগার, পৌর পার্ক ও উদ্যান, কমিউনিটি সেন্টার, কাঁচা বাজার ও কসাইখানা, কবরস্থান/শশ্মান ঘাট, পুকুর ও জলাশয়।	<ul style="list-style-type: none"> এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা, প্রতি তিন মাস অন্তর নিয়মিত পরীক্ষা করা। ডবলিন সম্পত্তি ব্যবহারের জন্য নীতিমালা প্রণয়ন করা। নিয়মিত তদারক, পরীক্ষণ, মূল্যায়ন/সমস্যা চিহ্নিতকরণ।
পৌরসভার অফিস পরিচালন যন্ত্রপাতি	কম্পিউটার ও আনুষঙ্গিক, ফটোকপি মেশিন, ফ্যাক্স, প্রজেক্টর, টেলিফোন, ক্যালকুলেটর, জেনারেটর, এয়ারকুলার, বৈদ্যুতিক পাখা, ফ্রীজ, জরিপ যন্ত্রপাতি।	<ul style="list-style-type: none"> রক্ষণাবেক্ষণের জন্য সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক অর্থ-বছর ভিত্তিক কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা। প্রতি তিন মাস অন্তর মাসিক সভায় পর্যালোচনা করা।
পৌরসভার যানবাহন ও যন্ত্রপাতি	জীপ, পিকআপ, মোটরবাইক, সাইকেল, গার্বিজ ট্রাক, গার্বিজ ভ্যান, পানির লরি, রোড রোলার, ব্রাইব্রেটর, বীম লিফটর, ভ্যাকুয়াম ট্যাংকার।	<ul style="list-style-type: none"> যানবাহন ও যন্ত্রপাতির হালনগাদ তালিকা প্রণয়নপূর্বক পৌরসভা কার্যালয়ে সংরক্ষণ করা। প্রয়োজন মোতাবেক প্রশিক্ষণের ব্যবস্থা করা। নিয়মিত তদারক, পরীক্ষণ, মূল্যায়ন/সমস্যা চিহ্নিতকরণ।

পৌরসম্পত্তির ইজারা প্রদান

পৌরসভার ইজারা প্রদানকৃত সম্পত্তির মধ্যে,

- হাট/বাজার;
- পুকুর/জলমহাল;
- দোকানকোঠা ;
- বাস টার্মিনাল;
- পাবলিক টয়লেট;
- রাস্তার পার্শ্বর্তী জমি;
- ফেরীঘাট/লঞ্চঘাট, বিশেষ ভাবে উল্লেখযোগ্য।



সম্পত্তির ইজারা প্রদানের ক্ষেত্রে পৌরপরিষদকে নিম্নোক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে হয় :

- ক) ইজারকৃত সম্পত্তির ভৌগলিক অবস্থান ও ইজারা মূল্যের ভিত্তিতে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ নির্ধারণ;
- খ) ইজারা প্রদানে নির্ধারিত টেন্ডার পদ্ধতি যথাযথ ভাবে অনুসরণ;
- গ) টেন্ডার কমিটি গঠন;
২। উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের কর্ম-পরিকল্পনা তৈরির লক্ষ্যে দায়িত্বপ্রাপ্ত স্থায়ী কমিটির প্রস্তুতিমূলক সভা।	১ দিন	বিভাগীয় প্রধান ও নগর পরিকল্পনাবিদগণের (যদি থাকে) সহযোগিতায় নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।
৩। ওয়ার্ড পর্যায়ে চাহিদা সংগ্রহ ও রূপকল্প নির্ধারণ।	২সপ্তাহ	মেয়র ও বিভাগীয় প্রধানদের সহযোগিতায় ওয়ার্ড কমিটি
৪। সকল ওয়ার্ডের চাহিদা বিবেচনা করে সমগ্র পৌরসভার পরিস্থিতি পর্যালোচনা।	১ মাস	হিসাবরক্ষণ কর্মকর্তা, বিভাগীয় প্রধান ও নগর পরিকল্পনাবিদগণের (যদি থাকে) সহযোগিতায় নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
৫। প্রাপ্তব্য আর্থিক সম্পদের সম্ভাব্য প্রাক্কলন প্রণয়ন।		
৬। পৌরসভার রূপকল্প বিবৃতি প্রণয়ন।	১ দিন	মেয়র, কাউন্সিলর, পৌরসভার কর্মকর্তাবৃন্দ এবং অন্যান্য স্টেকহোল্ডারদের উপস্থিতিতে আয়োজিত কর্মশালার মাধ্যমে নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
৭। পৌরসভার খসড়া প্রকল্প/কার্যাবলীর অগ্রাধিকার তালিকা প্রণয়ন।	২সপ্তাহ	বিভাগীয় প্রধান ও নগর পরিকল্পনাবিদগণের (যদি থাকে) সহযোগিতায় নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
৮। খসড়া উন্নয়ন পরিকল্পনা দলিল প্রণয়ন এবং মেয়রের নিকট পেশ।	২সপ্তাহ	বিভাগীয় প্রধান ও নগর পরিকল্পনাবিদগণের (যদি থাকে) সহযোগিতায় নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
৯। টিএলসিসি'র সভায় খসড়া উন্নয়ন পরিকল্পনা বিষয়ে আলোচনা।	১ দিন	মেয়র
১০। পৌর পরিষদের সভায় খসড়া উন্নয়ন পরিকল্পনা চূড়ান্তকরণ।	১ দিন	মেয়র
১১। স্থানীয় সরকার বিভাগে খসড়া উন্নয়ন পরিকল্পনা অনুমোদনের জন্য প্রেরণ।	১ দিন	মেয়র
১২। বার্ষিক কর্ম-পরিকল্পনা ও বাজেট প্রণয়ন।	২সপ্তাহ	সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সহযোগিতায় পৌরপরিষদ।

৪.২ স্টেকহোল্ডার/সংশ্লিষ্ট মহলের ভূমিকা

যেহেতু উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ায় বহুমাত্রিক স্টেকহোল্ডার সম্পৃক্ত থাকেন, সেহেতু, প্রত্যেক স্টেকহোল্ডারের ভূমিকা সুনির্দিষ্টভাবে সংজ্ঞায়িত থাকা প্রয়োজন। প্রত্যেক স্টেকহোল্ডারের এরূপ সুনির্দিষ্ট ভূমিকা নিচে বর্ণনা করা হয়েছে।

নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি

এ হ্যান্ডবুকে প্রস্তাব করা হয়েছে যে, পৌর পরিষদের অনুমোদনক্রমে নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। উক্ত কমিটি, স্থানীয় সরকার (পৌরসভা) আইন- ২০০৯ এ উল্লিখিত দশটি অত্যাাবশ্যিক স্থায়ী কমিটির একটি।

স্থায়ী কমিটির গঠন কাঠামো

সদস্য: মেয়রসহ কাউন্সিলরবৃন্দের মধ্য থেকে মনোনীত চার জন কাউন্সিলরকে নিয়ে মোট সদস্য সংখ্যা পাঁচ জন। এর মধ্যে ৪০% মহিলা সদস্য হতে হবে।

সভাপতি: কাউন্সিলরবৃন্দের মধ্য থেকে সভাপতি নির্বাচন করতে হবে (আইন-শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি ব্যতীত)।

সদস্য 'কো-অপ্ট' করা: প্রত্যেক স্থায়ী কমিটি একজন করে বিশেষজ্ঞ সদস্যকে কমিটিতে 'কো-অপ্ট' করতে পারবে যার, সিদ্ধান্ত গ্রহণে, ভোটাধিকার থাকবে না।

যেহেতু, উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ার মধ্যে অনেকগুলো কারিগরি বিষয় সম্পৃক্ত থাকে সেহেতু, নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটিতে বাইরে থেকে বিশেষজ্ঞ সদস্য অন্তর্ভুক্ত করার জন্য বিশেষভাবে সুপারিশ করা হয়েছে; যা উক্ত স্থায়ী কমিটির কাজে বড় ধরনের সহায়ক হবে।

যদিও প্রতিটি পৌরসভা কর্তৃক প্রণীত উপ-বিধির আলোকে সকল স্থায়ী কমিটি গঠিত এবং তাদের কার্যপরিধি নির্ধারিত হবে (পৌরসভা আইনের ধারা-৫৬), তথাপিও বর্তমান হ্যান্ডবুকে নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির কার্যপরিধিতে উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের জন্য নিম্নবর্ণিত দায়িত্বসমূহ অন্তর্ভুক্ত করার প্রস্তাব করা হয়েছে:

- ✓ উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের সামগ্রিক প্রক্রিয়ায় নেতৃত্ব প্রদান করা;
- ✓ উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়া এবং এর উদ্দেশ্য সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা এবং তাদের মধ্যে দায়িত্ব বন্টন করা;
- ✓ প্রত্যেক ওয়ার্ড কমিটি থেকে রূপকল্পসহ একটি অগ্রাধিকার প্রকল্প /কর্ম-তালিকা সংগ্রহ করা;
- ✓ সমগ্র পৌরসভার বিদ্যমান অবস্থা মূল্যায়ন করা এবং পৌরসভার রূপকল্প বিবৃতি প্রণয়নের জন্য একটি কর্মশালার আয়োজন করা;
- ✓ পৌরসভার জন্য একটি অগ্রাধিকার প্রকল্প/ কার্যক্রমের তালিকা প্রণয়ন করা;
- ✓ খসড়া উন্নয়ন পরিকল্পনার দলিল প্রস্তুত করা;
- ✓ শহর সমন্বয় কমিটিতে (টিএলসিসি) আলোচনার জন্য খসড়া উন্নয়ন পরিকল্পনা উপস্থাপন করা এবং আলোচনার ভিত্তিতে প্রয়োজনীয় সংশোধন করা; এবং
- ✓ পৌর পরিষদের সভার অনুমোদনের জন্য খসড়া উন্নয়ন পরিকল্পনা উপস্থাপন করা।

ওয়ার্ড কমিটিসমূহ

ওয়ার্ড কমিটিসমূহ ওয়ার্ড পর্যায়ে থেকে চাহিদা সংগ্রহের কাজে নেতৃত্ব প্রদান করতে পারে। স্থানীয় সরকার (পৌরসভা) আইন- ২০০৯ এবং ২৬ জুন ২০১২ তারিখে জারিকৃত পৌরসভা (ওয়ার্ড কমিটির গঠন ও কার্য-পরিধি) বিধিমালা, = ২০১২ অনুযায়ী ওয়ার্ড কমিটির গঠন নিম্নোক্ত 'বক্সে' উল্লেখ করা হলো:

ওয়ার্ড কমিটির গঠন কাঠামো

নিম্নে উল্লিখিত অনধিক ১০ জন সদস্য সমন্বয়ে ওয়ার্ড কমিটি গঠন করতে হবে এবং উক্ত কমিটিতে ৪০% মহিলা সদস্য থাকবেন।

পদবি	প্রতিনিধিত্ব
সভাপতি	সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর
সহ-সভাপতি	ঐ ওয়ার্ডের (সংরক্ষিত আসন) মহিলা কাউন্সিলর
সদস্য	৩ জন নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি
সদস্য	২ জন নাগরিক সমাজের প্রতিনিধি (এনজিও, কমিউনিটি গ্রুপ)
সদস্য	মহিলাসহ ২ জন পেশাজীবী সংগঠনের প্রতিনিধি
সদস্য-সচিব	সহকারী প্রকৌশলী/ উপ-সহকারী প্রকৌশলী

উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ায় ওয়ার্ড কমিটির নিকট থেকে নিম্নবর্ণিত দায়িত্বসমূহ প্রত্যাশা করা হয়ে থাকে :

- ✓ তাদের সংশ্লিষ্ট ওয়ার্ডে ওয়ার্ড পর্যায়ে একটি উন্মুক্ত সভার আয়োজন করবে এবং উক্ত ওয়ার্ডের অধিবাসী যে সকল সমস্যা মোকাবেলা করে সেগুলো এবং ওয়ার্ড পর্যায়ের রূপকল্প বিষয়ে আলোচনা করবে; এবং
- ✓ একই উন্মুক্ত সভায়, ওয়ার্ড পর্যায়ের সমস্যা এবং রূপকল্পের উপর ভিত্তি করে, একটি অগ্রাধিকার কার্যতালিকা প্রণয়ন করবে।

শহর পর্যায়ের সমন্বয় কমিটি (টিএলসিসি)

শহর পর্যায়ের সমন্বয় কমিটিতে উন্নয়ন পরিকল্পনার বিষয় আলোচনা করা উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের একটি অপরিহার্য ধাপ, যেখানে নাগরিকদের দাবির প্রতিফলন ঘটবে।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, = ২০০৯ এ টিএলসিসি'র সর্বোচ্চ সদস্য সংখ্যা ৫০ জন নির্ধারণ করে দেয়া হয়েছে। স্থানীয় সরকার বিভাগের ২০১২ সালের ১৮ অক্টোবর তারিখের স্মারক নং- ১৬৪৫ এর নির্দেশনা অনুসারে টিএলসিসি'র গঠন কাঠামো নিচের 'বক্সে' উল্লেখ করা হলো :

টিএলসিসি'র গঠন কাঠামো	
প্রতিটি টিএলসিসি নিম্নবর্ণিত সদস্যবৃন্দের সমন্বয়ে গঠিত হবে :	
পদবি	প্রতিনিধিত্ব
সভাপতি	পৌরসভার মেয়র
সদস্য	ওয়ার্ড কাউন্সিলর (মেয়র কর্তৃক নির্ধারিত অনধিক ১২ জন)
সদস্য	আট জন সহযোগী প্রতিষ্ঠানের প্রতিনিধি (জেলা প্রশাসন, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর, গণপূর্ত অধিদপ্তর, সমাজসেবা অধিদপ্তর, সমবায় অধিদপ্তর এবং টেলিগ্রাফ ও টেলিফোন বোর্ড)
সদস্য	পাঁচ জন পেশাজীবী সংগঠনের প্রতিনিধি (শিক্ষা/সংস্কৃতি/আইনজীবী/ব্যবসায়ী/চিকিৎসক/প্রকৌশলী)
সদস্য	চারজন এনজিও প্রতিনিধি
সদস্য	বারজন নাগরিক সমাজের প্রতিনিধি
সদস্য	সাতজন নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি
সদস্য-সচিব	প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও)/ সচিব
অন্যান্য শর্তাবলী হচ্ছে : ১) পৌরসভার মোট ওয়ার্ডের সংখ্যা অনুসারে প্রত্যেক ওয়ার্ড হতে এক থেকে তিন জন করে সদস্য মনোনীত করতে হবে; ২) টিএলসিসি'র মোট সদস্যের কমপক্ষে এক-তৃতীয়াংশ মহিলা সদস্য অন্তর্ভুক্ত করতে হবে; ৩) টিএলসিসি'র সদস্য হিসেবে চূড়ান্তভাবে মনোনীত করার পূর্বে, সম্ভাব্য উপযুক্ত নাগরিকদের সাথে তাদের অন্তর্ভুক্তির ব্যাপারে সম্মতি জানার জন্যে যোগাযোগ করতে হবে; এবং ৪) সহযোগী প্রতিষ্ঠানের ভূমিকার গুরুত্ব বিবেচনা করে এগুলো চিহ্নিত করতে হবে।	

উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ায় টিএলসিসি'র নিকট থেকে নিম্নবর্ণিত দায়িত্বসমূহ প্রত্যাশা করা হয়ে থাকে :

- ✓ খসড়া উন্নয়ন পরিকল্পনার খুঁটিনাটি বিষয় আলোচনা করবে এবং উক্ত খসড়া পরিকল্পনা চূড়ান্ত করার জন্য মতামত ও সুপারিশ প্রদান করবে।

পৌর পরিষদ

পৌর পরিষদকে তার মাসিক বা বিশেষ সভায় পৌরসভার উন্নয়ন পরিকল্পনা বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। এ বিষয়ে পৌর পরিষদের বিশেষ দায়িত্ব নিম্নরূপঃ

- ✓ উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের সিদ্ধান্ত গ্রহণ করা এবং নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটিকে দায়িত্ব প্রদান করা; এবং
- ✓ খসড়া উন্নয়ন পরিকল্পনার উপর আলোচনা অনুষ্ঠান করা এবং মন্ত্রণালয়ে উহা প্রেরণের পূর্বে চূড়ান্ত করা।

মেয়র

নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সদস্য হিসেবে এবং একই সঙ্গে পৌর পরিষদ ও টিএলসিসি'র সভাপতি হিসেবে মেয়র উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের সকল ধাপেই যুক্ত থাকবেন। উল্লিখিত ভূমিকা ছাড়াও মেয়রের নিকট থেকে নিম্নোক্ত ভূমিকা প্রত্যাশিতঃ

- ✓ মেয়র, পরিষদের সভায়, উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের প্রস্তাব উপস্থাপন করবেন এবং নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির নিকট উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের দায়িত্ব প্রদানের প্রস্তাব করবেন;
- ✓ যদি নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি গঠন করা না হয়ে থাকে তবে তা গঠন করার উদ্যোগ নিবেন;
- ✓ প্রধান অতিথি হিসেবে ওয়ার্ড পর্যায়ের উন্মুক্ত সভায় অংশগ্রহণ করবেন, নাগরিকবৃন্দের নিকট উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের উদ্দেশ্য ব্যাখ্যা করবেন এবং নগরিক দায়িত্ব পালন, যেমন- কর/ফি/রেইট/টোল ইত্যাদি পরিশোধ করার মাধ্যমে পৌরসভার নাগরিক পরিসেবা প্রদানে সহযোগিতা করার বিষয়ে তাদের সাথে মত বিনিময় করবেন; এবং
- ✓ চূড়ান্ত উন্নয়ন পরিকল্পনা অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

কাউন্সিলরবৃন্দ

কাউন্সিলরবৃন্দের ও বিভিন্ন দায়িত্ব রয়েছে যা নিম্নরূপঃ

- ✓ ওয়ার্ড কমিটির সভাপতি হিসেবে ওয়ার্ড পর্যায়ের চাহিদা সংগ্রহের কাজে নেতৃত্ব প্রদান করা;
- ✓ পৌরসভার রূপকল্প প্রণয়নের উদ্দেশ্যে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় এবং এ সংক্রান্ত কর্মশালায় অংশগ্রহণ করা;
- ✓ খসড়া উন্নয়ন পরিকল্পনা বিষয়ে আলোচনা করার জন্য টিএলসিসি'র সভায় সদস্য হিসেবে অংশগ্রহণ করা; এবং
- ✓ খসড়া উন্নয়ন পরিকল্পনা চূড়ান্ত করার লক্ষ্যে পৌর পরিষদের সভায় অংশগ্রহণ করা।

পৌরসভার কর্মকর্তাবৃন্দ

পৌরসভার কর্মকর্তাবৃন্দ নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, ওয়ার্ড কমিটি, টিএলসিসি ও পৌর পরিষদকে উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের সকল ধাপে সহযোগিতা করবে। এ সংক্রান্তে তাদের সুনির্দিষ্ট দায়িত্বসমূহ নিম্নরূপঃ

১) একটি প্রস্তুতিমূলক সভা আয়োজন করা ও প্রয়োজনীয় দলিলপত্র, যেমন- কার্যপত্র, সভার কার্যবিবরণী, ইত্যাদি প্রস্তুত করা; ২) পরবর্তী পাঁচ বছরের জন্য প্রাপ্তব্য আর্থিক সম্পদের আনুমানিক হিসাব করা; ৩) পৌরসভার বাস্তব অবস্থা পর্যালোচনার জন্য প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সরবরাহ করা এবং প্রয়োজনীয় দলিল প্রস্তুত করা; ৪) পৌরসভা রূপকল্প বিবৃতি প্রণয়নের জন্য কর্মশালা আয়োজন, উক্ত কর্মশালার আলোচনায় অংশগ্রহণ ও সভার কার্যবিবরণী প্রস্তুত করা; ৫) অগ্রাধিকার প্রকল্প/কার্যক্রমের তালিকা প্রণয়নের সাথে আনুমানিক ব্যয় হিসাব করা ও কারিগরি মতামত প্রদান করা; ৬) উন্নয়ন পরিকল্পনা সংকলন করা; এবং ৭) টিএলসিসি'র সভা আয়োজন ও কার্যবিবরণী প্রস্তুত করার কাজে নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটিকে সহায়তা প্রদান করা।

- ✓ সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সহযোগিতায় বার্ষিক কর্ম-পরিকল্পনা এবং বাজেট প্রণয়নে পৌর পরিষদকে সহযোগিতা প্রদান করা; এবং

- ✓ উন্মুক্ত সভা আয়োজনে ওয়ার্ড কমিটিসমূহকে সহযোগিতা প্রদান করা এবং নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির নিকট উপস্থাপনের জন্য দলিলপত্র প্রস্তুত করার ক্ষেত্রে ওয়ার্ড কমিটিসমূহকে সহযোগিতা প্রদান করা।

৪.৩ উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের ধাপসমূহ

একটি উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের বিভিন্ন উপায় ও কৌশল রয়েছে। এ হ্যান্ডবুকে এমন একটি সহজ পদ্ধতি অবলম্বন করার সুপারিশ করা হয়েছে যা যেকোন পৌরসভা রপ্ত করতে পারবে, যদি তারা প্রশিক্ষণে অংশগ্রহণ করে ও কাজটি সম্পাদনে দৃঢ় প্রতিজ্ঞ হয়। প্রতিটি ধাপের বিস্তারিত বিবরণ নিম্নে বর্ণনা করা হলো -

৪.৩.১ উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ

পৌর মেয়র, সম্ভব হলে, পরিষদের ২য় সভায় উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের উদ্দেশ্য এবং নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির উপর প্রদানযোগ্য দায়িত্ব সম্পর্কে ব্যাখ্যা দিবেন এবং উক্ত স্থায়ী কমিটির মাধ্যমে উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের প্রস্তাব করবেন। উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত মেয়রের উক্ত প্রস্তাব এবং স্থায়ী কমিটিকে দায়িত্ব প্রদানের বিষয়টি পৌর পরিষদের সভায় সিদ্ধান্ত আকারে গৃহীত হতে হবে।

যদি নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি গঠন করা না হয়ে থাকে, তবে পরিষদের একই সভায় তা গঠনের উদ্যোগ নিতে হবে; অন্যথায়, মেয়র এ বিষয়ে একটি বিশেষ সভা আহ্বান করতে পারেন। অপরদিকে, যদি স্থায়ী কমিটির কার্যাবলী সংক্রান্ত উপ-আইন বিদ্যমান না থাকে, সে ক্ষেত্রে উক্ত সভায় স্থায়ী কমিটির কার্যাবলী আলোচনার মাধ্যমে নির্দিষ্ট করে দেয়া যেতে পারে এবং এভাবে নির্দিষ্টকৃত কার্যাবলী, উপ-আইন পাস না হওয়া পর্যন্ত, প্রযুক্ত হবে।

এ হ্যান্ডবুকের ৪.২ অনুচ্ছেদে স্থায়ী কমিটির গঠন দেখানো হয়েছে। তদানুযায়ী উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন কোন একজন ব্যক্তিকে কো-অপ্ট সদস্য হিসেবে উক্ত স্থায়ী কমিটিতে অন্তর্ভুক্ত করার জন্য জোর সুপারিশ করা হয়েছে। উক্ত কো-অপ্ট সদস্যের সম্মানী এবং কাজের পরিধি পরিষদের সংশ্লিষ্ট সভায় নির্ধারণ করে দেয়া উচিত হবে।

৪.৩.২ প্রস্তুতিমূলক সভা

নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, পৌর পরিষদের সভার তারিখ হতে ২ সপ্তাহের মধ্যে সকল কাউন্সিলর ও ৩ বিভাগের প্রধানদেরকে আমন্ত্রণ জানিয়ে একটি প্রস্তুতিমূলক সভার আয়োজন করবে। উক্ত সভার প্রধান আলোচ্যসূচি হবে নিম্নরূপ :

- ✧ উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের উদ্দেশ্য: উন্নয়ন পরিকল্পনা কি সে সম্পর্কে আলোচনা এবং ধারণা তৈরি করা, পৌরসভা কেন একটি উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করেছে এবং এটা পৌরসভার জন্য কি কি সুফল বয়ে আনতে পারে- সে সম্পর্কে আলোচনা করা।
- ✧ উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের পদ্ধতি: উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করার পদ্ধতি এবং একইসাথে প্রতিটি ধাপ সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সময়কাল সম্পর্কে আলোচনা করা, যেগুলো সম্পর্কে ৪.১ অনুচ্ছেদে সংক্ষিপ্ত আকারে আলোকপাত করা হয়েছে। কিন্তু আলাপ-আলোচনার পর এগুলো যদি পুনঃবিন্যস্ত করার প্রয়োজন অনুভূত হয় তবে তা করা যেতে পারে।
- ✧ প্রত্যেক স্টেকহোল্ডারের দায়িত্ব/কর্তব্যঃ প্রত্যেক স্টেকহোল্ডারের উপর সুনির্দিষ্ট কাজ এবং দায়িত্ব বন্টনের প্রস্তাব করা এবং তা ঐক্যমতের ভিত্তিতে গ্রহণ করা। এ হ্যান্ডবুকের ৪.২ অনুচ্ছেদে স্টেকহোল্ডারদের দায়িত্ব বর্ণনা করা হয়েছে যা পুণঃবিন্যাস করা যেতে পারে অথবা এর সাথে, প্রয়োজন বোধ করলে, আলোচনাক্রমে অন্যান্য দায়িত্ব যুক্ত করা যেতে পারে।
- ✧ ঐক্যমতের ভিত্তিতে উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের সময়সূচি: উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের জন্য একটি খসড়া সময়সূচির প্রস্তাব করা।
- ✧ ওয়ার্ড পর্যায়ের উন্মুক্ত সভা আহ্বান করা: ওয়ার্ড পর্যায়ের উন্মুক্ত সভার উদ্দেশ্য সম্পর্কে মতবিনিময় করা এবং কিভাবে ওয়ার্ড পর্যায়ে রূপকল্প এবং অগ্রাধিকার ভিত্তিক প্রকল্পের তালিকা তৈরি করা যায় সে সম্পর্কে আলোচনা করা। ওয়ার্ড পর্যায়ে রূপকল্প তৈরি এবং অগ্রাধিকার ভিত্তিক প্রকল্পের তালিকা প্রণয়নের পদ্ধতি এ হ্যান্ডবুকে ৪.৩.৩ অনুচ্ছেদে বর্ণনা করা হয়েছে, যার সাথে

মিলিয়ে সভার তারিখ, সময় ও স্থান ইত্যাদি নির্ধারণ করা এবং তা সংক্ষিপ্ত আকারে নিম্নে উল্লেখিত ছক 'ক' ব্যবহার করে ওয়ার্ড সভার পরিকল্পনা ক্যালেন্ডার আকারে তৈরি করা।

ছক 'ক': ওয়ার্ড সভার পরিকল্পনা ক্যালেন্ডার

ওয়ার্ড	সভার তারিখ	সভার সময়	সভার স্থান	দায়িত্বপ্রাপ্ত কাউন্সিলর
১ নং	১০/০২/২০১৬	৯:০০-১৬:০০	----- বিদ্যালয়	জনাব- -----
-----	-----	-----	-----	-----
-----	-----	-----	-----	-----
-----	-----	-----	-----	-----

৪.৩.৩ ওয়ার্ড পর্যায়ের রূপকল্প প্রণয়ন ও প্রকল্প সংগ্রহ

প্রতিটি ওয়ার্ডের ওয়ার্ড কমিটি অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প/কার্যক্রমের একটি তালিকা তৈরি করে নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির নিকট পেশ করবে। উক্ত ওয়ার্ডের নাগরিকবৃন্দ প্রকল্প/কার্যক্রমের চাহিদার তালিকা প্রস্তুত প্রক্রিয়ায় যাতে অংশগ্রহণ করতে পারে এবং সে উদ্দেশ্যে প্রতিটি ওয়ার্ডের ওয়ার্ড কমিটি, পৌরসভার সচিবের সহায়তায়, একটি উন্মুক্ত সভা আহবান করবে। তালিকাটি নিম্নলিখিত ৫টি ধাপ অনুসারে প্রস্তুত করা যেতে পারে:

- ১) ওয়ার্ড কমিটি কর্তৃক সমস্যা চিহ্নিত করা এবং তদানুযায়ী সম্ভাব্য পদক্ষেপ গ্রহণ করা;
- ২) ওয়ার্ডের অধিবাসীদের সাথে উন্মুক্ত সভায় আলোচনা করা;
- ৩) ওয়ার্ড পর্যায়ে রূপকল্প তৈরি করা;
- ৪) অগ্রাধিকার ভিত্তিক কর্মকাণ্ড নির্বাচন করা; এবং
- ৫) অগ্রাধিকার ভিত্তিক তালিকা সংকলন করা।

প্রত্যেকটি ধাপ নিচে বিস্তারিত আলোচনা করা হলোঃ

ধাপ- ১

ওয়ার্ড কমিটি কর্তৃক সমস্যা/চাহিদা চিহ্নিত করা ও সম্ভাব্য পদক্ষেপ গ্রহণ

ওয়ার্ড কমিটির সদস্যবৃন্দ এ বিষয়ে যা আলোচনা করবেন :

- ক) ওয়ার্ডের অধিবাসীদের সেক্টর ভিত্তিক যে সব সমস্যা/চাহিদা রয়েছে; এবং
- খ) সমস্যা মোকাবেলা বা চাহিদা পূরণের জন্য কি কার্যক্রম গ্রহণ করতে হবে।

করণীয় কার্যক্রম শুধুমাত্র স্বল্প-মেয়াদী (১-২ বছর) প্রেক্ষাপটে না হয়ে তা মধ্য-মেয়াদী প্রেক্ষাপটেও (৫ বছর) বিবেচিত হতে পারে। পৌরসভার কর্মকর্তা, যেমন- সচিব, প্রকৌশলী এবং স্বাস্থ্য কর্মকর্তা, অংশগ্রহণকারীদের বাস্তব ভিত্তিক করণীয় কার্যক্রম সম্পর্কে পরামর্শ প্রদান করতে পারেন। উক্ত সভার আলোচনার ফলাফল সংক্ষিপ্ত আকারে নিম্নোক্ত ছক- খ এর (ক), (খ) ও (গ) কলামে উল্লেখ করা যেতে পারে।

ছক- খ: সমস্যা/ দাবিসমূহের তালিকা ও সম্ভাব্য কার্যক্রম

ওয়ার্ড নং: ----- পৌরসভার নাম:-----

সেবার খাত	(ক) সমস্যা/ চাহিদাসমূহ	(খ) সম্ভাব্য করণীয় কাজ	(গ) স্বল্প/মধ্য-মেয়াদী	(ঘ) অগ্রাধিকার ক্রম
স্বাস্থ্য	ডেঙ্গু জ্বরের প্রকোপ সাম্প্রতিক সময়ে বৃদ্ধি পেয়েছে	মশক নিধন অভিযান পরিচালনা করা	স্বল্প-মেয়াদী	----- ----- -----
		বসা, অফিস ও বিদ্যালয়ে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের জন্য প্রচারাভিযান পরিচালনা করা	স্বল্প-মেয়াদী	----- ----- -----
বর্জ্য ব্যবস্থাপনা	আবর্জনা মজুদ করায় পার্শ্ববর্তী এলাকায় বসবাসরত জনগণ দুর্গন্ধ অনুভব করে	একটি স্যানিটারী ল্যান্ডফিল সাইট স্থাপন করা	মধ্য-মেয়াদী	----- ----- -----
পানি সরবরাহ	অগভীর নলকূপ থেকে সংগৃহীত পানি আর্সেনিক দ্বারা দূষিত	আর্সেনিক দূরীভূত করার পদ্ধতি প্রয়োগ করা	মধ্য-মেয়াদী	----- ----- -----
		অধিক সংখ্যক গভীর নলকূপ স্থাপন করা	স্বল্প-মেয়াদী	----- ----- -----
সড়ক (সড়ক, সেতু ও সড়ক বাতি)	উৎপাদিত ফসল বাজারজাতকরণ সমস্যা, কারণ বাজারে আসার প্রধান সড়কটি ক্ষতিগ্রস্ত	সড়কটি সংস্কার করা	স্বল্প-মেয়াদী	----- ----- -----
নর্দমা ও কালভার্ট	----- ----- -----
সাধারণের বাজার ও কসাইখানা	----- ----- -----
খাদ্য ও পানীয়	----- ----- -----
পরিবেশ	----- ----- -----
শিক্ষা	----- ----- -----
অন্যান্য (জন নিরাপত্তা, সমাজ কল্যাণ, ইত্যাদি)	----- ----- -----

ধাপ- ২

উন্মুক্ত সভায় ওয়ার্ডের বাসিন্দাদের সঙ্গে আলোচনা

ওয়ার্ড কমিটির চেয়ারম্যান একটি উন্মুক্ত সভা আহ্বান করবেন যেখানে কমিটির কোন একজন সদস্য ছক 'খ' এ উল্লিখিত, কলাম (ঘ) এর অগ্রাধিকার কার্যক্রম বাদ রেখে, কলাম (ক) তে বর্ণিত সমস্যা/চাহিদার খসড়া তালিকাটি এবং কলাম (খ) তে বর্ণিত সম্ভাব্য করণীয় কাজের বিবরণ উপস্থাপন করবেন। তালিকায় উল্লিখিত সমস্যা/চাহিদা সঠিক হয়েছে কিনা এ বিষয়ে অংশগ্রহণকারীগণ আলোচনা করবেন এবং ওয়ার্ড কমিটিকে পরামর্শ দিবেন। প্রতিটি গ্রুপ/দল বিভিন্ন সেক্টরের উপর কাজ করতে পারেন। অংশগ্রহণকারীদের পরামর্শ/প্রস্তাবনা বিবেচনা করে ওয়ার্ড কমিটি তালিকাটির পরিবর্তন করবে।

ধাপ- ৩

ওয়ার্ড পর্যায়ের রূপকল্প

অংশগ্রহণকারীগণ নিম্নোক্ত প্রশ্নগুলোর উত্তর পাওয়ার জন্য উন্মুক্ত সভায় আলোচনা করবেন :

১। কোন কোন সেক্টরে/ক্ষেত্রে তারা আগামী পাঁচ বছর মেয়াদকালের মধ্যে দৃশ্যমান পরিবর্তন দেখতে চায় ?

২। পৌরসভার আর্থিক সক্ষমতা এবং কারিগরি দক্ষতা বিবেচনা করে, তারা তাদের নিজস্ব ওয়ার্ডে এ সেক্টর/ক্ষেত্রগুলোতে আগামী পাঁচ বছরে কি অবস্থা দেখতে চায় ?

ওয়ার্ড কমিটির চেয়ার-পারসন /কো- চেয়ার-পারসন প্রাপ্ত উত্তরগুলো সংগ্রহ করবেন এবং সংক্ষিপ্ত আকারে বিবৃতি লিপিবদ্ধ করবেন। এ ধরনের বিবৃতির কিছু উদাহরণ নিচের 'বক্সে' উল্লেখ করা হয়েছে।

ওয়ার্ড পর্যায়ে রূপকল্পের উদাহরণ

- ✚ ওয়ার্ড নং ২ এর সকল বাসিন্দা আর্সেনিক মুক্ত পানযোগ্য পানি পাওয়ার সুযোগ পাবে।
- ✚ ওয়ার্ড নং ৫ সুষ্ঠু পানি নিষ্কাশন ব্যবস্থা এবং বর্জ্য মুক্ত নর্দমাসহ বন্যা পরিস্থিতি মোকাবেলা করার সক্ষমতা সম্পন্ন ওয়ার্ডে উন্নিত হবে।
- ✚ ওয়ার্ড নং ৮ এর সব বাসিন্দাগণ মাত্র ১ ঘন্টার মধ্যে স্কুল, হাট-বাজার ও স্বাস্থ্য সেবা কেন্দ্রে পৌছাতে সক্ষম হবে।

ধাপ- ৪ কার্যক্রমের অগ্রাধিকার

প্রথম এবং দ্বিতীয় ধাপে নির্ধারিত কোন কোন কার্যক্রম আগামী পাঁচ বছরে বাস্তবায়নের জন্য অগ্রাধিকার পাবে সে সম্পর্কে অংশগ্রহণকারীগণ আলোচনা করবেন এবং নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনা করে তা নির্ধারণ করবেন :

ক) এ কার্যক্রমটি শুধু মাত্র অল্প কিছু মানুষ বা ছোট কোন দলের জন্য নয় বরং পুরো ওয়ার্ডের বৃহত্তর জনগোষ্ঠীর জন্য সুফল বয়ে আনবে;

খ) এ কাজ আর্থিক বা কারিগরি দিক বিবেচনায় বাস্তবায়নের অযোগ্য হবে না;

গ) এ কাজ পরিবেশের বা সমাজের নির্দিষ্ট জনগোষ্ঠী, যেমন- মহিলাদের উপর কোন নেতিবাচক প্রভাব ফেলবেনা;

ঘ) এ কাজ ওয়ার্ডের উন্নয়নের জন্য দীর্ঘ মেয়াদে ভূমিকা রাখবে;

ঙ) এ কাজ মহিলা, দরিদ্র জনগোষ্ঠী এবং অন্যান্য প্রান্তিক জনগোষ্ঠীর জন্য ইতিবাচক ফলাফল বয়ে আনবে। (উদাহরণ- সড়ক নির্মাণের কাজে মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি, বস্তিতে সুপেয় পানি সরবরাহ ব্যবস্থার সম্প্রসারণ, ইত্যাদি); এবং

চ) পরিবেশ সংরক্ষণে ভূমিকা রাখবে।

পূর্বের ছক- 'খ' এর ঘ কলামে অগ্রাধিকার এর বিন্যাস প্রদর্শন করা যেতে পারে।

ধাপ- ৫ অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প/কার্যক্রমের তালিকার সংকলন

পূর্ববর্তী ধাপের আলোচনার ফলাফলের ভিত্তিতে ছক- 'খ' তে যে সার-সংক্ষেপ লিপিবদ্ধ করা হয়েছে তার আলোকে প্রত্যেক ওয়ার্ড কমিটি নিম্নোক্ত ছক- 'গ' তে দশটি অগ্রাধিকার কার্যক্রম/পদক্ষেপ লিপিবদ্ধ করবে। প্রকল্প/কার্যক্রম ভিত্তিক আনুমানিক ব্যয়ের হিসাব, সম্ভাব্য সুবিধাভোগীর আনুমানিক সংখ্যা এবং প্রাপ্য সুবিধার বিস্তারিত বিবরণ উক্ত ছকে বর্ণনা করতে হবে। অতঃপর তালিকাটি নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটিতে জমা দিতে হবে।

ছক- গ: ওয়ার্ড পর্যায়ের প্রকল্প/কার্যক্রমের অগ্রাধিকার তালিকা

ওয়ার্ড নং: - - - - - পৌরসভার নাম:- - - - - -

অগ্রাধিকার ক্রম	চিহ্নিত সমস্যাসমূহ	প্রকল্প/ কার্যক্রমের বিবরণ	খসড়া ব্যয় প্রাক্কলন	সম্ভাব্য সুবিধাভোগীর সংখ্যা	প্রত্যাশিত সুফল
১					
২					
...					
...					

অগ্রাধিকার ক্রম	চিহ্নিত সমস্যাসমূহ	প্রকল্প/ কার্যক্রমের বিবরণ	খসড়া ব্যয় প্রাক্কলন	সম্ভাব্য সুবিধাভোগীর সংখ্যা	প্রত্যাশিত সফল
...					

ওয়ার্ড কমিটির সভাপতির নাম ও স্বাক্ষর: - - - - - তারিখ: - - - - -

৪.৩.৪ পৌরসভার বিদ্যমান অবস্থার মূল্যায়ন (situation assessment)

বিদ্যমান অবস্থা মূল্যায়ন করা উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের একটি গুরুত্বপূর্ণ অংশ। উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের কাজে যারা যুক্ত থাকেন তাদেরকে সংশ্লিষ্ট পৌর এলাকার উন্নয়ন চাহিদা এবং উক্ত চাহিদা পূরণ করার জন্য বর্তমানে কি কি পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন তা উপলব্ধি করতে উক্ত মূল্যায়ন সাহায্য করে। বিদ্যমান অবস্থা মূল্যায়নের মাধ্যমে, কোন কোন বিষয়ে অগ্রাধিকার দেয়া প্রয়োজন এবং প্রাপ্তব্য আর্থিক সম্পদের মাধ্যমে কিভাবে তা মোকাবেলা করা সম্ভব, সে সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণে প্রয়োজনীয় তথ্য পাওয়া যায়, যার সার-সংক্ষেপ উন্নয়ন পরিকল্পনা বিষয়ক দলিলের শেষ দিকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

বিদ্যমান অবস্থা মূল্যায়নের ধাপসমূহ

নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, পৌরসভার সচিব, প্রকৌশলী এবং স্বাস্থ্য কর্মকর্তার সহযোগিতায়, ছক- 'ঘ' ব্যবহার করে নিম্নোক্ত ধাপসমূহ অনুসরণে বিদ্যমান অবস্থার মূল্যায়নের কাজ সম্পাদন করবে মর্মে বর্তমান হ্যান্ডবুকে সুপারিশ করা হয়েছে।

ধাপ- ১ বিভিন্ন ক্ষেত্রে পৌরসভা যে সকল সমস্যা মোকাবেলা করে তা চিহ্নিত করা

প্রত্যেক ওয়ার্ড কমিটি কর্তৃক জমাকৃত প্রকল্প/কার্যক্রমের অগ্রাধিকার তালিকা পর্যালোচনা করা হবে এবং পৌরসভার কর্মকর্তাবৃন্দের নিকট থেকে প্রাতিষ্ঠানিক সমস্যা সম্পর্কে শুনতে হবে। এরপর খাতওয়ারি সমস্যাসমূহের সার-সংক্ষেপ তৈরি করতে হবে, সম্ভব হলে, সংশ্লিষ্ট সমস্যা ব্যাখ্যা করার প্রয়োজনে পরিমাণগত তথ্য সংগ্রহ করতে হবে।

ধাপ- ২ উল্লিখিত সমস্যা মোকাবেলার জন্য পৌরসভা, সরকারি বিভিন্ন সংস্থা, এনজিও, উপজেলা পরিষদ, ইত্যাদি কর্তৃক গৃহীত সাম্প্রতিক, চলমান অথবা পরিকল্পনাধীন কার্যক্রম চিহ্নিত করা

উপরের ধাপ-১ এ চিহ্নিত সমস্যা সমাধানকল্পে পৌরসভা, সরকারি বিভিন্ন সংস্থা, এনজিও, উপজেলা পরিষদ, ইত্যাদি কর্তৃক গৃহীত সাম্প্রতিক, চলমান ও পরিকল্পনাধীন কার্যক্রম সম্পর্কে তথ্য সংগ্রহ করা।

ধাপ- ৩ ৫ বছর সময়কালে পরিস্থিতির পূর্বাভাস

ধাপ- ১ এ চিহ্নিত সমস্যাসমূহ সমাধানে যদি পৌরসভা কোন পদক্ষেপ গ্রহণ না করে, তাহলে ৫ বছর পরে সেখানকার অবস্থা কি হবে সে সম্পর্কে ধারণা দেয়া।

ধাপ- ৪ সম্ভাবনা ও সুযোগ সনাক্তকরণ

ধাপ- ১ এ চিহ্নিত সমস্যা সমাধানে পৌরসভা যে সকল সম্ভাবনা ও সুযোগ কাজে লাগাতে পারে তা বর্ণনা করা। সমস্যা সমাধানের বিভিন্ন ধরনের সম্ভাবনা ও সুযোগ বিদ্যমান রয়েছে; কিন্তু এ সকল সম্ভাবনা ও সুযোগ নির্ধারণের উদাহরণ হিসেবে যেসব বিষয় বিবেচনা করা যায় তা হলো ক) মানব সম্পদ (পৌরসভার জনপ্রতিনিধি, কর্মকর্তা-কর্মচারি, যুব সমাজ, ব্যবসায়ী ইত্যাদি); খ) আর্থিক সম্পদ; গ) ভৌত সম্পদ; ঘ) প্রাকৃতিক সম্পদ; ঙ) অন্যান্য সংগঠনের কার্যক্রম; চ) নাগরিকবৃন্দ ও অন্যান্য সংগঠনের সাথে সম্পর্ক; এবং ছ) নীতিমালা, বিধিমালা, প্রবিধান, ইত্যাদি।

ছক- ঘ: বিদ্যমান অবস্থা মূল্যায়ন সারণী

সেবার খাত	সমস্যার বিবরণ		সাম্প্রতিক, চলমান বা পরিকল্পনাধীন কার্যক্রম	৫ বছর পরের অবস্থার পূর্বাভাস	সম্ভাবনা/ সুযোগ
	সমস্যা	ভৌগলিক অবস্থান ও গুণগত তথ্য			
স্বাস্থ্য	অধিবাসীদের পাবলিক টয়লেট ব্যবহারে সামান্য পরিমাণ সুযোগ রয়েছে	<ul style="list-style-type: none"> ওয়ার্ড ৭, ৮, ৯ ওয়ার্ডের ৩০% মানুষের স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারের সুযোগ নেই মহিলাদের জন্য পাবলিক টয়লেটের পৃথক ব্যবস্থা নেই 	<ul style="list-style-type: none"> -- এনজিও -- বিপনী বিতানে এবং -- বাস টার্মিনালে স্বাস্থ্যসম্মত পায়খানা স্থাপন করেছে। পৌরসভায় নিয়মিত পরিচ্ছন্নতার উদ্দেশ্যে ঝাড়ুদার নিয়োগ করা হয়েছে. 	<ul style="list-style-type: none"> নগর অঞ্চলে ১০০% কিন্তু শহরতলী এলাকায় ৫০% মানুষ আওতাভুক্ত হবে। 	<ul style="list-style-type: none"> পৌরসভা যদি কিছু পরিমাণ খরচ বহন করে তাহলে - এনজিও আরও অধিক পরিমাণ স্বাস্থ্য সম্মত পায়খানা স্থাপন করতে পারে। কিছু কোম্পানি এধরনের অভিযানে আগ্রহী
বর্জ্য ব্যবস্থাপনা	মানুষের ছুড়ে ফেলা আবর্জনার কারণে নদমা বন্ধ হয়ে যায়	<ul style="list-style-type: none"> ওয়ার্ড ১, ২, ৫, ৬ 	পৌরসভা সদর এলাকার রাস্তা ঝাড়ু দেয়া ও নদমা পরিষ্কার করার জন্য পরিচ্ছন্নতা কর্মী ভাড়া করেছে।	সদর অঞ্চলের বাইরের নদমা আবদ্ধ থাকতে পারে এবং জনসংখ্যা বৃদ্ধির কারণে সমস্যার অবনতি ঘটতে পারে।	অনেক সংখ্যক মানুষ রয়েছে যারা তাদের এলাকায় ঝাড়ুদার হিসেবে কাজ করতে আগ্রহী।
পানি সরবরাহ	নলকূপের পানি আর্সেনিক দ্বারা দূষিত	<ul style="list-style-type: none"> সমগ্র পৌর এলাকায় ৭০% এর অধিক মানুষ পানের জন্য আর্সেনিক দূষিত পানি ব্যবহার করে। 	<ul style="list-style-type: none"> ১, ২ ও ৩নং ওয়ার্ডে -- এনজিও আর্সেনিক দূরিতকরণ সুবিধা স্থাপন করেছে। ডিপিএইচই প্রত্যেক ওয়ার্ডে গভীর নলকূপ স্থাপনের পরিকল্পনা গ্রহণ করেছে। 	প্রায় ৩০% মানুষ আর্সেনিক মুক্ত পানি ব্যবহার করতে পারবে।	অধিবাসীদের অনেকেই আর্সেনিক দূরীকরণ সুবিধা স্থাপনের কিছু পরিমাণ খরচ বহন করতে আগ্রহী।
সড়ক, সেতু ও সড়ক বাতি
নদমা ও কালভার্ট
সাধারণের বাজার ও কসাইখানা
পরিবেশ
শিক্ষা
অন্যান্য (জন নিরাপত্তা, সমাজ কল্যাণ, ইত্যাদি)
পৌরসভা প্রশাসন	পৌরসভার হোল্ডিং কর আদায়ের সামর্থ্য নিম্ন	<ul style="list-style-type: none"> বিগত বছরে হোল্ডিং কর আদায়ের হার ছিল ৪০%। ১০% হোল্ডিংয়ের মালিকগণ হোল্ডিং করের বিল পায়না, কারণ গত ৭ বছরে এসব হোল্ডিংয়ের কর মূল্যায়ন হয়নি। 	এলজিইডি কর বিল প্রণয়নের সফটওয়্যার সরবরাহ ও পৌরসভাসমূহকে এ সম্পর্কিত প্রশিক্ষণ প্রদান করার পরিকল্পনা গ্রহণ করেছে	হোল্ডিং কর আদায়ের মাত্রা নিম্নে অবস্থান করবে এবং উন্নয়ন কর্মসূচির জন্য অর্থের প্রাপ্যতা বাড়বে না যদি না সরকারি অনুদান বৃদ্ধি পায়।	<ul style="list-style-type: none"> হিসাব রক্ষক শীম্বই এলজিইডি'র প্রশিক্ষণ গ্রহণ করবেন; পৌরসভার কতিপয় কম্পিউটার রয়েছে তাও অন্য কাজে ব্যবহারের জন্য।

৪.৩.৫ প্রাপ্তব্য আর্থিক সম্পদের প্রাক্কলন

নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি পৌরসভার সচিব/হিসাব রক্ষক/হিসাব রক্ষণ কর্মকর্তার সহযোগিতায় পাঁচ বছর মেয়াদী উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে প্রাপ্তব্য আর্থিক সম্পদের পরিমাণ হিসাব করবে। এ কাজের জন্য পরবর্তী পৃষ্ঠায় প্রদত্ত ছক- 'ঙ' ব্যবহার করা যেতে পারে।

রাজস্ব আয় প্রাক্কলনের ধাপসমূহ

ধাপ- ১ পূর্ববর্তী তিন বছরের রাজস্ব আয় ও ব্যয়ের পরিমাণ ব্যক্ত করা

পৌরসভার সচিব/হিসাবরক্ষণ কর্মকর্তা/হিসাব রক্ষক নিচের সারণির কলাম (ক) তে [উপরের ছকে] 'বিগত তিন বছরের রাজস্ব আয়' এবং কলাম (ঘ) তে [নিচের ছকে] 'বিগত তিন বছরের প্রকৃত রাজস্ব ব্যয়' লিখে পূরণ করবেন।

ধাপ- ২ রাজস্ব বৃদ্ধির জন্য পরিকল্পিত কার্যক্রম চিহ্নিতকরণ ও উদ্যোগ গ্রহণ

রাজস্ব আয় বৃদ্ধিতে নগর পরিকল্পনা, নাগরিক পরিসেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, সংশ্লিষ্ট অন্যান্য স্থায়ী কমিটিসমূহ যেমন; সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি এবং কর আরোপ ও আদায় বিষয়ক স্থায়ী কমিটির সাথে আলোচনা করে পৌরসভার অভ্যন্তরীণ আয়ের উৎস হতে রাজস্ব আয় বৃদ্ধির জন্যে বিষয়ভিত্তিক পদক্ষেপ চিহ্নিত করবে। উদাহরণস্বরূপ, বিষয়ভিত্তিক এই পদক্ষেপ গুলো হলো; কর, রেইট ও ফি ইত্যাদি। চিহ্নিত পদক্ষেপ গুলো কলাম (খ) তে পরিকল্পনা বাস্তবায়নের সাল অনুযায়ী উল্লেখ করতে হবে।

ধাপ- ৩ রাজস্ব আয়ের প্রদর্শন

নগর পরিকল্পনা, নাগরিক পরিসেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, সংশ্লিষ্ট অন্যান্য স্থায়ী কমিটিসমূহের সহযোগিতায় বিগত তিন বছরের প্রকৃত রাজস্ব আয় ও উন্নয়ন আয় এবং রাজস্ব আয় বৃদ্ধির জন্য প্রয়োজনীয় পরিকল্পিত কার্যক্রম ও উদ্যোগসমূহ বিবেচনা করে আগামী পাঁচ বছরের আয়ের সম্ভাব্য হিসাব প্রক্ষেপণের মাধ্যমে নিচের সারণীর কলাম- (গ) পূরণ করবে। প্রক্ষেপণের মাধ্যমে বাস্তবসম্মত সম্ভাব্য আয়ের হিসাব তৈরি করার বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ, যার মধ্যে সম্ভাবনা কম এমন উৎস হতে আয় বা মাত্রাতিরিক্ত করের প্রাক্কলনের মাধ্যমে রাজস্ব আয়ের বিষয় প্রক্ষেপিত হিসাবের মধ্যে অন্তর্ভুক্ত করা ঠিক হবে না।

ধাপ- ৪ রাজস্ব ব্যয়ের প্রদর্শন

নগর পরিকল্পনা, নাগরিক পরিসেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, সংশ্লিষ্ট অন্যান্য স্থায়ী কমিটিসমূহের সহযোগিতায় বিগত তিন বছরের রাজস্ব ব্যয়ের প্রবণতা এবং ভবিষ্যতে ব্যয় বৃদ্ধির/হ্রাসের সম্ভাবনা বিবেচনা করে আগামী ৫ বছরের রাজস্ব ব্যয়ের সম্ভাব্য হিসাব প্রক্ষেপণের মাধ্যমে কলাম- (ঙ) পূরণ করবে।

মোট উন্নয়ন আয় বলতে [সারি-৬] উন্নয়ন সহায়তার মঞ্জুরি হিসাব [সারি-৫ (১)], রাজস্ব উদ্বৃত্ত [সারি-৫ (২)], অনুদান [সারি-৫ (৩)] ও অন্যান্য (যদি থাকে) উন্নয়ন আয় [সারি-৫ (৪)] এর যোগফলকে বুঝায়। তাছাড়া, এটা স্মরণ রাখতে হবে যে, উন্নয়ন কার্যক্রমের

জন্য উন্নয়ন মঞ্জুরির পরিমাণ সাধারণত সীমিত, যদিও কোন কোন উন্নয়ন প্রকল্পের বরাদ্দের ক্ষেত্রে এর ব্যতিক্রম থাকতে পারে। রাজস্ব

উদ্বৃত্ত, উন্নয়ন কার্যক্রম বা অন্যান্য কার্যক্রম যেমন- সেবা কার্যক্রম বা প্রশিক্ষণ ইত্যাদির জন্য, ব্যয় করা যেতে পারে।

ছক- ৬ প্রাপ্তব্য আর্থিক সম্পদের হিসাবের সারণি

রাজস্ব উৎস	(ক) বিগত ৩ বছরের রাজস্ব আয়			রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে পরিকল্পিত কার্যক্রম ও উদ্যোগসমূহ					(খ) সম্ভাব্য ভবিষ্যত আয়ের প্রক্ষেপণ					
	২০১২/১৩	২০১৩/১৪	২০১৪/১৫	পরিকল্পিত কার্যক্রম ও উদ্যোগসমূহ	বাস্তবায়নের সাল					২০১৬/১৭	২০১৭/১৮	২০১৮/১৯	২০১৯/২০	২০২০/২১
					সাল ১	সাল ২	সাল ৩	সাল ৪	সাল ৫					
আয়ের খাত														
১। ট্যাক্সেস :														
হোল্ডিং ও ভূমির উপর কর				অন্তবর্তী হোল্ডিং করারোপ সম্পাদন হোল্ডিং কর পূণ:নির্ধারণ অধিক সংখ্যক আদায়কারী নিয়োগ	✓	✓		✓	✓					
স্থাবর সম্পত্তি হস্তান্তর														
ইমারত নির্মাণ/পুনর্নির্মাণ				বিগত বছর নির্মিত/ সংস্কারকৃত ইমারতের তালিকা পর্যালোচনা		✓								
পেশা, ব্যবসা ও কলিংস্				ব্যবসায়িক প্রতিষ্ঠানের তালিকা হালনাগাদকরণ আদর্শ কর তফসীল- ২০১৪ এর আলোকে কর পর্যালোচনা	✓			✓						
জন্ম, বিবাহ, দত্তক গ্রহণ														
বিজ্ঞাপন														
পোষ্য প্রাপী														
সিনেমা, থিয়েটার, অডিওভিজুয়াল														
যানবাহন (যান্ত্রিক যান ও নৌকা ব্যতীত)							✓							
অন্যান্য														
২. রেইটসমূহ														
লাইটিং				পরিসেবা সম্প্রসারণ					✓					
কনজারভেন্সি				পরিসেবা সম্প্রসারণ					✓					
পানি														
জনসেবামূলক পূর্তকাজ														
৩. ফিস														
লাইসেন্স				আদায়ের উদ্যোগ ত্বরান্বিতকরণ		✓								
পশু জবাই				ফি পর্যালোচনা				✓						
পৌর মার্কেট				নতুন পৌর মার্কেট নির্মাণ										
মেলা, কৃষি প্রদর্শনী														
অন্যান্য				আদর্শ কর তফসীল- ২০১৪ এর আলোকে আয়ের নতুন উৎস প্রবর্তন										
৪. অন্যান্য														
হাট-বাজার ইজারা														
বাসস্ট্যান্ড ইজারা														
ফেরীঘাট ইজারা														

কবর স্থান, শ্মশান ঘাট																				
রোড রোলার/ মিকচার মেশিন ভাড়া																				
অন্য সংস্থা কর্তৃক রাস্তা কর্তনের জন্য ক্ষতিপূরণ																				
বিভিন্ন সার্টিফিকেট																				
বিভিন্ন ছক																				
দরপত্র সিডিউল																				
জরিমানা																				
উন্নয়ন খাত ব্যতীত সরকারি অনুদান																				
মোট রাজস্ব আয়																				
৫. উন্নয়ন হিসাব																				
১. সরকার প্রদত্ত উন্নয়ন সহায়তা মঞ্জুরি																				
২. রাজস্ব উদ্ধৃত (মোট রাজস্ব আয়- মোট রাজস্ব ব্যয়)																				
৩. অনুদান																				
৪. অন্যান্য																				
মোট উন্নয়ন আয় (= মোট প্রাপ্তব্য অর্থের পরিমাণ)																				
				বাংলাদেশ পৌরসভা উন্নয়ন তহবিলের (BMDF) জন্য আবেদন																

*রাজস্ব ব্যয় = মোট রাজস্ব আয় - মোট রাজস্ব ব্যয় - পরবর্তী মাসের জন্য কর্মকর্তা-কর্মচারিবৃন্দের এক মাসের বেতন

	(ঘ) বিগত ৩ বছরের রাজস্ব ব্যয়			(ঙ) সম্ভাব্য ভবিষ্যত ব্যয়ের প্রক্ষেপণ				
	২০১২/১৩	২০১৩/১৪	২০১৪/১৫	২০১৬/১৭	২০১৭/১৮	২০১৮/১৯	২০১৯/২০	২০২০/২১
মোট রাজস্ব ব্যয়								

বিঃদ্রঃ ছক-৬ঃ হালনাগাদ ইংরেজী ভার্সন অনুযায়ী হবে।

৪.৩.৬ পৌরসভার রূপকল্প প্রণয়ন

পৌরসভার মেয়রকে সভাপতি করে সকল কাউন্সিলর, বিভিন্ন বিভাগ ও শাখার প্রধানগণ এবং টিএলসিসির অবশিষ্ট সদস্যবৃন্দকে আমন্ত্রণ জানিয়ে পরবর্তী ৫ বছরের জন্য পৌরসভার রূপকল্প প্রণয়নের উদ্দেশ্যে নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি একটি কর্মশালা আয়োজন করবে। রূপকল্প বিবৃতি প্রণয়নের সময় পৌরসভা প্রশাসনের সাথে নাগরিকদের সম্পৃক্ত করা এ জন্য গুরুত্বপূর্ণ যে, রূপকল্প প্রস্তাবটি প্রণয়নে পৌরসভা প্রশাসনের সাথে তারাও সম্পৃক্ত রয়েছে। নিম্নলিখিত উপায়ে রূপকল্প বিবৃতি প্রস্তুত করা যেতে পারেঃ

ধাপ-১

বিদ্যমান অবস্থা মূল্যায়নের ফলাফল ও ওয়ার্ড পর্যায়ের রূপকল্প বিনিময়

নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির পক্ষে যে কোন পদমর্যাদার একজন ব্যক্তি বিদ্যমান অবস্থা মূল্যায়নের ফলাফল (ছক- ঘ) ব্যাখ্যা করবেন। এরপর প্রত্যেক ওয়ার্ড কাউন্সিলর স্ব স্ব ওয়ার্ডের রূপকল্প বিবৃতি উপস্থাপন করবেন।

ধাপ-২

পৌরসভার মহা-পরিকল্পনা পর্যালোচনা করা

যদি কোন পৌরসভার মহা-পরিকল্পনা থেকে থাকে, তাহলে উক্ত মহা-পরিকল্পনায় উল্লিখিত পৌরসভার রূপকল্প বিবৃতি সকলকে জানাতে হবে।

ধাপ ৩

পৌরসভার রূপকল্প বিবৃতি প্রণয়ন করা

অংশগ্রহণকারীগণ বিভিন্ন দলে বিভক্ত হয়ে পৌরসভার বিদ্যমান অবস্থার মূল্যায়ন প্রতিবেদন এবং ওয়ার্ড পর্যায়ে অনুশীলনের মাধ্যমে প্রণীত রূপকল্প বিবৃতি বিবেচনায় রেখে নিম্নলিখিত বিষয়ে আলোচনা করবেন :

- পৌর এলাকার জনগণ কি ধরণের শহর তৈরি করতে চায়?
- পৌর এলাকার জনগণ আগামী পাঁচ বছরে পৌরসভার কি ধরনের পরিবর্তন দেখতে চায়?
- পৌর এলাকার জনগণ এবং পৌরসভার জন্য আগামী পাঁচ বছরে কোন কোন বিষয়গুলো সবচেয়ে গুরুত্বপূর্ণ?
- পৌরসভার কর্মকর্তা ও কর্মচারিবৃন্দ, তাদের নিজেদের মতে, আগামী পাঁচ বছরে কি ধরনের পৌর-প্রশাসন দেখতে চায়?

উপরোল্লিখিত আলোচনার ভিত্তিতে প্রত্যেক দল একটি করে রূপকল্প বিবৃতি প্রস্তুত করবে, যেখানে আগামী পাঁচ বছরে তারা পৌরসভাকে কিভাবে দেখতে চায় তার বর্ণনা থাকবে। রূপকল্প সংক্ষিপ্ত, স্পষ্ট ও বাস্তবায়নযোগ্য হওয়া বাঞ্ছনীয়। নিচের 'বক্সে' পৌরসভার রূপকল্পের কিছু নমুনা উল্লেখ করা হলো।

পৌরসভার রূপকল্প বিবৃতির নমুনা

আগামী ২০২১ সালের মধ্যেপৌরসভা শহর হিসেবে এমন ভাবে গড়ে ওঠবে, যেখানে পৌরসভার প্রশাসন এবং নাগরিকবৃন্দ একসাথে তাদের দায়িত্ব পালন করবে, পৌরসভা প্রশাসন স্বচ্ছতার সাথে নাগরিকদের চাহিদা অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে মৌলিক অবকাঠামো ও সেবা প্রদান করবে এবং নাগরিকবৃন্দ কর প্রদানের মাধ্যমে তাদের নাগরিক দায়িত্ব পালন করবে।

.....পৌরসভা আগামী ২০২১ সালের মধ্যে ঢাকা ও রংপুর যাতায়াতের পথে বাস টার্মিনাল, পেট্রোল/সিএনজি স্টেশন, পাবলিক টয়লেট, বাজার, দোকান ও রেন্টোরাই ইত্যাদি মৌলিক সুবিধা সম্বলিত একটি আকর্ষণীয় যাত্রা বিরতির স্থান হিসেবে স্বীকৃতি পাবে।

প্রতিটি দল তাদের তৈরি খসড়া রূপকল্প বিবৃতি উপস্থাপন করবে। অংশগ্রহণকারীগণ এ বিষয়ে আলোচনা করবেন ও সবচেয়ে গ্রহণযোগ্য রূপকল্প বিবৃতি বাছাই করবেন অথবা প্রস্তাবিত বিবৃতিগুলো একত্রিত করে একটি একক রূপকল্প বিবৃতি প্রণয়ন করবেন।

অংশগ্রহণকারীগণ রূপকল্প বিবৃতিটি আলোচনা করবেন এবং রূপকল্প বাস্তবায়নের জন্য যেসকল খাত গুরুত্বপূর্ণ এবং যেগুলোর প্রতি বেশি মনোযোগ দেয়া প্রয়োজন সেগুলো বাছাই করবেন।

৪.৩.৭ পৌরসভার প্রকল্প/কার্যক্রমের এর একটি খসড়া অগ্রাধিকার তালিকা প্রণয়ন করা

নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি পৌরসভার প্রকল্প/কার্যক্রমের এর একটি অগ্রাধিকার তালিকা নিম্নে বর্ণিত ধাপ অনুসরণে প্রণয়ন করবেঃ

ছক 'গ' হতে ওয়ার্ড পর্যায়ের অগ্রাধিকার তালিকা এবং ছক 'ঘ' হতে বিদ্যমান অবস্থার মূল্যায়নের ফলাফল পর্যবেক্ষণ করুন। অন্যান্য সেক্টরসহ রূপকল্প বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় প্রধান খাতগুলোর গুরুত্বপূর্ণ প্রকল্প/কার্যক্রম নিয়ে আলোচনা করুন। ছক 'চ' ব্যবহার করে (যা এই সেকশনের শেষে উল্লেখ করা আছে) এগুলোকে প্রার্থী প্রকল্প হিসেবে তালিকাভুক্ত করুন এবং যেখানে সুবিধাভোগী, প্রকল্প/কার্যক্রমের বিবরণ, আনুমানিক ব্যয়ের বিবরণ, প্রত্যাশিত তহবিলের উৎস এবং সম্ভাব্য বাস্তবায়নকারী সংস্থার নাম উল্লেখ থাকবে। প্রকল্প/কার্যক্রমের তালিকা নিম্নে বর্ণিত যে কোন উপায়ে তৈরি হতে পারে -

- ১) ওয়ার্ড পর্যায়ের অগ্রাধিকার তালিকা থেকে প্রকল্প/কার্যক্রম নির্বাচন করা যেতে পারে;
- ২) বিভিন্ন ওয়ার্ড পর্যায়ে তৈরি তালিকা হতে কয়েকটি প্রকল্প/কার্যক্রমের সমন্বয়ে মূল প্রকল্প/কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। স্থায়ী কমিটি ওয়ার্ড পর্যায়ের তালিকার উপর ভিত্তি করে এ ধরনের প্রকল্প/কার্যক্রমের তালিকার প্রস্তাব করতে পারে;
- ৩) প্রকল্প/কার্যক্রম কোন নির্দিষ্ট ওয়ার্ডের জন্যে নয় বরং সমগ্র পৌরসভাকে সুবিধা/সুফল প্রদান করবে। স্থায়ী কমিটি, বিদ্যমান অবস্থা মূল্যায়নের ফলাফল এবং রূপকল্প বিবৃতি বিবেচনা করে যদি প্রয়োজনীয়তা অনুভূত হয়, তাহলে এ সকল প্রকল্প/কার্যক্রমের প্রস্তাব করতে পারে।
- ৪) যে সকল প্রকল্প/কার্যক্রম পৌরসভার এখতিয়ারের মধ্যে পড়ে না; কিন্তু পৌরসভা অন্য কোন সংস্থা, যেমন- সরকারি সংস্থার মাধ্যমে তা পৌর এলাকার মধ্যে বাস্তবায়ন করতে চায়, সেগুলো তালিকাভুক্ত করতে পারে;
- ৫) পৌরসভার প্রাতিষ্ঠানিক উন্নয়নের জন্য প্রকল্প/কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। স্থায়ী কমিটি, বিদ্যমান অবস্থা মূল্যায়নের ফলাফল এবং রূপকল্প বিবৃতি বিবেচনা করে, প্রয়োজনবোধে, এরূপ প্রকল্প/কার্যক্রম গ্রহণের প্রস্তাব করতে পারে।

ছক 'ঙ' তে উল্লিখিত অর্থের পর্যাপ্ততা বিবেচনা করে ছক 'চ' তে প্রস্তাবিত প্রার্থী প্রকল্প অগ্রাধিকার ভিত্তিতে নির্বাচন করুন। তবে এটা মনে রাখা উচিত হবে যে, সরকারের অনুদান শুধুমাত্র উন্নয়ন প্রকল্পের/কার্যক্রমের জন্য পাওয়া যায়। অন্যান্য কার্যক্রমের জন্য, পৌরসভার রাজস্ব উদ্বৃত্ত হতে অর্থ বরাদ্দ করতে হবে। নির্বাচিত প্রকল্প/কার্যক্রমগুলো অগ্রাধিকার ভিত্তিক ক্রমানুসারে সাজিয়ে এবং ছক 'ছ' ব্যবহার করে (যা এই সেকশনের শেষে উল্লেখ করা আছে) প্রকল্প/কার্যক্রমগুলোর অগ্রাধিকার ভিত্তিক একটি খসড়া তালিকা তৈরি করুন যেখানে ছক 'চ' এর তথ্যগুলোর উল্লেখ থাকবে এবং প্রতিটি প্রকল্প/কার্যক্রম অগ্রাধিকার ভিত্তিতে নির্বাচন করার কারণ ছক 'চ' তে লিখতে হবে।

প্রকল্প/কার্যক্রম নির্বাচন এবং অগ্রাধিকার নির্ধারণের ক্ষেত্রে নিম্নলিখিত মানদণ্ড/শর্ত অনুসরণ করতে হবে; তবে স্থায়ী কমিটি প্রয়োজন বোধে নিম্নে বর্ণিত আরও মানদণ্ড/শর্ত যুক্ত করতে পারে :

ক) এটি পৌরসভার দীর্ঘ মেয়াদী উন্নয়নে ভূমিকা রাখবে;

খ) যদি প্রকল্প/কার্যক্রম ওয়ার্ড পর্যায় থেকে প্রস্তাব হয়ে থাকে, সেক্ষেত্রে অগ্রাধিকার তালিকায় এটিকে অধিক প্রাধান্য দেয়া হয়েছে;

- গ) যদি প্রকল্প ওয়ার্ড পর্যায় হতে প্রস্তাবকৃত হয়ে থাকে, সেক্ষেত্রে এটি যেন শুধুমাত্র সীমিত জনগোষ্ঠীর জন্য না হয়ে বরং ওয়ার্ডের অধিক সংখ্যক বাসিন্দাদের জন্য সুফল বয়ে আনে;
- ঘ) এটি পরিবেশের উপর বা কোন বিশেষ সামাজিক গোষ্ঠীর, যেমন- মহিলাদের উপর নেতিবাচক প্রভাব ফেলবে না;
- ঙ) এটি আর্থিক ও কারিগরি দিক থেকে বাস্তবায়নের অযোগ্য হবে না;
- চ) সকল ওয়ার্ডের দাবি পক্ষপাতহীনভাবে অন্তর্ভুক্ত করা হয়েছে;
- ছ) এটি মহিলা, দরিদ্র জনগোষ্ঠী ও অন্যান্য প্রান্তিক জনগোষ্ঠীর জন্য ইতিবাচক ফলাফল বয়ে আনবে; এবং
- জ) এটি পরিবেশ সংরক্ষণে ভূমিকা রাখবে।

ধাপ ৩

পৌরসভার মহাপরিকল্পনার সাথে সারিবিন্যাস নিশ্চিত করণ

পৌরসভার মহাপরিকল্পনা, যদি থাকে, তা পর্যালোচনা করুন এবং নির্বাচিত প্রকল্পগুলো মহাপরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা নিম্নোক্ত ছক ব্যবহার করে পরীক্ষা করুন।

প্রকল্প/কার্যক্রম	এটি কি মহাপরিকল্পনার আওতাভুক্ত ?		যদি 'হ্যাঁ' হয়, তাহলে প্রকল্প/কার্যক্রমগুলো পৌরসভা মহাপরিকল্পনায় উল্লিখিত নিম্নোক্ত ৪ ধরনের পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ কি ?			
	হ্যাঁ	না	ভূমি ব্যবহার পরিকল্পনা	যান চালাচল ও পরিবহন পরিকল্পনা	ড্রেনেজ ও পরিবেশ পরিকল্পনা	নগর সুবিধাসমূহের পরিকল্পনা
১. পাবলিক টয়লেট	হ্যাঁ	--	সামঞ্জস্যপূর্ণ	--	সামঞ্জস্যপূর্ণ	সামঞ্জস্যপূর্ণ
২. ড্রেন/ নালা	হ্যাঁ	--	সামঞ্জস্যপূর্ণ	সামঞ্জস্যপূর্ণ	সামঞ্জস্যপূর্ণ	সামঞ্জস্যপূর্ণ
.....

ধাপ ৪

বাস্তবায়নের সময়সূচী নির্ধারণ করা

সম্ভাব্য অর্থ প্রাপ্তির বিষয় বিবেচনায় নিয়ে উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন সময়কালে কোন বছরে কোন কোন প্রকল্প গ্রহণ করা উচিত হবে তার উপর আলোচনা করুন। যেহেতু, এটি একটি ৫ বছর মেয়াদী উন্নয়ন পরিকল্পনা, সুতরাং কোন একটি প্রকল্প এক বছরের মধ্যেই বাস্তবায়ন করতে হবে- এমন কোন বাধ্য বাধকতা নেই। কোন বৃহৎ প্রকল্প পর্যায়ক্রমে কয়েক বছর সময় ধরে বাস্তবায়নের জন্য বিন্যস্ত করা যেতে পারে, যাতে প্রতি বছর অন্যান্য প্রকল্প/কার্যক্রম বাস্তবায়নে পর্যাপ্ত তহবিলের সংস্থান করা যায়। প্রতিটি প্রকল্প বাস্তবায়নের বছর ছক 'ছ' তে লিপিবদ্ধ করুন।

ছক- চ: প্রার্থী প্রকল্প/কার্যক্রমের তালিকা

পৌরসভার নাম:

ক্রমিক নং.	প্রকল্প/কার্যক্রমের শিরোনাম	প্রস্তাবক	উপকারভোগী (বিবরণ ও সংখ্যা)	প্রকল্প/ কার্যক্রমের বিবরণ	ব্যয়	তহবিলের উৎস	বাস্তবায়নকারী সংস্থা
১ সড়ক রক্ষণাবেক্ষণ	ওয়ার্ড ৬, ৭ ও ৮	ওয়ার্ড ৬, ৭ ও ৮ এর সকল অধিবাসী (৫,৫০০)	সদরের সাথে গ্রাম অঞ্চলে সংযোগ স্থাপনকারী..... সড়কের ভাঙ্গা অংশ মেরামত করা।	২,০০০,০০০	নিয়মিত সরকারি মঞ্জুরি	পৌরসভা
২
৩	পানি সরবরাহ ব্যবস্থার উন্নতিকরণ	ওয়ার্ড ২ ও ৮	ওয়ার্ড ২ ও ৮ এর ১,৮০০ অধিবাসী (৫০%)	ওয়ার্ড ২ ও ৮ এর সবচেয়ে ঘন বসতিপূর্ণ এলাকায় ৩০টি গভীর নলকূপ স্থাপন	১,৫০০,০০০	নিয়মিত সরকারি মঞ্জুরি	ডিপিএইচই (২ টি গভীর নলকূপ), পৌরসভা (৪ টি গভীর নলকূপ)
৪
৫
৬	বর্জ্য সংগ্রহের এলাকা সম্প্রসারণ	ওয়ার্ড ১, ৩ ও ৬	ওয়ার্ড ১, ৩ ও ৬ এর ৩,৫০০ (৬০%) অধিবাসী	সদর এলাকায় আরও ৬ টি ডাস্টবিন স্থাপন ও একটি গার্বেজ ট্রাক ক্রয়। বর্জ্য সংগ্রহের জন্য আরও কিছু সংখ্যক কর্মী নিয়োগ করা।	২,৭০০,০০০	নিয়মিত সরকারি মঞ্জুরি ও রাজস্ব উদ্বৃত্ত	পৌরসভা
৭ পার্কের সৌন্দর্য বর্ধন	নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি	সকল অধিবাসী	পার্কের অবৈধ দখলদার উচ্ছেদ করে সেখানে গাছ লাগানো ও গণ শৌচাগার নির্মাণ করা।	২,০০০,০০০	নিয়মিত সরকারি মঞ্জুরি	ইউএনও'র সহায়তায় পৌরসভা
৮
৯
১০	মহিলাদের জন্য সেলাই প্রশিক্ষণ	ওয়ার্ড ৯	ওয়ার্ড- ৯ এর সকল অধিবাসী	মহিলাদের সেলাই শিখন কর্মসূচি সম্প্রসারণের জন্য একটি এনজিওকে কিছু পরিমাণ তহবিল সরবরাহ করা। এ ক্ষেত্রে দরিদ্র মহিলাদের অগ্রাধিকার প্রদান করা হবে।	১২০,০০০	রাজস্ব উদ্বৃত্ত এনজিও
১১
১২

ছক- ছ : পরিকল্পিত অগ্রাধিকার প্রকল্প/ কার্যক্রমের তালিকা

পৌরসভার নাম:

অগ্রাধিকার	প্রকল্প/ কার্যক্রমের শিরোনাম	প্রস্তাবক	উপকারভোগী (বিবরণ ও সংখ্যা)	প্রকল্প/কার্যক্রমের বিবরণ	ব্যয়	তহবিলের উৎস	বাস্তবায়নকারী সংস্থা	বাস্তবায়নের সাল					নির্বাচনের কারণ
								১	২	৩	৪	৫	
১	সড়ক রক্ষণাবেক্ষণ	ওয়ার্ড ৬, ৭ ও ৮	ওয়ার্ড ৬, ৭ ও ৮ এর সকল অধিবাসী (৫,৫০০)	সড়কের ভাঙ্গা অংশ মেরামত যা সদরের সাথে গ্রাম অঞ্চলের সংযোগ স্থাপন করে।	২,০০০,০০০	নিয়মিত সরকারি মঞ্জুরি	পৌরসভা	X	X				তিনটি ওয়ার্ডের প্রধান চাহিদা হিসেবে অগ্রাধিকার প্রাপ্ত। এটি প্রায় সকল ওয়ার্ডের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে সহযোগিতা করবে এবং উক্ত ওয়ার্ডসমূহের শিক্ষার্থীদের বিদ্যালয়ে উপস্থিতির হারও বৃদ্ধি করবে।
২	পানি সরবরাহ ব্যবস্থা উন্নতিকরণ	ওয়ার্ড ২ ও ৮	ওয়ার্ড ২ ও ৮ এর ১,৮০০ অধিবাসী (৫০%)	ওয়ার্ড ২ ও ৮ এর সবচেয়ে ঘন বসতিপূর্ণ এলাকা ৩০টি গভীর নলকূপ স্থাপন	১,৫০০,০০০	নিয়মিত সরকারি মঞ্জুরি	ডিপিএইচই (২ গভীর নলকূপ), পৌরসভা (৪ গভীর নলকূপ)			X	X		এটি দুটি ওয়ার্ডের প্রধান চাহিদা হিসেবে অগ্রাধিকার প্রাপ্ত। ৩ ও ৮ নং ওয়ার্ডের অধিকাংশ মানুষ অগভীর নলকূপের আর্সেনিক যুক্ত দূষিত পানি পান করে।
৩	বর্জ্য সংগ্রহের এলাকা সম্প্রসারণ	ওয়ার্ড ১, ৩ ও ৬	ওয়ার্ড ১, ৩ ও ৬ এর ৩,৫০০ (৬০%) অধিবাসী	সদর এলাকায় আরও ৬টি ডাস্টবিন স্থাপন ও একটি গার্বেজ ট্রাক ক্রয়। বর্জ্য সংগ্রহের জন্য আরও কিছু সংখ্যক কর্মী নিয়োগ করা।	২,৭০০,০০০	নিয়মিত সরকারি মঞ্জুরি ও রাজস্ব উদ্বৃত্ত	পৌরসভা				X	X	এটি ১, ৩ ও ৬ ওয়ার্ডের প্রধান চাহিদা হিসেবে অগ্রাধিকার প্রাপ্ত এবং সকল অধিবাসীর জন্য গুরুত্বপূর্ণ, কারণ- ময়লা আবর্জনা শহর এলাকাকে নোংরা ও অস্বাস্থ্যকর করে তোলে। এ সব আবর্জনা নর্দমাগুলোকে বন্ধ করে ফেলে, যার ফলে বর্ষাকালে ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়।
৪	পার্কের সৌন্দর্য বর্ধন	নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি	সকল অধিবাসী	পার্কের অবৈধ দখল উচ্ছেদ ও পাবলিক টয়লেট নির্মাণ।	২,০০০,০০০	নিয়মিত সরকারি মঞ্জুরি	ইউএনও'র সহায়তায় পৌরসভা					X	বিনোদন ব্যবস্থা উন্নয়নের জন্য অনেক নাগরিক দাবি জানান; কিন্তু বড় ধরনের বিনোদনের উপযোগী তেমন কোন জায়গা নেই। পার্কে এ ধরনের বড় বিনোদনমূলক অনুষ্ঠান করার জন্য যথেষ্ট জায়গা আছে; কিন্তু বর্তমানে এর অধিকাংশ স্থান অবৈধ দখলদারগণের দখলে রয়েছে এবং এ সব স্থানের রক্ষণাবেক্ষণের ব্যবস্থা নেই।
৫	মহিলাদের জন্য সেলাই প্রশিক্ষণ	ওয়ার্ড ৯	ওয়ার্ড- ৯ এর সকল অধিবাসী	মহিলাদের সেলাই শিখন কর্মসূচি সম্প্রসারণের জন্য একটি এনজিওকে কিছু পরিমাণ তহবিল সরবরাহ করা। এ ক্ষেত্রে দরিদ্র মহিলাদের অগ্রাধিকার প্রদান করা হবে।	১২০,০০০	রাজস্ব উদ্বৃত্ত	এনজিও	X					এটি ওয়ার্ডের তৃতীয় অগ্রাধিকার প্রাপ্ত। এটি মহিলাদের ক্ষমতায়ন, বিশেষতঃ দরিদ্র মহিলাদের জন্য সহায়ক। এটি এনজিও'র সাথে ব্যয় ভাগাভাগী কর্মসূচি হিসেবেও বাস্তবায়িত হতে পারে।
৬													

৪.৩.৮ খসড়া উন্নয়ন পরিকল্পনার দলিল সংকলন

নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি পৌরসভার সচিব, প্রকৌশলীবৃন্দ এবং স্বাস্থ্য কর্মকর্তার সহযোগিতায় একটি খসড়া উন্নয়ন পরিকল্পনার দলিল হিসেবে পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ার ফলাফলসমূহ সংকলন করবে। দলিলের কাঠামো ও উপাদান নিম্নরূপে সুপারিশ করা হলো। এছাড়া, সংযুক্তি-২ এ উপাদানসমূহের বিস্তারিত বিবরণ উল্লেখ করা হয়েছে।

কাঠামো	উপাদানসমূহ
১. ভূমিকা	<ul style="list-style-type: none">উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের উদ্দেশ্য ও এর সুফলসমূহপরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ার বিবরণ
২. এক নজরে পৌরসভা	পৌরসভা সম্পর্কিত মৌলিক তথ্য
৩. বিদ্যমান অবস্থা	বর্তমান অবস্থা পর্যালোচনার ফলাফল (ছক- ঘ)
৪. আর্থিক সক্ষমতা	প্রাপ্তব্য আর্থিক সম্পদের হিসাবের সারণি (ছক- ঙ)
৫. আগামী পাঁচ বছরের জন্য উন্নয়ন রূপকল্প	পৌরসভার রূপকল্প চূড়ান্তকরণ
৬. পরিকল্পনাধীন প্রকল্প/কার্যক্রম	<ul style="list-style-type: none">পরবর্তী ৫ বছরের জন্য প্রধান খাতসমূহপ্রকল্প/কার্যক্রম নির্বাচনের শর্তসমূহের ব্যাখ্যাপ্রকল্প/কার্যক্রমের চূড়ান্ত অগ্রাধিকার তালিকা (ছক- ছ)

৪.৩.৯ টিএলসিসি'র সভায় খসড়া উন্নয়ন পরিকল্পনা বিষয়ক আলোচনা

নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি টিএলসিসি'র সভায় খসড়া উন্নয়ন পরিকল্পনা উপস্থাপন করবে। কেন উক্ত প্রকল্প/কার্যক্রম নির্বাচন করা হয়েছে তা স্থায়ী কমিটির পক্ষ থেকে ব্যাখ্যা করা হবে। টিএলসিসি খসড়া পরিকল্পনা বিষয়ে আলোচনা করবে এবং সুপারিশ প্রদান করবে। সভা চলাকালীন নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনা করা যেতে পারে :

- পৌরসভার জন্য প্রস্তাবিত উন্নয়ন রূপকল্পটি যথাযথ;
- পরিকল্পনাধীন প্রকল্প/কার্যক্রম দীর্ঘ মেয়াদে পৌরসভার জন্য সুফল বয়ে আনতে অবদান রাখবে;
- প্রতিটি ওয়ার্ডের দাবি পক্ষপাতহীনভাবে অন্তর্ভুক্ত করা হয়েছে;
- পরিকল্পনাধীন প্রকল্প/কার্যক্রম পৌরসভার আর্থিক ক্ষমতার সাথে সামঞ্জস্যপূর্ণ;
- পরিকল্পনাধীন প্রকল্প পরিবেশ বা কোন নির্দিষ্ট সামাজিক গোষ্ঠী বা মহিলাদের জন্য নেতিবাচক প্রভাব সৃষ্টি করবে না;
- পরিকল্পনাধীন প্রকল্প/কার্যক্রম মহিলা, দরিদ্র এবং অন্যান্য প্রান্তিক জনগোষ্ঠীর প্রতি ইতিবাচক প্রভাব ফেলবে এবং এ বিষয়ে তারা অগ্রাধিকার পাবে; এবং
- যে সকল পরিকল্পনাধীন প্রকল্প/কার্যক্রম পরিবেশ সংরক্ষণে ভূমিকা রাখবে সেগুলোকে অগ্রাধিকার দেয়া হবে এবং টিএলসিসি'র সুপারিশের প্রেক্ষিতে স্থায়ী কমিটি খসড়া উন্নয়ন পরিকল্পনা সংশোধন করবে।

৪.৩.১০ পৌর পরিষদের সভায় খসড়া উন্নয়ন পরিকল্পনা চূড়ান্তকরণ

নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি পৌর পরিষদের মাসিক সভায় সংশোধিত খসড়া উন্নয়ন পরিকল্পনা উপস্থাপন করবে। পরিষদ এ বিষয়ে আলোচনা করবে এবং পরিকল্পনাটি চূড়ান্ত করবে।

৪.৩.১১ চূড়ান্ত পরিকল্পনা অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ

পৌর পরিষদের সভার কার্যবিবরণীসহ চূড়ান্ত উন্নয়ন পরিকল্পনাটি অনুমোদনের জন্য পৌরসভা স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবে।

৪.৩.১২ বার্ষিক কর্ম-পরিকল্পনা ও বার্ষিক বাজেট প্রণয়ন

অনুমোদিত উন্নয়ন পরিকল্পনার ভিত্তিতে পৌরসভা পরবর্তী অর্থ বছরের জন্য বার্ষিক কর্ম-পরিকল্পনা ও বার্ষিক বাজেট প্রণয়ন করবে। বার্ষিক কর্ম-পরিকল্পনার একটি নমুনা নিচে (ছক- ছ) দেওয়া হলো। বার্ষিক বাজেট সরকার কর্তৃক নির্ধারিত ছক ব্যবহার করে প্রণয়ন করতে হবে। পৌরসভা সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সহযোগিতায় বার্ষিক কর্ম-পরিকল্পনা ও বাজেট উভয়ই প্রণয়ন করবে।

ছক- জ: বার্ষিক কর্ম-পরিকল্পনা

পৌরসভার নাম: ----- আর্থিক বছর

অগ্রাধিকার ক্রম	প্রকল্প/কার্যক্রমের শিরোনাম	টার্গেট/অভিষ্ট এলাকা	উপকারভোগী	প্রকল্প/কার্যক্রমের বিবরণ	প্রাক্কলিত ব্যয়	তহবিলের উৎস	বাস্তবায়ন কাল	বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত সংস্থা/ বিভাগ	তত্ত্বাবধানের জন্য দায়িত্বপ্রাপ্ত বিভাগ/ ব্যক্তি
১
২
৩
৪
৫

৫. উন্নয়ন পরিকল্পনার বাস্তবায়ন পর্যবেক্ষণ

৫.১ পর্যবেক্ষণের উদ্দেশ্য


যদি যথাযথভাবে বাস্তবায়ন করা না যায় তবে উন্নয়ন পরিকল্পনা একটি সাদা কাগজে কিছু কথামালা ব্যতীত কিছুই নয়। উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পরিমাপ করার জন্য তা পর্যবেক্ষণ করতে হবে এবং সঠিক বাস্তবায়ন সহজতর করতে প্রয়োজন বোধে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

নাগরিকদের নিকট পূর্ণ জবাবদিহিতা নিশ্চিত করার জন্য পর্যবেক্ষণ জরুরি যা এ হ্যান্ডবুকের ২.১ নং অনুচ্ছেদে আলোচনা করা হয়েছে। বাস্তবায়নের অবস্থা সম্পর্কিত তথ্য নাগরিকবৃন্দের সাথে বিনিময় না করে জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব নয়। সে কারণেই শুধুমাত্র পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়াই নয়, পর্যবেক্ষণ প্রক্রিয়াতেও নাগরিকবৃন্দকে সম্পৃক্ত করা গুরুত্বপূর্ণ।

৫.২ পর্যবেক্ষণ করার প্রক্রিয়া

বার্ষিক কর্ম-পরিকল্পনা, যা ৫ বছর মেয়াদী উন্নয়ন পরিকল্পনার ভিত্তিতে প্রণীত, পর্যবেক্ষণের উদ্দেশ্যে ব্যবহার করা যেতে পারে। বার্ষিক কর্ম-পরিকল্পনায় তালিকাভুক্ত প্রকল্প/কার্যক্রম প্রত্যাশা অনুযায়ী বাস্তবায়িত হচ্ছে কি না তা নিয়মিতভাবে মূল্যায়ন করা জরুরি।

পর্যবেক্ষণের পদ্ধতি নিম্নরূপ:



পর্যবেক্ষণ করার প্রাথমিক দায়িত্ব পৌর পরিষদের উপর ন্যস্ত থাকে। বার্ষিক কর্ম-পরিকল্পনায় তালিকাভুক্ত প্রতিটি প্রকল্প/কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে পৌরসভার কর্মকর্তাদেরকে পরবর্তী সভায় প্রতিবেদন উপস্থাপন করতে হবে। কতদিন পর পর প্রতিবেদন উপস্থাপন করা হবে সে সম্পর্কে পৌর পরিষদ সিদ্ধান্ত নিতে পারে; কিন্তু এটি প্রতি তিন মাস অন্তর কমপক্ষে একবার করে উপস্থাপিত হওয়া উচিত, যাতে পৌরসভা কার্যকর পদক্ষেপ নিতে পারে। পূর্বের সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয় পৌর পরিষদের পরের মাসিক সভায় নিশ্চিত করা উচিত। পৌরসভার উচিত পরিকল্পিত প্রকল্প/কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত তথ্য টিএলসিসি'র সাথেও বিনিময় করা। যেহেতু টিএলসিসি'র সভা সরকারের নির্দেশ অনুযায়ী প্রতি তিন মাসে একবার অনুষ্ঠিত হয়, সেহেতু উক্ত মতবিনিময় ত্রৈমাসিক ভিত্তিতে হতে পারে। পূর্বের সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পরবর্তী সভাগুলোতে পর্যালোচনা করা টিএলসিসি'র জন্য অত্যাবশ্যিক। বছরের শেষে বার্ষিক আয়-ব্যয়ের বিবরণসহ কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের ফলাফল সম্পর্কে প্রতিবেদন পৌর পরিষদে এবং টিএলসিসিতেও উপস্থাপন করা আবশ্যিক।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন- ২০০৯ এর দ্বিতীয় তফসিলে উল্লিখিত পৌরসভার বিস্তারিত কার্যাবলী।

খাত / শ্রেণী	পৌরসভার বিস্তারিত কার্যাবলী (বাধ্যতামূলক কার্যাবলী মোটা হরফে লিখা হয়েছে)
জনস্বাস্থ্য	জনস্বাস্থ্যের উন্নয়নে উদ্যোগ গ্রহণ করা; অস্বাস্থ্যকর ইमारতসমূহ তদারক করা; আবর্জনা অপসারণ, সংগ্রহ ও ব্যবস্থাপনা; পাবলিক টয়লেট পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করা এবং ব্যক্তিগত পায়খানা ও প্রস্রাব খানা তদারক করা; জন্ম, মৃত্যু এবং বিবাহ নিবন্ধন করা; সংক্রামক ব্যাধি নিয়ন্ত্রণ এবং প্রতিরোধকরণ; জনস্বাস্থ্যের উন্নয়ন; হাসপাতাল ও ডিসপেনসারী নির্মাণ ও রক্ষণাবেক্ষণ; চিকিৎসা সেবার উন্নয়ন এবং স্বাস্থ্য শিক্ষা, ইত্যাদি।
পানি সরবরাহ ও পানি নিষ্কাশন	পানি সরবরাহ কার্যক্রম পরিচালনা ও রক্ষণাবেক্ষণ; ব্যক্তিগত পানি সরবরাহের উৎসসমূহ তদারক করা; পানি নিষ্কাশন নর্দমা নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও সংরক্ষণ কার্যক্রম; স্নান ও ধৌত করার স্থান সুরক্ষা কার্যক্রম; সাধারণ খেয়া পারাপার ব্যবস্থা ও রক্ষণাবেক্ষণ; পানি সরবরাহ প্রকল্প কার্যকর করা; পানি সরবরাহের জন্য উৎসসমূহ রক্ষণাবেক্ষণ; বেসরকারি মালিকানাধীন নর্দমা নির্মাণ নিয়ন্ত্রণ করা; নর্দমা নির্মাণ প্রকল্প কার্যকর করা; ধোপাদের জন্য ধোপী ঘাটের ব্যবস্থা ও রক্ষণাবেক্ষণ করা; সাধারণ মৎস্য ক্ষেত্র হিসেবে ঘোষণা ও রক্ষণাবেক্ষণ করা; মৎস্য সম্পদ সম্পর্কে নিয়ম-কানুন প্রবর্তন ও তদারক করা।
খাদ্য ও পানীয় দ্রব্যাদি সংক্রান্ত কার্যক্রম	খাদ্য ও পানীয় দ্রব্যাদি উৎপাদন, বিপণন, প্রস্তুতকরণ ও নিয়ন্ত্রণ; দুধ সরবরাহ প্রকল্প বাস্তবায়ন; সাধারণের বাজার প্রতিষ্ঠা, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ করা; বেসরকারি বাজারের লাইসেন্স প্রদান ও নিয়ন্ত্রণ করা; কসাইখানার ব্যবস্থা ও তা রক্ষণাবেক্ষণ করা।
পশু	পশু হাসপাতাল ও ডিসপেনসারী প্রতিষ্ঠা ও রক্ষণাবেক্ষণ করা; পৌরসভা প্রবিধান দ্বারা পশুর মধ্যে সংক্রামক রোগের বিস্তার রোধে টিকাদান; বেওয়ারিশ পশু আটক করা ও খোয়াড়ে আবদ্ধ রাখা; পশুশালা ও খামার নির্মাণ ও রক্ষণাবেক্ষণ; বিপজ্জনক পশু নিয়ন্ত্রণ; পশুসম্পদ বিষয়ক প্রকল্প কার্যকর করা; গবাদি পশু বিক্রয় রেজিস্ট্রেশন করা; গবাদি পশু প্রদর্শনী, মেলা অনুষ্ঠান/আয়োজন এবং চিড়িয়াখানা স্থাপন ও রক্ষণাবেক্ষণ; পশুর মৃত দেহ অপসারণ, ইত্যাদি।
শহর পরিকল্পনা সংক্রান্ত কার্যক্রম	মহাপরিকল্পনা প্রণয়ন করা; শহরের মধ্যে কোনো এলাকার জমির উন্নয়ন প্রকল্প পরিদর্শন, নিয়ন্ত্রণ ও কার্যকর করা।
ইমারত নিয়ন্ত্রণ	ইমারতের নকশা অনুমোদন, নির্মাণ ও পুনর্নির্মাণ, পরিদর্শন; ইমারত নিয়ন্ত্রণ; ইমারত সম্পর্কিত প্রবিধান প্রণয়ন, ইত্যাদি।
রাস্তা	সাধারণের সড়ক নির্মাণ ও রক্ষণাবেক্ষণ; সড়ক রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন কর্মসূচি কার্যকর করা; নতুন সড়ক উন্নয়ন প্রকল্প অনুমোদন; প্রয়োজনীয় রাস্তা এবং অন্যান্য যোগাযোগের ব্যবস্থা রক্ষণাবেক্ষণ; সড়ক বাতির ব্যবস্থা; রাস্তা ধোয়ার ব্যবস্থা; যানবাহন নিয়ন্ত্রণে প্রবিধান প্রণয়ন করা; যানবাহনের লাইসেন্স প্রদান; জনসাধারণের যানবাহন ব্যবহারের জন্য ভাড়ার হার নির্ধারণ করা। সড়কসমূহের নামকরণ, নম্বর ও হোল্ডিং প্রদান; সড়ক বাতি সম্পর্কিত প্রকল্প কার্যকর করা;।
জন নিরাপত্তা	পৌরসভার জননিরাপত্তা বিষয়ক কার্যাবলী নির্দিষ্ট করণ; বন্যা দুর্গত এলাকা হতে জনগণকে উদ্ধারের জন্য নৌকা ও প্রয়োজনীয় উপকরণসহ প্রস্তুতি; ক্ষতিকর ও অবৈধ ব্যবসা প্রতিরোধে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন; গোরস্থান ও শ্মশান নির্মাণ ও রক্ষণাবেক্ষণ এবং পরিচালনা করা; এবং বেসরকারি ব্যবস্থাপনায় গোরস্থান ও শ্মশান নির্মাণের রেজিস্ট্রেশন প্রদান।
বৃক্ষ, পার্ক, উদ্যান ও বন	জনপথে ও অন্যান্য উন্মুক্ত স্থানে বৃক্ষরোপণ ও সংরক্ষণ কার্যকর করা; গণ উদ্যানসমূহ নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনা করা; বৃক্ষের পোকামাকড় নিধন; আগাছা পরিষ্কার; ক্ষতিকর বৃক্ষ নিধন; পুকুর খনন ও পুনঃখনন এবং নিম্নাঞ্চলসমূহ পুনরুদ্ধারের ব্যবস্থা করা। উন্মুক্ত স্থানের ব্যবস্থা ও রক্ষণাবেক্ষণ; উন্মুক্ত স্থান ব্যবহারের বিধান প্রণয়ন করা।
